	পরীক্ষার সাল	মোট পরীক্ষার্থী	CGPA 3.50-4.00	CGPA 3.00-<3.50	CGPA 2.50-<3.00	পাস	মোট উত্তীর্ণ	পাসের হার	মেধাতালিকায় স্থান (১ম শ্রেণিতে)
	২০১৩				–	–			
	২০১৪	৪	–	৪	–	–	৪	১০০%	
	২০১৫	১৭	৪	৮	–	–	১২	৭০.৫৮%	
	২০১৬	১০	৩	৭	–	–	১০	১০০%	
	২০১৭	৭	৫	২	–	–	৭	১০০%	
	২০১৮	২৪	১৭	৪	–	–	২১	৮৭.৫০%	
বিষয়	পরীক্ষার সাল	মোট পরীক্ষার্থী	১ম শ্রেণি	২য় শ্রেণি	৩য় শ্রেণি	পাস	মোট উত্তীর্ণ	পাসের হার	মেধাতালিকায় স্থান (১ম শ্রেণিতে)
পরিসংখ্যান	১৯৯৯	৩০	১৭	১২	–	–	২৯	৯৬.৬৬%	১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম, ৭ম, ৮ম, ১০ম(যুগ্ম), ১২, ১৩, ১৪, ১৭ ও ১৮তম
	২০০০	৮	৪	৩	–	–	৭	৮৮%	৩য়
	২০০১	৫	২	৩	–	–	৫	১০০%	১০ম ও ১৬ তম।
	২০০২	৫	–	৫	–	–	৫	১০০%	–
	২০০৩	৯	৭	২	–	–	৯	১০০%	১ম, ২য়, ৩য়, ৪র্থ, ১০ম, ১৭ ও ১৮তম।
	২০০৫	১৪	৩	১০	–	১	১৪	১০০%	–
	২০০৬	৬	–	৬	–	–	৬	১০০%	–
	২০০৭	৫	১	৪	–	–	৫	১০০%	–
	২০০৯	২	–	২	–	–	২	১০০%	–

BBA (Hons.) Professional

এক নজরে ফলাফল বিশ্লেষণ

বিষয়	পরীক্ষার সাল	মোট পরীক্ষার্থী	১ম শ্রেণি / জিপিএ	২য় শ্রেণি / জিপিএ	৩য় শ্রেণি / জিপিএ	মোট উত্তীর্ণ	পাসের হার	মেধাতালিকায় স্থান
	২০০২	৩৫	২৯	৫	–	৩৪	৯৭%	১ম, ৮ম, ১২তম, ১৪তম, ২১তম (২ জন), ২৩-২৮তম, ৩১তম, ৩২তম, ৩৪তম, ৪০-৪৬তম, ৪৯তম, ৫৫তম, ৫৬তম, ৫৯তম (২ জন)
	২০০৩	৩৯	৩৩	৬	–	৩৯	১০০%	–
	২০১৭	৬২	৬১	১	–	৬২	১০০%	–

মাস্টার্স

এক নজরে ফলাফল বিশ্লেষণ

বিষয়	পরীক্ষার সাল	মোট পরীক্ষার্থী	১ম শ্রেণি	২য় শ্রেণি	৩য় শ্রেণি	মোট উত্তীর্ণ	পাসের হার	মেধাতালিকায় স্থান (১ম শ্রেণিতে)
ব্যবস্থাপনা	১৯৯৬	৩২	৪	২৮	–	৩২	১০০%	২য়,৪র্থ, ৫ম, ৯ম।
	১৯৯৭	২৩	–	২৩	–	২৩	১০০%	–
	১৯৯৮	১৪	১	১২	১	১৪	১০০%	৫ম।
	১৯৯৯	১৯	–	১৬	৩	১৯	১০০%	–
	২০০০	১১	–	১০	১	১১	১০০%	–
	২০০১	১২	–	১২	–	১২	১০০%	–
	২০০২	২১	১	২০	–	২১	১০০%	৩য়।
	২০০৩	১২	–	১২	–	১২	১০০%	–
	২০০৪	১৭	৩	১৪	–	১৭	১০০%	৪র্থ, ৮ম ও ১৩তম।
	২০০৭	৫	৪	১	–	৫	১০০%	–
	২০০৮	২৬	২৫	১	–	২৬	১০০%	–
	২০০৯	১৯	১১	৮	–	১৯	১০০%	–
	২০১০	২৮	২২	৬	–	২৮	১০০%	৯ম, ১৫তম, ২০তম।
	২০১১	২৫	১৯	৬	–	২৫	১০০%	
	২০১২	২২	১৮	৪	–	২২	১০০%	
	২০১৩	৩৩	১৭	১৬	–	৩৩	১০০%	

বিষয়	পরীক্ষার সাল	মোট পরীক্ষার্থী	CGPA 3.50-4.00	CGPA 3.00-<3.50	CGPA 2.50-<3.00	মোট উত্তীর্ণ	পাসের হার	মেধাতালিকায় স্থান (১ম শ্রেণিতে)
	২০১৪	১৩	১৩	–	–	১৩	১০০%	
	২০১৫	১৪	৯	৫	–	১৪	১০০%	
	২০১৬	২৮	২৫	৩	–	২৮	১০০%	
	২০১৭	১২	১১	১	–	১২	১০০%	

বিষয়	পরীক্ষার সাল	মোট পরীক্ষার্থী	১ম শ্রেণি	২য় শ্রেণি	৩য় শ্রেণি	মোট উত্তীর্ণ	পাসের হার	মেধাতালিকায় স্থান (১ম শ্রেণিতে)
হিসাববিজ্ঞান	১৯৯৬	২৩	১	২২	–	২৩	১০০%	৪র্থ।
	১৯৯৭	১৭	–	১৭	–	১৭	১০০%	–
	১৯৯৮	২	–	২	–	২	১০০%	–
	১৯৯৯	১৩	৩	৯	১	১৩	১০০%	২য়(২জন), ৮ম।
	২০০০	১৬	১	১৩	২	১৬	১০০%	–
	২০০১	১৪	১	১৩	–	১৪	১০০%	৬ষ্ঠ।
	২০০২	৭	–	৭	–	৭	১০০%	–
	২০০৩	২১	৪	১৭	–	২১	১০০%	১৪তম, ২৬(২জন) ও ৩৩তম
	২০০৪	২১	৭	১৪	–	২১	১০০%	১৩তম, ২৬তম, ২৮তম, ৩২তম,৩৫তম, ৩৭তম ও ৪০তম
	২০০৬	২৫	১৫	১০	–	২৫	১০০%	৭ম, ১০ম, ১১তম, ১৭তম, ১৮তম, ২০তম, ২১তম, ২৩তম,২৫তম, ২৭তম
	২০০৭	১৫	১৫	–	–	১৫	১০০%	–
	২০০৮	৩৪	২৭	৭	–	৩৪	১০০%	–
	২০০৯	৪০	৩৩	৭	–	৪০	১০০%	–
	২০১০	৩০	১৯	১০	–	২৯	৯৭%	–
	২০১১	৩০	২০	৯		২৯	৯৭%	
	২০১২	২৬	২৬	০		২৬	১০০%	
	২০১৩	৪৮	৩৬	১২		৪৮	১০০%	

বিষয়	পরীক্ষার সাল	মোট পরীক্ষার্থী	CGPA 3.50-4.00	CGPA 3.00-<3.50	CGPA 2.50-<3.00	মোট উত্তীর্ণ	পাসের হার	মেধাতালিকায় স্থান (১ম শ্রেণিতে)
	২০১৪	২৯	২৯	–		২৯	১০০%	
	২০১৫	২৫	১৮	৭		২৫	১০০%	
	২০১৬	৪৮	৪৪	৪		৪৮	১০০%	
	২০১৭	৪৮	৪৩	৫		৪৮	১০০%	

বিষয়	পরীক্ষার সাল	মোট পরীক্ষার্থী	১ম শ্রেণি	২য় শ্রেণি	৩য় শ্রেণি	মোট উত্তীর্ণ	পাসের হার	মেধাতালিকায় স্থান (১ম শ্রেণিতে)
মার্কেটিং	১৯৯৭	৭	–	৬	১	৭	১০০%	–
	১৯৯৯	২০	৫	১৫	–	২০	১০০%	২য়, ৩য়, ৫ম, ৬ষ্ঠ ও ৯ম।
	২০০১	২১	৫	১৬	–	২১	১০০%	৩য়, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ (২জন)।
	২০০২	২২	৩	১৯	–	২২	১০০%	১ম, ২য় (২জন)।
	২০০৩	১৬	–	১৪	১	১৫	১০০%	–
	২০০৪	১৪	৫	৯	–	১৪	১০০%	১ম, ৪র্থ, ১৩তম(৩জন)
	২০০৬	২৮	২৩	৫	–	২৮	১০০%	১ম, ২য়, ৩য়(৩), ৪র্থ, ৫ম(২), ৬ষ্ঠ, ৭ম, ৯ম, ১১তম, ১২তম,১৪তম(২),
	২০০৭	২৬	২০	৬	–	২৬	১০০%	–
	২০০৮	২৬	১৪	১২	–	২৬	১০০%	–
	২০০৯	২৪	১৩	১১	–	২৪	১০০%	–
	২০১০	২৪	১৩	১১	–	২৪	১০০%	–
	২০১১	৩৯	৩০	৯	–	৩৯	১০০%	
	২০১২	৩০	২৫	৫	–	৩০	১০০%	
	২০১৩	৩৫	২৩	১২	–	৩৫	১০০%	

বিষয়	পরীক্ষার সাল	মোট পরীক্ষার্থী	CGPA 3.50-4.00	CGPA 3.00-<3.50	CGPA 2.50-<3.00	মোট উত্তীর্ণ	পাসের হার	মেধাতালিকায় স্থান (১ম শ্রেণিতে)
	২০১৪	২৬	২৬	–	–	২৬	১০০%	
	২০১৫	১৯	১৮	১	–	১৯	১০০%	
	২০১৬	৩৬	৩৪	১	–	৩৫	৯৭.২২%	
	২০১৭	২১	১৪	৫	–	১৯	৯০.৪৭%	

মাস্টার্স

এক নজরে ফলাফল বিশ্লেষণ

বিষয়	পরীক্ষার সাল	মোট পরীক্ষার্থী	১ম শ্রেণি	২য় শ্রেণি	৩য় শ্রেণি	মোট উত্তীর্ণ	পাসের হার	মেধাতালিকায় স্থান (১ম শ্রেণিতে)
ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং	১৯৯৯	১৩	৫	৮	-	১৩	১০০%	১ম, ২য়, ৩য়, ৪র্থ ও৫ম।
	২০০০	৩৩	১২	২০	১	৩৩	১০০%	১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম (৩জন), ৮ম ও ৯ম (২জন)।
	২০০১	৩১	২	২৯	-	৩১	১০০%	১ম, ২য়।
	২০০২	১৩	৮	৪	১	১৩	১০০%	১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম, ৭ম (২জন), ১০ম।
	২০০৩	৩৪	৩	৩১	-	৩৪	১০০%	১ম, ২য় ও ৩য়
	২০০৪	৩৬	২৫	১১	-	৩৬	১০০%	১ম, ২য় (২জন), ৩য় থেকে ৭ম, ৮ (২জন), ৯ম, ১০ম, ১২তম (২জন), ১৩তম থেকে
	২০০৬	২৫	২৪	১	-	২৫	১০০%	৩য়, ৪র্থ১ ৭ম (২), ৮ম, ১০ম, ১১তম, ১২তম, ১৪তম (২জন) ১৫তম, ১৬তম (২)।
	২০০৭	২২	১৪	৬	-	২০	৯২%	
	২০০৮	৫৩	৪২	১১	-	৫৩	১০০%	
	২০০৯	৪৬	৩৫	৮	-	৪৩	৯৩.৪৭%	
	২০১০	৪৩	৩৪	৯	-	৪৩	১০০%	১ম, ৩য়, ৯ম, ১৫তম, ১৬তম, ১৭তম।
	২০১১	৫০	৪৭	২	-	৪৯	৯৮%	
	২০১২	৫৫	৫৩	২	-	৫৫	১০০%	
	২০১৩	৪১	৩৬	৫	-	৫১	১০০%	
বিষয়	পরীক্ষার সাল	মোট পরীক্ষার্থী	CGPA 3.50-4.00	CGPA 3.00-<3.50	CGPA 2.50-<3.00	মোট উত্তীর্ণ	পাসের হার	মেধাতালিকায় স্থান (১ম শ্রেণিতে)
	২০১৪	৪২	৪২	-	-	৪২	১০০%	
	২০১৫	৩২	৩১	১	-	৩২	১০০%	
	২০১৬	৪৮	৪৮	-	-	৪৮	১০০%	
	২০১৭	৩৫	২৩	১১	-	৩৪	৯৭.১৪%	
বিষয়	পরীক্ষার সাল	মোট পরীক্ষার্থী	১ম শ্রেণি	২য় শ্রেণি	৩য় শ্রেণি	মোট উত্তীর্ণ	পাসের হার	মেধাতালিকায় স্থান (১ম শ্রেণিতে)
পরিসংখ্যান	২০০০	২৪	৩	১১	-	১৪	৫৮.৩৩%	১ম, ২য় ও ৩য়।
	২০০১	৯	-	৪	১	৫	৫৬%	-
	২০০২	২	-	২	-	২	১০০%	-
	২০০৩	২	-	২	-	২	১০০%	-
	২০০৪	৯	৭	-	-	৭	৭৭.৭৮%	৪র্থ, ১৫তম, ১৯তম (২জন), ২০তম, ৩০তম ও ৩৩তম।
	২০০৬	৮	৭	১	-	৮	১০০%	২য়, ৮ম, ১০ম, ১১তম, ১৮তম (২) ও ২১তম।
	২০০৭	৪	-	৩	-	৩	৭৫%	
	২০০৮	৬	৪	২	-	৬	১০০%	
বিষয়	পরীক্ষার সাল	মোট পরীক্ষার্থী	১ম শ্রেণি	২য় শ্রেণি	৩য় শ্রেণি	মোট উত্তীর্ণ	পাসের হার	মেধাতালিকায় স্থান (১ম শ্রেণিতে)
অর্থনীতি	২০০২	১১	১	৮	১	১০	৯১%	৪র্থ।
	২০০৩	৩	২	-	-	২	৬৬.৬৭%	১০ম ও ১২তম।
	২০০৮	৯	১	৮	-	৯	১০০%	
	২০০৯	৪	২	২	-	৪	১০০%	
	২০১১	১	১	-	-	১	১০০%	
	২০১২	২	২	-	-	২	১০০%	
বিষয়	পরীক্ষার সাল	মোট পরীক্ষার্থী	CGPA 3.50-4.00	CGPA 3.00-<3.50	CGPA 2.50-<3.00	মোট উত্তীর্ণ	পাসের হার	মেধাতালিকায় স্থান (১ম শ্রেণিতে)
	২০১৫	৩	২	১	-	৩	১০০%	
	২০১৬	১০	৪	১	-	৫	৫০%	
	২০১৭	১২	৫	৬	-	১১	৯২%	
বিষয়	পরীক্ষার সাল	মোট পরীক্ষার্থী	১ম শ্রেণি	২য় শ্রেণি	৩য় শ্রেণি	মোট উত্তীর্ণ	পাসের হার	মেধাতালিকায় স্থান (১ম শ্রেণিতে)
ইংরেজি	২০০৮	১১	-	১১	-	১১	৯১%	
	২০১০	৯	-	৭	-	৭	৬৬.৬৭%	
	২০১১	৫	-	২	-	২	১০০%	
	২০১২	৮	-	৬	-	৬	১০০%	
	২০১৩	৯	-	৯	-	৯	১০০%	
	২০১৬	১	১	-	-	১	১০০%	

বার্ষিক প্রতিবেদন ২০১৯

প্রগতি

২০১৯

ঢাকা কমার্স কলেজ বার্ষিকী

বার্ষিক প্রতিবেদন ২০১৯
ঢাকা কমার্স কলেজ

পার্থ বাড়ৈ
সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ

ঢাকা কমার্স কলেজ একটি শ্রেষ্ঠ ও বিশ্বস্ত শিক্ষা প্রতিষ্ঠানের নাম। আজ দেশবাসীর কাছে কলেজটির আদর্শ শিক্ষার অনুকরণীয় রোল মডেল। স্ব-অর্থায়নে পরিচালিত রাজনীতি ও ধূমপানমুক্ত এই স্লোগান নিয়ে ১৯৮৯ সালে প্রতিষ্ঠিত হয় ঢাকা কমার্স কলেজ। নিয়মানুবর্তিতা, অনুশীলন ও জ্ঞানার্জনের মহান আদর্শ নিয়ে এগিয়ে চলে এই বিদ্যাপীঠ অল্প সময়ের মধ্যে প্রারম্ভিক ক্ষুদ্র আবর্তন থেকে মহীরুহ কলেবরে এর দ্রুত উত্থান দেশবাসীকে বিস্মিত ও অভিভূত করেছে। ১৯৯৬ ও ২০০২ সালে জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষাপ্রতিষ্ঠানের অভূতপূর্ব সাফল্যের স্বীকৃতি এ কলেজকে দিয়েছে অপরিমেয় শৌর্য ও শক্তি। এরই ধারাবাহিকতায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের কলেজ র‍্যাংকিং ২০১৫, ২০১৬ ও ২০১৭ সালে পরপর তিনবার সেরা বেসরকারি কলেজ নির্বাচিত হয়েছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাক-মডেল কলেজের প্রথম আসনটিও ঢাকা কমার্স কলেজের। কলেজের এই সফলতার উর্বর ভিত্তিভূমি শক্তিশালী হয়েছে বিজ্ঞ ও বিচক্ষণ শিক্ষানুরাগী পরিচালনা পর্ষদের নিবিড় তত্ত্বাবধান, দক্ষ প্রশাসনের নির্দেশনা, অভিজ্ঞ শিক্ষকমণ্ডলীর নিরলস চেষ্টা, কর্মকর্তা-কর্মচারীদের অক্লান্ত পরিশ্রম এবং শিক্ষক-শিক্ষার্থী-অভিভাবকদের মধ্যে আন্তরিক সম্পর্কের জন্য। অভিভাবকগণ তাদের সন্তানদের এ প্রতিষ্ঠানে প্রেরণ করে গর্বিত, আনন্দিত ও নিশ্চিন্ত।

সোনার বাংলা গড়তে এদেশের উন্নয়নে ঢাকা কমার্স কলেজ ব্যাপক ভূমিকা রেখে আসছে এবং আগামীতেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে বদ্ধপরিকর। বর্তমান যুগ বিজ্ঞানের যুগ। তাই প্রযুক্তির মহাসড়কে তীব্র গতিতে ধাবমান ঢাকা কমার্স কলেজের দূরদর্শী গভর্নিং বডি ব্যবসায় শিক্ষার পাশাপাশি এখন বিজ্ঞান শিক্ষায় পড়াশোনা করার সুযোগ করে দিয়েছে। কিছু দিনের মধ্যে ব্যবসায় শিক্ষার মতো বিজ্ঞান শিক্ষায়ও আমরা শ্রেষ্ঠত্বের আসনে অধিষ্ঠিত হব।

ঢাকা কমার্স কলেজ শুরু থেকেই স্বকীয় ও মননশীল চেতনায় উজ্জীবিত। তাই শুরু থেকেই শিক্ষার্থীদের আদর্শ মানুষ হিসেবে গড়ে তোলার লক্ষ্যে পাঠ্যপুস্তকের মধ্যে সীমাবদ্ধ না রেখে শিক্ষা সহায়ক বিভিন্ন সৃজনশীল কার্যক্রম পরিচালনা করে আসছে। ধারাবাহিক এই পথচলায় প্রতিবছর বের করা হয় কলেজ বার্ষিকী ‘প্রগতি’। ‘প্রগতি’ শিক্ষার্থীদের স্বকীয় মেধার স্ফুরণে সমৃদ্ধ হয়। ‘প্রগতি’ ঢাকা কমার্স কলেজের শিক্ষার্থীদের সাফল্য, সৃজনশীলতা ও মননের পরিচায়ক। ‘প্রগতি’ এক দিকে যেমন শিক্ষার্থীদের মুক্ত ও সাংস্কৃতিক মনের বিকাশ ঘটায়, অন্যদিকে তাদের মধ্যে সাহিত্যবোধ জাগ্রত করে। ঢাকা কমার্স কলেজে নিয়মিত ঘটে যায় কত ঘটনা, কত কার্যক্রম, কত সাফল্য। কিছুকাল পরই তা হয়ে যায় ইতিহাস। সেই ইতিহাস ধরে রাখে ‘প্রগতি’। ‘প্রগতি’-র মাধ্যমে শিক্ষার্থীরা জানতে পারে কলেজের অনেক গৌরবোজ্জ্বল জয়গাথা। ২০১৯ সাল ছিল বহুবিধ কার্যক্রমের সমাহার। এর বিস্তারিত বিবরণ ছোটো কলেবরে দেওয়া অসম্ভব হলেও সংক্ষিপ্ত তথ্যাদি সন্নিবেশিত হলো এ প্রতিবেদনে।

গভর্নিং বডি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের হিসাববিজ্ঞান বিভাগের প্রফেসর ড. সফিক আহমেদ সিদ্দিকের সভাপতিত্বে ১৬ সদস্য বিশিষ্ট গভর্নিং বডি ঢাকা কমার্স কলেজ প্রশাসনকে দিক নির্দেশনা প্রদান করছে। গভর্নিং বডি অ্যাকাডেমিক কাউন্সিল, ডেভলপমেন্ট কমিটি, দিক নির্দেশনা কমিটি ও ফিন্যান্স কমিটির মাধ্যমে কলেজের শিক্ষা, উন্নয়ন ও তহবিল ব্যবস্থাপনা গতিপথটি নির্ণয় করে দেন। নতুন অভিভাবক সদস্য নিয়ে ১০ জুলাই ২০১৬ গভর্নিং বডি গঠিত হয়। ২০১৯ সালে এ পরিষদের ১৩টি সভা হয় এবং এসব সভায় কলেজ উন্নয়নের গুরুত্বপূর্ণ বহু সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

শিক্ষক পরিষদ

ঢাকা কমার্স কলেজের শিক্ষকদের সাধারণ সভা ও প্রয়োজনমাফিক বিশেষ কার্যক্রম পরিচালিত হয় শিক্ষক পরিষদের মাধ্যমে। ২০১৯ সালে শিক্ষক পরিষদের সচিব হিসেবে দায়িত্ব পালন করেন বিবিএ-এর পরিচালক প্রফেসর ড. এ. এম. সওকত ওসমান।

নিয়োগ

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) : কলেজের প্রতিষ্ঠাতা সদস্য ও প্রতিষ্ঠাতা শিক্ষক প্রফেসর মোঃ শফিকুল ইসলাম ২০-০১-২০১৯ থেকে ৭-০৭-২০১৯ পর্যন্ত এবং পুনরায় ৩ নভেম্বর ২০১৯ থেকে দায়িত্ব পালন করছেন। এর আগে তিনি ১ ফেব্রুয়ারি ২০১৫ থেকে উপাধ্যক্ষ প্রশাসন (ভারপ্রাপ্ত) এবং ১৬ অক্টোবর ২০১৬ থেকে নিয়মিত উপাধ্যক্ষ (প্রশাসন) পদে দায়িত্ব পালন করেন।

উপাধ্যক্ষ (বিজ্ঞান) : সরকারি কলেজ থেকে স্বেচ্ছায় অবসর নিয়ে প্রফেসর ড. মোঃ আবু মাসুদ ঢাকা কমার্স কলেজে ৮ আগস্ট ২০১৯ থেকে উপাধ্যক্ষ (বিজ্ঞান) পদে দায়িত্বরত আছেন।

উপদেষ্টা (অ্যাকাডেমিক) : সরকারি কলেজের অবসরপ্রাপ্ত অধ্যক্ষ প্রফেসর মোঃ মোজাহার জামিল উপদেষ্টা (অ্যাকাডেমিক) পদে দায়িত্ব পালন করেন। ২৫ ডিসেম্বর ২০১৯ সালে তাঁকে উপদেষ্টা

(অ্যাকাডেমিক) পদে পুনঃনিয়োগ দেওয়া হয়। তিনি ১ জানুয়ারি ২০০৭ থেকে ২৪ ডিসেম্বর ২০১৪ পর্যন্ত উপাধ্যক্ষ (অ্যাকাডেমিক) পদে এবং ২৫ ডিসেম্বর ২০১৪ থেকে বর্তমান পর্যন্ত উপদেষ্টা (অ্যাকাডেমিক) পদে কর্মরত।

চেয়ারম্যান/ পরিচালক : কলেজের ১৬টি বিভাগের দায়িত্বে রয়েছেন ১৪ জন চেয়ারম্যান এবং ২ জন পরিচালক। এ বছর নিম্নোক্ত ৮ জন চেয়ারম্যান এবং ১ জন পরিচালক নিয়োগ দেওয়া হয় :

ক্রমিক	নাম	পদ	বিভাগ	মেয়াদকাল
১	মোঃ আবদুর রহমান	চেয়ারম্যান	সিএসই	০১-০১-১৯ থেকে ৩১-১২-২০
২	মাকসুদা শিরীন	চেয়ারম্যান	ইংরেজি	০১-০১-১৯ থেকে ৩১-১২-২০
৩	ড. কাজী ফয়েজ আহাম্মদ	পরিচালক	এমবিএ	০১-০৭-১৯ থেকে ৩০-০৬-২১
৪	কাজী সায়মা বিন্‌তে ফারুকী	চেয়ারম্যান	ব্যবস্থাপনা	০১-০৮-১৯ থেকে ৩১-০৭-২১
৫	মাসুদা খানম	চেয়ারম্যান	হিসাববিজ্ঞান	০১-০৮-১৯ থেকে ৩১-০৭-২১
৬	মোহাম্মদ মঞ্জুরুল আলম	চেয়ারম্যান	মার্কেটিং	০১-০৮-১৯ থেকে ৩১-০৭-২১
৭	মোঃ আহাদুজ্জামান দিরাজ	চেয়ারম্যান	পদার্থবিজ্ঞান	০১-১২-১৯ থেকে ৩০-১১-২১
৮	ড. সাহেলা আলম	চেয়ারম্যান	জীববিজ্ঞান	০১-১২-১৯ থেকে ৩০-১১-২১
৯	আলেয়া পারভিন	চেয়ারম্যান	গণিত	০১-১২-১৯ থেকে ৩০-১১-২১

পদোন্নতি

সহযোগী অধ্যাপক : ২০১৯ সালে নিম্নোক্ত ১ জন শিক্ষক সহযোগী অধ্যাপক পদে পদোন্নতি লাভ করেন :

ক্রমিক	নাম	বিভাগ	যোগদান
১	ড. ইসরাত মেরিন	বাংলা	০৭-০৭-২০১৯

সহকারী অধ্যাপক : ২০১৯ সালে নিম্নোক্ত ২ জন শিক্ষক সহকারী অধ্যাপক পদে যোগদান করেন :

ক্রমিক	নাম	বিভাগ	যোগদান
১	ড. সাহেলা আলম	জীববিজ্ঞান	০১-০৭-২০১৯
২	মোঃ আহাদুজ্জামান দিরাজ	পদার্থবিজ্ঞান	০১-০৭-২০১৯

যোগদান

প্রভাষক : ২০১৯ সালে প্রভাষক পদে নিম্নোক্ত ১১ জন শিক্ষক যোগদান করেন :

ক্রমিক	নাম	বিভাগ	যোগদান
১	মোঃ কাইয়ুম রাব্বী	পদার্থবিদ্যা	০১-০৭-২০১৯
২	সানজিদা নাসরিন	পদার্থবিদ্যা	০১-০৭-২০১৯
৩	হাফিজুর রহমান	রসায়ন	০১-০৭-২০১৯
৪	নুসরাত জাহান জেরিন	রসায়ন	০১-০৭-২০১৯
৫	মোঃ মাহফুজুর রহমান	রসায়ন	০১-০৭-২০১৯
৬	মোঃ নাজমুল হক	প্রাণিবিদ্যা	০১-০৭-২০১৯
৭	মোঃ আল-মামুন	উদ্ভিদবিদ্যা	০১-০৭-২০১৯
৮	সারোয়াত হুসনা সুমা	উদ্ভিদবিদ্যা	০১-০৭-২০১৯
৯	মোঃ শামিউল আলম	পদার্থবিদ্যা	০৭-০৭-২০১৯
১০	ফারিহা ইয়াসমিন (খণ্ডকালীন)	গার্হস্থ্য বিজ্ঞান	০১-০৭-২০১৯
১১	লুৎফুন নাহার ইসলাম (খণ্ডকালীন)	গার্হস্থ্য বিজ্ঞান	০১-০৭-২০১৯

কর্মকর্তা ও কর্মচারী : ২০১৯ সালে কর্মকর্তা ও কর্মচারী পদে নিম্নোক্ত ৯ জনকে নিয়োগ দেওয়া হয় :

ক্রমিক	নাম	পদ	যোগদান
১	আবু তালহা	পিওন (মাস্টাররোল)	১৯-০১-২০১৯
২	আসমা খাতুন	আয়া (মাস্টাররোল)	০১-০৭-২০১৯
৩	মোঃ মারুফ হোসেন	পিওন (মাস্টাররোল)	০২-০৭-২০১৯
৪	মোঃ কামরুল ইসলাম	পিওন (মাস্টাররোল)	০৩-০৭-২০১৯
৫	মোঃ আলাউদ্দিন	ক্লিনার (মাস্টাররোল)	০৩-০৭-২০১৯
৬	জিন্নাহ্ শেখ	পিওন (মাস্টাররোল)	০৩-০৭-২০১৯
৭	নজরুল ইসলাম গাজী	পিওন (মাস্টাররোল)	০৪-০৭-২০১৯
৮	এনায়েত হোসেন	পিওন (মাস্টাররোল)	০৪-০৭-২০১৯
৯	মোসাঃ তাসলিমা আক্তার	আয়া (মাস্টাররোল)	০৪-০৭-২০১৯

বিদায় গ্রহণ

২০১৯ সালে নিম্নোক্ত ২ জন কর্মচারী বিদায় গ্রহণ করেন :

ক্রমিক	নাম	পদ	বিভাগ	বিদায়ের তারিখ
১	আবু নোমান শাকিল	সেমিনার সহকারী	হিসাববিজ্ঞান	৩০-০৬-২০১৯
২	মোস্তফা কামাল	সেমিনার সহকারী	বিবিএ	৩০-০৭-২০১৯

কমিটি ২০১৯

কলেজের অভ্যন্তরীণ কার্যক্রম সুচারুরূপে সম্পাদনের লক্ষ্যে ২০১৯ সালে নিম্নোক্ত আহ্বায়কদের নেতৃত্বে বিভিন্ন কমিটি গঠন করা হয়েছে :

২০১৯ সালের বিভিন্ন কমিটির আহ্বায়কদের তালিকা

কমিটির নাম	আহ্বায়ক	পদবি	বিভাগ
ভর্তি কমিটি : (ক) উচ্চমাধ্যমিক	মোঃ শফিকুল ইসলাম	সহযোগী অধ্যাপক	পরিসংখ্যান
(খ) অনার্স প্রফেশনাল ও মাস্টার্স	প্রফেসর ড. মোঃ মিরাজ আলী আকন্দ	প্রফেসর	সিএসই
পরীক্ষা কমিটি	শামসাদ শাহ্‌জাহান	সহযোগী অধ্যাপক	ব্যবস্থাপনা
ভ্রমণ কমিটি	মোহাম্মদ মোশারেফ হোসেন	সহযোগী অধ্যাপক	হিসাববিজ্ঞান
সাংস্কৃতিক কমিটি	এস এম আলী আজম	সহযোগী অধ্যাপক	ব্যবস্থাপনা
ক্রীড়া কমিটি	প্রফেসর ড. কাজী ফয়েজ আহাম্মদ	প্রফেসর	এমবিএ
প্রকাশনা কমিটি	মোঃ মঞ্জুরুল আলম	সহযোগী অধ্যাপক	মার্কেটিং
প্রচার ও আলোকচিত্র কমিটি	সাদিক মোঃ সেলিম	সহযোগী অধ্যাপক	ইংরেজি
বার্ষিক ভোজ কমিটি	মোঃ শরিফুল ইসলাম	সহযোগী অধ্যাপক	ব্যবস্থাপনা
শান্তি-শৃঙ্খলা ও বিএনসিসি কমিটি	শামীম আহ্‌সান	সহযোগী অধ্যাপক	ইংরেজি
অভ্যন্তরীণ হিসাব নিরীক্ষা কমিটি	মোঃ মঈনউদ্দীন	সহযোগী অধ্যাপক	হিসাববিজ্ঞান
অভ্যন্তরীণ আপ্যায়ন কমিটি	ড. বিষ্ণুপদ বণিক	সহযোগী অধ্যাপক	পরিসংখ্যান
ধর্মীয় কমিটি	মুহাম্মদ নিজাম উদ্দীন	সহযোগী অধ্যাপক	হিসাববিজ্ঞান
শিক্ষার্থীকল্যাণ কমিটি	মোঃ মোশতাক আহমেদ	সহযোগী অধ্যাপক	হিসাববিজ্ঞান
ছাত্রী বিষয়ক কমিটি	মাওসুফা ফেরদৌসী	সহযোগী অধ্যাপক	সমাজবিদ্যা
রুটিন কমিটি	মোহাম্মদ আবদুস সালাম	সহকারী অধ্যাপক	হিসাববিজ্ঞান
ক্রয় কমিটি	আহমেদ আহসান হাবিব	সহযোগী অধ্যাপক	অর্থনীতি
নির্মাণ ও পরিস্কার-পরিচ্ছন্নতা কমিটি	সৈয়দ আবদুর রব	সহযোগী অধ্যাপক	ব্যবস্থাপনা

জাতীয় বিশ্ববিদ্যালয়ের সেরা বেসরকারি কলেজের পুরস্কার গ্রহণ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের কলেজ র‌্যাংকিং ২০১৭ সালে ঢাকা কমার্স কলেজ জাতীয় পর্যায়ে সেরা বেসরকারি কলেজ নির্বাচিত হয়েছে। একই সঙ্গে ঢাকা অঞ্চলের সেরা ১০টি সরকারি-বেসরকারি কলেজের মধ্যে এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাক-মডেল কলেজ প্রকল্পের ৫টি কলেজের মধ্যেও ১ম স্থান অর্জন করে এই কলেজ। ২ মার্চ ২০১৯ আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে শিক্ষামন্ত্রী ডা. দিপু মনি এমপি-এর নিকট থেকে সেরা কলেজের পুরস্কার ও সম্মাননা সনদ গ্রহণ করেন ঢাকা কমার্স কলেজের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) প্রফেসর মোঃ শফিকুল ইসলাম। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সিনিয়র সচিব মোঃ সোহরাব হোসাইন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. হারুন-অর-রশিদ। এছাড়া ঢাকা কমার্স কলেজ জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাক-মডেল প্রকল্পের ৫টি কলেজের মধ্যে ১ম স্থান অর্জন করেছে। ২৫ ফেব্রুয়ারি ২০১৯ জাতীয় বিশ্ববিদ্যালয়ের গাজিপুর ক্যাম্পাসে এক জনাকীর্ণ সংবাদ সম্মেলনে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য 'জাতীয় বিশ্ববিদ্যালয়ের র‌্যাংকিং ২০১৭' ঘোষণা করেন। র‌্যাংকিং-এ দেশ সেরা ঢাকা কমার্স কলেজের অর্জিত স্কোর ৬১.৮৪। উল্লেখ্য, জাতীয় বিশ্ববিদ্যালয় কলেজ র‌্যাংকিং ২০১৫ ও ২০১৬ সালেও ঢাকা কমার্স কলেজ দেশের সেরা বেসরকারি কলেজের স্বীকৃতি লাভ করে।

একাদশ শ্রেণির ওরিয়েন্টেশন প্রোগ্রাম ও নবীনবরণ

১০ জুলাই ২০১৯ সালে ঢাকা কমার্স কলেজে একাদশ শ্রেণিতে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীর অপরাহ্ন- ১.০০ টা (১ম পর্ব) বিজ্ঞান শাখা, বেলা-৩.০০টা (২য় পর্ব) ব্যবসায় শিক্ষা শাখা ওরিয়েন্টেশন প্রোগ্রাম ও নবীনবরণ প্রফেসর কাজী মোঃ নুরুল ইস্‌লাম ফারুকী অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে ১ম পর্বে (বিজ্ঞান শাখা) প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা কমার্স কলেজের গভর্নিং বডির সদস্য এবং বিইউবিটি ট্রাস্টি বোর্ডের সদস্য প্রফেসর মিঞা লুৎফার রহমান। অনুষ্ঠানে ২য় পর্বে (ব্যবসায় শিক্ষা শাখা) প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা কমার্স কলেজের গভর্নিং বডির সদস্য এবং বিইউবিটি ট্রাস্টি বোর্ডের সদস্য প্রফেসর মোঃ এনায়েত হোসেন মিয়া। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঢাকা কমার্স কলেজের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) প্রফেসর মোঃ শফিকুল ইসলাম। অনুষ্ঠানে বক্তব্য রাখেন উপাধ্যক্ষ (বিজ্ঞান) প্রফেসর ড. মোঃ আবু মাসুদ, উপদেষ্টা (অ্যাকাডেমিক) প্রফেসর মোঃ মোজাহার জামিল, শিক্ষার্থী উপদেষ্টা প্রফেসর মোঃ ওয়ালী উল্যাহ্‌, শিক্ষার্থী উপদেষ্টা প্রফেসর বদিউল আলম, ভর্তি কমিটির আহ্বায়ক পরিসংখ্যান বিভাগের সহযোগী অধ্যাপক মোঃ শফিকুল ইসলাম এবং নবীন ও বর্তমান শিক্ষার্থীবৃন্দ।

স্নাতক (সম্মান) শ্রেণির ওরিয়েন্টেশন প্রোগ্রাম

১৩ ফেব্রুয়ারি ২০১৯ সালে ঢাকা কমার্স কলেজে বিবিএ, বিএসএস, বিএ (সম্মান) ও প্রফেশনাল শ্রেণির শিক্ষার্থীদের রিয়েন্টশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা কমার্স কলেজের গভর্নিং বডির সদস্য এবং বিইউবিটি ট্রাস্টি বোর্ডের সদস্য প্রফেসর মিঞা লুৎফার রহমান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঢাকা কমার্স কলেজের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) প্রফেসর মোঃ শফিকুল ইসলাম। অনুষ্ঠানে শপথ বাক্য পাঠ করান অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ও সহযোগী অধ্যাপক সুরাইয়া পারভীন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন উপদেষ্টা (অ্যাকাডেমিক) প্রফেসর মোঃ মোজাহার জামিল, ব্যবসায় প্রশাসন বিভাগের পরিচালক প্রফেসর ড. এ. এম. সওকত ওসমান, হিসাববিজ্ঞান বিভাগের তৎকালীন চেয়ারম্যান ও সহযোগী অধ্যাপক মুহম্মদ আমিনুল ইসলাম, ভর্তি কমিটির আহ্বায়ক মার্কেটিং বিভাগের সহযোগী অধ্যাপক মোঃ শফিকুল ইসলাম এবং নবীন ও বর্তমান শিক্ষার্থীবৃন্দ।

অভিভাবক সভা

উচ্চমাধ্যমিক শ্রেণির প্রতিপর্ব পরীক্ষা শেষে অভিভাবক সভা অনুষ্ঠিত হয়েছে। তাছাড়া বিশেষ ক্লাস ও বিশেষ টিউটোরিয়াল ক্লাস কার্যক্রম বিষয়ে অভিভাবক সভা অনুষ্ঠিত হয়েছে। অভিভাবক সভায় শিক্ষক-অভিভাবকবৃন্দ শিক্ষার্থীর ফল উন্নয়ন, ক্লাসে উপস্থিতি ও শৃঙ্খলা বিষয়ে মত বিনিময় করেন।

দোয়া ও মোনাজাত

কলেজের সকল শ্রেণির বোর্ড ও বিশ্ববিদ্যালয়ের চূড়ান্ত পরীক্ষার প্রারম্ভের দিনে শিক্ষার্থীদের কল্যাণ কামনায় পবিত্র কোরআনখানি, দোয়া মাহফিল ও মোনাজাত করা হয়। এছাড়া কলেজ পরিবারের কেউ মৃত্যুবরণ করলে কিংবা অসুস্থ হলে তার জন্য দোয়া ও মোনাজাত করা হয়।

নৌ-ভ্রমণ

১৮ অক্টোবর ২০১৯ শিক্ষা সফর (নৌ-ভ্রমণ) ২০১৯ অনুষ্ঠিত হয়। নৌ-ভ্রমণ উদ্‌বোধন করেন ঢাকা কমার্স কলেজের গভর্নিং বডির চেয়ারম্যান প্রফেসর ড. সফিক আহমেদ সিদ্দিক। ঢাকার সদরঘাট থেকে চাঁদপুর পর্যন্ত ‘সুন্দরবন-১০’ লঞ্চযোগে নৌবিহারে গভর্নিং বডির সদস্য, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং শিক্ষার্থী অংশগ্রহণ করেন। শিক্ষার্থীদের নদীমাতৃক বাংলাদেশের সাথে পরিচিতিকরণ ও দেশপ্রেমে উদ্‌বুদ্ধ করতে ‘ইলিশ ভ্রমণ’ খ্যাত নৌবিহারের আয়োজন করা হয়। শিক্ষার্থীরা পদ্মার তাজা ইলিশে রসনা বিলাস করে তৃপ্তি লাভ করে। পদ্মা-মেঘনার ঢেউয়ের তালে তালে শিক্ষার্থীরা নাচে-গানে ও কলকাকলিতে স্মরণীয় ও আকর্ষণীয় করে রাখে দিবসটিকে। সমাপনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন জিবি চেয়ারম্যান ড. সফিক আহমেদ সিদ্দিক, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) প্রফেসর মোঃ শফিকুল ইসলাম ও ভ্রমণ কমিটির আহ্বায়ক হিসাববিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক মোহাম্মদ মোশারেফ হোসেন।

মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপন

প্রভাত ফেরি : ২১শে ফেব্রুয়ারি প্রত্যুষে কলেজের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ প্রভাত ফেরিতে অংশগ্রহণ করেন।

শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ : প্রভাত ফেরির পর ঢাকা কমার্স কলেজের শহিদ মিনারে অতিথিবৃন্দ, গভর্নিং বডি, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, শিক্ষার্থীবৃন্দ এবং স্থানীয় স্কুলসমূহের শিক্ষার্থীবৃন্দ পুষ্পস্তবক অর্পণ করে।

আলোচনা অনুষ্ঠান : মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে ২১শে ফেব্রুয়ারি ২০১৯ ঢাকা কমার্স কলেজ শহিদ মিনারে ‘মাতৃভাষা ও আমাদের শিক্ষার মাধ্যম’ শীর্ষক আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান, একুশে সম্মাননা প্রদান, ভাষা চিত্র প্রদর্শনী, বইমেলা, স্মরণিকা ও দেয়ালিকা প্রকাশ, বিতর্ক, ভাষা, রচনা, আবৃত্তি ও সংগীত প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ভাষা সৈনিক, একুশে পদক প্রাপ্ত ও বাংলাদেশ প্রেস কাউন্সিলের সাবেক চেয়ারম্যান বিচারপতি কাজী এবাদুল হক। বিশেষ অতিথি ছিলেন ভাষা সৈনিক, একুশে পদক প্রাপ্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের সাবেক পরিচালক অধ্যাপক ড. শরিফা খাতুন এবং

ঢাকা কমার্স কলেজের উদ্যোক্তা ও অন্যতম প্রতিষ্ঠাতা, গভর্নিং বডির সদস্য এ এফ এম সরওয়ার কামাল। সভার সভাপতিত্ব করেন ঢাকা কমার্স কলেজের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) প্রফেসর মোঃ শফিকুল ইসলাম। আলোচনা সভায় অংশগ্রহণ করেন উপদেষ্টা (অ্যাকাডেমিক) প্রফেসর মোঃ মোজাহার জামিল। স্বাগত বক্তব্য প্রদান করেন সাংস্কৃতিক কমিটির আহ্বায়ক এস এম আলী আজম।

একুশে সম্মাননা ২০১৯ প্রদান : ভাষা সংগ্রামে অবদানের জন্য ভাষা সৈনিক, একুশে পদক প্রাপ্ত বিচারপতি কাজী এবাদুল হক এবং ভাষা সৈনিক, একুশে পদক প্রাপ্ত অধ্যাপক ড. শরিফা খাতুনকে ঢাকা কমার্স কলেজ একুশে সম্মাননা ২০১৯ প্রদান করেন কলেজের উদ্যোক্তা ও অন্যতম প্রতিষ্ঠাতা এ এফ এম সরওয়ার কামাল।

ভাষা প্রতিযোগিতা : শিক্ষার্থীবৃন্দ ভাষা দিবস উপলক্ষ্যে বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। সংগীত ক্লাব একুশের গান, রোটার‍্যাক্ট ক্লাব ভাষাজ্ঞান, বিতর্ক ক্লাব ভাষা বিতর্ক, আবৃত্তি ক্লাব একুশের কবিতা আবৃত্তি এবং সাধারণজ্ঞান ক্লাব 'একুশের চেতনা ও স্বাধীন বাংলাদেশ' বিষয়ে রচনা প্রতিযোগিতা আয়োজন করে।

ভাষাচিত্র প্রদর্শনী : আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে ঢাকা কমার্স কলেজ আর্টস এন্ড ফটোগ্রাফি ক্লাব ভাষাচিত্র প্রদর্শনী আয়োজন করে।

বইমেলা : আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে ২য় বইমেলার আয়োজন করে।

স্মরণিকা প্রকাশ : আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে 'বায়ান্ন' নামে স্মরণিকা প্রকাশ করা হয়।

দেয়ালিকা প্রকাশ : ল্যাংগুয়েজ ক্লাব ভাষা দেয়ালিকা প্রকাশ করে।

সাংস্কৃতিক অনুষ্ঠান : ভাষা দিবস উপলক্ষ্যে সবশেষে অনুষ্ঠিত হয় সাংস্কৃতিক অনুষ্ঠান।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০০তম জন্মদিবস উদ্‌যাপন

ঢাকা কমার্স কলেজ যথাযোগ্য মর্যাদায় ১৭ মার্চ ২০১৯ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০০তম জন্মদিবস উদ্‌যাপন করে। এ উপলক্ষ্যে কোরআনখানি, দোয়া মাহফিল ও আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন ঢাকা কমার্স কলেজের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) প্রফেসর মোঃ শফিকুল ইসলাম। মুখ্য আলোচক ছিলেন বাংলা বিভাগের চেয়ারম্যান প্রফেসর মোঃ সাইদুর রহমান মিঞা। এছাড়া বক্তব্য দেন উপদেষ্টা (অ্যাকাডেমিক) প্রফেসর মোঃ মোজাহার জামিল। স্বাগত বক্তব্য প্রদান করেন সাংস্কৃতিক কমিটির আহ্বায়ক এস এম আলী আজম।

গণহত্যার স্মৃতিচারণ ও আলোচনা সভা

২৫ মার্চ ২০১৯ ঢাকা কমার্স কলেজে গণহত্যা দিবস পালন ২০১৯ উপলক্ষ্যে ১৯৭১ সালের ২৫ মার্চের গণহত্যার স্মৃতিচারণ ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঢাকা কমার্স কলেজের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) প্রফেসর মোঃ শফিকুল ইসলাম। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুদ্ধাহত মুক্তিযোদ্ধা মুহাম্মদ ফরিদ মিয়া। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উপ-পরিচালক, লেখক ও বীর মুক্তিযোদ্ধা মোঃ হারুন-অর-রশিদ এবং বীর মুক্তিযোদ্ধা মোঃ মফিদুল হক। এছাড়া অনুষ্ঠানে বক্তব্য রাখেন উপদেষ্টা (অ্যাকাডেমিক) প্রফেসর মোঃ মোজাহার জামিল এবং সাংস্কৃতিক কমিটির আহ্বায়ক এস এম আলী আজম।

উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীদের বিদায় সংবর্ধনা

২৭ মার্চ ২০১৯ প্রফেসর কাজী নুরুল ইসলাম ফারুকী অডিটোরিয়ামে উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ২০১৯ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঢাকা কমার্স কলেজের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) প্রফেসর মোঃ শফিকুল ইসলাম। ১ম ব্যাচে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ শামছুল হুদা এফসিএ, সদস্য, গভর্নিং বডি, অন্যতম প্রতিষ্ঠাতা ও প্রথম অধ্যক্ষ, ঢাকা কমার্স কলেজ এবং সদস্য, বিইউবিটি ট্রাস্ট। ২য় ব্যাচে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর মিঞা লুৎফার রহমান, সদস্য, গভর্নিং বডি, ঢাকা কমার্স কলেজ এবং সদস্য, বিইউবিটি ট্রাস্ট, শিক্ষার্থী উপদেষ্টা, বিইউবিটি। বক্তব্য রাখেন উপদেষ্টা (অ্যাকাডেমিক) প্রফেসর মোঃ মোজাহার জামিল, শিক্ষার্থী উপদেষ্টা প্রফেসর মোঃ ওয়ালী উল্যাহ্, শিক্ষার্থী উপদেষ্টা প্রফেসর বদিউল আলম। স্বাগত ভাষণ দেন সাংস্কৃতিক কমিটির আহ্বায়ক এস এম আলী আজম।

মাদক, জঙ্গি ও সন্ত্রাস বিরোধী সচেতনতা কার্যক্রম

২০ মার্চ ২০১৯ ঢাকা কমার্স কলেজের কনফারেন্স রুমে (১১ তলা) মাদক, জঙ্গি ও সন্ত্রাস বিরোধী সচেতনতা কার্যক্রমের জন্য আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ কামাল হোসেন, উপ-পুলিশ কমিশনার, মিরপুর জোন, ডিএমপি। মুখ্য আলোচক ছিলেন মোঃ জাহাঙ্গীর আলম, সহকারী পুলিশ কমিশনার, শাহ আলী ও দারুস সালাম জোন, ডিএমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ সালাউদ্দিন মিয়া, ওসি, শাহ আলী থানা, ডিএমপি। স্বাগত বক্তব্য দেন সাংস্কৃতিক কমিটির আহ্বায়ক এস এম আলী আজম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঢাকা কমার্স কলেজের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) প্রফেসর মোঃ শফিকুল ইসলাম।

স্বাধীনতা দিবস উদ্‌যাপন

জাতীয় পতাকা উত্তোলন : মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে ২৬ মার্চ ২০১৯ ঢাকা কমার্স কলেজে জাতীয় পতাকা উত্তোলন, সমবেতস্বরে জাতীয় সংগীত পরিবেশন ও বিএনসিসি সদস্যদের কুচকাওয়াজ অনুষ্ঠিত হয়। স্বাধীনতা দিবস

উদ্‌যাপন উপলক্ষ্যে লোকজ খেলাধুলা, সাংস্কৃতিক প্রতিযোগিতা ও শিশু-কিশোর চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

আলোচনা অনুষ্ঠান : মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে ৩১ মার্চ ২০১৯ ঢাকা কমার্স কলেজে আলোচনা সভা, মুক্তিযোদ্ধা সম্মাননা প্রদান, চিত্র প্রদর্শনী, রক্তদান কর্মসূচি, স্বাধীনতা দিবস সাংস্কৃতিক ও লোকজ খেলাধুলা প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিল্প মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা আলহাজ কামাল আহমেদ মজুমদার এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা-১৪ আসনের সংসদ সদস্য মোঃ আসলামুল হক। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঢাকা কমার্স কলেজের গভর্নিং বডির চেয়ারম্যান প্রফেসর ড. সফিক আহমেদ সিদ্দিক। স্বাগত বক্তব্য রাখেন ঢাকা কমার্স কলেজের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) প্রফেসর মোঃ শফিকুল ইসলাম। শুভেচ্ছা বক্তব্য রাখেন উপদেষ্টা (অ্যাকাডেমিক) প্রফেসর মোঃ মোজাহার জামিল ও সাংস্কৃতিক কমিটির আহ্বায়ক এস এম আলী আজম।

স্বাধীনতা স্বর্ণপদক প্রদান : মুক্তিযুদ্ধে অবদানের জন্য ৩১ মার্চ ২০১৯ বীর মুক্তিযোদ্ধা আলহাজ কামাল আহমেদ মজুমদারকে (এমপি, প্রতিমন্ত্রী, শিল্প মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার) ঢাকা কমার্স কলেজ মুক্তিযোদ্ধা সম্মাননা ও স্বাধীনতা স্বর্ণপদক ২০১৯ প্রদান করে।

রক্তদান কর্মসূচি : ৩১ মার্চ ২০১৯ রোটার‍্যাক্ট ক্লাব ও বিএনসিসি আয়োজিত স্বাধীনতা দিবস রক্তদান কর্মসূচি আয়োজন করা হয়।

আলোকচিত্র ও চিত্র প্রদর্শনী : ৩১ মার্চ ২০১৯ আর্টস অ্যান্ড ফটোগ্রাফি ক্লাব আয়োজিত স্বাধীনতা দিবস আলোকচিত্র ও চিত্র প্রদর্শনী অনুষ্ঠিত হয়।

শিশু-কিশোর চিত্রাঙ্কন প্রতিযোগিতা : স্বাধীনতা দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে ২৬ মার্চ ২০১৯ ঢাকা কমার্স কলেজ অডিটোরিয়ামে শিশু-কিশোর চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

সাংস্কৃতিক প্রতিযোগিতা : ২৬ মার্চ ২০১৯ স্বাধীনতা দিবস সাংস্কৃতিক প্রতিযোগিতায় শিক্ষার্থীরা শুদ্ধভাবে জাতীয় সংগীত পরিবেশন, মুক্তিযুদ্ধ ও উন্নয়ন অলিম্পিয়াড, বিতর্ক, রচনা, আবৃত্তি, আলোকচিত্র ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা বিষয়ে অংশগ্রহণ করে।

লোকজ খেলাধুলা : ২৬ মার্চ ২০১৯ স্বাধীনতা দিবস উপলক্ষ্যে কলেজে অনুষ্ঠিত হা-ডু-ডু, দাড়িয়াবান্ধা, বউচি, গোল্লাছুট ইত্যাদি লোকজ খেলাধুলায় শিক্ষার্থীরা স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করে।

৫ম চলচ্চিত্র উৎসব : ২৮ মার্চ ২০১৯ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে ৫ম চলচ্চিত্র উৎসব মুক্তিযুদ্ধ ভিত্তিক চলচ্চিত্র : জীবনঢুলি, পরিচালক : তানভীর মোকাম্মেল (অনার্স, মাস্টার্স ও প্রফেশনাল শ্রেণির শিক্ষার্থীদের জন্য) প্রদর্শনী করা হয়। ৩০ মার্চ ২০১৯ মুক্তিযুদ্ধ ভিত্তিক চলচ্চিত্র : গেরিলা, পরিচালক : নাসিরউদ্দিন ইউসুফ, লাল সবুজের সুর, পরিচালক : মুশফিকুর রহমান গুলজার (একাদশ শ্রেণির শিক্ষার্থীদের জন্য) প্রদর্শনী করা হয়।

জাতীয় শোক দিবস পালন

দোয়া মাহফিল : যথাযোগ্য মর্যাদায় ১৫ আগস্ট ২০১৯ সালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন করা হয়। এ উপলক্ষ্যে সকালে কলেজের নামাজ কক্ষে কোরআনখানি ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

আলোচনা অনুষ্ঠান : স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ঢাকা কমার্স কলেজ ২৭ আগস্ট ২০১৯ সালে কলেজের প্রফেসর কাজী নুরুল ইসলাম ফারুকী অডিটোরিয়ামে আলোচনা সভার আয়োজন করে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য প্রফেসর ড. আ.আ.ম.স. আরেফিন সিদ্দিক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনডিসি সাবেক কারা মহাপরিদর্শক ও বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ লিয়াকত আলী খাঁন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক সচিব ও ঢাকা কমার্স কলেজের উদ্যোক্তা, অন্যতম প্রতিষ্ঠাতা, গভর্নিং বডির সদস্য এ এফ এম সরওয়ার কামাল। স্বাগত ভাষণ দেন ঢাকা কমার্স কলেজের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) প্রফেসর মোঃ শফিকুল ইসলাম। বক্তব্য রাখেন উপদেষ্টা (অ্যাকাডেমিক) প্রফেসর মোঃ মোজাহার জামিল ও সাংস্কৃতিক কমিটির আহ্বায়ক এস এম আলী আজম। আলোচনা সভার অব্যবহিত পূর্বে আই ক্যাম্প, স্বেচ্ছায় মরণোত্তর চক্ষুদান, রক্তদান ও ব্লাড গ্রুপিং কর্মসূচি, বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক ডকুমেন্টারি ও স্থির চিত্র প্রদর্শনী, দেয়ালিকা প্রকাশ এবং বৃক্ষরোপন কর্মসূচি অনুষ্ঠিত হয়।

বুদ্ধিজীবী দিবস উদ্‌যাপন

১৪ ডিসেম্বর ২০১৯ শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষ্যে ঢাকা কমার্স কলেজের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) প্রফেসর মোঃ শফিকুল ইসলামের নেতৃত্বে কলেজের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে শহিদ বুদ্ধিজীবীদের স্মরণে পুষ্পস্তবক অর্পণ করেন।

বিজয় দিবস উদ্‌যাপন

পতাকা উত্তোলন : ১৬ ডিসেম্বর ২০১৯ মহান বিজয় দিবস উপলক্ষ্যে সকালে শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দের সমবেতস্বরে জাতীয় সংগীতের সাথে জাতীয় পতাকা উত্তোলন করেন ঢাকা কমার্স কলেজের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) প্রফেসর মোঃ শফিকুল ইসলাম।

আলোচনা অনুষ্ঠান : মহান বিজয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে ঢাকা

কমার্স কলেজে ১৭ ডিসেম্বর ২০১৯ আলোচনা সভার অব্যবহিত পূর্বে ডেন্টাল ক্যাম্প, রক্তদান ও ব্লাড গ্রুপিং কর্মসূচি এবং ডকুমেন্টারি ও স্থির চিত্র প্রদর্শনী অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বীরপ্রতীক, স্বাধীনতা পদক প্রাপ্ত, লেখক ও গবেষক লে. কর্নেল (অব.) কাজী সাজ্জাদ আলী জহির। আলোচনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঢাকা কমার্স কলেজ গভর্নিং বডির চেয়ারম্যান প্রফেসর ড. সফিক আহমেদ সিদ্দিক। অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) প্রফেসর মোঃ শফিকুল ইসলামের স্বাগত বক্তব্যের মাধ্যমে অনুষ্ঠান শুরু হয়। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন ঢাকা কমার্স কলেজের উপাধ্যক্ষ (বিজ্ঞান) প্রফেসর ড. মোঃ আবু মাসুদ, উপদেষ্টা (অ্যাকাডেমিক) প্রফেসর মোঃ মোজাহার জামিল এবং সাংস্কৃতিক কমিটির আহ্বায়ক এস এম আলী আজম। আলোচনা পর্ব শেষে বিজয় দিবস উপলক্ষ্যে অনুষ্ঠিত বিভিন্ন পর্বের সাংস্কৃতিক প্রতিযোগিতা ও বিজয় দিবস লোকজ খেলাধুলা প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন প্রধান অতিথি।

রক্তদান ও ব্লাড গ্রুপিং কর্মসূচি : মহান বিজয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে ঢাকা কমার্স কলেজ সমাজকল্যাণ ক্লাবের উদ্যোগে কলেজ হলরুমে ১৬-১৭ ডিসেম্বর ২০১৯ স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি ও বিনামূল্যে ব্লাড গ্রুপিং ক্যাম্পেইনের আয়োজন করা হয়।

বিজয় দিবস লোকজ খেলাধুলা প্রতিযোগিতা : ১৬ ডিসেম্বর ২০১৯ মহান বিজয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে ঢাকা কমার্স কলেজে ৩য় বারের মতো লোকজ খেলাধুলা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার উদ্‌বোধন করেন কলেজের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) প্রফেসর মোঃ শফিকুল ইসলাম। হাডুডু, দাঁড়িয়াবান্ধা, মোরগ লড়াই, ব্যাঙ লাফ, মার্বেল ও লাটিম এবং ছাত্রীরা গোল্লাছুট, বৌচি, দড়িলাফ, এক্কা দোক্কা, ইচিং বিচিং, কুতকুত ইত্যাদি লোকজ খেলাধুলা প্রতিযোগিতায় কলেজের শিক্ষার্থীরা একক ও দলীয়ভাবে অংশগ্রহণ করে। আকর্ষণীয় লোকজ খেলাধুলা উপভোগ করেন কলেজের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ।

ক্রিকেট প্রতিযোগিতা : ১৬ ডিসেম্বর ২০১৯ ঢাকা কমার্স কলেজে প্রথমবারের মতো শিক্ষকদের মধ্যে বিইউবিটি মাঠে লাল ও সবুজ দলের মধ্যে ক্রিকেট খেলা অনুষ্ঠিত হয়। লাল দলের অধিনায়ক ছিলেন ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগের প্রভাষক মোঃ আহসান তারেক। সবুজ দলের অধিনায়ক ছিলেন ইংরেজি বিভাগের প্রভাষক মোহাম্মদ জাকারিয়া ফয়সাল। খেলায় সবুজ দল জয়ী হয়। আম্পায়ার ছিলেন হিসাববিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক মোঃ মঈনউদ্দীন, ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক মোঃ মঈনউদ্দিন আহমদ এবং ম্যাচ রেফারি ছিলেন বাংলা বিভাগের চেয়ারম্যান প্রফেসর মোঃ সাইদুর রহমান মিঞা।

ফুটবল প্রতিযোগিতা : ১৬ ডিসেম্বর ২০১৯ ঢাকা কমার্স কলেজে প্রথমবারের মতো কর্মচারীদের মধ্যে বিইউবিটি মাঠে লাল ও সবুজ দলের মধ্যে ফুটবল খেলা অনুষ্ঠিত হয়। খেলায় লাল দল জয়ী হয়।

মুক্তিযোদ্ধা সম্মাননা ও স্বর্ণপদক প্রদান : মুক্তিযুদ্ধে বিশেষ অবদানের জন্য ঢাকা কমার্স কলেজ ২০১৫ সাল থেকে এ পর্যন্ত মোট ৭ জন বীর মুক্তিযোদ্ধাকে সম্মাননা ও স্বর্ণপদক প্রদান করে বীর মুক্তিযোদ্ধাদের প্রতি সম্মান দেখিয়েছে। ঢাকা কমার্স কলেজ ১৭ ডিসেম্বর ২০১৯ লে. কর্নেল (অব.) কাজী সাজ্জাদ আলী জহিরকে (বীরপ্রতীক, স্বাধীনতা পদক প্রাপ্ত, লেখক ও গবেষক) মুক্তিযুদ্ধে বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ ঢাকা কমার্স কলেজ মুক্তিযোদ্ধা সম্মাননা ২০১৯ এ ভূষিত করেছে। লে. কর্নেল (অব.) কাজী সাজ্জাদ আলী জহিরকে ঢাকা কমার্স কলেজ মুক্তিযোদ্ধা সম্মাননা ও স্বর্ণপদক প্রদান করেন ঢাকা কমার্স কলেজের গভর্নিং বডির চেয়ারম্যান প্রফেসর ড. সফিক আহমেদ সিদ্দিক।

বিজয় দিবস সাংস্কৃতিক প্রতিযোগিতা : বিজয় দিবস সাংস্কৃতিক প্রতিযোগিতায় শিক্ষার্থীরা জাতীয় সংগীত, দেশাত্মবোধক সংগীত, লোকসংগীত, গল্প রচনা, প্রবন্ধ রচনা, কবিতা রচনা, কবিতা আবৃত্তি, নৃত্য, অভিনয়, চলচ্চিত্র নির্মাণ, চিত্রাঙ্কন ও ফটোগ্রাফি প্রতিযোগিতায় স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করে।

বার্ষিক ভোজ

২৩ ডিসেম্বর ২০১৯ ঢাকা কমার্স কলেজে বার্ষিক ভোজ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর ড. সফিক আহমেদ সিদ্দিক, চেয়ারম্যান, গভর্নিং বডি, ঢাকা কমার্স কলেজ। বার্ষিক ভোজে উপস্থিত ছিলেন জিবির সদস্য, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) প্রফেসর মোঃ শফিকুল ইসলাম, উপাধ্যক্ষ (বিজ্ঞান) প্রফেসর ড. মোঃ আবু মাসুদ, উপদেষ্টা (অ্যাকাডেমিক) প্রফেসর মোঃ মোজাহার জামিল, কলেজের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, শিক্ষার্থী।

ইফতার

২৫ মে ২০১৯, শনিবার ইফতার মাহফিল আয়োজন করা হয়। ইফতারে পরিচালনা পরিষদের সদস্যবৃন্দ, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ অংশগ্রহণ করেন।

ইদ পুনর্মিলনী

প্রতি বছরের ন্যায় এবছরও দুই ইদের পর ঢাকা কমার্স কলেজে ইদ পুনর্মিলনী অনুষ্ঠিত হয়। ইদুলফিতর পরবর্তী ১৩ মে ২০১৯ কর্মকর্তা-কর্মচারীদের নিচ তলার হল রুমে এবং ১৫ মে ২০১৯ কনফারেন্স রুমে (১১ তলা) শিক্ষকদের 'ইদ পুনর্মিলনী' অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। ইদুল-আজহা পরবর্তী ২৫ আগস্ট ২০১৯ বেলা ১২:০০টায় কর্মকর্তা-কর্মচারীদের এবং বিকাল ৪:৩০মি. কনফারেন্স রুমে (১১ তলা) শিক্ষকদের 'ইদ পুনর্মিলনী' অনুষ্ঠান

অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) প্রফেসর মোঃ শফিকুল ইসলাম।

ফলাহার

৬ জুলাই ২০১৯ ঢাকা কমার্স কলেজ কল্যাণ সংঘ বার্ষিক ফলাহার আয়োজন করে। বার্ষিক ফলাহারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর ড. সফিক আহমেদ সিদ্দিক, চেয়ারম্যান, গভর্নিং বডি, ঢাকা কমার্স কলেজ। জিবির সদস্য, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ ফলাহারে অংশগ্রহণ করেন।

শিক্ষা সপ্তাহ উদ্‌যাপন

২৪-০৭-২০১৯ থেকে ৩১-০৭-২০১৯ পর্যন্ত ঢাকা কমার্স কলেজে ৩০তম শিক্ষা সপ্তাহ অনুষ্ঠিত হয়। শিক্ষা সপ্তাহের উদ্‌বোধন করেন অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) প্রফেসর মোঃ শফিকুল ইসলাম। এছাড়া উপস্থিত ছিলেন উপদেষ্টা (অ্যাকাডেমিক) প্রফেসর মোঃ মোজাহার জামিল ও ক্রীড়া কমিটির আহ্বায়ক প্রফেসর ড. কাজী ফয়েজ আহাম্মদ। স্বাগত ভাষণ দেন সাংস্কৃতিক কমিটির আহ্বায়ক এস এম আলী আজম। সাংস্কৃতিক প্রতিযোগিতার বিষয়সমূহ : কোরআন তেলাওয়াত, হামদ নাত, আজান, গীতা পাঠ, দেশাত্মবোধক গান, রবীন্দ্র সংগীত, নজরুলগীতি, লোকগীতি, আধুনিক গান, ব্যান্ড সংগীত, আবৃত্তি (বাংলা), আবৃত্তি (ইংরেজি), অভিনয় (একক), অভিনয় (দলীয়), লোকনৃত্য, সাধারণ নৃত্য, নির্ধারিত বক্তৃতা, উপস্থিত বক্তৃতা, উপস্থাপনা, হাতের লেখা (বাংলা), সাধারণজ্ঞান, বিতর্ক, চিত্রাঙ্কন, ফটোগ্রাফি, ডকুমেন্টারি (নির্মাণ ও প্রদর্শন), প্রজেক্ট ডিসপ্লে ও প্রোগ্রামিং।

বিজ্ঞান ভবন ও বিজ্ঞান শাখা উদ্‌বোধন

১৯৮৯ সালে প্রতিষ্ঠিত ঢাকা কমার্স কলেজ বাংলাদেশে এক অনন্য শিক্ষা প্রতিষ্ঠান। ফলাফল ও শিক্ষা সম্পূরক কার্যক্রমে এ কলেজ ইতোমধ্যেই তার অসাধারণত্ব প্রতিষ্ঠিত করেছে। বর্তমান বাংলাদেশ ডিজিটাল বাংলাদেশ। আমরা স্যাটেলাইট যুগে প্রবেশ করেছি। এ দেশের আকাঙ্ক্ষার সাথে সম্পৃক্ত হওয়ার অভিপ্রায়ে ঢাকা কমার্স কলেজও বাণিজ্য শিক্ষার পাশাপাশি বিজ্ঞান শিক্ষার দ্বার উন্মোচিত করে। এ উদ্দেশ্যে ১১ মে ২০১৯ প্রফেসর কাজী নুরুল ইস্‌লাম ফারুকী অডিটোরিয়ামে বিজ্ঞান ভবন ও বিজ্ঞান শাখা উদ্‌বোধন উপলক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের (ঢাকা) চেয়ারম্যান প্রফেসর মু. জিয়াউল হক, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক সচিব ও ঢাকা কমার্স কলেজের গভর্নিং বডির সদস্য এ এফ এম সরওয়ার কামাল, বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস এন্ড টেকনোলজির (বিইউবিটি) উপাচার্য প্রফেসর মোঃ আবু সালেহ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঢাকা কমার্স কলেজের গভর্নিং বডির চেয়ারম্যান প্রফেসর ড. সফিক আহমেদ সিদ্দিক।

বই বিতরণ অনুষ্ঠান

৫ নভেম্বর ২০১৯ ঢাকা-১৪ আসনের মাননীয় সংসদ সদস্য আসলামুল হক মহোদয়ের উদ্যোগে বই বিতরণ অনুষ্ঠান ২০১৯ অনুষ্ঠিত হয়। আসলামুল হক শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে বঙ্গবন্ধুর ওপর লেখা তিনটি বই বিতরণ করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা কমার্স কলেজের গভর্নিং বডির চেয়ারম্যান প্রফেসর ড. সফিক আহমেদ সিদ্দিক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ আসলামুল হক, এম.পি. ঢাকা- ১৪। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঢাকা কমার্স কলেজের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) প্রফেসর মোঃ শফিকুল ইসলাম।

ক্রীড়া কার্যক্রম ও সফলতা

কলেজে নিয়মিত শ্রেণি কার্যক্রমের পাশাপাশি সহশিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে খেলাধুলা ও ক্রীড়া অনুশীলনের জন্য বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা, বার্ষিক অভ্যন্তরীণ ক্রীড়া প্রতিযোগিতা নিয়মিত অনুষ্ঠিত হয়। ঢাকা শিক্ষা বোর্ড আয়োজিত আন্তঃকলেজ প্রতিযোগিতা জাতীয় ক্রীড়া ফেডারেশন আয়োজিত আন্তঃকলেজ ও জাতীয় প্রতিযোগিতায় ঢাকা কমার্স কলেজ টিম অংশগ্রহণ করে থাকে। আন্তর্জাতিক প্রতিযোগিতায়ও ঢাকা কমার্স কলেজের সক্রিয় বিচরণ আছে।

ক্রীড়া ক্লাব : ঢাকা কমার্স কলেজে ১৫টি ক্রীড়া ক্লাব রয়েছে। এগুলো হচ্ছে- সাইক্লিং, স্কেটিং, টেবিল টেনিস, দাবা, ক্যারাম, ফুটবল, ক্রিকেট, ভলিবল, হ্যান্ডবল, বেসবল, সফটবল, রাগবি, ফেন্সি, ব্যাডমিন্টন ও মার্শাল। কলেজের অভ্যন্তরে ক্রীড়া ক্লাবসমূহের নিয়মিত অনুশীলন চলে। অন্যান্য প্রতিযোগিতার মধ্যে লোকজ ক্রীড়া প্রতিযোগিতা রয়েছে হাডুডু, দাঁড়িয়াবান্ধা, গোল্লা ছুট, বৌচি, মোরগ লড়াই, পেন্টাথলন অনুশীলন হয়ে থাকে। অনুশীলনের জন্য কলেজ ক্যাম্পাস মাঠ, কোয়ার্টারস মাঠ, অডিটোরিয়াম, গোলারটেক মাঠ, পল্টন মাঠ, সিটি ক্লাব মাঠ, শহীদ সোহরাওয়ার্দী ইনডোর স্টেডিয়ামসহ সুবিধামত অন্যান্য মাঠ ও স্থাপনা ব্যবহার করা হয়।

বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা : ৩ মার্চ ২০১৯ পল্লবীস্থ সিটি ক্লাব মাঠে ঢাকা কমার্স কলেজের ২৯তম বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। ক্রীড়া প্রতিযোগিতার উদ্‌বোধন করেন মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক প্রফেসর ড. মোঃ হারুন-অর-রশিদ। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরস্কার বিতরণ করেন ঢাকা-১৬ আসনের মাননীয় সংসদ সদস্য মোঃ ইলিয়াছ উদ্দিন মোল্লাহ্। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গভর্নিং বডির চেয়ারম্যান প্রফেসর ড. সফিক আহমেদ সিদ্দিক। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বার্ষিক ক্রীড়া কমিটির

আহ্বায়ক ব্যবসায় প্রশাসন বিভাগের প্রফেসর ড. কাজী ফয়েজ আহাম্মদ। প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে মোঃ সজিব সরকার (ছাত্র) এবং লামিয়া রহমান (ছাত্রী)। সার্বিক তত্ত্বাবধান করেন ক্রীড়া কমিটির আহ্বায়ক প্রফেসর ড. কাজী ফয়েজ আহাম্মদ।

বার্ষিক সাংস্কৃতিক ও অভ্যন্তরীণ ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার প্রদান : প্রতিবছর কলেজের শিক্ষা সপ্তাহ উপলক্ষ্যে বার্ষিক সাংস্কৃতিক ও অভ্যন্তরীণ ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় শিক্ষার্থী, শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করে থাকে। ২৭ ফেব্রুয়ারি ২০১৯ বার্ষিক সাংস্কৃতিক ও অভ্যন্তরীণ ক্রীড়া প্রতিযোগিতা ২০১৭ ও ২০১৮-এর পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয় প্রফেসর কাজী নুরুল ইস্‌লাম ফারুকী অডিটোরিয়ামে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের (ঢাকা) কলেজ পরিদর্শক প্রফেসর ড. মোঃ হারুন-অর-রশিদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঢাকা কমার্স কলেজের গভর্নিং বডির চেয়ারম্যান প্রফেসর ড. সফিক আহমেদ সিদ্দিক। অনুষ্ঠানে এছাড়া উপস্থিত ছিলেন ঢাকা কমার্স কলেজের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) প্রফেসর শফিকুল ইসলাম, উপদেষ্টা (অ্যাকাডেমিক) প্রফেসর মোঃ মোজাহার জামিল এবং ২০১৯ সালের অনুষ্ঠানের আহ্বায়ক এস এম আলী আজম।

বার্ষিক অভ্যন্তরীণ ক্রীড়া প্রতিযোগিতা : ২৪-০৭-২০১৯ থেকে ৩১-০৭-২০১৯ পর্যন্ত বার্ষিক অভ্যন্তরীণ ক্রীড়া প্রতিযোগিতা ২০১৯ অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় শিক্ষার্থী, শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ অংশগ্রহণ করেন। দাবা, ক্যারাম, টেবিল টেনিস, ব্যাডমিন্টন, ফেন্সিং প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার শুভ উদ্‌বোধন করেন কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ. এফ. এম. শফিকুর রহমান। সার্বিক তত্ত্বাবধান করেন ক্রীড়া কমিটির আহ্বায়ক প্রফেসর ড. কাজী ফয়েজ আহাম্মদ।

জাতীয় বিশ্ববিদ্যালয় আয়োজিত প্রথম আন্তঃকলেজ ক্রীড়া প্রতিযোগিতা ২০১৯ : জাতীয় বিশ্ববিদ্যালয় আয়োজিত প্রথম আন্তঃকলেজ ক্রীড়া প্রতিযোগিতা ২৩ মার্চ ২০১৯ গাজিপুরস্থ রোভার স্কাউট কমপ্লেক্স মাঠে অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় ঢাকা কমার্স কলেজ ৫টি ইভেন্টে পদক অর্জন করে। যথা– ৮০০ মিটার দৌড় ছাত্র ৩য় স্থান, ৮০০ মিটার দৌড় ছাত্রী ৩য় স্থান, ৪০০ মিটার দৌড় ছাত্র ২য় স্থান, ২০০ মিটার দৌড় ছাত্র ১ম স্থান, দীর্ঘ লাফ ছাত্র ২য় স্থান।

কান্ট্রি গেমস : বাংলাদেশ কান্ট্রি গেমস এসোসিয়েশন আয়োজিত স্বাধীনতা দিবস কান্ট্রি গেমস ২৮ মার্চ ২০১৯ পল্টন মাঠে অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় পুরুষ বিভাগে ঢাকা কমার্স কলেজ টিম দাড়িয়াবাঁন্ধা ও গোল্লাছুট প্রতিযোগিতায় রানারআপ হওয়ার গৌরব অর্জন করে।

জাপানের নাভা টিভি কর্তৃক প্রামাণ্য চিত্র ধারণ : জাপানের জনপ্রিয় নাভা টিভি ১৬ সেপ্টেম্বর ২০১৯ ঢাকা কমার্স কলেজ ক্যাম্পাসে বাংলাদেশের ঐতিহ্যবাহী লোকজ খেলাধুলার প্রামাণ্যচিত্র ধারণ করে।

মহিলা রাগবি : বাংলাদেশ রাগবি ফেডারেশন আয়োজিত অনুর্ধ্ব ২০ বালিকা আন্তঃকলেজ মহিলা রাগবি প্রতিযোগিতা ৩ নভেম্বর ২০১৯ পল্টন মাঠে অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় ঢাকা কমার্স কলেজ টিম ৩য় স্থান অর্জন করে।

কলেজ প্রকাশনা

বার্ষিকী : ২০১৯ সালে কলেজ বার্ষিকী ‘প্রগতি’-এর ৩০তম সংখ্যা প্রকাশিত হয়।

জার্নাল : ঢাকা কমার্স কলেজ জার্নাল, ভলিউম নম্বর ১০, সংখ্যা ১, ডিসেম্বর ২০১৮ এ বছর প্রকাশিত হয়।

অন্যান্য : এ বছর কলেজ ডায়েরি, ওয়াল ক্যালেন্ডার ও ডেস্ক ক্যালেন্ডার প্রকাশ করা হয়েছে।

বিশেষ প্রকাশনা : মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে স্মরণিকা ‘বায়ান্ন’ প্রকাশিত হয়।

প্রচার

২০১৯ সালে কলেজের বিভিন্ন অনুষ্ঠানের খবর সংবাদপত্র এবং কয়েকটি টেলিভিশন চ্যানেলে প্রচার করা হয়। জাতীয় বিশ্ববিদ্যালয়ের কলেজ র‍্যাকিংয়ে পরপর ৩ বার ১ম স্থান অর্জন করায় এ বছর গণমাধ্যমে কলেজ সংবাদ গুরুত্ব সহকারে প্রকাশিত হয়েছে।

উচ্চতর ডিগ্রি

পিএইচডি : পরিসংখ্যান বিভাগের সহযোগী অধ্যাপক ড. বিষ্ণুপদ বণিক, সমাজবিদ্যা বিভাগের সহযোগী অধ্যাপক ড. শবনম নাহিদ স্বাতী ও বাংলা বিভাগের সহকারী অধ্যাপক ড. মীর মোঃ জহিরুল ইসলাম ২০১৯ সালে পিএইচডি ডিগ্রি অর্জন করেন।

দোয়া ও মোনাজাত

কলেজের সব শ্রেণির বোর্ড/বিশ্ববিদ্যালয়ের চূড়ান্ত পরীক্ষা আরম্ভের দিনে কোরআনখানি, দোয়া ও মোনাজাত করা হয়।

ডিজিটালাইজেশন

২০১৯ সালে ঢাকা কমার্স কলেজ এবং এর বিভিন্ন বিভাগ ও শাখার কার্যক্রমে প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি পেয়েছে। অটোমেশন ও ওয়েবসাইট উন্নয়ন কমিটির আহ্বায়ক ব্যবস্থাপনা বিভাগের

সহযোগী অধ্যাপক এস এম আলী আজম। কলেজের ডিজিটালাইজেশন কার্যক্রমের মধ্যে রয়েছে কলেজের ডাইনামিক ওয়েবসাইট, ওয়েব সফটওয়্যার ও ফেসবুক পেজ, ওয়েব পোর্টাল (www.dcc-portal.com), সব বিভাগ ও শাখা ওয়াই-ফাই জোন, অনার্স ১ম বর্ষ এবং বিবিএ প্রফেশনাল ও সিএসই প্রোগ্রামের সব শ্রেণিতে ইন্টারনেট সংযোগ ও মাল্টিমিডিয়া, ওয়েব সফটওয়্যারে পরীক্ষার নম্বর ইনপুট, সব বিভাগ ও শাখার এবং সব শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর স্থায়ী আইডি তৈরি, সব শিক্ষক-কর্মকর্তার ওয়েবমেইল একাউন্ট তৈরি, সফটওয়্যারের পরীক্ষার পূর্ণাঙ্গ ফলাফল, অ্যাকাডেমিক ট্রান্সক্রিপ্ট এবং ছবি ও রুটিনসহ প্রবেশপত্র প্রণয়ন, লাইব্রেরি ব্যবস্থাপনা, পে-রোল, একাউন্টস সিস্টেম, এমএমএস ব্যবস্থাপনা, এইচআরএম ইত্যাদি। ওয়েব সফটওয়্যারে 'লগইন' করে যে-কোনো শিক্ষক বা শিক্ষার্থী প্রয়োজনীয় তথ্যাদি সর্বদা জানতে পারে। ১১ মে ২০১৯ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান কলেজ নিউজ পোর্টাল 'ঢাকা কমার্স কলেজ দর্পণ', মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের (ঢাকা) চেয়ারম্যান প্রফেসর মু. জিয়াউল হক 'ঢাকা কমার্স কলেজ অনলাইন ভর্তি সিস্টেম' এবং ঢাকা কমার্স কলেজের গভর্নিং বডির চেয়ারম্যান প্রফেসর ড. সফিক আহমেদ সিদ্দিক 'ঢাকা কমার্স কলেজ ইউটিউব শিক্ষা চ্যানেল' উদ্‌বোধন করেন।

শিক্ষার্থী কল্যাণ

বেতন সুবিধা : মেধাবী, নিয়মিত উপস্থিত, মুক্তিযোদ্ধার পোষ্য ও আর্থিকভাবে অস্বচ্ছল শিক্ষার্থীদের সুনির্দিষ্ট নীতিমালার আওতায় আর্থিক সহায়তা প্রদান এবং বিনা বেতনে ও অর্ধবেতনে অধ্যয়নের সুবিধা দেয়া হয়।

ডরমেটরি : দরিদ্র, মেধাবী এবং ঢাকায় বসবাসের সমস্যা রয়েছে এমন শিক্ষার্থীদের কলেজের ডরমেটরিতে থাকার ব্যবস্থা রয়েছে। ডরমেটরিতে বসবাসকারী শিক্ষার্থীদের বিভিন্ন ধরনের সুযোগসুবিধা দেয়া হয়।

বিশ্ব অটিজম দিবস

০২ এপ্রিল ২০১৯ বিশ্ব অটিজম সচেতনতা দিবস উপলক্ষ্যে ৪ দিন ব্যাপী ঢাকা কমার্স কলেজে নীল বাতি প্রজ্বলন করা হয়।

বিভাগীয় কার্যক্রম

বাংলা বিভাগ

ঢাকা কমার্স কলেজের বাংলা বিভাগের সহকারী অধ্যাপক ড. ইসরাত মেরিন সহযোগী অধ্যাপক হিসেবে পদোন্নতি এবং সহকারী অধ্যাপক ড. মীর মোঃ জহিরুল ইসলাম পিএইচডি ডিগ্রি অর্জন করায় বাংলা বিভাগের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

ইংরেজি বিভাগ

দায়িত্ব গ্রহণ : জানুয়ারি মাসের ১ তারিখ মাকসুদা শিরীন ইংরেজি বিভাগের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব গ্রহণ করেন।

প্রকাশনা : ডিসেম্বর ২০১৯ এ প্রকাশিত ঢাকা কমার্স কলেজ জার্নাল ২০১৮ সংখ্যায় ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক জনাব মোঃ মঈনউদ্দিন আহমদের 'Language in Use : Teaching the Second Conditional' এবং সহযোগী অধ্যাপক মোঃ মনসুর আলম ও প্রভাষক মোঃ আনোয়ার হোসেনের 'The Appearances of the Inadvertent Speakers in Robert Browning's Dramatic Monologues' প্রকাশিত হয়েছে।

সহকারী অধ্যাপক মোঃ জাহিদুল কবিরের Cultural Racism in Wuthering Heights : The Journal of Social Studies No. 159 I Unveiling The Glamour of Salesmanship in Arthur Miller's Death of The Salesman – ASA University Review : Volume 12 (23rd Issue) প্রকাশিত হয়েছে।

ইফতার : ইংরেজি বিভাগের প্রাক্তন শিক্ষার্থীদের সংগঠন 'অ্যালামনাই এসোসিয়েশন' কর্তৃক গত ১৭ মে ২০১৯, শুক্রবার ইফতার মাহফিলের আয়োজন করা হয়।

ব্যবস্থাপনা বিভাগ

নতুন চেয়ারম্যান : বিদায়ী চেয়ারম্যান নূরুল আলম ভূঁইয়ার নিকট থেকে দায়িত্ব গ্রহণ করেন কাজী সায়মা বিন্‌তে ফারুকী। দায়িত্ব গ্রহণ ও হস্তান্তর উপলক্ষ্যে বিভাগীয় শিক্ষকদের সমন্বয়ে মতবিনিময় সভা ও প্রীতিভোজের আয়োজন করা হয়।

বনভোজন : তৎকালীন চেয়ারম্যান নূরুল আলম ভূঁইয়া এবং বিভাগীয় বনভোজন কমিটির আহ্বায়ক কাজী সায়মা বিন্‌তে ফারুকীর তত্ত্বাবধানে ৩ এপ্রিল ২০১৯ তারিখে গাজিপুরস্থ 'রাঙামাটি ওয়াটার ফ্রন্ট রিসোর্ট'-এ বিভাগের সব বর্ষের শিক্ষার্থীদের অংশগ্রহণে বনভোজন অনুষ্ঠিত হয়।

ক্লাস সমাপনী : প্রতিবারের ন্যায় এবছরও বিভিন্ন বর্ষের শিক্ষার্থীবৃন্দ তাদের ক্লাস সমাপনী উপলক্ষ্যে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করে। বিবিএ (সম্মান) ১ম বর্ষের সমাপনী ক্লাস অনুষ্ঠান ১৫ জুলাই ২০১৯ শ্রেণি শিক্ষক ফারজানা রহমানের তত্ত্বাবধানে, ২য় বর্ষের সমাপনী ক্লাস অনুষ্ঠান ২৫ নভেম্বর ২০১৯ শ্রেণি শিক্ষক ফারহানা আরজুমানের তত্ত্বাবধানে, ৩য় বর্ষের সমাপনী ক্লাস অনুষ্ঠান ৩০ ডিসেম্বর ২০১৯

শ্রেণি শিক্ষক তন্ময় সরকারের তত্ত্বাবধানে, ৪র্থ বর্ষের সমাপনী ক্লাস অনুষ্ঠান ১ ডিসেম্বর ২০১৯ শ্রেণি শিক্ষক শামা আহমেদের তত্ত্বাবধানে, মাস্টার্স শেষ বর্ষের সমাপনী ক্লাস অনুষ্ঠান শ্রেণি শিক্ষক উম্মে সালমার তত্ত্বাবধানে সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

হিসাববিজ্ঞান বিভাগ

নতুন চেয়ারম্যান : ১ জুলাই ২০১৯ বিভাগীয় চেয়ারম্যান পদে পরিবর্তন আনা হয়। এ উপলক্ষ্যে উক্ত তারিখে বিভাগীয় কার্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে নতুন চেয়ারম্যান মোশতাক আহমদকে এবং বিদায়ী চেয়ারম্যান মুহম্মদ আমিনুল ইসলামকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়। পরবর্তীতে ১ আগস্ট ২০১৯ বিভাগের নতুন চেয়ারম্যান হিসেবে দায়িত্ব গ্রহণ করেন মাসুদা খানম। এছাড়া বিভিন্ন বর্ষের শিক্ষার্থীরাও পৃথকভাবে নতুন চেয়ারম্যানকে অভিনন্দিত করেন।

ক্লাস সমাপনী : প্রতিবারের ন্যায় এবছরও বিভিন্ন বর্ষের শিক্ষার্থীবৃন্দ তাদের ক্লাস সমাপনী উপলক্ষ্যে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করে। এর মধ্যে বিবিএ (সম্মান) ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষের ক্লাস সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এ অনুষ্ঠানে বিভাগীয় চেয়ারম্যান এবং বিভাগীয় শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

শিক্ষা সফর : হিসাববিজ্ঞান বিভাগের অনার্স ও মাস্টার্স শ্রেণির সব শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের Accounting Day ২০১৯ গাজিপুরের 'নীল কমল রিসোর্টে' উদ্‌যাপিত হয়। এ অনুষ্ঠানের আহ্বায়ক হিসেবে দায়িত্ব পালন করেন বিভাগীয় শিক্ষক মোহাম্মদ মোশারেফ হোসেন। হিসাববিজ্ঞান বিভাগের অনার্স ৪র্থ বর্ষের শিক্ষার্থীরা বিভাগীয় শিক্ষক মোহাম্মদ মাসুদ পারভেজ ও শ্রেণি শিক্ষক মোহাম্মদ সাহেদ হোসেনের সহযোগিতায় ২৯ অক্টোবর হতে ২ নভেম্বর ২০১৯ পর্যন্ত রাঙামাটি, বান্দরবন, সেন্টমার্টিন ও কক্সবাজারসহ বিভিন্ন দর্শনীয় স্থান ঘুরে বেড়ান ও শিক্ষা সফর ২০১৯ সম্পন্ন করেন।

মার্কেটিং বিভাগ

নতুন চেয়ারম্যান : ১ আগস্ট ২০১৯ সহযোগী অধ্যাপক মোঃ মঞ্জুরুল আলম বিভাগীয় চেয়ারম্যান হিসেবে যোগদান করেন।

ক্লাস সমাপনী : ৯ সেপ্টেম্বর ২০১৯ সম্মান ২য় বর্ষের শিক্ষার্থীদের ক্লাস সমাপনী অনুষ্ঠিত হয়। ১ সেপ্টেম্বর ২০১৯ সম্মান ২য় বর্ষের শিক্ষার্থীদের ক্লাস সমাপনী অনুষ্ঠিত হয়। ২৪ ডিসেম্বর ২০১৯ সম্মান ৪র্থ বর্ষের শিক্ষার্থীদের ক্লাস সমাপনী 4C Classic রেস্টুরেন্টে অনুষ্ঠিত হয়।

শিক্ষা সফর : ২০ মার্চ ২০১৯ মার্কেটিং বিভাগের অনার্স ও মাস্টার্স শ্রেণির ছাত্রছাত্রীদের শিক্ষা সফর গাজিপুরের 'নীলকমল রিসোর্টে' অনুষ্ঠিত হয়।

ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং বিভাগ

ক্লাস সমাপনী : বিবিএ (সম্মান) পার্ট-৩ এর শিক্ষার্থীরা ২০১৯ সালের ১৯ নভেম্বর ক্লাস সমাপনী অনুষ্ঠানের আয়োজন করে। উক্ত অনুষ্ঠানে বিবিএ (সম্মান) পার্ট-৩ এর শিক্ষার্থী ও বিভাগীয় শিক্ষকমণ্ডলী অংশগ্রহণ করেন।

শিক্ষা সফর : ২০১৯ সালের ২৭ মার্চ বিভাগের সকল বর্ষের শিক্ষার্থীদের অংশগ্রহণে গাজিপুরের 'ঢাকা রিসোর্ট' এ বিভাগীয় শিক্ষকদের তত্ত্বাবধানে দিনব্যাপী শিক্ষা সফরের আয়োজন করা হয়।

অর্থনীতি বিভাগ

শিক্ষা সফর : ৩০ মার্চ ২০১৯ বিভাগীয় বনভোজন গাজিপুরের রতনপুরের 'নীলকমল রিসোর্টে' অনুষ্ঠিত হয়। বিভাগের শিক্ষার্থীরা ও সম্মানিত শিক্ষকবৃন্দ বনভোজনে অংশগ্রহণ করেন।

ক্লাস সমাপনী : বিএসএস (সম্মান) অর্থনীতি বিভাগের সম্মান ৪র্থ বর্ষের ক্লাস সমাপনী ও দোয়া অনুষ্ঠান গত ৬ ডিসেম্বর ২০১৮ বিভাগীয় চেয়ারম্যান সুরাইয়া পারভীন ও শিক্ষার্থী উপদেষ্টা প্রফেসর মোঃ ওয়ালী উল্যাহ্ সহ বিভাগীয় শিক্ষকবৃন্দের উপস্থিতিতে অনুষ্ঠিত হয়।

বৃত্তি গ্রহণ : জাতীয় বিশ্ববিদ্যালয়ের মডেল কলেজের আওতায় কলেজসমূহের মধ্যে প্রযুক্তি সহায়তা, পুস্তক ও শিক্ষার্থীদের বৃত্তি প্রদান অনুষ্ঠানে গত ২৮ সেপ্টেম্বর ২০১৯ আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে অনুষ্ঠিত হয়। অর্থনীতি বিভাগের তৃতীয় বর্ষের ছাত্র মোহাম্মদ রুজেল আলী এই বৃত্তি গ্রহণ করে।

বিদায়ী শুভেচ্ছা : অর্থনীতি বিভাগের প্রভাষক (লেকচারভিত্তিক) মাসুদ রানাকে বিভাগের পক্ষ থেকে ২ অক্টোবর ২০১৯ চেয়ারম্যান সুরাইয়া পারভীন ও শিক্ষার্থী উপদেষ্টা প্রফেসর মোঃ ওয়ালী উল্যাহ্ সহ বিভাগীয় শিক্ষকবৃন্দের উপস্থিতিতে বিদায়ী শুভেচ্ছা প্রদান করা হয়।

পরিসংখ্যান বিভাগ

২৩ মে ২০১৯ বিভাগীয় সেমিনার কক্ষে পরিসংখ্যান ও সিএসই বিভাগের যৌথ উদ্যোগে ইফতার পার্টি অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে উভয় বিভাগের শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

২৩ মে ২০১৯ বিভাগের পক্ষ থেকে প্রফেসর ড. মিরাজ আলী আকন্দ এবং ড. বিষ্ণুপদ বণিককে পিএইচডি ডিগ্রি অর্জনের জন্য সংবর্ধনা দেওয়া হয়। উক্ত অনুষ্ঠানে অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) প্রফেসর মোঃ শফিকুল ইসলাম উপস্থিত ছিলেন।

সিএসই বিভাগ

২২ মে ২০১৯ সিএসই বিভাগের শিক্ষকবৃন্দ ড. বিষ্ণুপদ বণিকে পিএইচডি ডিগ্রি অর্জনের জন্য সংবর্ধনা প্রদান করেন।

১৫ ফেব্রুয়ারি ২০১৯ সিএসই বিভাগ কর্তৃক ঢাকা-রাঙামাটি-সাজেকভ্যালি-সেন্টমার্টিন-কক্সবাজার শিক্ষা সফর উদ্‌যাপন করা হয়।

২২ মে ২০১৯ পবিত্র রমজান মাস উপলক্ষ্যে সিএসই বিভাগ কর্তৃক ইফতার পার্টির আয়োজন করা হয়।

সমাজবিদ্যা বিভাগ

১৫ জানুয়ারি ২০১৯ সমাজবিদ্যা বিভাগের পক্ষ থেকে দায়িত্বপ্রাপ্ত চেয়ারম্যান প্রফেসর মোঃ বাহার উল্যা ভূঁইয়াকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

২৯ জানুয়ারি ২০১৯ সমাজবিদ্যা বিভাগের প্রভাষক (খণ্ডকালীন) শারমিন সুলতানাকে বিভাগের পক্ষ থেকে বিদায়ী শুভেচ্ছা জানানো হয়।

৯ মে ২০১৯ সমাজবিদ্যা বিভাগের সহযোগী অধ্যাপক শবনম নাহিদ স্বাতীকে পিএইচডি ডিগ্রি অর্জনের জন্য বিভাগের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

ব্যবসায় প্রশাসন বিভাগ (বিবিএ প্রোগ্রাম)

ব্যবসায় **প্রশাসন বিভাগের পরিচালক প্রফেসর** ড. এ. এম. সওকত ওসমান শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে 'College Education Development Project (CEDP)' শীর্ষক প্রকল্পের আওতায় আগামী ১৫ বছরের জন্য কলেজ শিক্ষার কৌশলগত পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে আয়োজিত 'Focus Group Discussion (FGD)' এ ১৫ সেপ্টেম্বর ২০১৯ অংশগ্রহণ করেন।

৭ অক্টোবর ২০১৯ 'College Education Development Project'-এর আওতায় বিশ্বব্যাংকের প্রতিনিধিবৃন্দের উপস্থিতিতে 'আইডিপি সাবপ্রজেক্ট বাস্তবায়ন : চ্যালেঞ্জসমূহ এবং উত্তরণের উপায়' শীর্ষক কর্মশালায় ব্যবসায় প্রশাসন বিভাগের পরিচালক মহোদয় অংশগ্রহণ করেন।

ব্যবসায় প্রশাসন বিভাগের প্রভাষক শাহনাজ আক্তারের 'Professional Accountancy Practices by the Females in Bangladesh : A Study on ICMAB' শীর্ষক প্রবন্ধটি Dhaka commerce College Journal Vol. x No. 1, December ২০১৮-এ প্রকাশিত হয়।

১২ ফেব্রুয়ারি ২০১৯ বিবিএ (অনার্স) প্রফেশনাল প্রোগ্রামের সকল সেমিস্টারের শিক্ষার্থীদের অংশগ্রহণে প্রথমবারের মত 'নীলকমল রিসোর্ট' শফিপুর, গাজিপুরে একদিনের আনন্দ ভ্রমণ অনুষ্ঠিত হয়।

১ মার্চ থেকে ৫ মার্চ ২০১৯ বিবিএ (অনার্স) প্রফেশনাল প্রোগ্রামের ৮ম সেমিস্টারের শিক্ষার্থীদের অংশগ্রহণে 'সাজেক-কক্সবাজার-সেন্টমার্টিন' শিক্ষা সফর সম্পন্ন করে।

১৫ মার্চ থেকে ২০ মার্চ ২০১৯ বিবিএ (অনার্স) প্রফেশনাল প্রোগ্রামের ৭ম সেমিস্টারের শিক্ষার্থীদের অংশগ্রহণে 'বান্দরবান-কক্সবাজার-সেন্টমার্টিন' শিক্ষা সফর সম্পন্ন করে।

২৩ মে ২০১৯ বিবিএ প্রফেশনাল প্রোগ্রামের সকল সেমিস্টারের শিক্ষার্থীদের অংশগ্রহণে 'ইফতার মাহফিল ২০১৯' এর আয়োজন করা হয়।

২১ অক্টোবর থেকে ২৬ অক্টোবর ২০১৯ বিবিএ প্রফেশনাল প্রোগ্রামের ২য় সেমিস্টারের শিক্ষার্থীদের অংশগ্রহণে 'রাঙামাটি-বান্দরবান-কক্সবাজার' শিক্ষা সফর সম্পন্ন করে।

২৬ নভেম্বর থেকে ২ ডিসেম্বর ২০১৯ বিবিএ প্রফেশনাল প্রোগ্রামের পরিচালকের নেতৃত্বে ৪র্থ সেমিস্টারের শিক্ষার্থীদের অংশগ্রহণে 'সাজেক-কক্সবাজার-সেন্টমার্টিন' শিক্ষা সফর সম্পন্ন করে।

৮ ডিসেম্বর থেকে ১৪ ডিসেম্বর ২০১৯ বিবিএ প্রফেশনাল প্রোগ্রামের ৬ষ্ঠ সেমিস্টারের শিক্ষার্থীদের অংশগ্রহণে 'সাজেক - কক্সবাজার - সেন্টমার্টিন' শিক্ষা সফর সম্পন্ন করে।

বিবিএ প্রফেশনাল প্রোগ্রামের শিক্ষার্থীদের অংশগ্রহণে পিঠা উৎসব অনুষ্ঠিত হয়।

বিভিন্ন সময় বিভিন্ন সেমিস্টারের শিক্ষার্থীদের ফলাফল ও সার্বিক বিষয়াদি নিয়ে অভিভাবক সভার আয়োজন করা হয়।

এমবিএ (প্রফেশনাল)

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ হতে ঢাকা কমার্স কলেজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে এমবিএ (প্রফেশনাল) প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তির অনুমোদন লাভ করে।

কলেজের গভর্নিং বড়ির ২৫৬তম সভার সিদ্ধান্ত মোতাবেক ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক প্রফেসর ড. কাজী ফয়েজ আহাম্মদকে ২ (দুই) বছরের জন্য এমবিএ প্রফেশনাল প্রোগ্রামের পরিচালক পদে নিয়োগ প্রদান করা হয়।

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের শ্রেণি কার্যক্রম ১ জুলাই ২০১৯ শুরু হয়।

গণিত বিভাগ

ঢাকা কমার্স কলেজে গণিত বিভাগ চালু হয় ১ জুলাই ২০১৯। এ বিভাগে চেয়ারম্যান হিসেবে দায়িত্ব গ্রহণ করেন সহযোগী অধ্যাপক আলেয়া পারভীন।

জীববিজ্ঞান বিভাগ

ঢাকা কমার্স কলেজে ২০১৯-২০ শিক্ষাবর্ষ থেকে জীববিজ্ঞান বিভাগের কার্যক্রম শুরু হয়। ১ জুলাই ২০১৯ সালে নিয়োগপ্রাপ্ত ১

জন সহকারী অধ্যাপক, ৩ জন প্রভাষক ও ২ জন প্রদর্শক নিয়ে এ বিভাগের যাত্রা শুরু হয়।

পদার্থবিজ্ঞান বিভাগ

ঢাকা কমার্স কলেজে ২০১৯-২০ শিক্ষাবর্ষ থেকে পদার্থবিজ্ঞান বিভাগের কার্যক্রম শুরু হয়। পদার্থবিজ্ঞান বিভাগে একটি প্রসিদ্ধ ল্যাব রয়েছে।

রসায়ন বিভাগ

ঢাকা কমার্স কলেজে ১ জুলাই ২০১৯ সালে স্বাধীন বিভাগ হিসেবে রসায়ন বিভাগের কার্যক্রম শুরু হয়। রসায়ন বিভাগে একটি প্রসিদ্ধ ল্যাব রয়েছে।

গার্হস্থ্য অর্থনীতি বিভাগ

ঢাকা কমার্স কলেজে গার্হস্থ্য অর্থনীতি বিভাগের কার্যক্রম শুরু হয় ১ জুলাই ২০১৯ সালে ২নং ভবনের ৭০১ নং রুমে। বর্তমানে ভবন ২-এর ৪০১ নং রুমে বিভাগীয় কার্যক্রম পরিচালিত হচ্ছে।

শাখা কার্যক্রম

কেন্দ্রীয় গ্রন্থাগার শাখা

'প্রফেসর মোঃ আলী আজম গ্রন্থাগার' নামে ঢাকা কমার্স কলেজে একটি আধুনিক ও সুসজ্জিত গ্রন্থাগার রয়েছে। জ্ঞান অর্জনই গ্রন্থাগার ব্যবহারের মূল লক্ষ্য। কলেজের সকল শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এই গ্রন্থাগারের সার্বিক তথ্য সেবা পেয়ে থাকেন। কলেজ ছুটি ব্যতীত গ্রন্থাগারের কার্যক্রম প্রতিদিন সকাল ৮টা থেকে বিকাল ৫টা পর্যন্ত নিরবচ্ছিন্নভাবে পরিচালিত হয়। গ্রন্থাগারে শিক্ষক ও শিক্ষার্থীদের পৃথক পাঠ কক্ষ রয়েছে। শীতাতপ নিয়ন্ত্রিত এই সব পাঠকক্ষে ১০০ জন শিক্ষার্থী ও ১৬ জন শিক্ষক একই সাথে লেখাপড়া করতে পারেন। গ্রন্থাগার কার্যক্রমের প্রধান কাজ হলো গ্রন্থাগার ব্যবহারকারীদের চাহিদামাফিক বই সরবরাহ করা। সে লক্ষে¨ প্রতিবছরই উল্লেখযোগ্য সংখ্যক বই ক্রয় করা হয়। ২০১৯ সালে গ্রন্থাগারে ২৬১টি বই সংযোজন করা হয়। বর্তমানে গ্রন্থাগারে বইয়ের সংখ্য ২০৭১০টি। গ্রন্থাগারে বইগুলো বিজ্ঞানভিত্তিকভাবে নথিভুক্ত এবং ক্যাটালগ করা হয়। গ্রন্থাগারে রয়েছে ইংরেজি এবং বাংলা জার্নালের একটি সমৃদ্ধ সংগ্রহ। গ্রন্থাগারের আধুনিকায়নের লক্ষ্যে কলেজ অটোমেশনের আওতায় ওয়েব বেইজড গ্রন্থাগার অটোমেশনের কাজ চলছে। www.dcclibrary.net এই পোর্টালে ভার্চুয়াল লাইব্রেরি কার্যক্রম সক্রিয় আছে।

অফিস শাখা

ঢাকা কমার্স কলেজের অফিস শাখাকে বলা হয় এ কলেজের প্রাণকেন্দ্র। এ শাখাটি কলেজের সকল বিভাগ ও শাখার মধ্যে কার্যকরী সংযোগ রক্ষার মাধ্যমে কলেজের সামগ্রিক কর্মকাণ্ডে সবার অংশগ্রহণ নিশ্চিতকরণে এক গুরুত্বপূর্ণ ও অপরিহার্য ভূমিকা পালন করে থাকে। কলেজ কার্যক্রমকে আরও গতিশীল, সুশৃঙ্খল ও সময়োপোযোগীভাবে এগিয়ে নেবার জন্য এ শাখার মাধ্যমে কলেজের যাবতীয় বিধিবিধান এবং সরকারি আদেশ-নিষেধসমূহ শিক্ষার্থী-শিক্ষক এবং কর্মকর্তা-কর্মচারীদেরকে যথাসময়ে অবহিত করা হয় এবং সে মোতাবেক সব কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। কলেজ প্রশাসনের এক অবিচ্ছেদ্য অংশ হিসেবে অফিস শাখার মাধ্যমেই কলেজের সব শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীর নিয়োগ, যোগদান ইত্যাদি কার্যক্রম নিশ্চিত করা হয়। আর সব শিক্ষার্থীর ভর্তি ও তাদের বোর্ড-বিশ্ববিদ্যালয়ের ফাইনাল পরীক্ষা সংক্রান্ত অধিকাংশ কার্যাদিও সম্পন্ন করা হয় এ শাখার মাধ্যমেই। অফিস শাখা প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানেরই যেন এক সংরক্ষণাগার। এ শাখায় প্রত্যেক শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর তথ্যাদি স্থায়ীভাবে সংরক্ষণ করা হয়। শিক্ষার্থীদের প্রদান করা হয় পরীক্ষা পাসের প্রশংসাপত্র এবং চাহিদামাফিক বিভিন্ন প্রত্যয়নপত্র। অফিস শাখা যেন প্রতিদিনকার ছোটখাট একটা মিলনকেন্দ্র। কলেজের বর্তমান ও প্রাক্তন শিক্ষার্থীগণকে বিভিন্ন কারণে যেমন সনদপত্র, প্রশংসাপত্র, নম্বরপত্র, প্রত্যয়ন পত্র ইত্যাদি নানাবিধ প্রয়োজনে অফিসে যোগাযোগ করতে হয়, কখনো কখনো আসেন অভিভাবকগণ। আর তাদেরকে আন্তরিক ও সততার সাথে সেবা প্রদানে এ শাখা দৃঢ় প্রতিজ্ঞ।

হিসাব শাখা

ঢাকা কমার্স কলেজের হিসাবরক্ষণ পদ্ধতি শুরু থেকেই পরিকল্পিত, অধুনিক পদ্ধতিতে সংরক্ষণ হয়ে আসছে। কলেজের সূচনালগ্নে অর্থনৈতিক সচ্ছলতা না থাকায় বেশি বেতনের অভিজ্ঞ হিসাবরক্ষক রাখা কলেজের পক্ষে সম্ভব ছিল না বিধায় তখন সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ শিক্ষককে অতিরিক্ত দায়িত্ব দিয়ে কলেজের হিসাবকার্য চালানো হত। পরবর্তীতে একজন হিসাবরক্ষণ কর্মকর্তা নিয়োগ করে হিসাব বিভাগকে আলাদা শাখাতে রূপান্তরিত করার সিদ্ধান্ত নেয়। কলেজে আলাদা হিসাব শাখা খোলার পর হিসাব বিভাগকে একটি পূর্ণাঙ্গ বিভাগ হিসাবে দাঁড় করানোর লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ নেওয়া হয়। হিসাবপদ্ধতি ম্যানুয়াল থেকে কম্পিউটারাইজড পদ্ধতিতে রূপান্তরিত এবং পাশাপাশি দুইটি পদ্ধতিতে হিসাব সংরক্ষণ করায় কাজের পরিধি যথেষ্ট বৃদ্ধি পায়। বর্তমানে ১ জন হিসাবরক্ষণ কর্মকর্তা, ১ জন উপ-হিসাবরক্ষণ কর্মকর্তা, ৩ জন হিসাব সহকারী ও ১ জন পিওন দায়িত্বরত আছেন।

পরীক্ষা নিয়ন্ত্রণ শাখা

ঢাকা কমার্স কলেজের সাফল্যের ভিত্তি নিয়মিত সৃজনশীল পদ্ধতিতে পরীক্ষা গ্রহণ। সুষ্ঠুভাবে পরীক্ষা পরিচালনার জন্য রয়েছে ১টি সুশৃঙ্খল ও স্বতন্ত্র পরীক্ষা নিয়ন্ত্রণ শাখা। পরীক্ষা

নিয়ন্ত্রণ শাখা পরীক্ষা কমিটি ও অ্যাকাডেমিক কমিটির সিদ্ধান্ত অনুযায়ী পরীক্ষার তারিখ নির্ধারণ, পরীক্ষাসূচি ঘোষণা, পরীক্ষার উত্তরপত্র, খাম ও পরীক্ষা সরঞ্জামাদি ক্রয় বা তৈরি, রেজিস্টার সংরক্ষণ, কক্ষভিত্তিক ভাগকরণ, প্রশ্নপত্র গ্রহণ, মডারেশন, কম্পোজ, প্রিন্ট, প্যাকিং ও সংরক্ষণ, কক্ষ প্রত্যবেক্ষকদের এবং কর্মীদের ফ্লোর ডিউটি রোস্টার প্রণয়ন, পরীক্ষার তারিখ ও ছবিসহ প্রবেশপত্র প্রিন্ট এবং বিভাগীয় চেয়ারম্যানদের মাধ্যমে শিক্ষার্থীদের মাঝে বিতরণ, সিটপ্লান ও স্টিকার তৈরি ও লাগানো, ফলাফল প্রস্তুত এবং হার্ডকপি বিভিন্ন বিভাগে প্রেরণ ও টানানো, ওয়েবসাইটে প্রকাশ এবং এসএমএস করে অভিভাবকদের জানানো, পরীক্ষার উত্তরপত্র প্রত্যবেক্ষকদের নিকট প্রদান, উত্তরপত্র গ্রহণ ও সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ, তত্ত্বীয় সৃজনশীল উত্তরপত্র মূল্যায়নকারী শিক্ষকদের তালিকা ও উত্তরপত্রের রেঞ্জ গ্রহণ ও নম্বর ওয়েবসফটওয়্যারে ইনপুটের পারমিশন দেওয়া, শ্রেণিকক্ষে উত্তরপত্র দেখানোর বিজ্ঞপ্তি প্রদান, ইনপুট দেওয়া নম্বরের প্রিন্ট কপি এবং সংশোধিত নম্বরের কপি গ্রহণ, অ্যাকাডেমিক কমিটি ও অ্যাকাডেমিক কাউন্সিলে ফলাফল উপস্থাপন, অভিভাবক সভা আহ্বান, প্রশ্নপত্র প্রণয়ন, পরীক্ষা ডিউটি, উত্তরপত্র মূল্যায়ন ও নিরীক্ষা বিল প্রণয়ন ও হিসাব শাখায় প্রেরণ ইত্যাদি কাজ করে থাকে।

প্রকৌশল শাখা

ঢাকা কমার্স কলেজে রয়েছে স্বতন্ত্র প্রকৌশল শাখা এবং এ শাখার মাধ্যমে দেশের সর্বোচ্চ বেসরকারি অবকাঠামো প্রতিষ্ঠা করা হয়েছে। ২০১৯ সালের প্রকৌশল শাখার কার্যক্রম নিম্নরূপ :

১। অ্যাকাডেমিক ভবন ১-এর সব শ্রেণি কক্ষে সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে।

২। আবাসিক ভবন ৩ (অধ্যক্ষ ও উপাধ্যক্ষ বাসভবন) নির্মাণ করা হয়েছে।

৩। আবাসিক ভবন ৩ এ ৪৫০ কেজি লিফ্ট স্থাপন করা হয়েছে।

৪। কলেজ ক্যাম্পাসে Fire Protection System স্থাপন করা হয়েছে।

৫। মিরপুর গুদারাঘাটে কর্মচারীদের আবাসন প্লটের সাথে নতুন ৪.৮ শতাংশ জমি ক্রয় এবং কর্মচারীদের আবাসনের জন্য নতুন ৭টি রুম নির্মাণ করা হয়েছে।

মেডিক্যাল শাখা

কলেজের ২য় তলায় রয়েছে মেডিক্যাল শাখা। এখানে ১ জন পূর্ণকালীন মেডিক্যাল অফিসার, ১ জন সিনিয়র স্টাফ নার্স ও ১ জন সহকারী নার্স দায়িত্ব পালন করেন। ২০১৯ সালে ৬২৪৩ জন ব্যক্তি প্রাথমিক স্বাস্থ্যসেবা গ্রহণ করেন। ঢাকা কমার্স কলেজ ১নং অ্যাকাডেমিক ভবনের ২য় তলায় রয়েছে চিকিৎসা কেন্দ্র। এর কার্যক্রমসমূহ হলো– অধ্যয়নরত শিক্ষার্থীদের জরুরি স্বাস্থ্য সেবা প্রদান, শারীরিক বা মানসিক সমস্যাজনিত ছুটি মঞ্জুরের ব্যাপারে প্রশাসনকে সহায়তা প্রদান, কলেজের শিক্ষকমণ্ডলী এবং কর্মকর্তা-কর্মচারীগণের চিকিৎসায় সহযোগিতা প্রদান, শিক্ষক-কর্মকর্তাগণের বার্ষিক স্বাস্থ্য প্রতিবেদন প্রদান, ক্রীড়া শিক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের স্বাস্থ্য সেবা প্রদান প্রভৃতি।

নিরাপত্তা শাখা

২০১৮ সালে কলেজের নিরাপত্তা ব্যবস্থা শক্তিশালী করা হয়েছে। ১ ফেব্রুয়ারি ২০১৬ স্বতন্ত্র নিরাপত্তা শাখা গঠন করা হয়েছে। সিসি ক্যামেরা, আর্চওয়ে গেইট, ওয়াকিটকি ও মেটাল ডিটেক্টরের মাধ্যমে শাখার ২৫ জন কর্মী সার্বক্ষণিক নিরাপত্তা কার্যক্রম পর্যবেক্ষণ করে থাকে। নিরাপত্তা শাখার মূল ভূমিকা হলো যে-কোনো পরিস্থিতিতে প্রতিষ্ঠানের জানমালসহ যাবতীয় সম্পদ/সম্পত্তি ও গোপনীয় তথ্যাবলি ক্ষতির হাত থেকে রক্ষা করা অর্থাৎ প্রতিষ্ঠানের সার্বিক নিরাপত্তা বিধান। সংক্ষেপে নিরাপত্তার মূল লক্ষ্য ও উদ্দেশ্য হলো 'TOTAL LOSS PREVENTION'. ঢাকা কমার্স কলেজের প্রতিষ্ঠালগ্ন থেকে নিরাপত্তা রক্ষায় নিরাপত্তা প্রহরী থাকলেও আলাদা কোনো শাখা ছিল না, প্রশাসন শাখার অধীনে নিরাপত্তা কার্যক্রম পরিচালিত হতো। ১ জানুয়ারি ২০১৬ নিরাপত্তা কর্মকর্তা নিয়োগ দেওয়া হয়। বর্তমানে এ শাখায় একজন কর্মকর্তা, ২৩ জন গার্ড ও একজন মালীসহ সর্বমোট ২৫ জন জনবল বিদ্যমান। কলেজের বর্তমান নিরাপত্তা ব্যবস্থা পূর্বের তুলনায় অনেক মজবুত ও শক্তিশালী। ২০১৮ সালে অ্যাকাডেমিক ভবন-১ সহ ক্যাম্পাসে ৮০টি সিসি ক্যামেরা ছিল। ২০১৯ সালে অ্যাকাডেমিক ভবন-২ এর ভিতর এবং বাইরে নতুনভাবে আরও ১০৩টি সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে। অ্যাকাডেমিক ভবন দুটির প্রবেশ পথে অত্যাধুনিক ৩টি আর্চওয়ে গেইট স্থাপন করা হয়েছে। সম্পূর্ণ ক্যাম্পাসটি সিসি ক্যামেরা দ্বারা নিরাপত্তার চাদরে আবৃত, যা দিবা-রাত্রি ২৪ ঘণ্টা চলমান এবং ধারণকৃত ফুটেজ রেকর্ড করে থাকে।

ছাত্রী হোস্টেল

ঢাকা কমার্স কলেজ ছাত্রী হোস্টেল ২০১২ সালের ১ জুলাই প্রতিষ্ঠিত হয়ে কলেজ ক্যাম্পাস সংলগ্ন বিল্ডিংয়ে পরিচালিত হয়ে আসছিল। ২০১৭ সালের ৬ জুলাই রোড- ৬, বাড়ি- ২৫ ও ২৭ রূপনগর আবাসিক এলাকায় ১০ কাঠার প্লটে ঢাকা কমার্স কলেজের নিজস্ব ভবনে ছাত্রী নিবাসটি স্থানান্তরিত হয়। ছাত্রী নিবাসটি উদ্‌বোধন করেন ঢাকা কমার্স কলেজের গভর্নিং বডির চেয়ারম্যান প্রফেসর ড. সফিক আহমেদ সিদ্দিক। বর্তমানে এই হোস্টেলে একাদশ, দ্বাদশ, সম্মান ও স্নাতকোত্তর শ্রেণির মোট ১০৪ জন ছাত্রী রয়েছে। তাছাড়া বিইউবিটি-র ছাত্রীদের জন্য কিছু সিট বরাদ্দ রয়েছে। এখানে ১ জন ম্যানেজারসহ মোট ৭ জন স্টাফ কর্মরত আছে। ছাত্রী নিবাসে বিদ্যুৎ সরবরাহ নিরবিচ্ছিন্ন

রাখার জন্য জেনারেটরের ব্যবস্থা আছে। ছাত্রী নিবাসে প্রতিমাসের শেষ সপ্তাহে বিশেষ ভোজের আয়োজন করা হয়। ২০১৯ সালের ২০ এপ্রিল হোস্টেল প্যারেন্টস ডে উদ্‌যাপন করা হয়। সেখানে প্রধান অতিথি ছিলেন অধ্যক্ষ প্রফেসর মোঃ আবু সাইদ, বিশেষ অতিথি ছিলেন উপাধ্যক্ষ (প্রশাসন) প্রফেসর মোঃ শফিকুল ইসলাম এবং রূপনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ শাহ আলম।

২০১৮ সালের ১১ আগস্ট একাদশ শ্রেণির ছাত্রীদের নবীনবরণ অনুষ্ঠানের আয়োজন করা। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঢাকা কমার্স কলেজের গভর্নিং বডির চেয়ারম্যান প্রফেসর ড. সফিক আহমেদ সিদ্দিক, বিশেষ অতিথি ছিলেন ঢাকা কমার্স কলেজের গভর্নিং বডির সদস্য এবং বিইউবিটির প্রক্টর প্রফেসর মিঞা লুৎফার রহমান এবং ঢাকা কমার্স কলেজের গভর্নিং বডির অভিভাবক প্রতিনিধি শামীমা সুলতানা।

ক্লাব কার্যক্রম

রোটার‍্যাক্ট ক্লাব

১৮ আগস্ট ২০০১ রোটার‍্যাক্ট ক্লাব অব ঢাকা কমার্স কলেজ গঠিত হয়। 'সেবার মাধ্যমে বন্ধুত্ব'- এ আন্তর্জাতিক শ্লোগান নিয়ে এবং 'জ্ঞান অর্জন করো, বন্ধুত্ব গড়ো এবং স্বাবলম্বী হও'- এই ক্লাব থিম নিয়ে ক্লাবটি প্রতি বছর কার্যক্রম সম্পাদন করে আসছে। আন্তর্জাতিক এ সংগঠনটির অভিভাবক হচ্ছে রোটারি ক্লাব অব ঢাকা পল্টন। ক্লাবটির চার্টার প্রেসিডেন্ট ও মডারেটর ব্যবস্থাপনা বিভাগের সহযোগী অধ্যাপক এস এম আলী আজম এবং ২০১৯-২০ বর্ষে ক্লাব প্রেসিডেন্ট হিসাববিজ্ঞান বিভাগের ৪র্থ বর্ষের ছাত্র মোঃ নাবির হোসেন ও সচিব দ্বাদশ শ্রেণির ছাত্রী আয়েশা ইসলাম। ২০১৯ সালের ক্লাবের কার্যক্রমসমূহ নিম্নরূপ :

১। সুবিধাবঞ্চিত শিশুদের খাবার বিতরণ : জাতীয় সমাজকল্যাণ দিবস উপলক্ষ্যে রোটার‍্যাক্ট ক্লাব অব ঢাকা কমার্স কলেজ ২ জানুয়ারি ২০১৯ ঢাকার মিরপুরে শিয়ালবাড়ি ঝিলপাড় বস্তিতে পথযাত্রা পাঠশালা প্রাঙ্গণে সুবিধাবঞ্চিত শিশুদের মাঝে খাবার বিতরণ করে। উল্লেখ্য, আন্তর্জাতিক যুব সেবা সংগঠন রোটার‍্যাক্ট আন্তর্জাতিকের ৯টি দেশের ২৯টি জেলার ৬৫টি রোটার‍্যাক্ট ক্লাবের উদ্যোগে ক্ষুধামুক্ত বিশ্ব গড়ার প্রত্যয়ে 'মিলিয়ন ডলার স্মাইল' শ্লোগান নিয়ে 'হোপ' শিরোনামে কর্মসূচি আয়োজন করে। ভারতের রোটার‍্যাক্ট ক্লাব অব মাহেলা-র আহ্বানে এ কর্মসূচিতে রোটার‍্যাক্ট ক্লাব অব ঢাকা কমার্স কলেজ সুবিধাবঞ্চিত শিশুদের মাঝে খাদ্য বিতরণ কার্যক্রম পালন করে।

২। জাতীয় রোটার‍্যাক্ট প্রিমিয়ার লিগে চ্যাম্পিয়ন : জাতীয় রোটার‍্যাক্ট প্রিমিয়ার লিগ 'আরপিএল ২০১৯' এ ক্রিকেট খেলায় রোটার‍্যাক্ট ক্লাব অব ঢাকা কমার্স কলেজ চ্যাম্পিয়ন হয়েছে। ৯ ফেব্রুয়ারি ২০১৯ নারায়ণগঞ্জের ফতুল্লার পূর্ব দেলপারা খেলার মাঠে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

৩। ভাষাজ্ঞান প্রতিযোগিতা : আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে ২১ ফেব্রুয়ারি ২০১৯ ঢাকা কমার্স কলেজে ২য় ভাষাজ্ঞান প্রতিযোগিতার আয়োজন করা হয়।

৪। শিক্ষা, পেশা ও জীবনের জন্য যুবকদের মানসিক স্বাস্থ্য বিষয়ে সেমিনার : রোটার‍্যাক্ট ক্লাব অব ঢাকা কমার্স কলেজের উদ্যোগে 'শিক্ষা, পেশা ও জীবনের জন্য যুবকদের মানসিক স্বাস্থ্য' বিষয়ে সেমিনার অনুষ্ঠিত হয়। ৯ ফেব্রুয়ারি ২০১৯ ঢাকা কমার্স কলেজ কনফারেন্স হলে অনুষ্ঠিত সম্মেলনে প্রধান অতিথি ছিলেন ইন্সটিটিউট অব কস্ট এন্ড একাউন্টস বাংলাদেশের প্রাক্তন সহসভাপতি রোটারি গভর্নর এএফএম আলমগীর এফসিএ। বিশেষ অতিথি ছিলেন ঢাকা কমার্স কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ প্রফেসর মোঃ শফিকুল ইসলাম ও রোটারি ক্লাব অব ঢাকা পল্টনের সভাপতি মুহাম্মদ আলী। রিসোর্স পার্সন ছিলেন বাংলাদেশ স্কাউটের ডেপুটি জাতীয় কমিশনার মোঃ জিয়াউল হুদা হিমেল। অনুষ্ঠানে অন্যান্যের মাঝে বক্তব্য রাখেন জেলা রোটার‍্যাক্ট কমিটি চেয়ারম্যান এডভোকেট ড. মোঃ ইকবাল করিম, ক্লাবের প্রতিষ্ঠাতা সভাপতি এস এম আলী আজম, বাংলাদেশ স্কাউটের ডেপুটি জাতীয় কমিশনার মোঃ জিয়াউল হুদা হিমেল প্রমুখ।

৫। চার্টার ডে উদ্‌যাপন : ২২ ফেব্রুয়ারি ২০১৯ ক্লাবের ১৭তম প্রতিষ্ঠা বার্ষিকী উদ্‌যাপন করা হয়েছে।

৬। ক্রীড়া প্রতিযোগিতায় খাবার ঘর : ৩ মার্চ ২০১৯ পল্লবীস্থ সিটি ক্লাব মাঠে কলেজের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার স্থানে রোটার‍্যাক্ট ক্লাব অব ঢাকা কমার্স কলেজের উদ্যোগে 'রসনা বিলাস' নামে খাবার ঘর দেয়া হয়।

৭। রোটার‍্যাক্ট সপ্তাহ উদ্‌যাপন : ১৩ মার্চ ২০১৯ রোটার‍্যাক্ট আন্তর্জাতিকের ৫১ বছর পূর্তি উদ্‌যাপনে রোটার‍্যাক্ট সেবা সপ্তাহ উদ্‌বোধন করা হয়।

৮। রোটার‍্যাক্ট জাতীয় প্রশিক্ষণ আয়োজন : রোটার‍্যাক্ট ক্লাব অব ঢাকা কমার্স কলেজের স্বাগতিকতায় রোটার‍্যাক্ট জেলা সংগঠন ৩২৮১ বাংলাদেশ আয়োজিত জাতীয় যুব প্রশিক্ষণ '৩৬তম রোটার‍্যাক্ট জেলা এসেম্বলি-ইনসাইট ২০১৯' অনুষ্ঠিত হয়েছে। ৩ মে ২০১৯ ঢাকা কমার্স কলেজের প্রফেসর কাজী ফারুকী অডিটোরিয়ামে দিনব্যাপী এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মুক্তিযুদ্ধে দ্বৈত খেতাবধারী বীর উত্তম ও বীর বিক্রম নৌ-কমান্ডো 'অপারেশন জ্যাকপট' এর কমান্ডার কমোডর আব্দুল ওয়াহেদ চৌধুরী। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন রোটারি গভর্নর এএফএম আলমগীর এফসিএ, গভর্নর ইলেক্ট এম খায়রুল আলম, গভর্নর নমিনি ডেজিগনেটেড ব্যারিস্টার মুতাসিম বিল্লাহ ফারুকী, ডিস্ট্রিক্ট রোটার‍্যাক্ট কমিটির চেয়ারম্যান ডিআরসিসি ড. মোঃ ইকবাল করিম, ডিআরসিসি ইলেক্ট মোঃ মকবুল হোসেন, ঢাকা কমার্স কলেজের অধ্যক্ষ প্রফেসর মোঃ

শফিকুল ইসলাম, ক্লাব মডারেটর এস এম আলী আজম, রোটারি ক্লাব অব ঢাকা পল্টনের সভাপতি মোহাম্মদ আলী ও সভাপতি ইলেক্ট মোহাম্মদ আসাদুজ্জামান, রোটার‍্যাক্ট পার্টনার ইন সার্ভিস কমিটি চেয়ারম্যান পিএসসিসি ফরহাদ হোসেন বিপু, ডিস্ট্রিক্ট রোটার‍্যাক্ট রিপ্রেজেনটেটিভ ডিআরআর সাহাজ উদ্দিন ঢালী, ডিআরআর ইলেক্ট মোঃ আবু বকর সিদ্দিক রূপম, ডিআরআর নিমিনি কাওসার আহমেদ রুবেল, প্রোগ্রাম চেয়ারম্যান তানভীর আহমেদ ও ক্লাব সভাপতি ইলেক্ট মোঃ নাবির হোসেন। রোটার‍্যাক্ট জাতীয় প্রশিক্ষণ কর্মসূচিতে দেশের প্রায় ২শ ক্লাবের ৫ শতাধিক রোটার‍্যাক্ট সদস্য প্রশিক্ষণ গ্রহণ করে।

৯। রোটার‍্যাক্ট জাতীয় পেসেটস্ : ৪ মে ২০১৯ কেন্দ্রীয় কচিকাঁচা মিলনায়তনে ৩৬তম রোটার‍্যাক্ট জাতীয় প্যাসেটস্ (প্রেসিডেন্ট ইলেক্ট ও সেক্রেটারি ইলেক্ট ট্রেনিং সেমিনার) অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে ক্লাবের ৫ জন সদস্য অংশগ্রহণ করে।

১০। ইফতার মাহফিল : ১১ মে ২০১৯ এই ক্লাবের ১৮তম ইফতার মাহফিল স্থানীয় পিৎজা ক্লাবে অনুষ্ঠিত হয়।

১১। রোটারি র‍্যালি : ১ জুলাই ২০১৯ ক্লাব সদস্যবৃন্দ সেগুনবাগিচা-ইঞ্জিনিয়ারিং ইন্সটিটিউট রোটারি-রোটার‍্যাক্ট বর্ষবরণ আনন্দ র‍্যালিতে অংশগ্রহণ করে।

১২। কলার হ্যান্ডওভার : ৫ জুলাই ২০১৯ বিশ্ব সাহিত্য কেন্দ্র মিলনায়তনে রোটার‍্যাক্ট জেলা কলার হ্যান্ডওভার অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে ক্লাব সদস্যবৃন্দ অংশগ্রহণ করে এবং আনুষ্ঠানিকভাবে সভাপতির দায়িত্ব হস্তান্তর করা হয়।

১৩। ক্যারিয়ার সেমিনার : ৭ জুলাই ২০১৯ ক্যারিয়ার উন্নয়ন সেমিনার অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) প্রফেসর মোঃ শফিকুল ইসলাম ও বিশেষ অতিথি ছিলেন প্রফেসর ড. মোঃ আবু মাসুদ। অনুষ্ঠানে খেলাধুলায় ক্যারিয়ার ও ক্লাব সেবা বিষয়ে রিসোর্স পার্সন ছিলেন বাংলাদেশ ক্রিকেট বোর্ডের ডিএলএস ম্যানেজার ও রংপুর রাইডার্সের লজিস্টিক ম্যানেজার একেএম আহসানুর রহমান মল্লিক রনি, ক্যারিয়ার ইন আইটি বিষয়ে রিসোর্স পার্সন ছিলেন ঢাকা কমার্স কলেজের সাংস্কৃতিক কমিটির আহ্বায়ক এস এম আলী আজম, ভাষা শিক্ষা ও জাপানে উচ্চ শিক্ষা বিষয়ে রিসোর্স পার্সন ছিলেন জাপান ওয়াসেদা ইউনিভার্সিটির গবেষক ফরহাদ হোসেন বিপু।

১৪। বৃক্ষরোপণ কর্মসূচি : ১৩ জুলাই ২০১৯ এই ক্লাব ঢাকা কমার্স কলেজের এলাকায় রোটার‍্যাক্ট ক্লাব '৬ষ্ঠ বৃক্ষরোপণ কর্মসূচি ২০১৯' আয়োজন করে।

১৫। ৮ম ক্যারিয়ার কনফারেন্স : ঢাকা কমার্স কলেজ রোটার‍্যাক্ট ক্লাব ও আমেরিকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশ (এআইইউবি)-এর উদ্যোগে ২৮ জুলাই ২০১৯ ঢাকা কমার্স কলেজ কনফারেন্স হলে ৮ম ফ্রি ক্যারিয়ার কনফারেন্স ২০১৯ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে 'সিভি রাইটিং, ইন্টারভিউ টেকনিকস, হায়ার এডুকেশন এন্ড সফট্ স্কিলস ফর ক্যারিয়ার ডেভেলপমেন্ট' বিষয়ে অধিবেশন অনুষ্ঠিত হয়। উদ্‌বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আমেরিকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশ-এর ভাইস প্রেসিডেন্ট (অ্যাকাডেমিকস) ও ডিন (ব্যবসায় প্রশাসন) প্রফেসর ড. চালর্স সি. ভিল্লান্যুইভা। অনুষ্ঠানে বক্তব্য রাখেন ঢাকা কমার্স কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এএফএম শফিকুর রহমান, উপাধ্যক্ষ (প্রশাসন) প্রফেসর মোঃ শফিকুল ইসলাম এবং উপাধ্যক্ষ প্রফেসর ড. মোঃ আবু মাসুদ। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন ক্লাব মডারেটর এস এম আলী আজম। ভূমিকা বক্তব্য রাখেন এআইইউবি'র হিসাববিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক মোহাম্মদ ফরিদুল আলম। অনুষ্ঠান সমন্বয়কারী ছিলেন এআইইউবি'র সিনিয়র সহকারী অধ্যাপক মোঃ হামিদুল ইসলাম। প্রোগ্রাম চেয়ারম্যান ছিলেন রোটার‍্যাক্ট ক্লাব অব ঢাকা কমার্স কলেজের নির্বাচিত সভাপতি মোঃ তরিকুল ইসলাম। সভাপতিত্ব করেন ক্লাব সভাপতি মোঃ নাবির হোসেন। ক্যারিয়ার কনফারেন্সে রিসোর্স পারসন্স ছিলেন এআইইউবি'র হিসাববিজ্ঞান বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ফরিদুল আলম, ব্যবস্থাপনা বিভাগের সহযোগী অধ্যাপক ড. শিবলী আহমেদ খান, ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক মোঃ আসিফ কামাল, মার্কেটিং বিভাগের সিনিয়র সহকারী অধ্যাপক স্ট্যানলি রডরিক ও মোঃ হামিদুল ইসলাম এবং ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম বিভাগের সহকারী অধ্যাপক মোঃ মেহজাবুল হক নাহিদ।

১৬। ৯ম ক্যারিয়ার কনফারেন্স : ২৯ জুলাই ২০১৯ ঢাকা কমার্স কলেজ কনফারেন্স হলে রোটার‍্যাক্ট ক্লাব অব ঢাকা কমার্স কলেজের উদ্যোগে ৯ম ক্যারিয়ার কনফারেন্স ২০১৯ অনুষ্ঠিত হয়। কনফারেন্সে রিসোর্স পারসন ছিলেন ইন্টারন্যাশনাল কর্পোরেট ট্রেনার শামীম এইচ নাহিন এবং হেড অব উইনার ও রেডিও একাত্তর এর কো-অর্ডিনেটর মোঃ মিরাজ হোসেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন রোটার‍্যাক্ট ক্লাব অব ঢাকা কমার্স কলেজের সভাপতি মোঃ নাবির হোসেন। প্রোগ্রাম চেয়ারম্যান ছিলেন রো. আহাদ মির্জা। কনফারেন্সে সংবাদ লিখন, রিপোর্টিং, উপস্থাপনা, উচ্চারণ, সাক্ষাতকার ইত্যাদি বিষয়ে অধিবেশন অনুষ্ঠিত হয়। সবশেষে অংশগ্রহণকারীদের মাঝে সনদপত্র প্রদান করেন ক্লাব মডারেটর এস এম আলী আজম।

১৭। রোটার‍্যাক্ট এ্যাওয়ার্ড : ২১ জুন ২০১৯ সুপ্রিম কোর্ট বার এসোসিয়েশনের শহিদ শফিউর রহমান মিলনায়তনে অনুষ্ঠিত রোটার‍্যাক্ট জেলা এ্যাওয়ার্ড 'প্রেরণা'-এ ক্লাবের ২১ জন সদস্য অংশগ্রহণ করে। দেশের ২৪১টি রোটার‍্যাক্ট ক্লাবের বার্ষিক কার্যক্রমের ওপর ভিত্তি করে বিভিন্ন ক্যাটাগরিতে পুরস্কার প্রদান করা হয়। রোটার‍্যাক্ট ক্লাব অব ঢাকা কমার্স কলেজ এ বছর ৭টি

পুরস্কার অর্জন করে ও দেশের অন্যতম সেরা ক্লাবের স্বীকৃতি লাভ করেছে। ক্লাব এ্যাওয়ার্ডসমূহ হলো : ১ম সেরা ১০০% নিয়মিত সভা, ১ম সেরা জোনাল সচিব (মো. নাবির হোসেন), ২য় সেরা জোনাল প্রতিনিধি (তানভীর আহমেদ), ৩য় সেরা বুলেটিন প্রকাশনা, ৫ম সেরা ক্লাব, এক্টিভ প্রেসিডেন্ট (মো. মিজানুর রহমান) ও ৭ম সেরা প্রমিজিং রোটার্যাক্টর (আয়েশা ইসলাম)।

১৮। জেলা অভিষেক : ২৬ জুলাই ২০১৯ রোটার্যাক্ট জেলা অভিষেক 'ফ্যান্টাসি ২০১৯' বাংলা একাডেমি অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে এ ক্লাব সর্বোচ্চ সংখ্যক সদস্য উপস্থিতি অ্যাওয়ার্ড লাভ করে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রী মোস্তাফা জব্বার।

১৯। বন্ধুত্ব দিবস উদ্‌যাপন : আন্তর্জাতিক বন্ধুত্ব দিবস উপলক্ষ্যে ৪ আগস্ট ২০১৯ রোটার্যাক্ট ক্লাব অব পর্বত পোখরা- নেপালের সাথে যৌথভাবে বন্ধুত্ব দিবস পালন করা হয়।

২০। দেয়ালিকা প্রকাশ : জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ১৫ আগস্ট ২০১৯ ক্লাবের উদ্যোগে দেয়ালিকা 'তুমিই বাংলাদেশ' প্রকাশ করা হয়। দেয়ালিকা উদ্‌বোধন করেন ঢাকা কমার্স কলেজের গভর্নিং বডি'র সদস্য এ এফ এম সরওয়ার কামাল।

২১। যৌথসভা : ৬ সেপ্টেম্বর ২০১৯ এ ক্লাবসহ ১১টি ক্লাব ও ২৯ নভেম্বর ২০১৯ সালে ১২টি ক্লাব যৌথসভা আয়োজন করে।

২২। ইদ পুনর্মিলনী : ৬ সেপ্টেম্বর ২০১৯ ন্যাশনাল বোটানিক্যাল গার্ডেনে ক্লাব সদস্যদের নিয়ে ইদ পুনর্মিলনী অনুষ্ঠান আয়োজন করা হয়।

২৩। ক্লাব অ্যাসেম্বলি : ১১ অক্টোবর ২০১৯ কলেজের হলরুম ১৯তম ক্লাব অ্যাসেম্বলি আয়োজন করা হয়। অনুষ্ঠানে ক্লাব সদস্যেদের বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়।

২৪। ভারত ভ্রমণ : ১৫-২০ অক্টোবর ২০১৯ ভারতের দার্জিলিংয়ে রোটার্যাক্ট জেলা ইন্টারন্যাশনাল ট্যুর অনুষ্ঠিত হয়। ভ্রমণে ক্লাবের ৬ জন সদস্য অংশগ্রহণ করে।

২৫। পোলিও দিবস র‌্যালি : ২৪ অক্টোবর ২০১৯ রবীন্দ্র সরোবরে বিশ্ব পোলিও দিবস উপলক্ষ্যে রোটারি র‌্যালিতে ক্লাবের ৬ জন সদস্য অংশগ্রহণ করে।

২৬। ইউএসএইড-এর যুবশক্তি বিষয়ক যুবসভা আয়োজন : রোট্যার্যাক্ট ক্লাব অব ঢাকা কমার্স কলেজের স্বাগতিকতায় ২৯ অক্টোবর ২০১৯ ঢাকা কমার্স কলেজ কনফারেন্স হলে ইউএসএইড-এর যুবশক্তি বিষয়ক যুব সভা অনুষ্ঠিত হয়। সভায় যুবশক্তি, ধর্মীয় সম্প্রীতি এবং একাধিকত্ববাদ বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। যুব সভায় সেলিব্রেটি অতিথি ছিলেন মিস বাংলাদেশ ২০০৭, আইসিসি উপস্থাপক ও অভিনেত্রী এ্যাডভোকেট জান্নাতুল ফেরদৌস পিয়া। যুব সভায় বক্তব্য রাখেন অধ্যক্ষ প্রফেসর ড. এ. এফ. এম. শফিকুর রহমান ও উপাধ্যক্ষ (প্রশাসন) প্রফেসর মোঃ শফিকুল ইসলাম প্রমুখ। অনুষ্ঠানে রিসোর্স পারসন ছিলেন 'সবাই ভিন্ন একসাথে অনন্য' কর্মসূচির কো-অর্ডিনেটর সাইদুল হক তানজিম ও আউটবক্স লিমিটেডের পরিচালক একেএম শওকত পারনেল।

২৭। সুন্দরবন ভ্রমণ : ১ ও ২ নভেম্বর ২০১৯ ক্লাবের ১২ জন সদস্য সুন্দরবন ভ্রমণ এবং বাগেরহাট খান জাহান আলী মাজার ও ষাট গম্বুজ মসজিদ পরিদর্শন করে।

২৮। ফ্রি ডায়াবেটিস টেস্ট ও ব্লাড গ্রুপিং : বিশ্ব ডায়াবেটিস দিবস উপলক্ষ্যে রোটার্যাক্ট ক্লাব অব ঢাকা কমার্স কলেজ ও রোটারি ক্লাব অব ঢাকা পল্টন এর যৌথ উদ্যোগে ১৪ নভেম্বর ২০১৯ ঢাকা কমার্স কলেজের সম্মুখে ৬ষ্ঠ ফ্রি ডায়াবেটিস টেস্ট এবং ৭ম ফ্রি ব্লাড গ্রুপিং প্রোগ্রামের আয়োজন করা হয়।

২৯। ডিআরআর অফিসিয়াল ক্লাব ভিজিট : রোটার্যাক্ট জাতীয় প্রতিনিধি-ডিআরআর অফিসিয়াল ক্লাব ভিজিট ১৮ নভেম্বর ২০১৯ পিৎজা কুইন রেস্তোরায় অনুষ্ঠিত হয়।

৩০। রোটার্যাক্ট ডিস্ট্রিক্ট হ্যাং আউট আয়োজন : ১৩ ডিসেম্বর ২০১৯ রোটার্যাক্ট ক্লাব অব ঢাকা কমার্স কলেজের সহযোগিতায় যমুনা ন্যাচারাল পার্কে রোটার্যাক্ট ডিসট্রিক্ট হ্যাং আউট-রিফ্রেশ ২০২০ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে এ ক্লাবের সকল সদস্য এবং অন্যান্য ৩৪টি ক্লাবের সদস্যবৃন্দ অংশগ্রহণ করেন।

৩১। ১৯তম ক্লাব অভিষেক : ১৩ ডিসেম্বর ২০১৯ যমুনা ন্যাচারাল পার্কে রোটার্যাক্ট ক্লাব অব ঢাকা কমার্স কলেজের ১৯তম ক্লাব অভিষেক প্রোগ্রাম অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে নতুন কমিটির সদস্যেদের পরিচিত করানো হয়।

৩২। বিজয় দিবস উদ্‌যাপন : ১৬ ডিসেম্বর ২০১৯ রোটার্যাক্ট ক্লাব অব ঢাকা কমার্স কলেজের সহযোগিতায় বৃহত্তর মিরপুরের ১৬টি রোটারি, রোটার্যাক্ট ও ইন্টার্যাক্ট ক্লাবের উদ্যোগে কলেজের কনফারেন্স হলে মহান বিজয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বীর মুক্তিযোদ্ধা বাংলাদেশ কৃষি ব্যাংকের জেনারেল ম্যানেজার (অব.) ইঞ্জিনিয়ার নিতাই চাঁদ দাসকে সংবর্ধনা প্রদান করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) প্রফেসর মোঃ শফিকুল ইসলাম।

৩৩। নিয়মিত সভা : ২০১৯ সালে ক্লাবের ২৫টি নিয়মিত সভাসহ এ পর্যন্ত ক্লাবের মোট ৪৬৩টি নিয়মিত সভা অনুষ্ঠিত হয়েছে।

৩৪। বুলেটিন প্রকাশ : ক্লাব কার্যক্রম নিয়ে এ বছর ক্লাবের মাসিক বুলেটিন 'ক্রাউন' এর ১২ সংখ্যা নিয়মিত প্রকাশ করা হয়।

সমাজকল্যাণ ক্লাব

২১ জুলাই ২০১৮ শিক্ষার্থীদের নিয়ে সামাজিক কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে ঢাকা কমার্স কলেজ সমাজকল্যাণ ক্লাব গঠিত হয়। ক্লাবের প্রত্যয় 'মানবতার জন্য সহায়তার হাত' (Helping Hands for Humanity)। ঢাকা কমার্স কলেজ সমাজকল্যাণ ক্লাবের উদ্দেশ্য ও কার্যক্রম হচ্ছে– রক্তদান, ব্লাড গ্রুপিং, টিকাদান, ডায়াবেটিস টেস্ট, হেলথ চেকআপ, হেলথ ক্যাম্প, শীতবস্ত্র বিতরণ, ত্রাণ বিতরণ, বিশুদ্ধ খাদ্য সচেতনতা, স্বাস্থ্য ও পরিবেশ সচেতনতা, শিক্ষার্থীদের চিকিৎসা সহায়তা, সুবিধাবঞ্চিতদের সহায়তা ইত্যাদি। ক্লাবের প্রতিষ্ঠাতা মডারেটর ব্যবস্থাপনা বিভাগের সহযোগী অধ্যাপক এস এম আলী আজম। ক্লাবের সভাপতি ব্যবস্থাপনা সম্মান ৪র্থ বর্ষের ছাত্র প্রসেনজিত বিশ্বাস প্রত্যয়। ২০১৯ সালে ক্লাব মডারেটর ইংরেজি বিভাগের প্রভাষক মোহাম্মদ জাকারিয়া ফয়সাল। ২০১৯-২০ বর্ষে ক্লাব সভাপতি হিসাববিজ্ঞান সম্মান ৪র্থ বর্ষের ছাত্র নিলয় পারভেজ ও সাধারণ সম্পাদক উচ্চমাধ্যমিক শ্রেণির ছাত্র সাকিব হাসান। ২০১৯ সালে সমাজকল্যাণ ক্লাবের কার্যক্রমসমূহ নিম্নরূপ :

১। জাতীয় সমাজকল্যাণ দিবসে সুবিধাবঞ্চিত শিশুদের পোশাক বিতরণ : জাতীয় সমাজকল্যাণ দিবস উপলক্ষ্যে ঢাকা কমার্স কলেজ সমাজকল্যাণ ক্লাব ২ জানুয়ারি ২০১৯ ঢাকার মিরপুরে শিয়ালবাড়ি বস্তিতে পথযাত্রা পাঠশালা প্রাঙ্গণে সুবিধাবঞ্চিত শিশু ও প্রবীণ মহিলাদের শীতবস্ত্র ও নতুন পোশাক বিতরণ কার্যক্রম পালন করে।

২। শীতার্থদের মাঝে কম্বল বিতরণ : ১৬ জানুয়ারি ২০১৯ মধ্যরাতে ক্লাবের প্রতিষ্ঠাতা মডারেটরের নেতৃত্বে ক্লাব সদস্যবৃন্দ মিরপুর শাহ আলী মাজার ও রাস্তায় শীতার্থদের মাঝে কম্বল বিতরণ করেন।

৩। ভালোবাসা দিবসে ব্যতিক্রমী কর্মসূচি : ১৪ ফেব্রুয়ারি ২০১৯ বিশ্ব ভালোবাসা দিবস উপলক্ষ্যে সমাজকল্যাণ ক্লাবের সদস্যবৃন্দ ঢাকা কমার্স কলেজ রোডে পথশিশু, দরিদ্র প্রবীণ ব্যক্তি, ভিক্ষুক ও নিম্নবিত্ত শ্রমজীবী মানুষের মধ্যে গোলাপ ফুল ও খাবার বিতরণ করেন।

৪। সততা বই ঘর : শিক্ষার্থীদের মধ্যে নৈতিকতার বিকাশ ঘটাতে ২১ ফেব্রুয়ারি ২০১৯ ঢাকা কমার্স কলেজ শহিদ মিনার সংলগ্ন মাঠে ২য় বইমেলায় সমাজকল্যাণ ক্লাব বিক্রেতাবিহীন 'সততা বই ঘর' দোকান দেয়।

৫। ভাসানটেক বস্তিতে আগুনে ক্ষতিগ্রস্তদের বস্ত্র বিতরণ : রাজধানী ঢাকার ভাসানটেক বস্তিতে আগুন লেগে পুড়ে সর্বস্ব হারানো অসহায় দরিদ্র মানুষের মাঝে ৪ মার্চ ২০১৯ ঢাকা কমার্স কলেজ সমাজকল্যাণ ক্লাবের সদস্যরা সাহায্য করে। উল্লেখ্য, ২৮ ফেব্রুয়ারি রাতে ভাসানটেক বস্তিতে আগুনে পুড়ে ক্ষতিগ্রস্থ হয় বস্তির চারশত পরিবার।

৬। সততা খাবার ঘর : ৩ মার্চ ২০১৯ পল্লবীস্থ সিটি ক্লাব মাঠে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার স্থানে সমাজকল্যাণ ক্লাব বিক্রেতাবিহীন 'সততা খাবার ঘর' দেয়।

৭। ফ্রি ডেন্টাল ক্যাম্প : ১৯ মার্চ ২০১৯ ঢাকা কমার্স কলেজে প্রথম ফ্রি ডেন্টাল ক্যাম্প অনুষ্ঠিত হয়। ঢাকা কমার্স কলেজ সমাজকল্যাণ ক্লাবের উদ্যোগে কলেজ হলরুমে এ ক্যাম্প অনুষ্ঠিত হয়। ক্যাম্প সহযোগিতায় ছিল পেপসোডেন্ট। ক্যাম্প উদ্‌বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ক্যাম্প উদ্‌বোধন করেন অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) প্রফেসর মোঃ শফিকুল ইসলাম। উদ্‌বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন উপদেষ্টা (অ্যাকাডেমিক) প্রফেসর মোঃ মোজাহার জামিল, সাংস্কৃতিক কমিটির আহ্বায়ক এস এম আলী আজম, ক্লাব মডারেটর মোহাম্মদ জাকারিয়া ফয়সাল, ক্লাব সভাপতি প্রসেনজিত বিশ্বাস, পেপসোডেন্ট সুপারভাইজার তানজিনা আক্তার বিনি, ব্র্যান্ড ম্যানেজার আসিক জামাল তন্ময় ও মোঃ মেহেদী হাসান। দাঁত ও মুখের যত্ন এবং স্বাস্থ্য সচেতনতা বিষয়ে বক্তব্য রাখেন ডেন্টাল সার্জন ডা. আতিক মেহেদী। এরপর কলেজের সকল শিক্ষক-শিক্ষার্থী-কর্মকর্তা-কর্মচারীকে পেপসোডেন্টের সৌজন্যে ৩৬ হাজার পিস পেস্ট বিতরণ করা হয়।

৮। স্বাধীনতা ও জাতীয় দিবস রক্তদান ও ব্লাড গ্রুপিং কর্মসূচি : মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে ২৯-৩১ মার্চ ২০১৯ ঢাকা কমার্স কলেজে স্বেচ্ছায় রক্তদান ও বিনামূল্যে ব্লাড গ্রুপিং কর্মসূচি অনুষ্ঠিত হয়। স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি উদ্‌বোধন করেন শিল্প প্রতিমন্ত্রী আলহাজ কামাল আহমেদ মজুমদার এমপি এবং বিনামূল্যে ব্লাড গ্রুপিং কর্মসূচি উদ্‌বোধন করেন স্থানীয় সংসদ সদস্য মোঃ আসলামুল হক। এ সময়ে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ঢাকা কমার্স কলেজের গভর্নিং বডির চেয়ারম্যান প্রফেসর ড. সফিক আহমেদ সিদ্দিক, গভর্নিং বডির সদস্য এ এফ এম সরওয়ার কামাল, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) প্রফেসর মোঃ শফিকুল ইসলাম, উপদেষ্টা (অ্যাকাডেমিক) প্রফেসর মোঃ মোজাহার জামিল প্রমুখ।

৯। দুস্থ মহিলাদের মাঝে স্বাস্থ্য উপকরণ : ২৬ মার্চ ২০১৯ মহান স্বাধীনতা দিবস উপলক্ষ্যে শিয়ালবাড়িতে পথ শিশু ও দুস্থ মহিলাদের মাঝে স্বাস্থ্য উপকরণ ও খাবার বিতরণ করা হয়।

১০। সুবিধাবঞ্চিত শিশুদের নিয়ে পহেলা বৈশাখ উদ্‌যাপন : 'জরা-জীর্ণ-যন্ত্রণা থেকে শিশুদের বাঁচাও'– এ প্রতিপাদ্য বিষয় নিয়ে ঢাকা কমার্স কলেজ সমাজকল্যাণ ক্লাবের উদ্যোগে সুবিধাবঞ্চিত শিশুদের নিয়ে পহেলা বৈশাখ ১৪২৬ উদ্‌যাপন করা হয়। এ উপলক্ষ্যে ১৪ এপ্রিল ২০১৯ মিরপুরে 'আলোর খোঁজে' পাঠশালায় সুবিধাবঞ্চিত শিশুদের চিত্রাঙ্কন, সাধারণজ্ঞান ও হাতের লেখা প্রতিযোগিতা আয়োজন এবং স্বাস্থ্যসামগ্রী বিতরণ করা হয়।

১১। শ্রমিক দিবসে শ্রমজীবী মানুষের জন্য ব্যতিক্রমী কর্মসূচি : 'শ্রমিক-মালিক ঐক্য গড়ি, উন্নয়নের শপথ করি'-এ প্রতিপাদ্য নিয়ে ঢাকা কমার্স কলেজ সমাজকল্যাণ ক্লাবের উদ্যোগে আন্তর্জাতিক শ্রমিক দিবসে শ্রমজীবী মানুষের জন্য ব্যতিক্রমী কর্মসূচি পালন করা হয়। এ উপলক্ষ্যে ১ মে ২০১৯ ক্লাবের পক্ষ থেকে রিকশাচালক শ্রমিকদের গামছা ও স্বাস্থ্য উপকরণ বিতরণ কর্মসূচি পালন করা হয়।

১২। বিশ্ব মা দিবস পালন : বিশ্ব মা দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে ১২ মে ২০১৯ ঢাকা কমার্স কলেজ সমাজকল্যাণ ক্লাবের উদ্যোগে ঢাকার মিরপুর শিয়ালবাড়ি বস্তিতে 'সুরভি' স্কুলের সুবিধাবঞ্চিত শিশুদের মায়েদের জন্য স্বাস্থ্য সচেতনতা এবং স্বাস্থ্য উপকরণ বিতরণ কর্মসূচি পালন করা হয়। এ উপলক্ষ্যে সুবিধাবঞ্চিত শিশুদের মায়েদের স্বাস্থ্য সচেতনতা বিষয়ে আলোচনা ও পরামর্শ সভা অনুষ্ঠিত হয়। সভায় মায়েদের প্রতি সন্তান ও সমাজের দায়িত্ব-কর্তব্য বিষয়ক জনসচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইউনিসেফ-সুরভী স্কুলের শিক্ষা অফিসার তানজিমা আক্তার শিউলি, শিয়ালবাড়ি সুরভী স্কুলের প্রধান শিক্ষিকা রূপালী জাহান ও ক্লাব সদস্যবৃন্দ।

১৩। বিশ্ব রক্তদাতা দিবস পালন : বিশ্ব রক্তদাতা দিবস ২০১৯ উপলক্ষ্যে 'যদি হই রক্তদাতা, জয় করবো মানবতা'- এ প্রতিপাদ্য বিষয় নিয়ে ঢাকা কমার্স কলেজ সমাজকল্যাণ ক্লাবের উদ্যোগে ১৪ জুন ২০১৯ মিরপুর রাইনখোলা বটতলায় জনসাধারণের জন্য ফ্রি ব্লাড গ্রুপিং ও স্বাস্থ্য উপকরণ বিতরণ কর্মসূচির আয়োজন করা হয়।

১৪। বার্ষিক সাধারণ সভা : ২৯ জুন ২০১৯ ঢাকার মিরপুরে পিৎজা কুইন রেস্টুরেন্টে ঢাকা কমার্স কলেজ সমাজকল্যাণ ক্লাবের প্রথম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। সাধারণ সভায় ক্লাবের ৩১ সদস্য বিশিষ্ট বার্ষিক কার্যনির্বাহী পরিষদ ২০১৯-২০ গঠন করা হয়।

১৫। নারী নিপীড়ন বিরোধী আলোচনা সভা ও শপথ আয়োজন : ঢাকা কমার্স কলেজ সমাজকল্যাণ ক্লাব প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে ২১ জুলাই ২০১৯ ঢাকা কমার্স কলেজ কনফারেন্স হলে নারী নিপীড়ন বিরোধী আলোচনা সভা ও শপথগ্রহণ, স্বেচ্ছাসেবী স্মারক বিতরণ, নবীনবরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঢাকা কমার্স কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ. এফ. এম. শফিকুর রহমান। বিশেষ অতিথি ছিলেন উপাধ্যক্ষ (প্রশাসন) প্রফেসর মোঃ শফিকুল ইসলাম।

১৬। রিকশা শ্রমিকদের ছাতা বিতরণ : ক্লাবের প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে ২১ জুলাই ২০১৯ ঢাকা কমার্স কলেজ সমাজকল্যাণ ক্লাবের পক্ষ থেকে মিরপুর ঝিলপাড় বস্তিতে রিকশা শ্রমিকদের মাঝে ছাতা বিতরণ করা হয়।

১৭। মরণোত্তর চক্ষুদান ও চক্ষু সেবায় ব্যতিক্রমী উদ্যোগ : মরণোত্তর চক্ষুদান ও চক্ষু সেবায় ঢাকা কমার্স কলেজ সমাজকল্যাণ ক্লাব ব্যতিক্রমী কর্মসূচি পালন করেছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ২৭-২৮ আগস্ট ২০১৯ ঢাকা কমার্স কলেজ সমাজকল্যাণ ক্লাব কলেজ হলরুমে স্বেচ্ছায় মরণোত্তর চক্ষুদান কর্মসূচি ও ফ্রি আই ক্যাম্প কর্মসূচি পালন করে। কলেজে প্রথমবারের মতো অনুষ্ঠিত স্বেচ্ছায় মরণোত্তর চক্ষুদান ও ফ্রি আই ক্যাম্প উদ্‌বোধন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য প্রফেসর ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। এ সময়ে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ঢাকা কমার্স কলেজের উদ্যোক্তা, অন্যতম প্রতিষ্ঠাতা ও গভর্নিং বডি-র সদস্য এ এফ এম সরওয়ার কামাল, কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ. এফ. এম. শফিকুর রহমান, উপাধ্যক্ষ (প্রশাসন) প্রফেসর মোঃ শফিকুল ইসলাম, উপাধ্যক্ষ প্রফেসর ড. মোঃ আবু মাসুদ প্রমুখ।

১৮। জাতীয় শোক দিবস রক্তদান ও ব্লাড গ্রুপিং কর্মসূচি : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ২৭-২৮ আগস্ট ২০১৯ ঢাকা কমার্স কলেজ সমাজকল্যাণ ক্লাব কলেজ হলরুমে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি ও ফ্রি ব্লাড গ্রুপিং কর্মসূচি পালন করে। স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি উদ্‌বোধন করেন সন্ধানী চক্ষু হাসপাতালের পরিচালক ও চিফ কনসালট্যান্ট প্রফেসর ডা. মালিক ইফ্‌তেখার সিদ্দীক, ফ্রি ব্লাড গ্রুপিং কর্মসূচি উদ্‌বোধন করেন সাবেক কারা মহাপরিদর্শক বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ লিয়াকত আলী খাঁন এনডিসি।

১৯। স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি : 'যদি হয় রক্তদাতা জয় করবো মানবতা'- এ প্রতিপাদ্যকে সামনে রেখে ঢাকা কমার্স কলেজ সমাজকল্যাণ ক্লাবের আয়োজনে ও ঢাকা মেট্রোপলিটন পুলিশ ব্লাড ব্যাংকের সহযোগিতায় ২১ অক্টোবর ২০১৯ কলেজ হলরুমে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি ২০১৯ এর আয়োজন করা হয়। স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি উদ্‌বোধন করেন ঢাকা কমার্স কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ. এফ. এম. শফিকুর রহমান। সাথে উপস্থিত ছিলেন শাহ আলী থানার অফিসার্স ইনচার্জ মোঃ জাহিদুর রহমান, পুলিশ ব্লাড ব্যাংকের ইনচার্জ মোঃ হারুন-অর-রশিদ, শাহ আলী থানার সাব-ইন্সপেক্টর মোঃ খোকন মিয়া, শাহ-আলী থানার এসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর বাবু মিয়া। আরও উপস্থিত ছিলেন ঢাকা কমার্স কলেজের উপাধ্যক্ষ (ব্যবসায় শিক্ষা) প্রফেসর মোঃ শফিকুল ইসলাম, উপাধ্যক্ষ (বিজ্ঞান শাখা) প্রফেসর মোঃ ড. আবু মাসুদ, উপদেষ্টা (অ্যাকাডেমিক) প্রফেসর মোঃ মোজাহার জামিল, সাংস্কৃতিক কমিটির আহ্বায়ক এস এম আলী আজম, সমাজকল্যাণ ক্লাবের মডারেটর মোহাম্মদ জাকারিয়া ফয়সাল। সকলের সহযোগিতায় একদিনে ৮৭ ব্যাগ রক্তদান করা হয়।

২০। বিশ্ব প্রতিবন্ধী দিবস পালন : ২৮তম বিশ্ব প্রতিবন্ধী দিবস

পালন উপলক্ষ্যে ঢাকা কমার্স কলেজ সমাজকল্যাণ ক্লাব ৩ ডিসেম্বর ২০১৯ মিরপুর রাইনখোলা প্রতিবন্ধী স্কুলের সামনে জনসাধারণের জন্য ফ্রি ব্লাড গ্রুপিং ক্যাম্পেইনের আয়োজন করে। 'সাম্য ও অভিন্ন যাত্রায় প্রতিবন্ধী মানুষের ক্ষমতায়ন'- এ প্রতিপাদ্য বিষয় নিয়ে দিবসটি পালন করা হয়।

২১। বিজয় দিবস রক্তদান ও ফ্রি ব্লাড গ্রুপিং কর্মসূচি : মহান বিজয় দিবস উপলক্ষ্যে ঢাকা কমার্স কলেজ সমাজকল্যাণ ক্লাব কর্তৃক ১৬-১৭ ডিসেম্বর স্বেচ্ছায় রক্তদান ও ফ্রি ব্লাড গ্রুপিং কর্মসূচি ২০১৯ আয়োজন করা হয়। স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি উদ্‌বোধন করেন বীরপ্রতীক, স্বাধীনতা পদক প্রাপ্ত, লেখক ও গবেষক লে. কর্নেল (অব.) কাজী সাজ্জাদ আলী জহির। ফ্রি ব্লাড গ্রুপিং ক্যাম্পেইন উদ্‌বোধন করেন ঢাকা কমার্স কলেজের গভর্নিং বডির চেয়ারম্যান প্রফেসর ড. সফিক আহমেদ সিদ্দিক। কর্মসূচিতে ৮৩ জন ছাত্র-ছাত্রী স্বেচ্ছায় রক্তদান করে এবং ১৫১ জন ছাত্র-ছাত্রীর ব্লাড গ্রুপিং নির্ণয় করা হয়।

২২। ফ্রি ডেন্টাল ক্যাম্প : মহান বিজয় দিবস উপলক্ষ্যে ঢাকা কমার্স কলেজ সমাজকল্যাণ ক্লাব কর্তৃক ১৬-১৭ ডিসেম্বর ২০১৯ ফ্রি ডেন্টাল ক্যাম্প আয়োজন করে। কর্মসূচি উদ্‌বোধন করেন বীরপ্রতীক, স্বাধীনতা পদক প্রাপ্ত, লেখক ও গবেষক লে. কর্নেল (অব.) কাজী সাজ্জাদ আলী জহির।

২৩। মুমূর্ষু রোগীদের রক্তদান : ঢাকা কমার্স কলেজ সমাজকল্যাণ ক্লাবের সদস্যবৃন্দের সহযোগিতায় ২০১৯ সালে বিভিন্ন হাসপাতালে মুমূর্ষু রোগীদের ব্যক্তি পর্যায়ে ১৩৯ ব্যাগ রক্তদান করে।

২৪। প্রতিবেদন প্রকাশ : ঢাকা কমার্স কলেজ সমাজকল্যাণ ক্লাবের কার্যক্রমের ওপর এবছর বিভিন্ন সংবাদপত্রে ২৭টি প্রতিবেদন প্রকাশিত হয়।

বিজ্ঞান ক্লাব

ঢাকা কমার্স কলেজ বিজ্ঞান ক্লাব গঠিত হয় ১৩ মার্চ ২০১৯। 'মানবতার জন্য সৃষ্টি' (Creation for Humanit) স্লোগান নিয়ে ক্লাবটি প্রতিষ্ঠিত হয়। ক্লাবের ফেসবুক পেইজ, ফেসবুক গ্রুপ ও টুইটার একাউন্ট Dhaka Commerce Science Club. ক্লাবের প্রতিষ্ঠাতা মডারেটর ব্যবস্থাপনা বিভাগের সহযোগী অধ্যাপক এস এম আলী আজম, প্রতিষ্ঠাতা সভাপতি সিএসই বিভাগের ২য় বর্ষের ছাত্র জাহিদ ইসলাম শুভ ও প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক সুরাইয়া মাহমুদ রুকু। ২০২০ সালের ক্লাব মডারেটর প্রাণিবিদ্যা বিভাগের প্রভাষক মোঃ নাজমুল হক, সভাপতি বিবিএ ৩য় বর্ষের ছাত্র পার্থ সারথী দাস ও সাধারণ সম্পাদক একাদশ শ্রেণির ছাত্র মাহির শাহরিয়ার পুণ্য। প্রতিষ্ঠার প্রথম বছরেই ক্লাবটি বহুমাত্রিক কার্যক্রমের মাধ্যমে আন্তঃকলেজ প্রতিযোগিতা ও কর্মসূচি সম্পাদনে সুনাম ও সাফল্য অর্জন করেছে। ২০১৯ সালে ক্লাবটির কার্যক্রম নিম্নরূপ:

১। ক্লাব গঠন সংক্রান্ত সভা : ১৩ মার্চ ২০১৯ ঢাকা কমার্স কলেজ বিজ্ঞান ক্লাবের প্রথম প্রস্তুতি সভা ও আহ্বায়ক কমিটি গঠন করা হয়। উক্ত সভায় বিজ্ঞান শাখা ও বিজ্ঞান ক্লাব গঠনের প্রয়োজনীয়তা বিষয়ে বক্তব্য রাখেন অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) প্রফেসর মোঃ শফিকুল ইসলাম। সভায় ১৫ সদস্য বিশিষ্ট আহ্বায়ক কমিটি ঘোষণা করেন ক্লাব মডারেটর এস এম আলী আজম।

২। সভা অনুষ্ঠান : ২০১৯ সালে বিজ্ঞান ক্লাব নিয়মিত ও বিশেষ ১১টি সভা অনুষ্ঠান করে।

৩। চন্দ্র বিজয়ের সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে সেমিনার : ঐতিহাসিক চন্দ্র বিজয়ের সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে ২০ জুলাই ২০১৯ ঢাকা কমার্স কলেজ বিজ্ঞান ক্লাবের উদ্যোগে কলেজ কনফারেন্স হলে 'মহাকাশ গবেষণায় বাংলাদেশ এবং বঙ্গবন্ধু স্যাটেলাইট : সুযোগ ও সম্ভাবনা' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের সাবেক চেয়ারম্যান প্রফেসর ড. ফিরোজ আলম খান। বিশেষ অতিথি ছিলেন উপাধ্যক্ষ (প্রশাসন) প্রফেসর মোঃ শফিকুল ইসলাম ও উপাধ্যক্ষ প্রফেসর ড. মোঃ আবু মাসুদ। সভাপতিত্ব করেন ঢাকা কমার্স কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ. এফ. এম. শফিকুর রহমান। স্বাগত ভাষণ দেন বিজ্ঞান ক্লাবের প্রতিষ্ঠাতা মডারেটর এস এম আলী আজম। মুখ্য আলোচক ছিলেন কলেজের পদার্থবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক মোঃ আহাদুজ্জামান দিরাজ। আলোচনায় অংশগ্রহণ করেন প্রাণিবিদ্যা বিভাগের প্রভাষক মোঃ নাজমুল হক ও পদার্থবিজ্ঞান বিভাগের প্রভাষক মোঃ শামিউল আলম। উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণ করে শিক্ষার্থী মোঃ কামাল হোসেন, রিয়াজুল ইসলাম সাকিব, আলিফ আহমেদ ও মিথিলা তাসফিয়াহ। সেমিনারে অংশগ্রহণকারীদের জন্য অনলাইনে বিজ্ঞান কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়। সেমিনারে অংশগ্রহণকারীদের মধ্যে সনদপত্র প্রদান করেন প্রধান অতিথি প্রফেসর ড. ফিরোজ আলম খান।

৪। মহাকাশ গবেষণা বিষয়ক সভা : ৭ সেপ্টেম্বর ২০১৯ কলেজের অডিটোরিয়ামে ঢাকা কমার্স কলেজ বিজ্ঞান ক্লাবের উদ্যোগে মহাকাশ গবেষণা বিষয়ক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এছাড়া বুয়েটে অনুষ্ঠিতব্য ৪র্থ জাতীয় মহাকাশ গবেষণা উৎসবে ঢাকা কমার্স কলেজ বিজ্ঞান ক্লাবের প্রকল্প উপস্থাপন বিষয়ে আলোচনা হয়। সভায় বিজ্ঞান ক্লাবের ৩ শতাধিক সদস্য উপস্থিত ছিল।

৫। ৫ম বিএন কলেজ সাইন্স ফ্যাস্টিভালে অংশগ্রহণ : ২২ ও ২৩ সেপ্টেম্বর ২০১৯ বিএন কলেজ ঢাকায় অনুষ্ঠিত ৫ম বিএন কলেজ সাইন্স ফ্যাস্টিভালে ঢাকা কমার্স কলেজ বিজ্ঞান ক্লাবের ১২ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে এবং এহসানুল মাহবুব ফাহিম রুবিক্স কিউব ইভেন্টে তৃতীয় স্থান আর্জন করে।

৬। ৪র্থ ন্যাশনাল স্পেস কার্নির্ভাল-বুয়েটে অংশগ্রহণ : ২৬ ও ২৭ সেপ্টেম্বর ২০১৯ ইউথপ্রেনার নেটওয়ার্কের উদ্যোগে বাংলাদেশ ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি-বুয়েটে ৪র্থ জাতীয় মহাকাশ গবেষণা উৎসব অনুষ্ঠিত হয়। এতে ঢাকা কমার্স কলেজ বিজ্ঞান ক্লাবের ৩০ জন সদস্য অংশগ্রহণ করে। মহাকাশ প্রতিযোগিতায় নোহান ওসমান, এসকান্দার হায়দার আলিফ ও অনিক তিনটি পুরস্কার অর্জন করে।

৭। ১ম বিএএফ শাহীন কলেজ কার্নিভালে অংশগ্রহণ : ২ ও ৩ অক্টোবর ২০১৯ তারিখে ১ম বিএএফ শাহীন কলেজ ঢাকা কার্নিভালে ঢাকা কমার্স কলেজ বিজ্ঞান ক্লাবের ৩০ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে। অনুষ্ঠানে দেয়ালিকা প্রতিযোগিতায় ঐশী উজ্জামান, মিথীলা তাসফিয়া ও সিনুওয়ান আহমেদ পুরস্কার লাভ করে। শর্ট ফিল্মে পুরস্কার পেয়েছে কাইয়ুম রিমন।

৮। ৪র্থ লালমাটিয়া মহিলা কলেজ সাইন্স ফ্যাস্টিভালে অংশগ্রহণ : ২৭ ও ২৮ অক্টোবর ২০১৯ তারিখে ৪র্থ লালমাটিয়া মহিলা কলেজ সাইন্স ফ্যাস্টিভালে ঢাকা কমার্স কলেজ বিজ্ঞান ক্লাবের ২৭ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে। উক্ত বিজ্ঞান মেলায় ঢাকা কমার্স কলেজ বিজ্ঞান ক্লাব ১১টি পুরস্কার অর্জন করে। দেয়ালিকায় অর্থি বাড়ৈ, মাহির শাহরিয়ার পুণ্য, তাসনিম ফারজানা আন্নি, ঐশী উজ্জামান, মিথীলা তাসফিয়া, সামান্নাজ খন্দকার, রিয়াদ হাসান মুন্সি, সাজেদ সোবহান, মুহাম্মাদ রাইয়ান একক ও যৌথভাবে পুরস্কার লাভ করে।

৯। ৪র্থ হিগ্‌স বোসন সাইন্স ফ্যাস্টিভালে অংশগ্রহণ : ৫ ও ৬ নভেম্বর ২০১৯ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিব সরকারি কলেজ-উত্তরায় ৪র্থ হিগ্‌স বোসন সাইন্স ফ্যাস্টিভালে ঢাকা কমার্স কলেজ বিজ্ঞান ক্লাবের ৩২ জন সদস্য অংশগ্রহণ করে ১৩টি পুরস্কার অর্জন করে। দেয়ালিকা, প্রজেক্ট ডিসপ্লে, রুবিক্স কিউব, ফিজিক্স অলিম্পিয়াড ও জেনারেল নলেজ ইভেন্টে পুরস্কার লাভ করে সাফিন মাসরাফি, রাহাত মাহমুদ, নাজমুস সাকিব, ফাতিন হাসনাত সিয়াম, মেহজাবিনুর রহমান অহনা, রূপাসা খান তন্দ্রা, অর্থি বাড়ৈ, মাহির শাহরিয়ার পুণ্য, মাহিয়া রহমান মেঘলা, মোহাম্মাদ রাইয়ান, তাসনিম ফারজানা আন্নি ও এহসানুল মাহবুব ফাহিম। এছাড়াও বেস্ট ক্যাম্পাস এ্যাম্বাসেডরের পুরস্কার লাভ করেছে ক্লাব সাধারণ সম্পাদক মাহির শাহরিয়ার পুণ্য।

১০। নটরডেম অ্যানুয়াল সাইন্স ফ্যাস্টিভালে অংশগ্রহণ : ৩০ আগস্ট ২০১৯ নটরডেম কলেজে নটরডেম অ্যানুয়াল সাইন্স ফ্যাস্টিভাল ২০১৯-এ ঢাকা কমার্স কলেজ বিজ্ঞান ক্লাবের সদস্য আহসানুল মাহবুব ফাহিম রুবিক্স কিউবে ৩য় স্থান আর্জন করে।

১১। আইইউটি সাইন্স ফেস্টে অংশগ্রহণ : ২০ সেপ্টেম্বর ২০১৯ আইইউটি সাইন্স ফেস্টে বিজ্ঞান ক্লাব সদস্য আহসানুল মাহবুব ফাহিম রুবিক্স কিউবে ২য় স্থান আর্জন করে।

১২। নটরডেম আর্থ ও স্পেস ফেস্টে অংশগ্রহণ: ২০ ও ২১ সেপ্টেম্বর ২০১৯ নটরডেম আর্থ ও স্পেস ফেস্টে ঢাকা কমার্স কলেজ বিজ্ঞান ক্লাবের ১০ জন সদস্য অংশগ্রহণ করে এবং দেয়ালিকায় দলীয়ভাবে ৩য় স্থান অর্জন করে ক্লাব সদস্য ঐশী উজ্জামান, মিথিলা তাসফিয়া ও সিনুওয়ান আহমেদ।

১৩। সেন্ট জোসেফ ইকো এন্ড আর্ট ফ্যাস্টিভালে অংশগ্রহণ : ২০ আগস্ট ২০১৯ সেন্ট জোসেফ ইকো এন্ড আর্ট ফ্যাস্টিভালে ১০ জন সদস্য অংশগ্রহণ করে এবং দেয়ালিকায় দলীয়ভাবে ১ম স্থান অর্জন করে ঐশী উজ্জামান, মিথিলা তাসফিয়া, সিনুওয়ান আহমেদ ও সামান্নাজ খন্দকার।

১৪। ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজি ফেস্টে অংশগ্রহণ : ১৩ অক্টোবর ২০১৯ ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজি ফেস্টে আহসানুল মাহবুব ফাহিম রুবিক্স কিউবে ১ম রানার আপ হয়েছে।

১৫। ইউএস এ্যাম্বাসি বিজ্ঞান শিক্ষা সেমিনারে অংশগ্রহণ : ১৪ ও ১৫ অক্টোবর ২০১৯ ইউএস এ্যাম্বাসি বিজ্ঞান শিক্ষা সেমিনারে, ওয়াসিফ জাকির বর্ণ ও সামান্নাজ খন্দকার অংশগ্রহণ করে।

১৬। ব্রাক ইউনিভার্সিটি স্পেস সেমিনারে অংশগ্রহণ : ২৫-২৯ নভেম্বর ২০১৯ ব্রাক ইউনিভার্সিটি আয়োজিত 'স্পেস রিসার্চ এন্ড নিউ প্রজেক্ট আইডিয়া' বিষয়ক সেমিনারে ক্লাব সহসভাপতি ফাতিন হাসনাত সিয়াম অংশগ্রহণ করে।

১৭। কার্য নির্বাহী কমিটির পরিচিতি সভা : ২১ ডিসেম্বর ২০১৯ ঢাকা কমার্স কলেজ বিজ্ঞান ক্লাবের নিয়মিত সভা ও ২০২০ বর্ষের কার্য নির্বাহী কমিটির পরিচিতি সভা কালচারাল ক্লাব এসেম্বলি রুমে অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) প্রফেসর মোঃ শফিকুল ইসলাম, বিশেষ অতিথি ছিলেন উপাধ্যক্ষ প্রফেসর ড. মোঃ আবু মাসুদ। অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিজ্ঞান ক্লাবের প্রতিষ্ঠাতা মডারেটর এস এম আলী আজম, শিক্ষক পরিষদের সচিব প্রফেসর ড. এ এম সওকত ওসমান, ২০২০ সালের মডারেটর মোঃ নাজমুল হক, কো-মডারেটর মাহফুজুর রহমান ও পদার্থবিদ্যা বিভাগের প্রভাষক মোঃ শামীম হোসেন। ক্লাবের প্রতিষ্ঠাতা মডারেটর এস এম আলী আজম ক্লাবের ২০২০ বর্ষের কার্যনির্বাহী কমিটির সদস্যদের পরিচয় করিয়ে দেন এবং সকলকে ফুলেল শুভেচ্ছা জানান।

আইটি ক্লাব

'প্রযুক্তির মহাসড়কে সহজ সমাধান Simple Solution for Hitech Highwa'- এ প্রতিপাদ্য বিষয় নিয়ে ১৯ জুলাই ২০১৮ ঢাকা কমার্স কলেজ আইটি ক্লাব গঠিত হয়। ক্লাবের উদ্যোগে প্রযুক্তিভিত্তিক বিভিন্ন প্রোগ্রাম আয়োজন করা হয় এবং বিভিন্ন প্রতিষ্ঠানে প্রযুক্তি কর্মশালা ও প্রদর্শনীতে ক্লাব সদস্যবৃন্দ অংশগ্রহণ করে থাকে। ক্লাবের ফেসবুক পেইজ, ফেসবুক গ্রুপ ও টুইটার একাউন্ট Dhaka Commerce IT Club. ক্লাবের

প্রতিষ্ঠাতা মডারেটর ব্যবস্থাপনা বিভাগের সহযোগী অধ্যাপক এস এম আলী আজম। প্রতিষ্ঠাতা সভাপতি ব্যবসায় প্রশাসন বিভাগের ২য় বর্ষের ছাত্র মোঃ তরিকুল ইসলাম ও সাধারণ সম্পাদক উচ্চমাধ্যমিক শ্রেণির ছাত্র আহাদ মির্জা। ২০১৯ সালের ক্লাব মডারেটর সিএসই বিভাগের সহকারী অধ্যাপক মোহাম্মদ শোয়াইবুর রহমান এবং ২০২০ বর্ষে ক্লাব মডারেটর পদার্থবিদ্যা বিভাগের প্রভাষক মোঃ শামিউল আলম। ২০১৯-২০ বর্ষে ক্লাবের সভাপতি ব্যবসায় প্রশাসন বিভাগের ৩য় বর্ষের ছাত্র আবদুল্লাহ আল মামুদ রিশাদ ও সাধারণ সম্পাদক ইনজামামুল হক। ২০১৯ সালে ক্লাবটির কার্যক্রম নিম্নরূপ :

১। মাসিক সভা : ২০১৯ সালে আইটি ক্লাব নিয়মিত ও বিশেষ ১৩টি সভা অনুষ্ঠান করে।

২। বার্ষিক সাধারণ সভা ও কার্যনির্বাহী কমিটি গঠন : ২৬ জুন ২০১৯ ঢাকার মিরপুরে ইয়োলো ক্যাপ্সিকাম রেস্টুরেন্টে ক্লাবের প্রথম বার্ষিক সাধারণ সভা ও ২০১৯-২০ বর্ষের কার্যনির্বাহী কমিটি গঠন করা হয়।

৩। মানব দেহে বিদ্যুতের প্রভাব বিষয়ে কর্মশালা : ঢাকা কমার্স কলেজ আইটি ক্লাবের উদ্যোগে ১৫ অক্টোবর ২০১৯ কলেজ কনফারেন্স হলে 'মানব দেহে বিদ্যুতের প্রভাব' বিষয়ে ২য় ফ্রি কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় মুখ্য আলোচক ছিলেন বিইউবিটি'র ইলেকট্রিকাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মুহাম্মদ ফাইয়াজ খান। আলোচক ছিলেন বিইউবিটি'র পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর এবিএম বদরুদ্দোজা মিয়া ও বিইউবিটি'র ট্রিপলই বিভাগের চেয়ারম্যান এম আজহারুল হক। অনুষ্ঠানে বক্তব্য রাখেন ঢাকা কমার্স কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ. এফ. এম. শফিকুর রহমান, উপাধ্যক্ষ (প্রশাসন) প্রফেসর মোঃ শফিকুল ইসলাম, উপাধ্যক্ষ প্রফেসর ড. মোঃ আবু মাসুদ, উপদেষ্টা (অ্যাকাডেমিক) প্রফেসর মোঃ মোজাহার জামিল ও প্রগতি ইন্ডাস্ট্রি লি. এর পরিচালক এম. খলিলুল্লাহ খাঁন। কর্মশালায় স্বাগত ভাষণ দেন সাংস্কৃতিক কমিটির আহ্বায়ক ও ক্লাবের প্রতিষ্ঠাতা মডারেটর এস এম আলী আজম। শুভেচ্ছা বক্তব্য দেন ক্লাব মডারেটর মোহাম্মদ শোয়াইবুর রহমান, কো-মডারেটর মোঃ শামিউল আলম ও প্রাণিবিদ্যা বিভাগের প্রভাষক নাজমুল হক। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ক্লাব সভাপতি আব্দুল্লাহ আল মামুন রিশাদ, প্রোগ্রাম চেয়ারম্যান ছিলেন ক্লাবের প্রতিষ্ঠাতা সভাপতি মোঃ তরিকুল ইসলাম ও সচিবের প্রতিবেদন দেন ক্লাবের সাধারণ সম্পাদক মোঃ ইনজামামুল হক। কর্মশালায় আইটি কুইজ প্রতিযোগিতায় ১ম, ২য় ও ৩য় স্থান অধিকার করে যথাক্রমে শরিফুল হাসান সৌরভ, সৈয়দা তাশফিয়া সুলতানা লামিয়া ও মেহেদি আয়মান চৌধুরী। কর্মশালায় অংশগ্রহণকারীদের মধ্যে সনদপত্র প্রদান করেন কর্মশালার মুখ্য আলোচক প্রফেসর ড. মুহাম্মদ ফাইয়াজ খান।

৪। প্রযুক্তি দক্ষতা উন্নয়ন শীর্ষক কর্মশালা : ঢাকা কমার্স কলেজ আইটি ক্লাবের উদ্যোগে ২৮ নভেম্বর ২০১৯ কলেজ কনফারেন্স হলে 'প্রযুক্তি দক্ষতা উন্নয়ন' শীর্ষক ৩য় ফ্রি কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালা উদ্‌বোধন করেন ঢাকা কমার্স কলেজের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) প্রফেসর মোঃ শফিকুল ইসলাম, অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপাধ্যক্ষ প্রফেসর ড. মোঃ আবু মাসুদ। স্বাগত ভাষণ দেন ঢাকা কমার্স কলেজের সাংস্কৃতিক কমিটির আহ্বায়ক এস এম আলী আজম। অনুষ্ঠানের সহযোগী প্রতিষ্ঠান ছিল- এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক-এডিবি, স্কিলস্ ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম-এসইআইপি, বাংলাদেশ এসোসিয়েশন অব কল সেন্টার ও আউটসোর্সিং-বাক্য, কর্ম, ভিরগো কনটাক্ট সেন্টার সার্ভিসেস লিমিটেড, মার্স সলিউশন্স ও টিসিজি টেলিকনসাল্ট গ্রুপ। কর্মশালায় প্রফেশনাল ডিজিটাল কনটেন্ট ম্যানেজমেন্ট, প্রফেশনাল কাস্টমার সার্ভিস, বিজনেস প্রোসেস আউটসোর্সিং, নলেজ প্রোসেস আউটসোর্সিং, ডিজিটাল অফিস ম্যানেজমেন্ট, কমিউনিকেশন স্কিলস্ এবং টেকনিকস অব জব সার্চ এন্ড জব প্রিপারেশন বিষয়ে অধিবেশন অনুষ্ঠিত হয়। কর্মশালায় রিসোর্স পারসন ছিলেন টিসিজি টেলিকনসাল্ট গ্রুপের এইচ আর ম্যানেজার মোঃ রিয়াজুল বাশার, সিনিয়র ডিজিটাল কনটেন্ট ম্যানেজমেন্ট ট্রেইনার গাজী আম্মার ও কো-অর্ডিনেটর মোঃ হাবিবুর রহমান, কর্ম অনলাইন সাইডের সিনিয়র সুপারভাইজার মোঃ আবু হাসান টুটুল, ভিরগো প্রফেশনাল প্রশিক্ষক মোঃ মারুফ হাসান ও জব প্লেসমেন্ট অফিসার ফাতেমা ইয়াসমিন। কর্মশালায় অংশগ্রহণকারীদের মধ্যে সনদপত্র প্রদান করেন অধ্যক্ষ প্রফেসর মোঃ শফিকুল ইসলাম।

৫। ডিজিটাল বাংলাদেশ দিবস উদ্‌যাপন : ১২ ডিসেম্বর ২০১৯ তারিখে ২য় ডিজিটাল বাংলাদেশ দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে ঢাকা কমার্স কলেজ আইটি ক্লাবের আয়োজনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

৬। ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজে টেক-কার্নিভালে অংশগ্রহণ : ৮ ও ৯ ফেব্রুয়ারি ২০১৯ ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজে টেক-কার্নিভাল ২০১৯-এ ঢাকা কমার্স কলেজ আইটি ক্লাবের ১০ জন সদস্য অংশগ্রহণ করে এবং একক কুইজ প্রতিযোগিতায় ক্লাব সদস্য সুমাইয়া আক্তার তিন্নি ১ম স্থান আর্জন করে।

৭। ১ম বিএএফ শাহীন কলেজ কার্নিভালে অংশগ্রহণ : ২ ও ৩ আক্টোবর ২০১৯ তারিখে ১ম বিএএফ শাহীন কলেজ ঢাকা কার্নিভালে ঢাকা কমার্স কলেজ আইটি ক্লাবের ১০ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে।

৮। ৪র্থ লালমাটিয়া মহিলা কলেজ সাইন্স ফ্যাস্টিভালে অংশগ্রহণ : ২৭ ও ২৮ অক্টোবর ২০১৯ তারিখে ৪র্থ লালমাটিয়া মহিলা কলেজ সাইন্স ফ্যাস্টিভালে ঢাকা কমার্স কলেজ আইটি ক্লাবের ১৭ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে।

৯। ৪র্থ হিগ্‌স বোসন সাইন্স ফ্যাস্টিভালে অংশগ্রহণ : ৫ ও ৬ নভেম্বর ২০১৯ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিব সরকারি

কলেজ-উত্তরায় ৪র্থ হিগ্‌স বোসন সাইন্স ফ্যাস্টিভালে ঢাকা কমার্স কলেজ আইটি ক্লাবের ২১ জন সদস্য অংশগ্রহণ করে।

আর্টস এন্ড ফটোগ্রাফি ক্লাব

লেখাপড়ার পাশাপাশি শিক্ষার্থীদের হাতে-কলমে এবং বিনোদনের মাধ্যমে সহায়ক শিক্ষা হিসেবে চিত্রাঙ্কন ও আলোকচিত্র শেখানোর উদ্দেশ্যে এবং ছবি তোলা বা আঁকা সম্পর্কে ধারণা দেওয়ার জন্য ৯ জুলাই ২০০৬ আর্টস এন্ড ফটোগ্রাফি ক্লাব গঠিত হয়েছে। ক্লাবের মডারেটর ব্যবস্থাপনা বিভাগের সহযোগী অধ্যাপক শামা আহমদ, কো-মডারেটর ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগের সহকারী অধ্যাপক মোঃ হাসান আলী। ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগের মাস্টার্সের ছাত্র মোঃ রাশেদুল ইসলাম (জিহান)।

১। **নিয়মিত ক্লাস :** প্রতি মাসে তিনটি ক্লাস কার্যক্রম পরিচালনা করা হয়।

২। **ফটোওয়ার্ক :** ২০১৯ সালে বিভিন্ন সময়ে ১২টি ফটোওয়ার্কের আয়োজন করা হয়।

৩। **আলোকচিত্র ও চিত্রাঙ্কন প্রদর্শনী :**

(ক) ২১ ফেব্রুয়ারি ২০১৯ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে ২য় ভাষাচিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়।

(খ) ২৬ মার্চ ২০১৯ স্বাধীনতা দিবস উপলক্ষ্যে আলোকচিত্র ও চিত্রাঙ্কন প্রদর্শনীর আয়োজন করা হয়।

(গ) ১৫ আগস্ট ২০১৯ জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আলোকচিত্র ও চিত্রাঙ্কন প্রদর্শনীর আয়োজন করা হয়। ৩দিন ব্যাপী উক্ত প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

(ঘ) আর্টস এন্ড ফটোগ্রাফি সোসাইটি কর্তৃক প্রতিবছর বার্ষিক বনভোজনের আয়োজন করা হয়।

(ঘ) ১৮ জানুয়ারি ২০১৯ ক্লাব কর্তৃক আয়োজিত ওরিয়েন্টেশন ও বিদায় অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন 10 Minutes School-এর প্রতিষ্ঠাতা আয়মান সাদিক। এছাড়া উপস্থিত ছিলেন সাকিব বিন রশিদ, নাট্য অভিনেতা শামীম হাসান সরকার, দেশবরেণ্য ফটোগ্রাফার ইশরাত আমিন।

ডিবেটিং ক্লাব

‘যুক্তিতেই মুক্তি’ এ প্রতিপাদ্য ধারণ করে ৩১ অক্টোবর ১৯৯৩ গঠিত হয় ঢাকা কমার্স কলেজ ডিবেটিং ক্লাব। ২০১৯ সালে ক্লাবের মডারেটর হিসাববিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক মোঃ ইউনুছ হাওলাদার। ২০১৯ সালে ক্লাবের সভাপতি দ্বাদশ শ্রেণির ছাত্র শ্বাশত চৌধুরী এবং সাধারণ সম্পাদক প্রিন্স মাহমুদ। ২০২০ সালে ক্লাবের মডারেটর উদ্ভিদ বিভাগের প্রভাষক আল-মামুন।

১। **এটিএন বাংলা ইউসিবি জাতীয় বিতর্ক প্রতিযোগিতায় ঢাকা কমার্স কলেজের অংশগ্রহণ :** ২২ জুন ২০১৯ ডিবেট ফর ডেমোক্রেসি আয়োজিত এটিএন বাংলা ইউসিবি পাবলিক পার্লামেন্ট ‘সাহসিকা নুসরাত, তুমিই যুক্তি-তুমিই প্রতিবাদ’ শিরোনামে ‘নিপীড়ন বিরোধী’ জাতীয় বিতর্ক প্রতিযোগিতায় ঢাকা কমার্স কলেজ দল অংশগ্রহণ করে। টেলিভিশন বিতর্ক প্রতিযোগিতায় অনার্স শ্রেণির বিতার্কিকবৃন্দ প্রথম অংশগ্রহণ করে। প্রতিযোগীবৃন্দ হলো- প্রসেনজিত বিশ্বাস প্রত্যয় (এম-১১৫২), আবদুল্লাহ আল মামুন রিশাদ (বিবিএ-৭৬৮), শাহ আশরাফি ইয়াসির (ই-৭৪৬), সারাফ ওয়াশিমা সপ্তর্ষি (ই-৭২২) ও তাহমিনা আফরোজ শৈতী (ই-৬৬২)।

২। **সহিংস উগ্রবাদ বিরোধী জাতীয় বিতর্ক প্রতিযোগিতায় :** ২৬ জানুয়রি ২০১৯ ডিবেট ফর ডেমক্রেসির আয়োজনে সিরড্যাপ ইন্টারন্যাশনাল কনফারেন্স সেন্টারে সহিংস উগ্রবাদ বিরোধী জাতীয় বিতর্ক প্রতিযোগিতায় ঢাকা কমার্স কলেজ ডিবেটিং ক্লাবের পক্ষ থেকে অংশ্রগ্রহণ করে আবদুল্লাহ আল-মামুন রিশাদ, প্রসেনজিত বিশ্বাস প্রত্যয়, সাবরিনা আক্তার, সারাফ ওয়াশিমা সপ্তর্ষি ও দিপা আক্তার।

৩। **বিজ্ঞান বিষয়ক বারোয়ারি বিতর্ক ও কুইজ প্রতিযোগিতা :** ১৭ মে ২০১৯ ন্যাশনাল ডিবেট ফেডারেশন বাংলাদেশের আয়োজনে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে বিজ্ঞান বিষয়ক বারোয়ারি বিতর্ক ও কুইজ প্রতিযোগিতায় ঢাকা কমার্স কলেজ ডিবেটিং ক্লাবের ১২ জন সদস্য অংশ্রগ্রহণ করে।

৪। **সহিংস উগ্রবাদ প্রতিরোধে আন্তঃধর্মীয় সম্প্রীতি সংলাপ অনুষ্ঠান :** ১৮ জুন ২০১৯ ডিবেট ফর ডেমক্রেসির আয়োজনে জাতীয় প্রেসক্লাবের সিরড্যাপ কনফারেন্স সেন্টারে সহিংস উগ্রবাদ প্রতিরোধে আন্তঃধর্মীয় সম্প্রীতি সংলাপ অনুষ্ঠানে ঢাকা কমার্স কলেজ ডিবেটিং ক্লাবের ৩৫ জন অংশগ্রহণ করে।

৫। **বিটিভি বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণ :** ২০ সেপ্টেম্বর ২০১৯ বাংলাদেশ টেলিভিশন আয়োজিত ১ম কলেজ বির্তক প্রতিযোগিতায় ঢাকা কমার্স কলেজ বিতর্ক দল অংশগ্রহণ করে।

সংগীত ক্লাব

১৯৯৭ সালে প্রতিষ্ঠিত ঢাকা কমার্স কলেজ সংগীত ক্লাব ‘সুর ও সংগীতের মুর্ছনায় প্রাণবন্ত জীবন’ এই শ্লোগান নিয়ে নিয়মিত কার্যক্রম পরিচালনা করছে। ক্লাবের মডারেটর ব্যবস্থাপনা বিভাগের সহকারী অধ্যাপক ফারহানা আরজুমান, উপদেষ্টা জুবায়ের ইবনে মাহবুব এবং সভাপতি ফেরদৌস জাহান আনিকা। ২০১৯ সালে ক্লাব কার্যক্রম নিম্নরূপ :

১। **নিয়মিত সভা :** ২০১৯ সালে সংগীত ক্লাবের মোট ২৩টি নিয়মিত সভা অনুষ্ঠিত হয়। সভায় ক্লাবের বিভিন্ন কার্যক্রম নিয়ে আলোচনা এবং সংগীত অনুশীলন হয়।

২। **শুদ্ধ সুরে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা ২০১৯ :**

ফেব্রুয়ারি মাসে ঢাকা কমার্স কলেজ সংগীত ক্লাব শুদ্ধ সুরে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতায় অংশগ্রহণ করে এবং থানা পর্যায়ে ২য় স্থান অধিকার করে।

৩। থানা পর্যায়ে সাংস্কৃতিক সপ্তাহ ২০১৯ : মার্চ মাসে থানা পর্যায়ে সাংস্কৃতিক সপ্তাহ ২০১৯ এ সংগীত ক্লাব অংশগ্রহণ করে দেশাত্মবোধক (একক) ও নজরুল সংগীতে (একক) থানা পর্যায়ে ১ম স্থান অধিকার করে।

৪। সাংস্কৃতিক ক্লাব ইফতার মাহফিল : ২৯ মে ২০১৯ সাংস্কৃতিক ক্লাব আয়োজিত ইফতার মাহফিল ও ক্লাব কর্মপরিকল্পনায় সংগীত ক্লাব অংশগ্রহণ করে।

৫। নতুন সদস্য গ্রহণ ও ওরিয়েন্টেশন : সংগীত ক্লাব জুলাই মাসে ক্লাবে আগত নতুন সদস্যদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম আয়োজন করে।

৬। প্রথম জারি গান দল গঠন : ২৯ জুলাই ২০১৯ সংগীত ক্লাব ঢাকা কমার্স কলেজে প্রথম জারি গান দলের সূচনা করে।

৭। বিজয় উৎসব : মুক্তিযুদ্ধ জাদুঘর কর্তৃক আয়োজিত বিজয় উৎসব ২০১৯ এ ঢাকা কমার্স কলেজ সংগীত ক্লাব অংশগ্রহণ করে।

৮। জেলা পর্যায়ে ১ম স্থান : ২০১৯ সালে সংগীত ক্লাবের সবচেয়ে বড়ো অর্জন হলো দলগত দেশাত্মবোধক গান প্রতিযোগিতা ২০১৯ এ থানা পর্যায়ে ১ম স্থান অধিকার করে। এরপর জেলা পর্যায়ে (মহানগরসহ) দলগত দেশাত্মবোধক গান প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। ১ নভেম্বর ২০১৯ সংগীত ক্লাব জেলা পর্যায়ে ১ম স্থান অধিকার করেছে।

৯। কলেজ অভ্যন্তরে বিভিন্ন নিয়মিত অনুষ্ঠানে অংশগ্রহণ : ক্লাবের সদস্যবৃন্দ কলেজের অভ্যন্তরে বিভিন্ন অনুষ্ঠানে সংগীত পরিবেশন করে থাকে। যেমন- শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, স্বাধীনতা দিবস, বিজয় দিবস, বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা, শিক্ষা সপ্তাহ ও নৌ-ভ্রমণ প্রভৃতি।

নৃত্যক্লাব

'নব আনন্দে জাগো' স্লোগানে উদ্ভাসিত বাংলা বিভাগের প্রয়াত সহকারী অধ্যাপক তৃষ্ণা গাঙ্গুলী কর্তৃক প্রতিষ্ঠিত নৃত্যক্লাবের বর্তমান মডারেটর ইংরেজি বিভাগের প্রভাষক অংকনী চক্রবর্তী। প্রতিষ্ঠাতা সভাপতি ফাহিম রায়হানের নেতৃত্বে এ ক্লাবে বর্তমানে ৩৩২ জন শিক্ষার্থী সদস্য হিসেবে অন্তর্ভুক্ত রয়েছে। ক্লাবের বর্তমান সভাপতি হিসেবে দায়িত্বপ্রাপ্ত আছে দ্বাদশ শ্রেণির ছাত্রী সানজিলা জেরিন। তারা কলেজের অভ্যন্তরীণ নানা অনুষ্ঠানে নিয়মিত অংশগ্রহণের পাশাপাশি বিভিন্ন টেলিভিশন চ্যানেল ও জাতীয় অনুষ্ঠানেও সমানভাবে অংশগ্রহণ করেছে। কলেজের অভ্যন্তরীণ অনুষ্ঠানগুলোর মধ্যে আছে শিক্ষক-শিক্ষার্থীদের পরিচিতি অনুষ্ঠান ২০১৯ সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০১৯, পুরস্কার বিতরণ অনুষ্ঠান ২০১৯, বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০১৯ ইত্যাদি। বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় এ ক্লাবের আয়োজনে ডিসপ্লে পরিবেশনা করা হয়ে থাকে। কলেজের বাইরের অনুষ্ঠানগুলোর মধ্যে আছে ডিপ্লোমা মিষ্টি লড়াই ৬ নভেম্বর ২০১৯, গ্রান্ড ফিনালে, 'সাও তায়' মুভির শুটিংয়ের জন্য একটি নৃত্য, আসকো-র ২য় প্রতিষ্ঠা বার্ষিকীতে নৃত্য পরিবেশনা, শ্যামা পূজা ২০১৯, দীবাবলি অনুষ্ঠান, 'বাংলা টিভি' নৃত্য অনুষ্ঠান, 'বাংলাদেশ টেলিভিশন' কবিতার দিক দিগন্তে অনুষ্ঠান, রোটারি ক্লাবের অনুষ্ঠান, আইসিএমবি অনুষ্ঠান, এটিএন বাংলা টিভিতে ইদের অনুষ্ঠান, মাই টিভিতে ডান্স ফর উই সাপ্তাহিক অনুষ্ঠান, 'বাংলাদেশ টেলিভিশন' চ্যানেলে নিয়মিত নৃত্য প্রতিযোগিতা 'তারানা' অনুষ্ঠান ইত্যাদি। জাতীয় অনুষ্ঠান হিসেবে নৃত্য ক্লাবের সদস্যরা বঙ্গবন্ধু স্টেডিয়ামে ২৬ মার্চ উপলক্ষ্যে ডিসপ্লেতে অংশগ্রহণ করে।

নেচার স্টাডি ক্লাব

প্রকৃতির সাথে শিক্ষার্থীদের নিবিড় ও প্রত্যক্ষ সম্পর্ক গড়ে তোলার লক্ষ্যে ২০০৬ সালে ঢাকা কমার্স কলেজ নেচার স্টাডি ক্লাব প্রতিষ্ঠিত হয়। 'সৃষ্টিকে জানতে প্রকৃতিকে জানো' এ শ্লোগান নিয়ে পরিচালিত হচ্ছে ক্লাবের কার্যক্রম। ক্লাবের সদস্যদের প্রকৃতির সাথে সরাসরি পরিচয় করিয়ে দেওয়া ক্লাবের মূলমন্ত্র। বর্তমানে ক্লাব মডারেটর সমাজবিদ্যা বিভাগের প্রভাষক (খণ্ডকালীন) মারুফা সুলতানা ও সভাপতি নাফিয়া রাইয়ান।

২০১৯ সালে নেচার স্টাডি ক্লাবের কার্যক্রম নিম্নরূপ :

১। মাসিক সভা : এ বছর ৮টি মাসিক সভা অনুষ্ঠিত হয়। সেখানে প্রকৃতি কেন্দ্রিক বিভিন্ন সচেতনতামূলক বিষয় যেমন– পলিথিন, বায়ু এবং পানি দূষণ ইত্যাদি বিষয়, এছাড়া বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ যেমন– বন্যা, ঘূর্ণিঝড় নিয়েও আলোচনা করা হয়।

২। নবীনবরণ ও বিদায় অনুষ্ঠান : ২০ ফেব্রুয়ারি ২০১৯ ক্লাবে নতুন মডারেটর হিসেবে মারুফা সুলতানাকে ফুলেল শুভেচ্ছা জানানো হয় এবং বিদায়ী মডারেটর মাওসুফা ফেরদৌসী ম্যাডামকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

৩। ইফতার পার্টি : ২০ ফেব্রুয়ারি ২০১৯ ক্লাবের পক্ষ থেকে সব সদস্যের অংশগ্রহণে '4c Classy Chinese and Convention Corner' এ ইফতার পার্টির আয়োজন হয়।

৪। কুইজ প্রতিযোগিতা : ২০ জুলাই ২০১৯ ক্লাবের নতুন সদস্যদের নিয়ে পরিবেশ বিষয়ক কুইজ প্রতিযোগিতার আয়োজন এবং বিজয়ী প্রতিযোগীদের পুরস্কৃত করা হয়। পুরস্কার তুলে দেন সাংস্কৃতিক ক্লাবের আহ্বায়ক এস এম আলী আজম এবং ক্লাব মডারেটর মারুফা সুলতানা।

৫। Nature and Advanture Festival এ **অংশগ্রহণ :** ক্লাব সদস্যরা সেন্ট জোসেফ হায়ার সেকেন্ডারি স্কুলে গত ১২-১৪ সেপ্টেম্বর অনুষ্ঠিত '3rd Nature and Advanture Festival' ২০১৯ এ অংশগ্রহণ করে এবং ওয়াল ম্যাগাজিন প্রজেক্ট বিভাগে প্রথম স্থান অর্জন করে।

৬। National Nature Summit এ **অংশগ্রহণ :** ক্লাব সদস্যরা নটরডেম কলেজ কর্তৃক আয়োজিত গত ২৭-২৮ সেপ্টেম্বর ২০১৯ '10th National Nature Summit' এ অংশগ্রহণ করে। ৭। **নবীনবরণ ও পরিচিতি অনুষ্ঠান :** 'সৃষ্টিকে জানতে প্রকৃতিকে জানো' এ শ্লোগান নিয়ে ২১ অক্টোবর ২০১৯ ঢাকা কমার্স কলেজ নেচার স্টাডি ক্লাবের সদস্যদের নবীনবরণ ও পরিচিতি অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। ঢাকা কমার্স কলেজের কলেজ কনফারেন্স রুমে অনুষ্ঠিত প্রোগ্রামে সাংস্কৃতিক ক্লাবের আহ্বায়ক এস এম আলী আজম, ক্লাব মডারেটর মারুফা সুলতানা ও সভাপতি নাফিস রাইয়ান সহ ক্লাবের উপদেষ্টা ও অন্যান্য নবীন সদস্য বক্তব্য রাখেন। ক্লাবের ২০১৯-২০ বর্ষের নবনির্বাচিত কার্যনির্বাহী পরিষদের সদস্যদের পরিচয় করিয়ে দেন সাংস্কৃতিক কমিটির আহ্বায়ক।

ফিল্ম ক্লাব

ঢাকা কমার্স কলেজের ছাত্র-ছাত্রী কর্তৃক শিক্ষা, নৈতিকতা, মুক্তিযুদ্ধ, ব্যবসায়, বিনোদন ইত্যাদি বিষয়ক ডকুমেন্টারি ফিল্ম তৈরি, প্রশিক্ষণ, প্রতিযোগিতার আয়োজন, প্রতিযোগিতায় অংশগ্রহণ ইত্যাদি উদ্দেশ্যে ৮ জুলাই ২০১৮ ঢাকা কমার্স কলেজ ফিল্ম সোসাইটি গঠন করা হয়। ক্লাবের প্রতিষ্ঠাতা মডারেটর ব্যবস্থাপনা বিভাগের সহযোগী অধ্যাপক এস এম আলী আজম, সভাপতি বাংলা বিভাগের সম্মান ১ম বর্ষের ছাত্র শামসুজ্জোহা রাজু ও সাধারণ সম্পাদক ইংরেজি বিভাগের সম্মান ১ম শ্রেণির ছাত্র সিয়াম জহির ফাগুন। ২০১৯ সালে ক্লাব মডারেটর বাংলা বিভাগের সহকারী অধ্যাপক ড. মীর মোঃ জহিরুল ইসলাম, সভাপতি বাংলা বিভাগের সম্মান ২য় বর্ষের ছাত্র রবিউল খান ও সাধারণ সম্পাদক একাদশ শ্রেণির ছাত্র ফাতিন হাসনাত সিয়াম। এ বছর জাতীয় শোক দিবস ও বিজয় দিবস উপলক্ষ্যে ফিল্ম ক্লাব 'বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ' বিষয়ক ডকুমেন্টারি প্রদর্শন করেছে।

মাসি-পিসি নাটক প্রচার : ৩০ নভেম্বর ২০১৯ উচ্চমাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের পাঠ্য বিষয় কথাসাহিত্যিক মানিক বন্দ্যোপাধ্যায়ের 'মাসি-পিসি' গল্প অবলম্বনে নির্মিত টেলিনাটক 'মাসি-পিসি' প্রদর্শন করা হয়। নাটকটি প্রযোজনায় উর্বশী সাংস্কৃতিক ফোরাম ও আয়োজনে ঢাকা কমার্স কলেজ ফিল্ম ক্লাব। কলেজ কনফারেন্স হলে নাটক প্রদর্শনী উপলক্ষ্যে আলোচনা সভায় বক্তব্য রাখেন নাট্য নির্মাতা অধ্যাপক ড. হারুন-অর-রশিদ, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) প্রফেসর মোঃ শফিকুল ইসলাম, উপাধ্যক্ষ (বিজ্ঞান) প্রফেসর ড. মোঃ আবু মাসুদ, উপদেষ্টা (অ্যাকাডেমিক) প্রফেসর মোঃ মোজাহার জামিল, সাংস্কৃতিক কমিটির আহ্বায়ক এস এম আলী আজম, ফিল্ম ক্লাবের মডারেটর ড. মীর মোঃ জহিরুল ইসলাম।

ল্যাংগুয়েজ ক্লাব

ভাষা শিক্ষা ও দক্ষতা অর্জনের উদ্দেশ্যে ল্যাংগুয়েজ ক্লাব গঠন করা হয়েছে। ক্লাবের মডারেটর ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক মোঃ জাহিদুল কবির, সভাপতি ইংরেজি বিভাগের সম্মান ২য় বর্ষের ছাত্রী সৈয়দা আদিলা রহমান ও সাধারণ সম্পাদক শিহাব খান। ২০১৯ সালে যেসব কার্যক্রম করা হয় তা হচ্ছে–

মহান জাতীয় দিবস ও বিজয় দিবসে দেয়ালিকা প্রকাশ;

বিভিন্ন ল্যাংগুয়েজ ফেস্টে সদস্যদের অংশগ্রহণ;

ধারাবাহিক কার্যক্রমের অংশ হিসেবে অভ্যন্তরীণভাবে বিভিন্ন ল্যাংগুয়েজ ইভেন্টের আয়োজন।

রিডার্স অ্যান্ড রাইটার্স ক্লাব

শিক্ষার্থীদের বইপড়া ও লেখায় উদ্‌বুদ্ধ করতে গঠিত হয়েছে রিডার্স অ্যান্ড রাইটার্স ক্লাব। ২০১৯ সালে ক্লাবের মডারেটর ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক মোঃ মঈনউদ্দিন আহমদ এবং ২০২০ সালে ক্লাবের মডারেটর ইংরেজি বিভাগের প্রভাষক অনুপম বিশ্বাস। ২০১৯ সালে ক্লাবের সভাপতি হিসাববিজ্ঞান ৪র্থ বর্ষের ছাত্র নিলয় পারভেজ ও সাধারণ সম্পাদক অর্থনীতি সম্মান ১ম বর্ষের ছাত্রী তাকিয়া বিনতে রাশেদ। আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে এ বছর ক্লাবটি দেয়ালিকা প্রকাশ করে।

আবৃত্তি ক্লাব

'অন্তর মম বিকশিত কর'-এই শ্লোগান লালন করে ৯ আগস্ট ১৯৯৭ গঠিত হয়েছে ঢাকা কমার্স কলেজ আবৃত্তি ক্লাব। ২০১৯ সালে ক্লাবের মডারেটর বাংলা বিভাগের সহকারী অধ্যাপক রেজাউল আহমেদ এবং ২০২০ সালে ক্লাবের মডারেটর বাংলা বিভাগের সহকারী অধ্যাপক পার্থ বাড়ৈ।

সাধারণজ্ঞান ক্লাব

সাধারণজ্ঞান ক্লাব এমন একটি বিষয়, যেটি সব মানুষের সব বয়সে প্রয়োজন। বিশেষ করে শিক্ষার্থীদের প্রয়োজন আরও বেশি। তাদের লেখাপড়া ও ভবিষ্যৎ জীবন গঠনে সাধারণজ্ঞান গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এসব কথা বিবেচনা করে ঢাকা কমার্স কলেজে সাধারণজ্ঞান ক্লাব গঠন করা হয়। ২০১৯-২০ বর্ষে ক্লাবের মডারেটর ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং বিভাগের প্রভাষক মোঃ আহসান তারেক। এ বছর বিভিন্ন দিবসকে কেন্দ্র করে সাধারণজ্ঞান প্রতিযোগিতার আয়োজন করা হয়।

নাট্যক্লাব

'নাটক হোক অসুন্দরের বিরুদ্ধে মুক্ত প্রতিবাদ'-এই স্লোগানকে বুকে ধরে নিয়মিত কার্যক্রম চালিয়ে যাচ্ছে ঢাকা কমার্স কলেজ

নাট্যক্লাব। বর্তমানে এ ক্লাবের মডারেটর বাংলা বিভাগের সহকারী অধ্যাপক মীর মোঃ জহিরুল ইসলাম। ২০১৯-২০ বর্ষে ক্লাবের সভাপতি বাংলা সম্মান ২য় বর্ষের ছাত্র রবিউল আউয়াল ও সাধারণ সম্পাদক ব্যবসায় প্রশাসন বিভাগের ছাত্র সোহান কাজী রাব্বি। এ বছর শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে ক্লাব সদস্যবৃন্দ নাটক প্রদর্শন করে। বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় ক্লাব সদস্যবৃন্দ আকর্ষণীয় লোকনৃত্য প্রদর্শন করে।

বিজনেস ক্লাব

শিক্ষার্থীদের ব্যবসায় বাস্তব ধারণা দেওয়ার লক্ষ্যে ২৩ অক্টোবর ২০১৬ গঠিত হয়েছে ঢাকা কমার্স কলেজ বিজনেস ক্লাব। ক্লাবের মডারেটর ব্যবস্থাপনা বিভাগের সহকারী অধ্যাপক তন্ময় সরকার ও সভাপতি বিবিএ প্রোগ্রামের শিক্ষার্থী বর্ষণ।

ক্লাব সভার নির্ধারিত দিবস

অধ্যক্ষের সভাপতিত্বে সাংস্কৃতিক কমিটি ও ক্লাব মডারেটরবৃন্দের সভার সিদ্ধান্ত অনুযায়ী জানুয়ারি ২০১৯ থেকে সাংস্কৃতিক ক্লাবসমূহের নিয়মিত সভার তারিখ নির্ধারিত হয়। সভার সময়- বিকাল ৪:৩১ মিনিট এবং **স্থান-** সাংস্কৃতিক ক্লাব এসেম্বলি কক্ষ (কক্ষ নং ১০৭, ভবন ২)।

নং	ক্লাবের নাম	প্রতিষ্ঠাকাল	নিয়মিত সভা
১	বিতর্ক ক্লাব	৩১ অক্টোবর ১৯৯৩	প্রতিমাসের ২য় শনিবার
২	নাট্য ক্লাব	১ জুন ১৯৯৬	প্রতিমাসের ৩য় শনিবার
৩	সংগীত ক্লাব	২৭ জুন ১৯৯৬	প্রতিমাসের ২য় রবিবার
৪	সাধারণজ্ঞান ক্লাব	২০ নভেম্বর ১৯৯৬	প্রতিমাসের ৪র্থ মঙ্গলবার
৫	আবৃত্তি ক্লাব	৯ আগস্ট ১৯৯৭	প্রতিমাসের ১ম সোমবার
৬	রোটার‍্যাক্ট ক্লাব	১৮ আগস্ট ২০০১	প্রতিমাসের ১ম, ৩য় ও ৫ম রবিবার
৭	রিডার্স অ্যান্ড রাইটার্স ক্লাব	২২ ফেব্রুয়ারি ২০০৬	প্রতিমাসের ১ম মঙ্গলবার
৮	ল্যাংগুয়েজ ক্লাব	২২ ফেব্রুয়ারি ২০০৬	প্রতিমাসের ৩য় বুধবার
৯	আর্টস অ্যান্ড ফটোগ্রাফি ক্লাব	৯ জুলাই ২০০৬	প্রতিমাসের ৩য় মঙ্গলবার
১০	নৃত্য ক্লাব	১ জুন ২০০৭	প্রতিমাসের ৪র্থ সোমবার
১১	নেচার স্টাডি ক্লাব	১৪ মে ২০১১	প্রতিমাসের ১ম বুধবার
১২	বিজনেস ক্লাব	২৩ অক্টোবর ২০১৬	প্রতিমাসের ৪র্থ বুধবার
১৩	ফিল্ম ক্লাব	৮ জুলাই ২০১৮	প্রতিমাসের ৪র্থ শনিবার
১৪	আইটি ক্লাব	১৯ জুলাই ২০১৮	প্রতিমাসের ২য় সোমবার
১৫	সমাজকল্যাণ	২১ জুলাই ২০১৯	প্রতিমাসের ১ম শনিবার
১৬	বিজ্ঞান ক্লাব	১৩ মার্চ ২০১৯	প্রতিমাসের ৩য় সোমবার

ক্লাব র‍্যাংকিং পুরস্কার বিতরণী ও ক্লাব ইফতার

২৬ মে ২০১৯ কলেজ কনফারেন্স হলে ক্লাব র‍্যাংকিং ২০১৮ এর পুরস্কার বিতরণী ও ক্লাব ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) প্রফেসর মোঃ শফিকুল ইসলাম। সভাপতিত্ব করেন সাংস্কৃতিক কমিটির আহ্বায়ক এস এম আলী আজম। অনুষ্ঠানে কলেজের ১৬টি সাংস্কৃতিক ক্লাবের মডারেটর ও সদস্যবৃন্দ অংশগ্রহণ করেন।

বিএনসিসি

ঢাকা কমার্স কলেজের বিভিন্ন অনুষ্ঠানের শৃঙ্খলা কার্যক্রম বাস্তবায়ন শিক্ষার্থীদের শারীরিক ও মানসিকভাবে দৃঢ়চেতা করা এবং সামরিক কার্যে সহায়ক শক্তিতে রূপান্তরের লক্ষ্যে গঠিত হয়েছে বিএনসিসি নৌ-ইউং। বিএনসিসি ঢাকা কমার্স কলেজ প্লাটুনের কমান্ডিং অফিসার স্যার লে. ফয়েজ আহম্মদ এবং প্লাটুন ইনচার্জ CUO ফজলুল করিম আদনান।

২০১৯ সালে বিএনসিসি কার্যক্রম নিম্নরূপ :

১। কলেজ প্রোগ্রামে দায়িত্ব পালন : ঢাকা কমার্স কলেজ বিএনসিসি প্লাটুনের সদস্যগণ প্রতি বছরের ন্যায় কলেজ অভ্যন্তরীণ বিভিন্ন অনুষ্ঠান ও কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য শৃঙ্খলার দায়িত্ব সফলতার সাথে পালন করে আসছে। এ বছরের সম্পাদিত কলেজ অভ্যন্তরীণ কার্যক্রমগুলো উল্লেখ কর হলো : অনার্স ১ম বর্ষের নবীনবরণ, বই মেলা উদ্‌বোধন, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপন, বার্ষিক পুরস্কার বিতরণী, বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী উদ্‌যাপন, কলেজ অভ্যন্তরীণ সচেতনমূলক ডেন্টাল ক্যাম্প, ২৫শে মার্চ গণহত্যা দিবসের স্মৃতিচারণ ও আলোচনা অনুষ্ঠান, মহান স্বাধীনতা দিবস উদ্‌যাপন, দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা, মুক্তিযুদ্ধ বিষয়ক চলচ্চিত্র প্রদর্শনী, মহান স্বাধীনতা দিবস আলোচনা সভা, বিজ্ঞান ভবন উদ্‌বোধন, ২০১৯ সালের একাদশ শ্রেণির ভর্তি কার্যক্রম, একাদশ শেণির ওরিয়েন্টেশন প্রোগ্রাম ২০১৯, চন্দ্র অভিযানের ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে অনুষ্ঠান, ৩০তম অভ্যন্তরীণ ক্রীড়া সপ্তাহ পালন, কলেজে ট্রাফিক সচেতনতামূলক ডিউটি পালন, জাতীয় শোক দিবস পালন, বই বিতরণ উৎসব, সেক্সুয়াল হ্যারেজমেন্ট সচেতনতামূলক কার্যক্রম, মহান বিজয় দিবস উদ্‌যাপন ও বার্ষিক ভোজ উদ্‌যাপন।

২। ক্যাম্প কার্যক্রম : ক্যাডেটদের শারীরিক ও মানসিকভাবে চৌকশ ও সুযোগ্য করে গড়ে তোলার জন্য সারা বছরব্যাপী বিএনসিসি কর্তৃক বিভিন্ন ক্যাম্প কার্যক্রম আয়োজন করা হয়। ঢাকা কমার্স কলেজ প্লাটুনের ক্যাডেটবৃন্দ যে ক্যাম্প কার্যক্রমগুলোতে অংশগ্রহণ ও সাফল্যের সাথে সম্পন্ন করেছে তা হচ্ছে– বার্ষিক প্রশিক্ষণ অনুশীলন ক্যাম্প ২০১৮-২০১৯, ফ্লোটিলা ক্যাম্প ২০১৯, কেন্দ্রীয় প্রশিক্ষণ অনুশীলন ক্যাম্প ২০১৮-২০১৯ ও বিজয় দিবস প্যারেড ২০১৯।

৩। শিক্ষা সফর : ক্যাডেটদের উজ্জীবিত করার লক্ষ্যে প্রতি বছরের ন্যায় ২০১৯ সালে বার্ষিক শিক্ষা সফরে ক্যাডেটবৃন্দ কক্সবাজার এবং চট্টগ্রাম ভ্রমণ করে। কলেজের শিক্ষা সফরের অংশ হিসেবে নৌ-ভ্রমণে অংশগ্রহণ করে।

৪। বার্ষিক ইফতার ও ইদ পুনর্মিলনী : বিএনসিসি ক্যাডেটবৃন্দ কর্তৃক আয়োজিত কলেজ অভ্যন্তরীণ ও বিএনসিসির হেডকোয়ার্টার কর্তৃক আয়োজিত ইফতার মাহফিলে ক্যাডেটবৃন্দ সক্রিয় অংশগ্রহণ করে।

৫। কলেজ অভ্যন্তরীণ ইফতার মাহফিল : প্রতি বছরের ন্যায় ২০১৯ সালেও বার্ষিক ইফতার মাহফিল কলেজ অডিটোরিয়ামে

আয়োজন করে। উক্ত ইফতার অনুষ্ঠানে কলেজ অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), বিভিন্ন বিভাগের শিক্ষকমণ্ডলী এবং ক্যাডেটগণ অংশগ্রহণ করেন।

৬। বিদায় সংবর্ধনা : ঢাকা কমার্স কলেজ বিএনসিসি প্লাটুনের প্রথাগত ঐতিহ্য অনুযায়ী গত ২৭ মার্চ ২০১৯ তারিখে ১৭তম ব্যাচের ক্যাডেটদের বিদায় সংবর্ধনা প্রদান করা হয়।

৭। নতুন ক্যাডেট ভর্তি : শিক্ষার্থীদের যোগ্য ও সুনাগরিক হিসেবে গড়ে তোলার লক্ষ্যে ২০১৯ ব্যাচে ঢাকা কমার্স কলেজ বিএনসিসি প্লাটুনে নতুন ক্যাডেট ভর্তি করা হয়।

৮। প্লাটুন পরিদর্শন : বিএনসিসি কার্যক্রম সঠিক এবং সুষ্ঠুভাবে পরিচালনা এবং নিয়মিত কার্যক্রমের অংশ হিসেবে বিএনসিসি নৌ-উইং এর অধিনায়ক লে. কমান্ডার ওমর ফারুক খান (সি) বিসিজিএম, বিএন প্লাটুন পরিদর্শনে আসেন এবং ভর্তিচ্ছুক শিক্ষার্থীদের সাক্ষাৎকার গ্রহণ এবং তাদের সাথে মত বিনিময় করেন।

৯। কৃতি ক্যাডেট সম্মাননা : শিক্ষা কার্যক্রমে ক্যাডেটদের উৎসাহিত করার লক্ষ্যে বিএনসিসির নিয়মিত কার্যক্রমের অংশ হিসেবে ঢাকা কমার্স কলেজ বিএনসিসি প্লাটুনের ২ (দুই) জন কৃতি ক্যাডেটকে জিপিএ-৫ অর্জন করায় সংবর্ধনা প্রদান করা হয়।

১০। সিইউও পদোন্নতি : বিএনসিসি ক্যাডেটদের সর্বোচ্চ পদবি হলো সিইউও বা ক্যাডেট আন্ডার অফিসার। গত ৯ মে ২০১৯ 'শহিদ সার্জেন্ট রুমি' ভবনে নৌ-উইং-এর অধিনায়ক লে. কমান্ডার রাহাত জোবায়ের স্যার কর্তৃক ঢাকা কমার্স কলেজ বিএনসিসি প্লাটুনের ক্যাডেট সার্জেন্ট ফজলুল করিম আদনানকে ক্যাডেট আন্ডার অফিসার (সিইউও) পদে পদোন্নতি প্রদান করা হয়।

১১। রাষ্ট্রীয় কার্যক্রম : ঢাকা কমার্স কলেজ বিএনসিসি প্লাটুনের ক্যাডেটবৃন্দ বিভিন্ন রাষ্ট্রীয় প্রোগ্রামে যেমন- ১০ মার্চ ২০১৯ এ জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস এবং ১৩ অক্টোবর ২০১৯ এ দুর্যোগ প্রশমন দিবসের অনুষ্ঠানে অংশগ্রহণ করে। উক্ত অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

১২। সামাজিক কার্যক্রম : ঢাকা কমার্স কলেজের বিএনসিসি সদস্যবৃন্দ মাদক বিরোধী সমাবেশ, জঙ্গি ও মাদক বিরোধী সমাবেশ এবং ডেঙ্গু প্রতিরোধ অভিযানে অংশগ্রহণ করে।

কল্যাণ সংঘ

শিক্ষার্থী এবং শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীর কল্যাণের উদ্দেশ্যে কলেজ প্রতিষ্ঠার পরই ১৯৮৯ সালে গঠিত হয় ঢাকা কমার্স কলেজ কল্যাণ সংঘ। এ সংঘ শিক্ষার্থীদের কল্যাণের বিষয় বিবেচনায় এনে শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের নিরাপদ ও স্বাস্থ্যসম্মত টিফিন ও ইউনিফর্ম সামগ্রী সরবরাহের গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করে থাকে। কল্যাণ সংঘ শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের বিনোদনমূলক কর্মকাণ্ড, বিদায় সংবর্ধনা, ফলাহার, বিভিন্ন উৎসবে উপহার প্রদান, মানবিক সাহায্য প্রদান প্রভৃতি সামাজিক কার্যক্রম পরিচালনা করে থাকে। ২০১৯ সালে কল্যাণ সংঘের সচিব ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক খায়রুল ইসলাম।

শতভাগ ক্লাসে উপস্থিতি

২০১৯ সালে উচ্চমাধ্যমিক শ্রেণির ৩৩ জন এবং স্নাতক (সম্মান), স্নাতকোত্তর শ্রেণি ও প্রফেশনাল কোর্সের ৫৩ জন শিক্ষার্থী শতভাগ ক্লাসে উপস্থিত ছিল এবং এসব শিক্ষার্থীকে কলেজ থেকে পুরস্কৃত করা হয়। শতভাগ ক্লাসে উপস্থিত শিক্ষার্থীদের তালিকা (রোল নম্বর) নিম্নরূপ :

উচ্চমাধ্যমিক শ্রেণি, শিক্ষাবর্ষ : ২০১৮-২০১৯

চেয়ারম্যান, বাংলা বিভাগ সেকশন M-2, M-19, SP-1, SP-16	চেয়ারম্যান, সমাজবিদ্যা বিভাগ সেকশন M-1, M-20, M-21, SP-17	চেয়ারম্যান, ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ সেকশন M-3, M-18, SP-2, SP-15	চেয়ারম্যান, ব্যবস্থাপনা বিভাগ সেকশন M-5, M-16, SP-4, SP-13	চেয়ারম্যান, পরিসংখ্যান বিভাগ সেকশন M-6, M-15, SP-5, SP-12	চেয়ারম্যান, হিসাববিজ্ঞান বিভাগ সেকশন M-7, M-14, SP-6, SP-11	চেয়ারম্যান, ইংরেজি বিভাগ সেকশন M-8, M-13, Eng-1, Eng-2	চেয়ারম্যান, সিএসই বিভাগ সেকশন M-4, M-17, SP-3, SP-14	চেয়ারম্যান, মার্কেটিং বিভাগ সেকশন M-9, M-12, SP-7, SP-10	চেয়ারম্যান, অর্থনীতি বিভাগ সেকশন M-10, M-11, SP-8, SP-9, SP-18	সর্বমোট
৪১১১৭	৪০৩৭৩	৪০৪৭৬	৪০৩৮২	৪০৩১৩	৪০৫০১	৪০৭৮০	৪০৩৬৩	৪১২১০	৪০২৬৭	
৪১৫০২	৪০৫৩৯	৪০৫৭৬		৪০৩৫৩	৪০৫০২	৪১৭৭৩	৪০৩৭২	৪১২৫২	৪০৩১২	
	৪১১৫৪	৪১১১০		৪০৩৮৩			৪০৩৮৯		৪০৩২৯	
		৪১৯৬২		৪০৬৫৭			৪০৫৮৯		৪০৫৫৪	
		৪২০১৯		৪১১৩৩					৪১২২৬	
									৪১৬৬৩	
									৪১৮৫৮	
০২ জন	০৩ জন	০৫ জন	০১ জন	০৫ জন	০২ জন	০২ জন	০৪ জন	০২ জন	০৭ জন	৩৩ জন

স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর শ্রেণি এবং প্রফেশনাল কোর্স

নং	বিভাগ	অনার্স ১ম বর্ষ শিক্ষাবর্ষ : ২০১৮-১৯	অনার্স ২য় বর্ষ শিক্ষাবর্ষ : ২০১৭-১৮	অনার্স ৩য় বর্ষ শিক্ষাবর্ষ : ২০১৬-১৭	অনার্স ৪র্থ বর্ষ শিক্ষাবর্ষ : ২০১৫-১৬	মাস্টার্স শিক্ষাবর্ষ : ২০১৬-১৭	সর্বমোট
১	ব্যবস্থাপনা	M-1491, M-1514			M-1227, M-1188		০৪ জন
২	হিসাববিজ্ঞান	A-1682, A-1699	A-1650, A-1651	A-1459	A-1351, A-1372	AM-514	০৮ জন
৩	মার্কেটিং	MKT-1553, MKT-1554	MKT-1426	MKT-1309			০৪ জন
৪	ফিন্যান্স এন্ড ব্যাংকিং	F-1488	F-1376, F-1381, F-1407, F-1408		F-1238, F-1281		০৭ জন
৫	ইংরেজি				E-517		০১ জন
৬	অর্থনীতি	Eco-527, Eco-533		Eco-438			০৩ জন
৭	বাংলা						জন
৮	বিবিএ	BBA-1041, BBA-1117, BBA-1024	BBA-818, BBA-824, BBA-829, BBA-916, BBA-1014, BBA-948, BBA-1011	BBA-595, BBA-585, BBA-768	BBA-462, BBA-543, BBA-560, BBA-556, BBA-469, BBA-471		১৯ জন
৯	সিএসই	CSE-70 CSE-91	CSE-45	CSE-12, CSE-13, CSE-16, CSE-17			০৭ জন
	মোট	১৪ জন	১৫ জন	১০ জন	১৩ জন	০১ জন	৫৩ জন

কলেজের সামগ্রিক তথ্য ও বাৎসরিক কর্মসূচি তুলে ধরা হলো এই প্রতিবেদনে। ঢাকা কমার্স কলেজের সাফল্যগাথা এবং নিরন্তর ও সুশৃঙ্খল কর্মধারার উষ্ণ প্রবাহ পরিলক্ষিত হয়েছে এই প্রতিবেদনে। প্রতিবেদনে সংযোজিত সালতামামিই ঢাকা কমার্স কলেজের স্বোপার্জিত শ্রেষ্ঠত্ব ও বিশালত্বকে প্রমাণ করে। দৃঢ় প্রত্যয়ী ও অক্লান্ত কর্মযজ্ঞ ঢাকা কমার্স কলেজের সুকীর্তি ও উন্নয়নের পথকে করেছে সুপ্রসারিত। অবিরত এ যাত্রা ক্লান্তিহীন, গতিময় ও তেজোদীপ্ত। প্রভূত উন্নয়ন ও সাফল্য অর্জন করতে গিয়ে এই কলেজ কখনো পিছপা হয়নি, হার মানেনি পশ্চাৎপদতার কাছে। তাই স্বীকৃত ভালোবাসায় ঢাকা কমার্স কলেজ আজ অভিষিক্ত ও গৌরবান্বিত। অন্তরের অন্তঃস্থলের সুগভীর ভালোবাসা আর হৃদয়ানুভূতির উষ্ণধারায় অবগাহন করুক ঢাকা কমার্স কলেজ। কলেজের গৌরবময় ইতিহাসে যুক্ত হতে থাক নব নব সাফল্যের ধারা। ঢাকা কমার্স কলেজ পরিবার অনন্ত, অক্ষয় প্রতিমূর্তিতে ভাস্বর হয়ে থাক সবার অন্তরের মণিকোঠায়।

তথ্যসূত্র : অফিস, বিভাগ, শাখা, ক্লাব ও কমিটি

প্রবন্ধ

কবিতা

গল্প

ভ্রমণ কাহিনী

স্মৃতিকথা

তথ্য বিচিত্রা

ধাঁধা

English Writings

সূচি

প্রবন্ধ
১। উচ্চ মাধ্যমিক স্তরে আগত নবীন শিক্ষার্থীদের উদ্দেশে
২। বাংলাদেশে শিক্ষা ব্যবস্থার উন্নয়নে CEDP
৩। গ্যাব্রিয়েল গার্সিয়া মার্কেসের নোবেল ভাষণ
৪। বিশ্ববিখ্যাত বিজ্ঞানী আইনস্টাইনের জীবনের একটি মাত্র ভুল
৫। ঢাকা কমার্স কলেজে বিদায় সংবর্ধনা অনুষ্ঠান ২০১৮
৬। সময় সর্বদাই মূল্যবান
৭। ঢাকা কমার্স কলেজ
৮। কবিতা
৯। শিক্ষকগণই সমাজের মহান ব্যক্তি
১০। বন্ধুত্ব
১১। ইংরেজি কবিতায় ওয়ার্ডসওয়ার্থের অবদান

কবিতা
১। সমতা-অভিধান
২। হুমকি সম্বন্ধনীয়
৩। প্রিয় বাংলাভাষা
৪। শিক্ষার মূল্য
৫। যখন আমি থাকব না
৬। বাবা
৭। স্বাধীনতার স্বপ্ন
৮। বিজ্ঞান চিন্তা
৯। ইচ্ছে ছিল
১০। শেষ ইচ্ছে
১১। প্রকৃতি
১২। চুপিসারে ভোর তুমি
১৩। বন্ধু গেল যুদ্ধে
১৪। স্মৃতিতে ক্লাসরুম
১৫। আপন ভুবন
১৬। জ্বলে ওঠা প্রাণ
১৭। স্বপ্নের প্রজাপতিগুলো
১৮। দাদু
১৯। বাংলার প্রকৃতি

গল্প
১। জীবন জীবনের জন্য
২। ট্রেন টু সামহ্যোয়ার
৩। তিন বন্ধুর নির্মম জীবন
৪। সে
৫। কাঠপুতুল

ভ্রমণ কাহিনী ও স্মৃতিকথা
১। দক্ষিণ এশিয়া ছাড়িয়ে
২। মা আবার এসো ফিরে

তথ্য বিচিত্রা ও ধাঁধা
১। রক্তদানের পর করণীয়
২। রহস্যময় দিন পঞ্জিকা
৩। তথ্য বিচিত্রা
৪। তথ্য বিচিত্রা
৫। ধাঁধা

English Writings
1. Fifth Freedom
2. Nature
3. Nanochemistry and Its Application
4. Best Motivational Messages for Students

প্রবন্ধ

উচ্চ মাধ্যমিক স্তরে আগত নবীন শিক্ষার্থীদের উদ্দেশে

প্রফেসর মোঃ মুতিয়ূর রহমান
সাবেক উপাধ্যক্ষ একাডেমি

হে নবীন,

তুমি আজ নবীন কোন দিক থেকে? তুমি কিশোর জীবন পূর্ণ করে যৌবনের প্রথম সিঁড়িতে পা রেখেছ বলেই তুমি যৌবনে নবীন। যৌবনের পূর্ণতার দিকে তুমি প্রবাহিত। আবার মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের বাধ্যবাধকতার কোর্স সম্পন্ন করে এখন তুমি দায়িত্বশীল হওয়ার জন্যে শিক্ষার উচ্চস্তরে পদার্পন করেছ, এখানেও তুমি নবীন। তাই নবীন বিশেষণে তুমি আখ্যায়িত। তুমি এখন একেবারে সজীব, নতুন। তোমার এখন সবদিকেই নজর। তোমার শরীর মনের চাহিদাও নতুন। তুমি সাধনার স্তরে এখন নব উদ্যমে চলবে।

হে দায়িত্ববোধে অবস্থানকারী,

এখন থেকে তোমার জীবনে যে কোনো সিদ্ধান্ত গ্রহণ করতে দ্বন্দ্ব আসবে। তোমার প্রতিকর্মেই একটা 'হ্যাঁ'-বোধক আর একটা 'না'-বোধক পথ তুমি দেখবে। 'হ্যাঁ' বোধে দায়িত্বপালন করলেই তুমি শুদ্ধ পথে যাবে। আর 'না' বোধে চলে গেলে তুমি তোমার জীবনের ক্ষতির দিকে যাবে। 'না' ও 'হ্যাঁ'-এর দ্বন্দ্বের মিমাংসার জন্যে তোমাকে গুরুজনের সহায়তা নিতে হবে। কেবল তখনই তুমি দ্বন্দ্ব থেকে মুক্তি পাবে। দ্বন্দ্ব কাটিয়ে উঠতে পারলেই তুমি সরল পথ পেয়ে যাবে।

হে রিপু দমনকারী,

প্রতি মানুষের সাথেই ছয়টি শত্রু একান্তভাবে বসবাস করে, এগুলোকে একশব্দে বলে রিপু। রিপুগুলোর নাম: কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ, মাৎসর্য। এগুলোকে দমনে রেখে জীবন পরিচালনা করলেই মানবজীবন সার্থক হয়। দমন করতে ব্যর্থ হলেই মানবজীবন পশুর জীবনে নেমে যায়। আগুন নিয়ন্ত্রণে থেকেই রান্না করে দেয়, আবার নিয়ন্ত্রণ হারা হলেই সে পুড়িয়ে ছারখার করে। আগুনের মতোই রিপুকে নিয়ন্ত্রণে রাখতে হবে। শিক্ষক তোমাকে রিপুগুলো সম্পর্কে সচেতন করে দেন।

হে অধ্যয়নশীল,

তুমি পড়াশোনা করেই শিখবে। তোমার পাঠ্যবইটি তুমিই পড়বে। পড়তে পড়তে পাঠ্যবইয়ের যে অংশ, যে শব্দ ও যে ভাবকে তুমি ধরতে পারবে না, বুঝতে অক্ষম হবে, বইয়ের সে অংশের নীচে কাঠপেন্সিল দিয়ে দাগ দিয়ে দিয়ে পড়ে যাবে। তারপর শিক্ষকের কাছ থেকে সেসব দাগপড়া অংশের, শব্দের ও ভাবের অর্থ বুঝে নিবে। পাঠ্যবইয়ের প্রত্যেক পাতাই তোমাকে পড়ে বুঝতে হবে। পরীক্ষার উত্তর দিতে প্রয়োজন পড়বে এমন অংশগুলো বারবার পড়বে এবং আয়ত্ব করবে।

কোনো একটা অংশ পড়ার পর পরই তুমি খাতায় লিখে ফেলবে। না লিখে শুধু পড়তে থাকলে গত বিষয় সঠিক মাত্রায় আয়ত্বে আসে না। আসলে তুমি তো লেখাপড়াই করো। যত মাত্রায় পড়া তত মাত্রায় লিখতে হয়। লেখা ও পড়া শব্দ দুটো একত্রে পাশাপাশি থাকে। কেউ জিজ্ঞাসা করলে "তুমি কী করো" তোমার উত্তর হয় "আমি লেখাপড়া করি"। তার মানে তুমি লেখাও করো আবার পড়াও করো । কেউ যদি শুধু পড়ে, না লিখে, তবে সে তার অর্ধেক কাজ করল। পড়া হলো, কিন্তু লেখা হলো না।

পাঠ্য বইয়ের বিষয়বস্তু মুখস্থ করে লেখা যায়, মুখস্ত না করে বই দেখে দেখে লেখা যায় অথবা পাঠের বিষয়বস্তু বুঝে নিয়ে নিজের ভাষায়ও লেখা যায়। যাহোক, শিখবার জন্যে পড়ার সাথে সাথে লেখাটাও বাধ্যতামূলক। এভাবে পড়ালেখা করলেই তুমি ভালো শিখতে পারো। শিখবার এটাই পদ্ধতি।

হে পাঠগ্রহণকারী,

শ্রেণিকক্ষে তুমি কীভাবে প্রস্তুত থাকলে শিক্ষকের প্রদত্ত পাঠদানকে বুঝতে পারবে বা আয়ত্ব করতে পারবে। তার কৌশল হলো, শিক্ষক যে বিষয়ে পাঠদান করবেন তুমি তা ক্লাসে আসার আগেই নিজে নিজেই ২/৩ বার করে পড়ে আসবে এবং একা একা পড়তে পড়তে পাঠের যে অংশ ভালো বুঝতে পারবে না সে অংশের নিচে বইয়ের মধ্যে কাঠ পেন্সিলে দাগ দিয়ে দিয়ে পড়বে। এ রকম পড়াকে বলে 'আগাম পাঠ'। ক্লাসে শিক্ষকের প্রদত্ত পাঠবক্তৃতা শুনতে শুনতে তোমার ক্লাস নোট খাতায় নোট করে করে শিক্ষকের প্রদত্তপাঠ শ্রবণ করবে। এই পাঠ গ্রহণকে বলে 'ক্লাসের পাঠ'। ক্লাস শেষে বাড়িতে গিয়ে ওই একই পাঠকে পুনরায় পড়বে। এই পাঠকে বলে 'পুনঃপাঠ'। তাহলে (১) আগাম পাঠ (২) ক্লাসের পাঠ ও (৩) পুনঃপাঠ, একই বিষয় তোমার দৈনিক তিনবার পড়া হয়ে যাবে এবং শেষবারে বিষয়টাকে খাতায় লিখে রাখলেই তোমার লেখাপড়া পাকাপাকি হয়ে যাবে। এভাবে পড়ে পড়ে তোমার পাঠ্য বইয়ের বিষয়বস্তু তোমাকে আয়ত্ব করতে হবে। তবেই তুমি সফল শিক্ষার্থী।

এই পদ্ধতিতে দৈনিক ৩/4 ঘণ্টা পড়া করতে হবে। পড়া

করতে করতে পড়ার বিষয়বস্তুকে খাতায় লিখেও ফেলবে। এই অবস্থাকে বলা হয় 'পড়ে লিখি শিখি'। 'পড়ে লিখে শিখে' নিতে পারলেই তোমার জানাটা পাকা হয়ে গেল।

প্রতিটি বিষয়ের জন্যে একটা করে নোট খাতা ক্লাসে নিয়ে যাবে এবং যে শিক্ষক যে বিষয় পড়াবেন সে বিষয়ের নোট খাতায় শিক্ষকের আলোচনা সংক্ষিপ্তভাবে নোট করে আনবে। প্রত্যেক দিনের নোট খাতায় নোট করার সময় নোট খাতার ডানপাশে উপরের মার্জিনে তারিখ লিখবে, তারিখের নিচে শিক্ষকের নাম লিখবে এবং তারও নিচে যে বিষয়টি শিক্ষক পাঠদান করছেন তার শিরোনাম লিখবে। এই নোট খাতা তুমি কখনো হাতছাড়া করবে না। তোমার সারাজীবন এই নোট খাতা কাজে লাগবে ।

হে মনুষ্যত্ব অর্জনকারী,

তোমাদের নবযৌবনের শরীর মনকে মনুষ্যত্ব অর্জনের দিকে চালনা করতে হবে। মনুষ্যত্ব বিষয়টি কী? মানুষের অর্জিত সৎ গুণকেই সামগ্রিকভাবে বলা যায় মনুষ্যত্ব। অর্থাৎ মিথ্যা কথা না বলা, সত্যাশ্রয়ী থাকা, মানুষের প্রতি সহানুভূতিশীল থাকা, দয়া, ভালোবাসা প্রেম অনুরাগ রক্ষা করে চলা। শরীর মনের খারাপ গুণগুলোকে ঝেড়ে ফেলে, উৎকর্ষলাভ করতে হবে। তার জন্যে মানুষের আচার আচরণ, চিন্তা চেতনা ভালোবাসা প্রেমপ্রীতি ইত্যাদি নিয়ে লেখা বই পড়তে হবে। আর সেরকম বই হলো সাহিত্যবই, অর্থাৎ গল্প, উপন্যাস, কবিতা, প্রবন্ধ ও বিভিন্ন বিষয়ের উপর লেখা রচনা। তোমার পাঠ্য বই পড়ার ফাঁকে ফাঁকে তুমি ওইরকম বই পড়বে মনুষ্যত্বকে বোঝার জন্যে, জাগ্রত করার জন্যে।

হে ভবিষ্যতের আয় উপার্জনকারী,

মানুষের প্রধান ইচ্ছা থাকে, সে আয় উপার্জন করে জীবনকে উপভোগে রাখবে। সমাজে প্রতিষ্ঠালাভ করবে। প্রতিষ্ঠানিক পড়ালেখা শেষ করে এই পথেই তোমাকে নামতে হবে। এই পথেই তুমি তোমার বাকি জীবনকে জড়িয়ে রাখবে। পড়াশুনার ফাঁকে ফাঁকে বাস্তব জীবনে কোন ধরনের কাজ করলে অর্থ উপার্জন হবে, সেকাজ সম্বন্ধে কল্পনা করবে এবং সেরকম কাজ সামনে আসলে তাতে তুমি সহায়তা করে কাজের সঙ্গে যুক্ত হবে। কল্পনা করে , অভিজ্ঞ লোকের পরামর্শ শুনে, কর্ম জীবনের উপর তোমার মনোচ্ছবি তৈরি করতে হবে। তবেই যখন সময় হবে তখন অর্থ-উপার্জনে নেমে গিয়ে সফলতা লাভ করতে পারবে। আর্থিকভাবে স্বাবলম্বী হতে পারবে, কর্মজীবন আনন্দে ভরে উঠবে।

হে শিক্ষার্থী বন্ধুরা,

মনের ভাব প্রকাশের জন্যে ভাষা শিক্ষার প্রয়োজন। কর্মক্ষেত্রেও ভাষা ব্যবহার করেই কাজ করা হয়। ভাব প্রকাশ ও কাজ করার জন্যে সঠিক এবং উপযুক্ত শব্দ ব্যবহার করার মধ্যেই ভাবের ও কাজের অর্থপূর্ণ প্রকাশ ঘটে। সেজন্য অভিধান পাঠ করে শব্দ ও তার অর্থ শিখে, ভাব ও কর্ম নির্দেশনা প্রকাশের উপযুক্ত শব্দ প্রয়োগ করা যায় এবং তখন ভাষার প্রকাশটা সাবলীল হয়ে ওঠে। মনে রেখ, ভাষা ব্যবহারের ও সঠিক উচ্চারণের কারণেই মানুষ নিজে মর্যাদালাভ করে। অভিধানকে শব্দ সাহিত্যও বলা হয়।

অবসর মুহূর্তগুলোতে বাংলা থেকে বাংলা, বাংলা থেকে ইংরেজি, ইংরেজি থেকে বাংলা– এই তিনটি অভিধান থেকে শব্দ ও অর্থ শিখতে পার। দৈনিক ১০টি করে শব্দ ও অর্থ পড়া হলে বছর শেষে তোমার মস্তিষ্কে শব্দের ও অর্থের ভাণ্ডার গড়ে উঠবে এবং সাথে সাথে তুমি নিজেও উৎকর্ষ লাভ করবে।

সজীব বন্ধুরা,

আজ তোমাদেরকে আমাদের কাছে পেয়ে আমরাও উৎসাহিত! তোমাদের অগ্রগতিতে আমরাও অবদান রাখার জন্যে প্রস্তুত। তোমাদেরকে আমরা আজ আন্তরিক প্রীতি ও স্নেহের সাথে বরণ করে নিলাম। তোমাদের জন্যে আমাদের পূর্ণ সহযোগিতা, সহানুভূতি ও আশীর্বাদ থাকবে। তোমরা পূর্ণ গতিতে এগিয়ে যাও।

সবশেষে বাংলা একাডেমিপ্রচারিত একটা ছড়া তোমাদের উদ্দেশে নিবেদন করে আমি আমার স্বাগত সম্ভাষণের ইতি টানছি:

অজ্ঞানতা হানিছে আঘাত;
অস্ত্র তোমার কই?
অস্ত্র তোমার লেখাপড়া;
অস্ত্র তোমার বই।

বাংলাদেশে শিক্ষা ব্যবস্থার উন্নয়নে CEDP

প্রফেসর ড. এ. এম. সওকত ওসমান
আহ্বায়ক
সিইডিপি কমিটি
ঢাকা কমার্স কলেজ

বাংলাদেশের কলেজ পর্যায়ে শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন কলেজসমূহের জন্য বাংলাদেশ সরকার বিশ্বব্যাংকের আর্থিক সহায়তায় একটি প্রকল্প গ্রহণ করে যার নাম CEDP (College Education Development Project). এটি Institutional Development Grant (IDG) এর একটি উপপ্রকল্প। বাংলাদেশ সরকার শিক্ষার উন্নয়নকে অগ্রাধিকার প্রদান করছে এবং এ লক্ষ্যে CEDP বাস্তবায়নে পদক্ষেপ গ্রহণ করেছে। এই প্রকল্পে বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংক যৌথভাবে অর্থায়ন করছে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, জাতীয় বিশ্ববিদ্যালয় ও শিক্ষা মন্ত্রণালয় এই প্রকল্পের নির্বাহী প্রতিনিধি। এই প্রকল্পের কার্যক্রম শুরু হয়েছে ২০১৬ সালের জুন মাস থেকে যা ২০১৯-২০২০ অর্থবছর বাস্তবায়ন শুরু হয় এবং প্রকল্পের মোট ব্যয় ১০৪০০ মিলিয়ন টাকা।

CEDP প্রকল্পের মূল উদ্দেশ্য হলো কলেজ শিক্ষা সাব-সেক্টরের মান উন্নয়ন এবং অংশগ্রহণকারী কলেজসমূহের শিক্ষা সহায়ক পরিবেশ উন্নয়নের মাধ্যমে শিক্ষার্থীদের শিক্ষার মান উন্নয়ন করা যাতে তারা বিশ্বায়নের চ্যালেঞ্জ গ্রহণে সমর্থ হয়।

CEDP প্রকল্পের উদ্দেশ্যসমূহকে নিম্নোক্তভাবে উপস্থাপন করা যায় :

(i) অংশগ্রহণকারী কলেজসমূহের Teaching Learning Facilities উন্নয়ন করা

(ii) শিক্ষা সামগ্রী সরবরাহ, কানেকটিভিটি ও ক্যাম্পাস নেটওয়ার্ক স্থাপন;

(iii) শিক্ষার মান নিশ্চিতকরণের জন্য প্রতিষ্ঠানিক সেলফ এসেসমেন্ট তৈরি করা এবং ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম স্থাপন;

(iv) শিক্ষক ও কর্মকর্তাদের বিভিন্ন প্রশিক্ষণ বিশেষত ICT বিষয়ে প্রশিক্ষণ;

(v) শিক্ষার্থীদের বিভিন্ন প্রশিক্ষণের ভৌত ও কারিগরি সুবিধা প্রদান; এবং

(vi) শিক্ষার্থীদের সফটস্কিল ও ইন্ডাস্ট্রি লিংকেজ তৈরি করা ইত্যাদি।

CEDP প্রকল্পে ঢাকা কমার্স কলেজ ৪ (চার) কোটি টাকার অনুদান পায়। বিগত ২৪/০৮/২০১৯ তারিখে ঢাকা কমার্স কলেজ এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে ৪ (চার) কোটি টাকার চুক্তি সম্পাদিত হয়।

সিইডিপি-র সিনিয়র প্রোগ্রাম অফিসার জনাব মামুনুল হকের নিকট থেকে চুক্তিপত্র গ্রহন করছেন ঢাকা কমার্স কলেজে সিইডিপি প্রকল্পের আহ্বায়ক প্রফেসর ড. এ. এম. সওকত ওসমান

ঢাকা কমার্স কলেজে CEDP প্রকল্পের অধীনে কার্যক্রম ইতোমধ্যে শুরু হয়েছে। গত ০১/০৩/২০২০ তারিখে ঢাকা কমার্স কলেজের উন্নয়ন কমিটির সভায় CEDP-এর আহ্বায়ক প্রফেসর ড. এ. এম. সওকত ওসমান প্রতিবেদন উপস্থাপন করেন।

সিইডিপি প্রকল্পের অধীনে ঢাকা কমার্স কলেজের উন্নয়ন প্রকল্পের জন্য ২০১৯-২০২০ অর্থ বছরের দুটি RFQ আহ্বান করা হয়েছে। একটি পণ্য সরবরাহ করেছে, অপরটির কার্যাদেশ প্রদান করা হয়েছে যার কাজ চলমান। প্রথম RFQ টি প্রায় ৫ লাখ টাকা যার অধীন প্রকল্প অফিসের জন্য ল্যাপটপ, ডেস্কটপ, ফটোকপিয়ার, প্রিন্টার ইত্যাদি। দ্বিতীয় RFQ টি প্রকল্প অফিসের ইনটিরিয়র কাজ এবং ফার্নিচার সরবরাহ। ইতোমধ্যে কেন্দ্রীয় প্রকল্প অফিসের মাধ্যমে সরবরাহের জন্য ঢাকা কমার্স কলেজের পক্ষ হতে অনুমোদিত পরিকল্পনার আওতায় ৪৫টি ডেস্কটপ কম্পিউটার, ১০টি ল্যাপটপ কম্পিউটার, ২৫টি প্রজেক্টর, ২টি ডিজিটাল নোটিশ বোর্ডের চাহিদা প্রদান করা হয়েছে যা মে-২০২০ সালের মধ্যে ঢাকা কমার্স কলেজে প্রেরণ করা হবে।

২০-১১-২০১৯ তারিখ ঢাকা কমার্স কলেজ উন্নয়ন কমিটির ৭৯তম সভায় সিইডিপি কমিটির আহ্বায়ক প্রফেসর ড. এ. এম. সওকত ওসমান কর্তৃক উত্থাপিত পরিকল্পনার অংশ হিসেবে অডিটোরিয়ামের এক্যুইস্টিক, সাউন্ড সিস্টেম ও শীতাতাপ নিয়ন্ত্রণ কাজের ব্যাপারে উল্লেখ করা হয়। উক্ত কাজ এক্যুইস্টিক ও সাউন্ড সিস্টেম কলেজের পক্ষ হতে এবং শীততাপ নিয়ন্ত্রণ কাজ সিইডিপি'র পক্ষ হতে সম্পাদনের প্রস্তাব করা হয়। পরবর্তী পর্যায়ে পরিচালনা পরিষদের সভায় একই প্রতিবেদন ও প্রস্তাব উত্থাপন করা হয়। উন্নয়ন কমিটি বিষয়টি ইতিবাচক বলে মন্তব্য করে এবং এ ব্যাপারে দুই-তিনটি স্বনামধন্য প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে সম্ভাব্য ব্যয়ের একটি প্রতিবেদন পরিচালনা পর্ষদে উত্থাপনের সিদ্ধান্ত প্রদান করে।

২০২০-২০২১ ও ২০২১-২০২২ আর্থিক বছরে উক্ত প্রকল্পের আওতায় বেশ কিছু উন্নয়ন কার্যক্রম সম্পাদিত হবে।

গ্যাব্রিয়েল গার্সিয়া মার্কেসের নোবেল ভাষণ
ল্যাটিন আমেরিকার নিঃসঙ্গতা

অনুবাদ: মো. মনসুর আলম
সহযোগী অধ্যাপক, ইংরেজি বিভাগ

ম্যাগিলানের প্রথম বিশ্বভ্রমণের সময় তাঁর সফরসঙ্গী হয়েছিলেন ফ্লোরেন্সের নাবিক অ্যান্টোনিও পিগাফেত্তি। আমেরিকা মহাদেশের আমাদের এই দক্ষিণাঞ্চল সম্পর্কে পিগাফেত্তির ভ্রমণবৃত্তান্তে দেখা যায় একেবারে বাস্তব চিত্র। কিন্তু বর্ণনায় তিনি এমন সব উপাদান এনেছেন যেগুলোকে ফ্যান্টাসি না ভেবে উপায় নেই। তিনি উল্লেখ করেন, এখানে আজব এক ধরনের শূকর দেখেছেন যাদের দেহের পেছনের দিকে নাভি। নখরবিহীন এক ধরনের পাখির কথা তিনি উল্লেখ করেছেন। স্ত্রী পাখিগুলো নাকি তাদের পুরুষ সঙ্গীর পিঠের ওপরে ডিম পাড়ে। আরেক ধরনের পাখির কথাও আছে: এদের জিহ্বা নেই, দেখতে পেলিকানের মতো এবং এদের ঠোঁট চামচের মতো লম্বা। আরেক অদ্ভুত-জাত জীবের কথা বলেছেন: মাথা আর কান খচ্চরের মতো, শরীরটা উটের মতো, পা হরিণের মতো এবং

ডাক হ্রেষা ধ্বনির মতো। এরপর বলেছেন পাতাগোনিয়াতে ওখানকার একজন স্থানীয় বাসিন্দার মুখোমুখি হন। বিশালদেহী ওই মানুষটা নাকি আয়নার সামনে নিজের প্রতিমূর্তি দেখে ভয়ে জ্ঞান হারিয়ে ফেলেছিল।

এই ক্ষুদে এবং মোহময়ী বইটিতেই আমাদের বর্তমান সময়ের উপন্যাসের বীজ রোপিত আছে। তবে বইটিকে কিছুতেই আমাদের ওই সময়ের বাস্তব চিত্রের সুবিন্যস্ত বর্ণনা বলা যায় না। পশ্চিম ভারতীয়দের বর্ণনা আমাদের সামনে আরো অনেক রকমের চিত্র তুলে ধরেছে: আমাদের এই 'সব পেয়েছি'র এবং মায়া ছড়ানো অঞ্চলকে লোভাতুর চোখে অনেকেই খুঁজেছেন। বহু বছর ধরে বিভিন্ন মানচিত্রে বিভিন্নভাবে উপস্থাপিত হয়েছে আমাদের এই এলাকা। মানচিত্রকররা নিজেদের খেয়ালের সঙ্গে খাপ খাইয়ে তৈরি করেছেন এখানকার চিত্র। এখানকার চির যৌবনের ঝর্ণার উৎস খুঁজতে পৌরাণিক আলভার নুনেজ সাবেজা দে ভেকা আট বছর ধরে ঘুরে ঘুরে খুঁজে পেয়েছেন উত্তর মেক্সিকো। তাদের ওই বেভুল অভিযানে নিজেরা নিজেদের সঙ্গীদেরই খেয়ে ফেলেছিলেন। অভিযান শুরু করেছিলেন ছয় শ জন। শেষ পর্যায়ে বেঁচে ছিলেন মাত্র পাঁচজন। সে সময়ের অপরিমেয় রহস্যের মধ্যে একটি এরকম– একদিন কুজকোর এগারো হাজার খচ্চরের একেকটির পিঠে এক শ পাউন্ড করে সোনা চাপিয়ে রওনা করানো হলো আতাহুয়ালপার মুক্তিপণ পরিশোধ করার জন্য। কিন্তু সেই খচ্চরগুলো আর কোনো দিনই গন্তব্যে পৌঁছতে পারল না। পরবর্তীতে উপনিবেশকালেও এরকম কাহিনী প্রচলিত ছিল। যেমন– উর্বর ভূমিতে লালিত-পালিত মুরগি বিক্রি করা হতো কার্তাজেনা দে ইন্ডিয়াতে। ওইসব মুরগির পাকস্থলীতে থাকত দলা দলা সোনা। একজন 'দেশ পেয়েছি'র এরকম সোনার লোভ-পরিবেষ্টিত হয়েছিলাম আমরা অতি সাম্প্রতিক কাল পর্যন্তও। পানামার ইস্থমাস বরাবর আন্তমহাসাগরীয় রেলপথ স্থাপনের জরিপকারী জার্মানদের একটা দল এক সময় সিদ্ধান্তে এল, রেলপথ স্থাপনের কাজ বাস্তবায়িত হতে পারে শুধু এক শর্তে: যেহেতু এই অঞ্চলে লোহার অভাব, গোটা রেলপথ হতে হবে সোনা দিয়ে তৈরি।

স্পেনের শাসন থেকে স্বাধীন হওয়ার পরও আমরা লোভাতুরদের থাবার বাইরে যেতে পারিনি। তিন তিন বার মেক্সিকোর স্বৈরশাসনের অধিকর্তা জেনারেল অ্যান্টোনিও লোপেজ দে সান্তানা তথাকথিত পেস্ট্রি যুদ্ধে হারানো তার ডান পায়ের দাফন ক্রিয়ায় এক মহাযজ্ঞ অনুষ্ঠানের আয়োজন করেছিলেন। জেনারেল গ্যাব্রিয়েল গার্সিয়া মোরেনো একটানা দীর্ঘ ষোল বছর ইকুয়েডরের স্বৈরশাসনের সর্বময় ক্ষমতার অধিকারী ছিলেন। মৃত্যুর পর তার মরদেহ আগাগোড়া সামরিক পোশাক এবং একপ্রস্থ মেডেল দিয়ে বর্ম সাজিয়ে রাষ্ট্রপতির চেয়ারে বসিয়ে রাখা হয়েছিল। এল সালভেদরের ঐশ্বরিক ক্ষমতার মতো সমান ক্ষমতাধারী জেনারেল ম্যাক্সিমিলিয়ানো হার্মান্দেজ মার্টিনেজ এক বর্বরোচিত হত্যাযজ্ঞে ত্রিশ হাজার কৃষককে জবাই করেছিলেন; নিজের খাবারে বিষ মেশানো আছে কি না পরীক্ষা করে দেখার জন্য আবিষ্কার করেছিলেন পেন্ডুলাম; লোহিত জ্বরের মহামারি ঠেকাতে রাস্তার সব বাতি মুড়িয়ে দিয়েছিলেন লাল কাগজে। তেগুচিগালপার প্রধান স্কোয়ারে দণ্ডায়মান জেনারেল ফ্রান্সিসকো মোরাজের মূর্তি আসলে প্যারিসের পুরনো ভাস্কর্যের গুদাম থেকে কেনা মার্শাল নে-এর প্রতিমূর্তি।

আমাদের সময়ের উল্লেখযোগ্য কবিদের অন্যতম চিলির নোবেল বিজয়ী কবি পাবলো নেরুদা আজ থেকে এগারো বছর আগে এখানকার দর্শক শ্রোতাদের মনের ওপর আলো ফেলেছিলেন। তারপর থেকে ইউরোপের যাঁদের মধ্যে সদিচ্ছা আছে এবং যাঁদের মধ্যে মাঝে মাঝে সদিচ্ছার অভাব ঘটে এমন লোকদেরও নড়েচড়ে বসতে হয়েছে ল্যাটিন আমেরিকার মতো সীমাহীন জগতের ভৌতিক স্বভাব চরিত্রের পুরুষ আর কিংবদন্তিতে পরিণত হওয়া অসীম জিদ্দী নারীদের কাহিনী শুনে। প্রমিথিউসের মতো একজন রাষ্ট্রনায়ককে একাকী তার জ্বলন্ত প্রাসাদে বন্দি থেকে একটা গোটা সেনাবাহিনীর সঙ্গে লড়ে যেতে হয়েছে মৃত্যুর আগ পর্যন্ত। গণতন্ত্রের সৈনিক মহান হৃদয়ের আরেকজন রাষ্ট্রপতি নিজের দেশের মানুষদের মর্যাদা ফিরিয়ে আনার জন্য সংগ্রাম করেছেন। তাকেও ওই একই পথ ধরতে হয়েছে– এমনকি সন্দেহজনক দুটো বিমান দুর্ঘটনাকে মেকাবেলা করেও। পাঁচ পাঁচটি যুদ্ধ সংঘটিত হয়েছে; সতের বার সামরিক অভ্যুত্থান হয়েছে। একজন দৈত্যসদৃশ স্বৈরশাসকের আবির্ভাব ঘটেছে: তিনি ঈশ্বরের নাম নিয়ে আমাদের সময়ের সবচেয়ে ভয়াবহতম গণহত্যা চালিয়েছেন। ১৯৭০ সালের পর থেকে ইউরোপে যত শিশু জন্মেনি তার চেয়েও বেশি অর্থাৎ প্রায় দুকোটি ল্যাটিন আমেরিকান শিশুকে মৃত্যুবরণ করতে হয়েছে। নিখোঁজ হয়েছে প্রায় এক কোটি বিশ লাখ। মনে হয় উপসালার বাসিন্দাদের নিখোঁজ হওয়ার বিষয়ে কেউ দায়ী নয়; কেউ জানে না কেন এই মনুষ্য জীবন অপচয়। অসংখ্য সন্তানসম্ভবা মহিলার সন্তান প্রসব হয়েছে আর্জেন্টিনার জেলখানায়। কেউ কারো নিজের সন্তানের খোঁজ-পরিচয় পায়নি। সবাইকে সামরিক লোকেরা এতিমখানায় পাঠিয়ে দিয়েছে। আমাদের মহাদেশের এই রকমের চিত্র যারা বদলানোর চেষ্টা করেছেন তেমন দুলাখ নারী পুরুষকে প্রাণ হারাতে হয়েছে। শুধু এল সালভেদর, নিকারাগুয়া এবং গুয়েতেমালার মতো ছোট তিনটি হতভাগা রাষ্ট্রেই প্রাণ হারাতে হয়েছে এক লাখেরও বেশি মানুষকে। বিগত চার বছরে এরকমের ঘটনা মার্কিন যুক্তরাষ্ট্রে ঘটলে খবরে চলে আসত ষোল লাখ মানুষের হিসাব।

উদার আতিথেয়তার দেশ চিলি। সেখান থেকেও প্রাণ রক্ষার তাগিদে পালিয়ে গেছেন দশ লাখ মানুষ– মানে দেশের মোট জনসংখ্যার এক দশমাংশ। ছোট দেশ উরুগুয়ে নিজেকে সভ্য বলে পরিচয় দিয়ে থাকে। সেখান থেকেও প্রতি পাঁচজনের একজন নির্বাসন বেছে নিতে বাধ্য হয়েছেন। ১৯৭৯ সাল থেকে এল সালভেদরে প্রতি কুড়ি মিনিটে এক জন করে শরণার্থী তৈরি হয়েছে। ল্যাটিন আমেরিকার দেশগুলো থেকে নির্বাসিত মানুষদের নিয়ে কোনো দেশ তৈরি হলে সেখানকার লোকসংখ্যা নরওয়ের মোট জনসংখ্যার চেয়েও বেশি হয়ে যেত।

আমি জোর দিয়ে বলতে পারি কোনো রকম আক্ষরিক প্রকাশ নয়, বরং আমাদের এই অতি বাস্তবতাই সুইডিশ একাডেমি অব লেটার্স-এর দৃষ্টি আকর্ষণ করতে সক্ষম হয়েছে। এই বাস্তবতা কাগুজে বাস্তবতা নয়; সব সময় আমাদের সঙ্গে সঙ্গেই থাকে এবং আমাদের অগণিত মৃত্যুর প্রতি পল, প্রতি মুহূর্তকে নির্ধারণ করে থাকে এই বাস্তবতা। এই বাস্তবতাই আমাদের মাঝে দুঃখ আর সৌন্দর্যে ভরা অসীম সৃষ্টি-আকাঙ্ক্ষা জাগিয়ে থাকে। আপনাদের সামনের আজকের এই ভবঘুরে কলম্বীয়কে ভাগ্যদেবী তুলে এনেছেন– এটি একটি মাত্র ব্যতিক্রমী ঘটনা। কবি ও ভিক্ষুক, সঙ্গীতজ্ঞ ও ভবিষ্যৎবক্তা, যোদ্ধা ও বদমাশ– আমরা সবাইকে জিজ্ঞেস করেছি। কিন্তু কল্পনার অভাবে প্রচলিত পন্থায় আমাদের বাস্তবতাকে বিশ্বাসযোগ্য করে তোলা হয়নি। বন্ধুগণ, এই হলো আমাদের সমাধান-অযোগ্য সমস্যা।

এরকম সমস্যার ভাগীদার আমরা সবাই। আমাদের এই পরিস্থিতি দেখে সহজেই অনুমেয় যে, পৃথিবীর এই অংশের যুক্তিবাদী সংস্কৃতির পণ্ডিতেরা আমাদের বাস্তবতাকে ব্যাখ্যা করার স্থায়ী কোনো উপায় খুঁজে না পাওয়ার আনন্দেই মত্ত থাকবেন। খুবই স্বাভাবিক, তারা নিজেদের মাপকাঠিতেই আমাদেরও মাপবেন। তারা ভুলে যান, জীবনের সমূহ ধ্বংস সবার ক্ষেত্রে এক নয়। তারা ভুলে যান, আমাদের আত্মপরিচয় অন্বেষণ তাদের অতীতের মতোই দুঃসাধ্য এবং রক্তাক্ত। আমাদের বাস্তবতাকে আমাদের নিজেদের প্রক্রিয়ায় ব্যাখ্যা না করলে ফলাফল হিসেবে আমাদেরকে আরো অচেনা, আরো বেশি অবরুদ্ধ এবং আরো নিঃসঙ্গ মনে হতে পারে। বুজুর্গ ইউরোপ যদি নিজের অতীতের কথা মনে রেখে আমাদেরকে দেখার চেষ্টা করত তাহলে সেটাই হতো বুদ্ধিমানের এবং বিশ্বাসযোগ্য। অতীতের দিকে তাকালে পরিষ্কার দেখা যায়, প্রথম নগর-দেয়াল তৈরি করতে লন্ডনের ব্যয় করতে হয়েছে তিন শ বছর; একজন বিশপ পেতে আরো তিন শ বছর অপেক্ষা করতে হয়েছে। দীর্ঘ বিশটি শতক রোম অন্ধকারের ভেতর ক্লান্ত পরিশ্রান্ত হয়েছে এবং অবশেষে একজন এত্রুস্কান সম্রাট তাদেরকে ইতিহাসের বন্দরে নোঙর করতে সহায়তা করেছেন। আজকের এই সুইজারল্যান্ড আমাদের সুস্বাদু পনিরের সঙ্গে আপ্যায়ন করছে, এই সভ্য সুইজারল্যান্ডও নিকট অতীতের ষোড়ষ শতাব্দী পর্যন্ত ইউরোপকে রক্তলোলুপ সম্পদান্বেষী বলেই দেখেছে। এমনকি রেনেসাঁর একেবারে মধ্যগগণে রোম ধ্বস্ত-বিধ্বস্ত হয়েছে এবং হাজার হাজার বাসিন্দা তরবারির মুখে প্রাণ দিয়েছে।

আজ থেকে তেপ্পান্ন বছর আগে টমাস মান টনিও কোগারের ধোয়া তুলসী উত্তর আর আবেগী দক্ষিণকে এক করে দেখার স্বপ্নকে বড় করে দেখেছিলেন। আমি ওই মায়াকে মূর্তরূপ দিতে চাচ্ছি না। কিন্তু আমি বিশ্বাস করি, ওই স্বচ্ছ দৃষ্টিসম্পন্ন ইউরোপীয়রা এখনও এখানেও যুদ্ধ করে যাচ্ছেন ন্যায়সঙ্গত এবং মানবীয় মাতৃভূমির জন্য। তারা ইচ্ছে করলে আমাদেরকে দেখার দৃষ্টিটাকে ঠিকমতো ব্যবহার করলে আমাদেরকে ঠিকমতো উপস্থাপন করতে পারতেন। পৃথিবীর সকল জাতির জন্য তাদের নিজস্ব স্বপ্ন-লালিত জীবনের নিশ্চয়তা বিধানের বাস্তবসম্মত পদক্ষেপ যতদিন সম্ভব না হবে ততদিন আমাদের স্বপ্নের সঙ্গে যতই সংহতি দেখানো হোক না কেন আমাদের একাকীত্ব দূর হবে না।

ল্যাটিন আমেরিকা অন্যের হাতের ক্রীড়নক হতে রাজী নয়। এরকম হওয়ার কোনো কারণও নেই। ল্যাটিন আমেরিকার স্বাধীনতা এবং মৌলিকত্ব অর্জনের প্রচেষ্টা পশ্চিমা জগতের অভিলাষ হবে, সেটাও হতে পারে না। নৌপথের অগ্রগতি আপাতদৃশ্যে ইউরোপ এবং আমাদের আমেরিকার মাঝের বাহ্যিক দূরত্বকে কমিয়ে দিয়েছে বলে মনে হতে পারে। প্রকৃতপক্ষে এই দুজগতের মাঝের সাংস্কৃতিক দূরত্বকে আরো বাড়িয়ে দিয়েছে। আমাদের সাহিত্যের মৌলিকত্বকে সহসাই স্বীকৃতি দেওয়া হয়েছে। তাহলে কী কারণে আমাদের সামাজিক পরিবর্তনের কঠোর সংগ্রামকে এত সন্দেহের চোখে অস্বীকার করতে হবে? প্রগতিবাদী ইউরোপীয়দের আরাধ্য সামাজিক ন্যায় বিচার অন্বেষণ ভিন্ন প্রেক্ষিত নিয়ে হলেও ল্যাটিন আমেরিকার লক্ষ্য হতে অসুবিধা কোথায় তাহলে? না, আমাদের ইতিহাসের তাৎক্ষণিক বেদনার মূলে রয়েছে দীর্ঘকালের অসাম্য আর তিক্ততা। আমাদের মাতৃভূমি থেকে নয় হাজার মাইল দূরের কোনো ষড়যন্ত্রকে এর পেছনের কারণ হিসেবে দায়ী করা যায় না। কিন্তু ইউরোপীয় অনেক নেতা এবং চিন্তাবিদ এরকমই ভেবে বসে আছেন। তাদের ভাবনাকে বালসুলভ ভাবনা বললে বাড়িয়ে বলা হয় না। কারণ তারা বেভুলের মতো মনে করেন, পৃথিবীর দুটো বৃহৎ মোড়লের দয়া দাক্ষিণ্যে বাঁচা ছাড়া আর কোনো গন্তব্য বুঝি নেই। বন্ধুগণ, এই হলো আমাদের নিঃসঙ্গতার মাপকাঠি।

এত কিছু সত্ত্বেও নির্যাতন, লুটপাট আর পরিত্যাগকে মেনে নিয়ে আমরা জীবনের প্রতি ইতিবাচক সাড়া দিয়ে থাকি। বন্যা, মহামারি, দুর্ভিক্ষ, আকস্মিক কোনো বিপ্লব কিংবা শতাব্দীর পর

শতাব্দী ধরে চলে আসা যুদ্ধও আমাদের কাছে মৃত্যুর ওপর জীবনের জয়গানকে ম্লান করতে পারেনি। জীবনের এই ইতিবাচক অবস্থান গতিতে এবং আকারে বছরের পর বছর বাড়তেই থাকে। প্রতি বছর প্রায় সাত কোটিরও অধিক মানুষ বাড়ছে। প্রতি বছর বাড়ছে প্রায় নিউইয়র্কের জনসংখ্যার চেয়ে সাতগুণ মানুষ। ল্যাটিন আমরিকাসহ অন্য যে সকল দেশে সম্পদের অপ্রতুলতা রয়েছে সে সব দেশেই বাড়ছে এই জনসংখ্যা। অন্য দিকে সম্পদশালী দেশগুলো ধ্বংসাত্মক ক্ষমতার পাহাড় গড়েছে। আজ পর্যন্ত যে সকল মনুষ্যজীব এই পৃথিবীতে জন্মেছে শুধু তাদেরকেই ধ্বংস করেনি এরা, বরং এই হতভাগা পৃথিবীতে বেঁচে থাকা সকল জীবের ধ্বংস সাধন করেছে।

আজকের এই দিনের মতোই একদিন এখানে আমার গুরু উইলিলয়াম ফকনার বলেছিলেন, 'আমি মানুষের পতনে বিশ্বাস করতে পারি না।' তাঁর স্থলে আমাকে দাঁড় করাতে আমার কিছুতেই দুঃসাহস হতো না। কিন্তু একটা কারণ এখানে ভূমিকা রেখেছে– বত্রিশ বছর আগে তিনি যে অতিকায় ট্র্যাজেডি সম্পর্কে অবগত ছিলেন না সে ট্র্যাজেডি আমার চোখের সামনে একেবারেই খোলা। মনুষ্য সৃষ্টির পর থেকে এত বড় ধ্বংস আর কখনও হয়নি। কিন্তু এর পেছনের কারণটা সামান্য বৈজ্ঞানিক সম্ভাবনার চেয়ে বেশি কিছু নয়। আজকের এই ভয়ঙ্কর বাস্তবতাকে মানব ইতিহাসের সবচেয়ে সুন্দর স্বপ্নরাষ্ট্র বলেই মনে হওয়ার কথা। তবু এর সম্মুখিন হয়ে আমরা কাহিনীর স্রষ্টারা সবকিছুই বিশ্বাস করতে পারি বলে এটাও বিশ্বাস করতে পারি যে, স্বপ্নরাষ্ট্রের বিপক্ষে স্বপ্নরাষ্ট্র সৃষ্টি করাটাও খুব বিলম্ব হয়ে গেছে, তেমন নয়। এরকম স্বপ্নরাষ্ট্রে জীবন হবে পুরোপুরি নতুন এবং বৈপ্লবিক। সেখানে অন্যেরা কীভাবে মৃত্যুবরণ করবে তা আরেকজন নির্ধারণ করে দেবে না। ভালোবাসা সত্য প্রমাণিত হবে। সুখশান্তি থাকবে সম্ভাবনার ভেতরেই। সেখানে সকল প্রকার আশীর্বাদ বঞ্চিত এবং অভিশাপের চাপে পিষ্ট সকল জাতি শেষ বারের মতো এবং চিরতরে দ্বিতীয় সুযোগ পাবে সকল সম্ভাবনার।

[গ্যাব্রিয়েল গার্সিয়া মার্কেসের জন্ম ১৯২৭ সালের ৬ মার্চ কলম্বিয়ায়। ১৯৬০-এর দশকে ল্যাটিন সাহিত্যের ব্যাপক প্রসারে অবদান রাখেন যে সকল লেখক তিনি তাঁদের অন্যতম। সাধারণ পাঠক থেকে শুরু করে পণ্ডিত সাহিত্য সমালোচক সবার কাছেই গ্রহণযোগ্যতা পান মার্কেস। 'পাতার ঝড়', 'নিঃসঙ্গতার এক শ বছর', 'অশুভ সময়ে', 'কর্নেলকে কেউ চিঠি লেখে না' তাঁর বিখ্যাত সাহিত্যকর্মের অন্যতম। তিনি ১৯৮২ সালে সাহিত্যে নোবেল পুরস্কার পান। ২০১৪ সালের ১৭ এপ্রিল মার্কেস মারা যান।]

বিশ্ববিখ্যাত বিজ্ঞানী আইনস্টাইনের জীবনের একটি মাত্র ভুল

লুৎফুন নাহার ইসলাম
প্রভাষক (খণ্ডকালীন)
গাহস্থ্য বিজ্ঞান বিভাগ

১৯৪৫ সালের ৬ এবং ৯ অগাষ্ট জাপানের হিরোশিমা এবং নাগাসাকি শহরের উপর পারমাণবিক বোমা নিক্ষিপ্ত হয়। পরমাণু বোমার আঘাতে হিরোশিমায় প্রায় ২ লাখ এবং নাগাসাকিতে প্রায় ৮০ হাজার লোক মৃত্যুবরণ করে। এই ধরনের জঘন্য বোমার আঘাতে হিরোশিমা ও নাগাসাকির ভয়াবহ পরিণতি এবং মনুষ্যত্বের অবমাননায় আইনস্টাইন সেদিন প্রচণ্ডভাবে মর্মাহত হয়েছিলেন। ভয়াবহ এই হত্যাযজ্ঞ দেখে আইনস্টাইন কিছুদিন পর আক্ষেপ করে বলেছিলেন, 'জীবনে আমি একটি মাত্র ভুল করেছি; সেটা হলো প্রেসিডেন্ট রুজভেল্টের কাছে লেখা চিঠিতে স্বাক্ষর করা। সেই চিঠিতে আমি প্রেসিডেন্ট রুজভেল্টকে পরমাণু বোমা তৈরির সুপারিশ করেছিলাম।' এই ঘটনার একটি প্রেক্ষাপট তুলে ধরার আগে আমি বিশ্ববিখ্যাত বিজ্ঞানী আইনস্টাইনের সংক্ষিপ্ত পরিচয় তুলে ধরছি। হাবাগোবা অপদার্থ আইনস্টাইন ১৮৭৯ সালের ১৪ মার্চ দক্ষিণ জার্মানির উলম নামক ছোট উপ-শহরে বাবা হারমান আইনস্টাইন ও মা পলিন আইনস্টাইনের ঘরে জন্মগ্রহণ করেন। পৃথিবীর শ্রেষ্ঠ বেহালা বাদকদের অন্যতম ছিলেন আইনস্টাইন। আইনস্টাইন তাঁর মায়ের কাছ থেকে এই বেহালা বাজানো শিখেছিলেন। কারণ তার মা একজন সংস্কৃতিকমনা মহিলা ছিলেন। আইনস্টাইন সবসময় অমনোযোগী ছাত্র ছিলেন। পড়ালেখায় তার কোনো মনোযোগ ছিল না। স্কুলের শিক্ষক এই অমনোযোগী ছাত্র সম্পর্কে বলেছেন, 'যে কোনো বিষয় নিয়ে ও পড়তে পারে, তবে কোনো বিষয়েই ভালো করার সম্ভাবনা নেই, একেবারেই অমনোযোগী এবং বেয়াড়া।' শুধু তাই নয়, একবার স্কুল থেকে 'তোমার উপস্থিতি ক্লাসের জন্য বিরক্তিকর, অন্য শিক্ষার্থীদের জন্য ক্ষতিকর,' বলে তাঁকে বহিষ্কার করা হয়। ১৮৯৫ সালে এন্ট্রান্স পরীক্ষা দিয়ে সেখানেও ফেল করেন। বহু চড়াই উতরাই পেরিয়ে অবশেষে আইনস্টাইন ১৯০৯ সালে জুরিখ বিশ্ববিদ্যালয়ে প্রফেসর পদে নিয়োগ পান। ১৯২১ সালে আইনস্টাইন নোবেল পুরস্কারে সম্মানিত হন।

আইনস্টাইনের জীবনে একটিমাত্র ভুলের প্রেক্ষাপট এখন তুলে ধরছি। ১৯৩৯ সালে সমগ্র ইউরোপে যখন যুদ্ধের দামামা বাজছে জার্মানির একনায়ক হিটলারের নাৎসি বাহিনীর অত্যাচারে অতিষ্ঠ হয়ে বহু ইহুদি বিজ্ঞানী ও বুদ্ধিজীবী স্বদেশভুমি জার্মানি ত্যাগ করে

ইউরোপ আমেরিকার বিভিন্ন অঞ্চলে আশ্রয় গ্রহণ করেন। ইতালীর মুসোলিনীর অত্যাচারে ইতালির বহু বুদ্ধিজীবী ও বিজ্ঞানী এসব দেশে আশ্রয় গ্রহণ করেন। নাৎসিদের আগ্রাসনের সমুচিত জবাব দেওয়ার জন্য আমেরিকায় আশ্রয়প্রাপ্ত ইহুদি বিজ্ঞানীরা তাদের কিছু গবেষণার ফল বাস্তবায়নে সাহয্য করার জন্য তৎকালীন মার্কিন প্রেসিডেন্টকে উদ্দেশ্য করে একটি চিঠি লিখেন। ওই ঘটনার ৭০ বছরের বেশি সময় পার হলেও পৃথিবীর কাছে চিঠিটি আজও গুরুত্বপূর্ণ দলিল হিসেবে বিবেচিত হয়ে আসছে। কারণ ওই চিঠির স্বাক্ষরদাতা ছিলেন বিশ্ব বিখ্যাত বিজ্ঞানী আলবার্ট আইনস্টাইন।

ঢাকা কমার্স কলেজে বিদায় সংবর্ধনা অনুষ্ঠান ২০১৮

আলী আহাম্মদ
অফিস সহকারী

বাংলাদেশের বাণিজ্য শিক্ষায় বিশেষায়িত শিক্ষা প্রতিষ্ঠান ঢাকা কমার্স কলেজ উচ্চ মাধ্যমিক শ্রেণিতে ১ম ব্যাচ ১৯৮৯-৯০ থেকে বর্তমানে ২০১৯-২০ শিক্ষাবর্ষ পর্যন্ত শুধু ব্যবসায় শিক্ষা শাখায় শ্রেণি রোল ০১ থেকে ৪৩৫৯৫ পর্যন্ত এবং ২০১৯-২০ শিক্ষাবর্ষ থেকে বিজ্ঞান শাখার ১ম ব্যাচে শ্রেণি রোল ০১ থেকে ১১৮৫ পর্যন্ত ছাত্র-ছাত্রী ভর্তি হয়েছে। এছাড়া বর্তমানে অনার্স, মাস্টার্স, বিবিএ প্রফেশনাল, সিএসই প্রফেশনাল ও এমবিএ সহ বিভিন্ন কোর্সে শিক্ষার্থীগণ অধ্যয়ন করছেন। এ কলেজ ১৯৮৯ সালে ঢাকাস্থ লালমাটিয়ায় অবস্থিত কিং খালেদ ইনস্টিটিউটে কলেজটি ০১.০৭.১৯৮৯ তারিখে যাত্রা শুরু করে। ২য় পর্যায়ে ০১.০২.১৯৯০ তারিখে ধানমন্ডি ভাড়া বাড়ির ক্যাম্পাসে স্থানান্তর করা হয়। সবশেষ মিরপুরের স্থায়ী ক্যাম্পাসে ০২.০১.১৯৯৪ তারিখে এ কলেজের ভিত্তিপ্রস্তর স্থাপনের পর অ্যাকাডেমিক ভবন-১ এর ৪র্থ তলা পর্যন্ত মোটামুটি প্রস্তুত করেই এ কলেজ ২২.০১.১৯৯৫ তারিখে ধানমন্ডি থেকে মিরপুরের স্থায়ী ক্যাম্পাসে স্থানান্তর হয়ে চলছে অদ্যাবধি।

বিগত ০৮.০৯.২০১৮ তারিখের অনুষ্ঠানে ঢাকা কমার্স কলেজের দুজন শিক্ষক, একজন কর্মকর্তা ও একজন কর্মচারী অবসর গ্রহণ উপলক্ষে বিদায় সংবর্ধনা দেয়া হয়। ৪ জনের মধ্যে প্রফেসর মোঃ রোমজান আলী, বাংলা বিভাগ ঢাকা কমার্স কলেজের সূচনা ক্যাম্পাস কিং খালেদ ইনস্টিটিউটে ১৫.৮.১৯৮৯ তারিখে যোগদান করে ৩১.১২.২০১৭ তারিখ পর্যন্ত কর্মরত ছিলেন। প্রশাসনিক কর্মকর্তা জনাব মোঃ নুরুল আলম ধানমন্ডি ক্যাম্পাসের শুরুর দিকে ০১.১২.১৯৯১ তারিখ থেকে ৩১.১০.২০১৭ তারিখ পর্যন্ত কর্মরত ছিলেন। নিরাপত্তা প্রহরী জনাব মোঃ আলমগীর হোসেন মিরপুর স্থায়ী ক্যাম্পাসে কলেজের নির্মাণ কাজের শুরুতে ১২.০২.১৯৯৪ তারিখ থেকে ০৫.১২.২০১৬ তারিখ পর্যন্ত কর্মরত ছিলেন। আর জনাব মোঃ সাহজাহান আলী, সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ মিরপুর স্থায়ী ক্যাম্পাসে কলেজ প্রতিষ্ঠার পর ০১.০৩.২০০5 থেকে ৩০.০৬.২০১৭ তারিখ পর্যন্ত কর্মরত ছিলেন। প্রসঙ্গত, তিনি পূর্বে অন্য কলেজেও শিক্ষকতা করেছেন।

বিদায়ী প্রতিষ্ঠাকালীন শিক্ষক প্রফেসর মোঃ রোমজান আলী

চলে গেলেন এ কলেজের কিং খালেদ-এর গল্প বলার প্রিয় ব্যক্তিত্ব প্রফেসর মোঃ রোমজান আলী স্যার। যিনি ঢাকা কমার্স কলেজের সূচনা পর্ব কিং খালেদ ইনস্টিটিউটে প্রভাষক পদে যোগদান করেন। এ কলেজের প্রতিষ্ঠাকালীন প্রথম শিক্ষক প্রফেসর মোঃ শফিকুল ইসলাম স্যার যিনি বর্তমানে কলেজের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)। তিনি ভারপ্রাপ্ত অধ্যাপক হিসেবে ১৯৯০ সাল পর্যন্ত দায়িত্ব পালন করেন। তারপর থেকে প্রফেসর মোঃ রোমজান আলী স্যার ১৯৯১ সালে শুরু থেকে দীর্ঘদিন যাবৎ ভারপ্রাপ্ত অধ্যাপক পদে দায়িত্বপালন করেন।

অফিসসহ যে কোনো প্রশাসনিক কাজ প্রফেসর মোঃ রোমজান আলী স্যার অত্যন্ত ধৈর্য ও আন্তরিকতা সহকারে ধীরস্থিরভাবে পরিচালনা করার ফলে কাজগুলো সহজে সম্পন্ন হতো। প্রতিষ্ঠানকালীন শিক্ষক হিসেবে তিনি দীর্ঘ ২৮ বছরেরও বেশি সময় ধরে একটানা এ কলেজে শিক্ষকতা করেন। প্রসঙ্গত তিনি এর পূর্বে অন্য কলেজেও শিক্ষকতা করেন। তিনি তাঁর চাকরির শুরু থেকে অবসর গ্রহণ পর্যন্ত শ্রেণিকক্ষে পাঠদানের পাশাপাশি কলেজ প্রশাসনের বিভিন্ন পদ, যেমন- ভারপ্রাপ্ত অধ্যাপক (প্রশাসন) উচ্চমাধ্যমিক, বিভাগীয় চেয়ারম্যান, (বাংলা বিভাগ) এবং শিক্ষার্থী উপদেষ্টা হিসেবে অত্যন্ত দক্ষতা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করেন। এছাড়াও চাকরিকালীন কলেজ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রশাসনিক ও শিক্ষাসংক্রান্ত নানাবিধ কমিটি, উপ-কমিটির আহ্বায়ক বা সদস্যের মতো গুরুত্বপূর্ণ দায়িত্ব সুচারুরূপে সম্পন্ন করেন। কলেজের অগ্রযাত্রায় বলিষ্ঠ ভূমিকা রেখে কলেজকে উচ্চতর মাত্রায় আসীন করার ক্ষেত্রে তিনি অনন্য ভূমিকা রাখেন।

বিদায়ী শিক্ষক জনাব মোঃ সাহজাহান আলী, সহকারী অধ্যাপক

ঢাকা কমার্স কলেজের বাংলা বিভাগের সহকারী অধ্যাপক জনাব মোঃ সাহজাহান আলী স্যার ছিলেন একজন অভিজ্ঞ শিক্ষক।

ঢাকা কমার্স কলেজের নিয়মিত প্রকাশনা 'ঢাকা কমার্স কলেজ জার্নাল'। এ জার্নাল প্রকাশের দায়িত্ব জনাব সাহজাহান আলী স্যারের ওপর ছিল কয়েকবার। তিনি ছিলেন অত্যন্ত অমায়িক ব্যক্তি।

প্রতিষ্ঠাকালীন শিক্ষক প্রফেসর মোঃ রোমজান আলী আর সহকারী অধ্যাপক সাহজাহান স্যার দুজনই ছিলেন বাংলা বিভাগের। তাঁদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠানটি কলেজের শিক্ষক পরিষদের পক্ষ থেকে আয়োজন করা হয়। ফলে অনুষ্ঠানে স্যারদের সম্পর্কে স্মৃতিচারণের অনুভূতি ব্যক্তমূলক বক্তব্য শোনা ও কিছু বলার তেমন সুযোগ হয়নি। সুযোগ থাকলে বিভিন্ন গুণীজনের স্মৃতিচারণমূলক বক্তব্য এ লেখায় আরো বিস্তারিতভাবে তুলে ধরা যেত। ফলে কলেজের সূচনা হতে বর্তমান পর্যন্ত বাস্তবচিত্র, কিছু বর্ণনা পরবর্তীগণের সান্নিধ্যে পৌঁছানো সহজ হতো। কারণ এমন অনুষ্ঠানগুলোতে এ কলেজের তথ্যভাণ্ডারে যুক্ত হওয়ার অনেক উপকরণ বিদ্যমান থাকে।

ইতিহাস কথা বলে, ইতিহাস সাক্ষ্য দেয়, ইতিহাস শিক্ষা দেয়। অতীত ইতিহাস পর্যালোচনা করে, বর্তমান যেমন গড়তে পারে তেমনি ভবিষ্যত সুপরিকল্পনাও নিতে পারে। ঢাকা কমার্স কলেজ প্রতিষ্ঠার স্বল্পতম সময়ে জাতীয় পর্যায়ে দুবার শ্রেষ্ঠ কলেজ, জাতীয় বিশ্ববিদ্যালয়ের কলেজ র‍্যাংকিং এর শুরু থেকে পর পর তিনবার বেসরকারি পর্যায়ে সেরা কলেজ হিসেবে ১ম স্থান অর্জন ও প্রাক-মডেল কলেজ হিসেবেও ১ম স্থান অর্জন হওয়ায় ঢাকা কমার্স কলেজের রয়েছে এক সুদীর্ঘ বাস্তব ইতিহাস।

বর্তমানে এ কলেজে কিং খালেদ ইনস্টিটিউট থেকে আসা মাত্র ৩জন শিক্ষক ও ১জন কর্মচারী কর্মরত আছেন। বাকীরা বিভিন্ন সময়ে বিভিন্ন কারণে চলে যান।

ঢাকা কমার্স কলেজের ধানমন্ডি ক্যাম্পাসের শুরুর দিকে চাকরিতে যোগদান করেন কলেজের প্রথম প্রশাসনিক কর্মকর্তা জনাব মোঃ নুরুল আলম। আর কলেজের মিরপুর ক্যাম্পাসে যোগদান করেন নিরাপত্তা প্রহরী জনাব মোঃ আলমগীর হোসেন মোল্লা।

জনাব মোঃ নুরুল আলম প্রথম প্রশাসনিক কর্মকর্তা

ঢাকা কমার্স কলেজ কিং খালেদ ইনস্টিটিউট থেকে ধানমন্ডির ভাড়া বাড়িতে স্থানান্তরের পর তিনি চাকরিতে যোগদান করেন। তখন রাত কিংবা দিন মেপে কাজ করার সুযোগ ছিল না। তখন থেকে আলম স্যারের সাথে আমি কাজ করে আসছি। ধানমন্ডি ক্যাম্পাসে যতদিন ছিলাম ততদিন তখনকার কর্মচারী মরহুম মোঃ ঈমান হক অফিসের কাজের ফাঁকে রান্না করতেন বিধায় আমরা একনিষ্ঠভাবে কাজ করার সুযোগ পেয়েছি। আর যে কোনো কাজের ক্ষেত্রে আলম স্যার প্রায় মনপ্রাণ দিয়ে কাজ করতেন। তিনি দিনের কাজ দিনে করার চেষ্টা করতেন। আর সরলমনা ছিলেন বিধায় কোনো কাজ বা বিষয়ে সহজ সরলভাবে চিন্তা করতেন। মিরপুর ক্যাম্পাসে কলেজের নির্মাণ কাজ শুরু হলে প্রতিনিয়ত ধানমন্ডিতে অফিস সেরে তিনিসহ আমরা মিরপুর ছুটে যেতাম আবার অনেক রাতে পুনরায় ধানমন্ডিতে ফিরে আসতাম। এভাবে চলতো নিত্যদিনের কর্মধারা। আবার মিরপুর ক্যাম্পাসে কলেজ স্থানান্তরের পর প্রথমে আলম স্যার বাইরে বাসা নিলেও পরে কলেজ ক্যাম্পাসে পরিবার পরিজন নিয়ে থাকতেন। তখন থেকে বিশেষ কোনো কারণে ক্যাম্পাসের বাইরে যাওয়া ব্যতীত কলেজ ক্যাম্পাসে কাজ করতেন। যে কোনো সময় অফিস সময়ের বাহিরে দিনে কিংবা রাতে ডাক পড়া মাত্র অফিসের কাজে তিনি হাজির হতেন। আর এভাবে চলে আসছে এ কলেজে তাঁর কর্মধারা অবসরের দিন পর্যন্ত।

জনাব মোঃ আলমগীর হোসেন (মোল্লা), নিরাপত্তা প্রহরী

ঢাকা কমার্স কলেজের মিরপুর ক্যাম্পাসে নির্মাণ কাজ শুরু হলে বাইরে থেকে অনেকে কাজ করতে আসতেন। তৎকালীন অধ্যক্ষ, প্রফেসর কাজী ফারুকী স্যার লক্ষ করতেন কাজের ক্ষেত্র একনিষ্ঠভাবে কারা আন্তরিকতার সাথে কঠোর পরিশ্রমী। কর্মঠ এমন ব্যক্তিদের ডেকে বলতেন, 'এই তুমি কি কলেজে চাকরি করবা' এ ব্যাপারে আগ্রহী হলে অধ্যক্ষ স্যার বলতেন, 'তুমি চাকরির জন্য দরখাস্ত কর।' আর আলম স্যারকে বলতেন এর চাকরিতে যোগদানের ব্যাপারে ব্যবস্থা নিতে। আলমগীর মোল্লার কঠোর পরিশ্রম কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে।

অর্থাৎ অধ্যক্ষ, প্রফেসর কাজী ফারুকী স্যার যেমন কঠোর পরিশ্রমী ও কর্মঠ ব্যক্তিত্ব ছিলেন তেমনি তিনি ওই জাতীয় পরিশ্রমী ব্যক্তিদের পছন্দ করতেন। এ অবস্থায়ই নিরাপত্তা প্রহরী পদে চাকরি হয় আলমগীর হোসেনের। এ কলেজে চাকরি হওয়ার পূর্বে তিনিও বিভিন্ন পর্যায়ের কঠোর পরিশ্রমের কাজ করতেন। একদা গভীর রাতে কলেজ ক্যাম্পাসে এক লোক ঢোকার পর চোর সন্দেহে তাকে তাড়া করতে গিয়ে তিনি মারাত্মকভাবে আহত হন। এ ব্যাপারে মামলা হলে পরবর্তীতে কলেজের পক্ষে মামলায় সাক্ষী দিতে বহুবার কোর্টে যেতে হতো আলমগীর হোসেনকে। তবে আলমগীর মোল্লা হিসেবে তিনি কলেজে পরিচিত ছিলেন। সংক্ষেপে কিছু তথ্য লিখছি মাত্র।

উল্লেখ্য, বিদায় সংবর্ধনা অনুষ্ঠান একই দিন ০৮. ০৯. ২০১৮ তারিখে দুই পর্বে সম্পন্ন হয়। ১ম পর্বে প্রফেসর মোঃ রোমজান আলী ও সহকারী অধ্যাপক সাহজাহান আলী দুজনই বাংলা বিভাগের। এ সংবর্ধনা অনুষ্ঠান কলেজের ১১ তলায় কনফারেন্স কক্ষে এবং ২য় পর্বে বিকেল ৫টায় কলেজের নিচতলার হলরুমে প্রশাসনিক কর্মকর্তা জনাব মোঃ নুরুল আলম ও নিরাপত্তা প্রহরী জনাব মোঃ আলমগীর হোসেন এর বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়।

সীমাবদ্ধতার ফলে আমরা বিদায়ী শিক্ষকদ্বয়ের বিদায় সংবর্ধনা

অনুষ্ঠানে থাকার সুযোগ হয়নি। তবে একবার শুনেছি অন্তত প্রফেসর মোঃ রোমজান আলী স্যার কর্মকর্তা ও কর্মচারীগণের বিদায় অনুষ্ঠানে উপস্থিত থাকতে পারেন। পরে আর তিনিও উপস্থিত থাকতে পারেননি।

কর্মকর্তা ও কর্মচারীর বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে পবিত্র কোরআন তিলাওয়াত করার দায়িত্ব পড়ে আমার ওপর। অনুষ্ঠানে বক্তব্য রাখেন অনুষ্ঠানের সভাপতি এবং তৎকালীন উপাধ্যক্ষ (প্রশাসন), প্রফেসর মোঃ শফিকুল ইসলাম স্যার, তিনি তাঁর বক্তব্যে বিদায়ী কর্মকর্তা ও কর্মচারীগণের কলেজে দীর্ঘ কর্মময় জীবনের ওপর আলোকপাত করে বক্তব্য রাখেন। অনুরূপভাবে উপদেষ্টা অ্যাকাডেমিক, প্রফেসর মোঃ মোজাহার জামিল স্যার বক্তব্য রাখেন, বিদায়ী কর্মকর্তা জনাব মোঃ নুরুল আলম, তাঁর বক্তব্যে আবেগ-আপ্লুত হয়ে পড়েন। বিদায়ী কর্মচারী জনাব মোঃ আলমগীর হোসেন তাঁর বক্তব্যে, কলেজের তাঁর কর্মময় জীবনের বাস্তবতা তুলে ধরনে। কলেজের অফিসের পক্ষ থেকে বক্তব্য রাখেন তখনকার সিনিয়র উপ-প্রশাসনিক কর্মকর্তা জাফরিয়া পারভীন। তিনি তাঁর বক্তব্যে তাঁদের কলেজে কর্মময় জীবনের অভিজ্ঞতার ওপর আলোকপাত করেন। বিশেষ করে প্রশাসনিক কর্মকর্তা জনাব মোঃ নুরুল আলম স্যারের সাথে কলেজে যোগদানের পর থেকে একত্রে কাজ করার অভিজ্ঞতা ও শিক্ষণীয় দিক নিয়ে আলোচনা করেন। সভায় উপস্থিত ছিলেন প্রফেসর মোঃ ওয়ালী উল্যাহ্ স্যার। অনুষ্ঠানটি পরিচালনা করেন কলেজের উপ-হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মোঃ আশরাফ আলী। বক্তাগণ প্রত্যেকে স্ব-স্ব অভিজ্ঞতার আলোকে অনুভুতি ব্যক্ত করেন। আলম স্যার, আলমগীর হোসেন ও জাফরিয়া পারভীনসহ সবাই স্ব-স্ব অভিজ্ঞতা বর্ণনা করেন। পড়ন্ত বিকেলের এ বিদায় অনুষ্ঠানে আগ্রহ থাকলেও মূলত সময়ের স্বল্পতায় দীর্ঘদিন একত্রে চাকরি করেও আমিসহ আমাদের কর্মকর্তা-কর্মচারীগণের মধ্যে অনেকে স্মৃতিচারণ মূলক বক্তব্যের মাধ্যমে স্ব-স্ব অনুভুতি ব্যক্ত করার সুযোগ হয়নি।

জাতীয় পর্যায়ে দুবার শ্রেষ্ঠ (১৯৯৬ ও ২০০২), জাতীয় বিশ্ববিদ্যালয়ের কলেজ র‌্যাংকিং-এর প্রথম থেকে পর পর তিনবার ১ম স্থান অর্জনকারী সেরা বেসরকারি কলেজ (২০১৫, ২০১৬ ও ২০১৭) এবং জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রথম বারেই প্রাক-মডেল কলেজ হিসেবে ১ম স্থান অর্জন করে ঢাকা কমার্স কলেজ। বর্তমানে ঢাকা কমার্স কলেজ দেশের শীর্ষ স্থানীয় কলেজসমূহের অন্যতম। তবে পূর্ব প্রস্তুতি সম্ভব হলে অবসরের দিন সংবর্ধনা দিলে কলেজ ঐতিহ্যের অংশ হিসেবে স্ব-স্ব অনুভুতি ব্যক্ত করতে বেশী উৎসাহিত হবে। এতে কলেজের তথ্য উপাত্তের প্রচার প্রসারসহ তথ্যভাণ্ডার সমৃদ্ধ হবে। শ্রেষ্ঠ ও সেরা এবং প্রাক-মডেল কলেজ হিসেবে ঢাকা কমার্স কলেজ আগামী দিনগুলোতে এমন শ্রেষ্ঠত্ব অর্জনের ধারা বজায় রেখে স্ব-মহিমায় এগিয়ে চলুক, এটাই আমার অন্তরের একমাত্র কামনা।

সময় সর্বদাই মূল্যবান

মো. মমিন সরকার
রোল: ১২৫৯, মার্কেটিং (৪র্থ বর্ষ)

জীবন বড়ই বিচিত্র। জীবন ক্ষণে ক্ষণে রং বদলায়। সময়ের পরিবর্তনের সঙ্গে তার রূপের বৈচিত্র্যের বহিঃপ্রকাশ ঘটে। সময়ের সঙ্গে যেমন ব্যবহার করা হয় জীবনও তার বাহ্যিক রূপের সঙ্গে সামঞ্জস্য রেখে নিজেকে তেমন করেই প্রকাশ করে। হাসি-কান্না, সুখ-দুঃখ– সবকিছুই জীবনের অংশ। আর এ সবকিছুর জন্য মানুষের কৃতকর্মই দায়ী। জীবন তো আর কিছু নয়, সময়ে ঘটে যাওয়া কর্মের সমষ্টি মাত্র। সময় শুধু সংখ্যায় পরিমাপযোগ্য কোনো সাধারণ বিষয় নয়– এটি জীবনের এক অনিবার্য সত্য। কোনো ব্যক্তি তার সময়কে যেভাবে পরিচালনা করে তার জীবন সেভাবেই চলে। সময়ের ব্যবহারের কারণে আজ মানুষের জীবনে এত বৈচিত্র্য লক্ষ করা যায়। কেউ জীবনে সফল হয়; কেউ ব্যর্থ হয়। কেউ ডুবে যায় মহাকালের অতল দরিয়ায়। যারা জীবনে সময়কে সঠিকভাবে ব্যবহার করেছেন শুধু তারাই স্মরণীয় হয়ে আছেন।

আমাদের জীবন থেকে প্রতিনিয়ত একটি মূল্যবান বস্তু চুরি হয়ে যাচ্ছে। অথচ আমরা সহজে অনুভব করতে পারছি না। আর সেটি হলো সময়। আমরা সময়ের মূল্য তখনই বুঝতে পারি যখন সময় আমাদের জীবন থেকে হারিয়ে যায়। একবার হারিয়ে গেলে সময়কে আর ফিরে পাওয়া যায় না। যদি বলি এ পৃথিবীতে সবচেয়ে শৃঙ্খল কে তাহলে উত্তর হবে: সময়। সময়ের কাছ থেকে আমাদের অনেক কিছুই শেখার আছে। সময় তার নিজ কাজে এতটাই মগ্ন যে, তাকে কোনো আবেগ বা মায়া স্পর্শ করতে পারে না। কিন্তু আমরা মানুষ অতি সহজেই আবেগ বা মায়াতে জড়িয়ে পড়ি, হতাশ হয়ে পড়ি, কখনওবা আবেগের বশবর্তী হয়ে নিজের অস্তিত্বকেই বিলীন করে দিই চিরতরে।

মহাকাল সকলকে মনে রাখে না, শুধু যারা সময়ের সর্বোচ্চ চাহিদা পূরণ করতে সমর্থ হয় তাদেরকেই স্মরণীয় করে রাখে ইতিহাসের পাতায়। আমাদের জীবনে সময়-ব্যবস্থাপনার প্রয়োজনীয়তা অনস্বীকার্য। প্রতিটি পৃথক কাজের জন্য ভিন্নভিন্ন আদর্শ সময় নির্ধারিত রয়েছে। সে আদর্শ সময়েই সে কাজটি আমাদের করতে হবে। জীবনের সময় কখনও বৃদ্ধি পায় না, বরং জীবন থেকে সময় হ্রাস পায়– এই চিরন্তন সত্যটি আমরা প্রায়ই

ভুলে যাই। জীবনে সফল হতে চাইলে প্রতিটি আদর্শ মুহূর্তে সঠিক কাজটি করতে হয়। যদি সেটি না করা হয় তাহলে ঘটে বিপত্তি; সবকিছু হয়ে পড়ে বিশৃঙ্খল। মানুষ বলে থাকে সময় খারাপ যাচ্ছে। কিন্তু এর জন্য দায়ী কে? দায়ী মানুষ নিজেই। কারণ সে অবহেলায় তার সময় অতিবাহিত করে থাকে। একজন শিক্ষার্থী যদি সময়মতো পড়াশোনা না করে তাহলে সে বৈধ্য উপায়ে ভালো ফলাফল অর্জন করতে পারে না। একজন কৃষক যদি সময়মতো বীজ বপন কিংবা চারা রোপণ না করে তবে উৎপাদনে ব্যাঘাত ঘটে।

আমাদের জীবনটা ক্ষণস্থায়ী– এ কথাটি মনে রেখে সকল কাজ সময়মতো করা উচিত। এই ক্ষণস্থায়ী জীবনে বৈচিত্র্য আনতে সময়কে ঠিকমতো ব্যবহার করা শিখতে হবে। তাহলে আমরা সফল হতে পারব এবং আমাদের জীবন গন্তব্যে পৌঁছতে পারবে।

ঢাকা কমার্স কলেজ

মোঃ আক্তারুজ্জামান
রোল: ৪৩৩৫৮, একাদশ (ব্যবসায় শিক্ষা)

একটি মানুষের জীবনে বেড়ে উঠার ও জীবনে ভালো কিছু করার উদ্দেশ্য থাকে এবং তার জন্য দরকার সঠিক শিক্ষা। শুধু পিতামাতাই তাদের সন্তানকে সঠিক শিক্ষা দিতে পারেন না। এজন্য তারা ছেলেমেয়েকে শিক্ষাপ্রতিষ্ঠানে পাঠান এবং তাদের ছেলেমেয়ে শিক্ষা অর্জনের উদ্দেশে বের হয়। আসলেই কি তারা শিক্ষা অর্জনের জন্যই বের হয়? তা আসলে অনেক পিতা-মাতাই জানেন না। এজন্য দরকার ভালো একটা শিক্ষা প্রতিষ্ঠানের, যে প্রতিষ্ঠানের নিয়মনীতিতেই গড়ে উঠবে ছেলেমেয়ের উজ্জ্বল ভবিষ্যৎ। আর প্রতিটি শিক্ষার্থীর জীবনকে উজ্জ্বল করার জন্যই গড়ে উঠেছে ঢাকা কমার্স কলেজ। প্রতিটি শিক্ষার্থীর উজ্জ্বল ভবিষ্যৎ তৈরি করার জন্য ঢাকা কমার্স কলেজ অবিরাম কাজ করে চলেছে। উচ্চ মাধ্যমিক শ্রেণিতে সময় খুব কম থাকে। এই অল্প সময়ে ভালো রেজাল্ট করা ঢাকা কমার্স কলেজেই সম্ভব। কারণ এখানেই আছেন দেশের নামকরা মেধাবী শিক্ষক। রয়েছে জ্ঞানচর্চার নানা ব্যবস্থা, সমৃদ্ধ গ্রন্থাগার বিশাল অডিটোরিয়াম, প্রত্যেকটি ক্লাস শীততাপ নিয়ন্ত্রিত এবং রয়েছে মেডিকেল সার্ভিস। ঢাকা কমার্স কলেজে একজন শিক্ষার্থী যদি অসুস্থ হয় বা রক্তের প্রয়োজন হয় তাহলে একজনকে রক্ত দেওয়ার জন্য অনেক শিক্ষার্থী অপেক্ষা করে, যা বাংলাদেশের আর কোনো শিক্ষা প্রতিষ্ঠানে নেই। ঢাকা কমার্স কলেজে প্রতিটি শিক্ষার্থীকে ভালো রেজাল্ট করতে বাধ্য করে। আমি ঢাকা কমার্স কলেজে পড়ে নিজেকে অনেক ভাগ্যবান মনে করি। কারণ ঢাকা কমার্স কলেজ আমার জীবন সামনের দিকে এগিয়ে নিয়ে যেতে সাহায্য করেছে। ঢাকা কমার্স কলেজ প্রতিটি শিক্ষার্থীকে দেয় জীবনের গৌরবময় জয়টিকা এবং মানুষ পৌঁছে যায় সাফল্যের চরম শিখরে। প্রতিটি শিক্ষার্থীকে সুশিক্ষায় শিক্ষিত করা ঢাকা কমার্স কলেজের অঙ্গীকার। ঢাকা কমার্স কলেজ জাতীয় বিশ্ববিদ্যালয়ের র‌্যাংকিংয়ে তিন বার বেসরকারি প্রতিষ্ঠান হিসেবে প্রথম স্থান অধিকার করেছে। আর এ জন্যই ঢাকা কমার্স কলেজ বাংলাদেশের সেরা কলেজ।

কবিতা

এ কে এম সামিউর রহমান
রোল: ৪৩১৮৮, একাদশ (ব্যবসায় শিক্ষা)

কবিতা এমন এক জিনিস যাতে কবির মনের সুপ্ত বাসনা, অসম্ভব কল্পনা, বাস্তব অভিজ্ঞতা ইত্যাদির মিলন ঘটিয়ে কিছু শব্দ বা চরণের সমষ্টিরূপে প্রকাশ করেন কবি। কবি তার অনুভূতিগুলো, তার ভালোলাগাগুলো, তাঁর জীবনের স্মরণীয় মুহূর্তগুলো, অস্থায়ী এ জীবনের চিরস্থায়ী হয়ে থাকা স্মৃতিগুলো, অব্যক্ত সকল কথা, ইচ্ছাগুলো কিছু চরণের মধ্যে এনে ফেলেন। ভালো-মন্দ, ভালোবাসা-ঘৃণা, ব্যক্ত-অব্যক্ত সকল কথা বাস্তবতা-কল্পনা মিলে একাকার হয়ে যায় যখন কবির কলম চলে। পূর্ণ স্বাধীনতার পাশাপাশি কবির পূর্ণ ক্ষমতা চলে আসে অব্যক্তকে ব্যক্ত করার, অদেখাকে দেখার চেষ্টায়। তেমনি যা কেউ শোনেনি তা পৌছে দেওয়া; সে জায়গায় যার সন্ধান কেউ পায়নি। এগুলো মূলত কবিতারই ধর্ম। তবু কিছু কথা, কিছু বাক্য অলিখিত থেকে যায়। কবিতার সামর্থ্য আছে সেই বার্তাও পৌছে দেবার যদি কবির পুরে দেওয়া অনুভূতি, কথা ও অক্ষরগুলো পাঠকের জীবনের রঙের সঙ্গে মিলে যায়। তখন লেখক-পাঠক কোনো তফাৎ থাকে না । শুধু কিছু শব্দ, কিছু ছন্দ বসিয়ে কবিতার সৃষ্টি। তবু কবিতার অসম্ভব ক্ষমতার কথা কল্পনাতীত।

সকল কবির কবিতা লেখা বা জন্ম দেওয়া দেখিনি; তবু এ কথা বলতে পারি, কবি একটিবার হলেও ওপরের দিকে তাকান, তা সেখানে ঘরের সিলিং হোক, টিনের চাল কিংবা মুক্ত আকাশ থাকুক। তখন কবির বাহ্যিক দেহের অবস্থান এ জগতে থাকলেও তার অন্তরের অবস্থান হয় শব্দ ও ছন্দঘেরা এক জগতে। সেখানে তার মন বিচরণ করে সেই জগতের বিভিন্ন শব্দকে জেরা করে, সাক্ষাতকার নেয়। কবির কাছে কবিতা খুব আপন একটা জিনিস। তিনি চান সঠিক শব্দ, যে শব্দ তার মনের সবটুকু অনুভূতি বহনের মতো মজবুত। তাৎক্ষণিক সন্ধানে হয়তো সে শব্দকে চেনা যায় না। হয়তো খুব কাছেই থাকে, বুঝে ওঠা হয় না।

কিছু বুঝে ওঠার আগে কবির কবিতা শেষ হয়। এই সমাপ্ত কবিতার ক্ষমতা নিয়ে প্রশ্ন তুললে উপমা হিসেবে বলা যায় এটা কারো মনে অনুভূতির সঞ্চার করতে পারে, সমাজে পরিবর্তন সৃষ্টি করতে পারে ইতিবাচক কিংবা নেতিবাচক। ভালোবাসার প্রসার ঘটাতে পারে কিংবা ঘৃণা বিদ্বেষ এর সৃষ্টি করতে পারে কিংবা বড় কোনো যুদ্ধ থামিয়ে শান্তি প্রতিষ্ঠার ব্যবস্থা করতে পারে। কবিতা কী ধরনের প্রভাব রাখবে তা নির্ভর করে কবির মানসিকতা, কবিতার বিষয়বস্তু ও পাঠক কিভাবে তা গ্রহণ করবে তার ওপর। কিছু কিছু সময় পাঠকের দৃষ্টিকোণ থেকে কবিতা এমনভাবে গৃহীত হয় যা কবির কল্পনাতেও আসে না।

শিক্ষকগণই সমাজের মহান ব্যক্তি

ইয়াদ হোসেন
রোল: ৪৩২৪৯, একাদশ (ব্যবসায় শিক্ষা)

যে জাতি যত শিক্ষিত সে জাতি তত উন্নত। আর এ শিক্ষিত জাতি তৈরি করতে হলে শিক্ষকদের কোনো বিকল্প নেই। আমরা আজ নিজেদেরকে সভ্য মানুষ বলে বিবেচনা করি এবং বর্তমান যুগকে আধুনিক যুগ বলে থাকি। আজকের মতো প্রাচীন কালের মানুষ এতটা উন্নত ছিল না। আমাদের এ উন্নতির পেছনে শিক্ষার অনেক গুরুত্ব রয়েছে এবং শিক্ষা অর্জন করে তা আমাদের জীবনে কাজে লাগিয়ে আমরা আজ উন্নতির শিখরে পোঁছতে পেরেছি। মানুষের চাওয়ার শেষ নেই। তাই আধুনিক যুগের মানুষ হয়েও আমরা আরও উন্নত হতে চাই। আর এই শিক্ষার মাধ্যমেই আমরা উন্নতি করতে পেরেছি। আজকের এই আধুনিক যুগে তাই শিক্ষকের গুরুত্ব অনেক। আমাদের সমাজের সকল মানুষই কোনো না কোনো শিক্ষকের ছাত্র। এ দেশ, এ সমাজ, এ রাষ্ট্র পরিচালনার কাজে নিয়োজিত সকল শ্রদ্ধাভাজন ব্যক্তিই কোনো না কোনো শিক্ষকের ছাত্র। রাষ্ট্র যাদেরকে সর্বোচ্চ সম্মান দিয়ে রেখেছে, তারাও তাদের শ্রদ্ধাভাজন শিক্ষকের সামনে এসে দাড়ানোর সময় শ্রদ্ধায় মাথা নত করেন, পায়ে হাত দিয়ে সালাম করেন। এর চেয়ে বড় পাওয়া একজন শিক্ষকের জন্য আর কী হতে পারে। সম্মান ও অর্থ এক নয়। শিক্ষকদের অর্থসংকট থাকতে পারে। কারণ তারা সামান্য অর্থের বিনিময়ে মাথার ঘাম পায়ে ফেলে শিক্ষার্থীদেরকে নিজ সন্তানের মতো মানুষ করেন। শিক্ষকদের যে কোন শাসন একটি ছাত্রের জন্য আশীর্বাদস্বরূপ। কারণ তাদের শাসনের মধ্যে রয়েছে অনেক ভালোবাসা ও ভবিষ্যতের সঠিক পথে চলার দিকনির্দেশনা। যারা শিক্ষকদের অসম্মান করে তাদের হেয় প্রতিপন্ন করে এমনকি শিক্ষকদের নিয়ে সমালোচনা করে তারা কখনোই সফলতার চুড়ান্ত শিখরে পৌছতে পারে না। এটা প্রমাণিত, কেননা, শিক্ষকের দোয়া ও আশীর্বাদ আমাদের জীবনের পথেয়। আর তাদের ধৈর্যের কথা আমি না বলে পারছি না যে। আমার মতে পৃথিবীতে যদি সবচেয়ে বেশি ধৈর্যশীল ব্যক্তি থাকেন তাহলে তিনি শিক্ষক। কারণ একটি ছাত্রকে যে কতবার বোঝাতে হয় তা বলা কষ্টসাধ্য। তাই ধরা যেতে পারে, এ দেশ, এ সমাজ পরিচালনার ক্ষেত্রে শিক্ষকদের অদৃশ্য হাত রয়েছে। তাঁরা সকলের শ্রদ্ধাভাজন। তাই আমি নির্দ্বিধায় বলতে পারি, শিক্ষকগণই সমাজের মহান ব্যক্তি।

বন্ধুত্ব

মুরসালিন রহমান নুহান
রোল: ৪২৭৮২, একাদশ (ব্যবসায় শিক্ষা)

বন্ধুত্বের সংজ্ঞা কেউ দিতে পেরেছে বলে আমার জানা নেই। বন্ধুত্ব করতে হয় নিজের প্রয়োজনে। বন্ধুত্ব পৃথিবী তথা সমগ্র কিছুর মধ্যে শ্রেষ্ঠ সম্পর্ক।

এরিস্টটল বলেছেন, দুটি দেহের মাঝে অভিন্ন হৃদয় হলো বন্ধুত্ব।

পৃথিবীর প্রতিটি মানুষের সবচেয়ে আপনজন তার পিতামাতা, ভাইবোন এবং শিক্ষকগণ। এর পর যার অবস্থান সে তার প্রাণ প্রিয় বন্ধু। যদিও শেষে বন্ধুর অবস্থান। তবু বাবা-মার পর বন্ধুকে আপন ভাবা হয়। পৃথিবীতে এমন অনেক ঘটনা ঘটে গেছে কিংবা চলমান যেখানে লক্ষ করলে দেখা যায়, বন্ধু বন্ধুর জন্য প্রাণ দিতে দ্বিধাবোধ করে না। এক বন্ধুর জন্য আরেক বন্ধু সর্বদা মঙ্গলকামী। এ থেকেই বন্ধুর কিংবা বন্ধুত্বের প্রকৃত মর্ম উপলব্ধি করা যায়। যার যত বেশি বন্ধু তার জন্য পৃথিবী তত বেশি সুখময়।

অনেকেই মিলে মিশে থাকতে পারে না যাকে আমরা একঘরে বলি। কিন্তু বন্ধুত্বের জন্য সবচেয়ে বেশি দরকার ইচ্ছাশক্তি। একইভাবে বন্ধুত্ব করতে হলে বুঝতে হবে বন্ধুত্বের গুরুত্ব। বন্ধুত্বপূর্ণ সাগরে রয়েছে অনাবিল আনন্দ। আমাদের মতে বন্ধুত্ব করতে তিনটি জিনিস খুব প্রয়োজন বিশ্বাস, সহানুভূতি এবং সমঝোতা।

অনেকেই আছে যারা বন্ধুত্বের সম্পর্ককে অবিশ্বাস ও কুনজরে দেখে। কিন্তু তা সঠিক নয়। বন্ধুহীন মানুষ হলো শিশির যা তৃষ্ণা মেটানোর যোগ্য বা পর্যাপ্ত নয়। কিন্তু আমাদের মনে রাখতে হবে, সৎ সঙ্গে স্বর্গবাস, অসৎ সঙ্গে সর্বনাশ।

ইংরেজি কবিতায় ওয়ার্ডসওয়ার্থের অবদান

মো. ফয়েজ আরশী
রোল: ৫২৫, ইংরেজি (সম্মান), ৪র্থ বর্ষ

উইলিয়াম ওয়ার্ডসওয়ার্থ ছিলেন একজন রোমান্টিক ইংরেজ কবি। ইংরেজি সাহিত্যে প্রধানত আমরা যে সময়কাল দেখতে পাই তার মধ্যে রোমান্টিক যুগ অন্যতম। ইংরেজি সাহিত্যে রোমান্টিক যুগের সূচনা করেন উইলিয়াম ওয়ার্ডসওয়ার্থ যদিও উইলিয়াম ব্লেককে রোমান্টিক যুগের অগ্রদূত বলা হয়। ইংরেজি সাহিত্যে কিন্তু প্রাতিষ্ঠানিকভাবে ওয়ার্ডসওয়ার্থ তাঁর 'প্রিফেস টু লিরিক্‌ল ব্যালাডস' প্রকাশের মাধ্যমে ইংরেজি সাহিত্যে নতুন এক কবিতার যুগ উন্মোচন করেন। উল্লেখ্য, রুশোকে রোমান্টিকতার জনক বলা হয়।

উইলিয়াম ওয়ার্ডসওয়ার্থের জন্ম ৭ এপ্রিল ১৭৭০ এবং মৃত্যু ২৩ এপ্রিল ১৮৫০ সালে। পড়াশোনা করেছেন ক্যামব্রিজ বিশ্ববিদ্যালয়ে। তাঁর বিখ্যাত গ্রন্থের মধ্যে আছে 'লিরিক্‌ল ব্যালাডস', 'দ্য এক্সকারশন', 'দ্য প্রিলিউড' এবং আরো অনেক।

উইলিয়াম ওয়ার্ডসওয়ার্থ তাঁর 'প্রিফেস টু লিরিক্‌ল ব্যালাডস'-এ পূর্ববর্তী কবিদের ধারণা পরিবর্তন করে বলেছেন 'কবিতা সবার জন্য'। কোনো নির্দিষ্ট গোষ্ঠীর জন্য কবিতা হতে পারে না। উল্লেখ্য, রোমান্টিক কবিতায় কোনো ছন্দের মিল বেশি পাওয়া যায় না। এস টি কোলরিজ ওয়ার্ডসওয়ার্থের সঙ্গে রোমান্টিক আন্দোলনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। লিরিক্‌ল ব্যালাডস-এ তাদের উভয়ের কবিতা স্থান পেয়েছে।

উইলিয়াম ওয়ার্ডসওয়ার্থ প্রকৃতিকে দারুণভাবে তুলে ধরেছেন তাঁর কবিতায়। ওয়ার্ডসওয়ার্থের রোমান্টিসিজম-এ প্রভাবিত হয়েছেন ইংরেজ কবি লর্ড বায়রন, পার্সি বিশি শেলি, জন কিটস প্রমুখ। অবশ্য তাদের প্রত্যেকের নিজস্ব বৈশিষ্ট্য ছিল।

ইংরেজি কবিতায় নতুন এক ধারা সংযোজন করেছেন কবি ওয়ার্ডসওয়ার্থ। ইংরেজি সাহিত্যের তুচ্ছ একজন ছাত্র হিসেবে ওয়ার্ডসওয়ার্থের কবিতার ধারণা আমার কাছে ভীষণ ভালো লাগে। ইংরেজি কবিতার অগ্রগতিতে ওয়ার্ডসওয়ার্থের অবদান গুরুত্বপূর্ণ।

কবিতা

সমতা-অভিধান

মুহাম্মদ আশরাফুল করিম
গ্রন্থাগারিক

অভিধানের পাতায় ধূলোর আস্তরণে
চাপা পড়ে আছে মানবতা ।
মুক্ত চিন্তা অথবা যুক্তির মুক্তি
অরোরা বোরোলীসের মতো মেরুবাসী।

ঘটনার প্রেক্ষিতে–
সভা-সেমিনারেই তার চাষ,
কর্ষিত হয় দূরদর্শনের পর্দায়
অথবা সামাজিক যোগাযোগ মাধ্যমে।

মগজের কম্পোস্টে নিত্য চাষ হয়
মৌলবাদের বীজ।
বীজ থেকে চারা, ছোট্ট চারা
মহীরূহ হয়ে ছেয়ে দেয় মস্ত আকাশ।

নীল আকাশে এখন আর
ভাসে না সাদা মেঘের ভেলা
এখন আকাশ কেবলই বর্ণহীন
রঙধনুও ভুলে গেছে তার রঙের বাহার।

বাতাসে শুধুই ভেসে বেড়ায়
মৌলবাদের উৎকট গন্ধ
বুক ভরে নিঃশ্বাস নিলে
ঝাঁঝে পুড়ে যায় হৃৎপিণ্ড।

হৃদয়ের জলাভূমিতে বাস করে যে সরীসৃপ
স্বপ্নের মাঝেও দেখি তার জলচ্ছবি।
কখনও কখনও মানুষের চেয়ে
বড় হয়ে ওঠে সেই ছবি।

এভাবেই সময়ের স্রোতধারায়
বয়ে চলে যাপিত জীবন।
তবুও চাতকের মতো প্রতীক্ষা করি
আগামীর স্বপ্ন ফসলের

অন্ধকার জয় করে উঠবে লাল সূর্য,
পূর্ণিমার স্নিগ্ধ আলোয় ঋদ্ধ হবে বসুধা,
আর. সাম্যবাদের শব্দগুলো অভিধান থেকে
মুক্ত হয়ে গাইবে বিজয়ের গান।

হুমকি সম্বন্ধীয়

শারি আল শাহরিয়া
রোল: ৫৪৫, ইংরেজি (সম্মান), ৪র্থ বর্ষ

এই যে বৃক্ষ
প্রতি বছর যাকে নিতে হয় কাঁঠালের ভার
তাকে রাখো প্রাকৃতিক। তার শরীরে
না লাগাও ব্যবসা-বিবৃতির বিজ্ঞাপন সম্ভার।

এই যে তৃণ
দিনপ্রতি যেখানে শোয় রোদের বাহার
তাকে রাখো সবুজ। পদচিহ্নের লাঙল
সরাও। ঘাস হতে দাও ঘাসের পরিবার।

এই যে জল
চেয়ে দেখ, কী শীতল! কী চমৎকার!
আয়নার মতোই সে থাকুক স্বচ্ছ। ফিরো, ফিরিয়ে
আনো দায়। এই জলদল নিজেই পরিষ্কার।

এ বৃহৎ বদান্যতার যদি হয় কিছু, যদি ভেঙে যায়
বিশুদ্ধ শ্বাসের আঁধার; নষ্ট হয় শ্রীমতি বসুধা
মনে রেখো, বেকুব নরপশুর দল,
প্রজন্ম তোমাদের ক্ষমা দেবে না।

প্রিয় বাংলাভাষা

মোঃ মিজানুর রহমান
রোল: ৪২০২৫, দ্বাদশ (ব্যবসায় শিক্ষা)

বাংলাভাষা বলতে গিয়ে দিলেন প্রাণ
সালাম, জব্বার, রফিকসহ আরো অনেকজন
বাংলাভাষা লিখতে গিয়ে নেমেছিল রাজপথে
হাজার হাজার দামাল ছেলে রক্ত দিল পথে
অনেক প্রাণের বিনিময়ে পেলাম বাংলাভাষা
তাই বাংলা নিয়ে গর্ব করি বাংলা আমাদের আশা
বাংলাভাষা বললে গর্বে ফুলে ওঠে বুক
বাংলাভাষা বললে আমাদের মনে লাগে সুখ।

শিক্ষার মূল্য

রাইমুল হাসান
রোল: ১০৬৯, একাদশ (বিজ্ঞান)

শিক্ষাই মানুষের জ্ঞান
শিক্ষার জন্যই মানুষের সব ধ্যান।
শিক্ষা জাতির মেরুদণ্ড
শিক্ষাহীন সকল জাতিই অন্ধ।

পৃথিবীতে খুঁজে দেখ যে জাতি শিক্ষিত
সে জাতি আজ উন্নত
আর যে জাতিতে নাই শিক্ষা
সে শিক্ষিত জাতির দ্বারে করে ভিক্ষা।
শিক্ষা মানব জীবকে মানুষে পরিণত করে
শিক্ষাহীন মানুষ কীটের কাতারে পড়ে।

শিক্ষায় যে অর্জন করে তাজ
ভবিষ্যতে সে পৃথিবীতে করে রাজ।

ইতিহাস পর্যবেক্ষণ করে দেখা যায় যা
হয়তো ভবিষ্যতেও হবে তা
তাই বলে যাওয়া যায় আজ
পৃথিবীতে যদি করতে চাও রাজ
আদর্শ শিক্ষা অর্জন করো
স্বপ্নের সোনার বাংলা গড়ো।

যখন আমি থাকব না

আহমদ উল্লাহ
রোল: ১০২৯, একাদশ (বিজ্ঞান)

বাজছে নদীর কলকল ধ্বনি
বয়ে চলেছে ধারা,
সবকিছু ঠিকই রয়েছে
নেই শুধু আমার সাড়া।

কলি থেকে ফুটছে ফুল
পাখিরাও শোনো গাইছে,
রূপালী চাঁদের সাথে গগণে
মিটি মিটি তারা জ্বলছে।

নীল আকাশেও থাকবে সেদিন
সাদা মেঘের দাগ,
ধরিত্রীও মুগ্ধ করবে
সকাল থেকে রাত।

আপন গতিতে বয়ে চলবে
রুখবে না কোনো ধারা,
কালের পর কাল মাত করিবে
যখনও আমি থাকবো না।

বাবা

নিশাত সালসাবিল নীলিমা
রোল: ৪০৪৯২, দ্বাদশ (ব্যবসায় শিক্ষা)

ছোট থেকে বড় হবার পথ দেখান বাবা
তার চেয়ে পৃথিবীতে আপন আছে কেবা?

তাকে ছাড়া যায় না আমার এক মুহূর্তও ভাবা
বড় হলে আমি করব আমার বাবার সেবা।

ছোট বেলায় বাবার কাছেই আমার হাঁটা শেখা
তার দেখানো স্বপ্নে আমি মেলেছি এই পাখা।

তার স্নেহ আমার প্রতি শিরায় শিরায় মাখা
আর্শীবাদের হাতটি আছে মাথার ওপর রাখা।

ছোট ছোট ইচ্ছেগুলো, বাবা করেন পূরণ
বকা-ঝকা দিলে মা, বাবা করেন বারণ।

সন্তানের প্রতি দায়-দায়িত্ব করে যান পালন
নিজে নিয়ে আদরের ভার মাকে করেন শাসন
আমি যখন বাবার কাছে কোনো জিনিস চাই
প্রয়োজনের চেয়ে অনেক বেশিই আমি পাই
পৃথিবীতে বাবার মতো আপন কেউ নাই
বাবার কাছে গেলে সব কষ্ট ভুলে যাই।

স্রষ্টার কৃপায় ঘুরুক জীবনের চাকা
প্রার্থনা আমার সাথে নিয়ে মাকে
বাবা যেন সারাজীবন থাকে আমার পাশে।

স্বাধীনতার স্বপ্ন

আফরিন
রোল: ৪০৪৮২, দ্বাদশ (ব্যবসায় শিক্ষা)

পরাধীনতার গ্লানি জন্ম দিয়েছিল একটি স্বপ্নের,
সেই স্বপ্ন বিলীন হবার নয়।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাঙালি জাতিকে

দেখিয়েছিলেন একটি স্বপ্ন;
যা ইতিহাসের পাতা থেকে মুছে যাবার নয়।

প্রত্যেকের হৃদয়ে স্থান করে নিয়েছিল এই স্বপ্ন,
যা কখনো ভুলবার নয়।

স্বপ্ন পূরণে রাজপথে নেমে এসেছিল মায়ের কোলের

সেই ছোট্ট ছেলেটি থেকে শুরু করে,
কৃষক, কামার-কুমার, নারী কেউ বাদ নয়।

অকাতরে বিলিয়ে দিয়েছিল নিজেদের প্রাণ,
রাজপথ রঞ্জিত হয়েছিল লাল রঙে,
সেই স্মৃতিগুলো নিঃশেষ হবার নয়।

রবীন্দ্রনাথ, নজরুল এই স্বপ্ন নিয়ে রচনা করেছেন

কব্য, গল্প, কবিতা।
যা কারও অগোচরে নয়।

অবশেষে ১৯৭১ সালের ২৬ মার্চ স্বাধীনতার স্বপ্ন

পূরণ হয়,
অবাক বিশ্ব বাঙালি জাতির দিকে তাকিয়ে রয়।

বিজ্ঞান চিন্তা

মোঃ ওহিদুজ্জামান
রোল: ৮৬৫, একাদশ (বিজ্ঞান)

বিজ্ঞান মানে বিশেষ জ্ঞান
বিজ্ঞান মানে আলোর যান,
বিজ্ঞানের পথ সুগম করেছে
পবিত্র আল-কুরআন।

চিন্তা করেছেন আইনস্টাইন
এরিস্টটল, প্লেটো,
হারাননি কভু দৃঢ় মনোবল
বিপদ আসুক যত।

বিজ্ঞান চিন্তা, নয় বোঝা
বিজ্ঞানের জ্ঞান অনেক সোজা,
বিজ্ঞান জীবন বুঝবে যারা
অন্ধ হয়ে থাকবে না তারা।

বিজ্ঞান গড়েছে বিশ্বভুবন
বিজ্ঞান চায় সুস্থ জীবন;
বিজ্ঞান হলো জ্ঞানের দিশা
বিজ্ঞান জাগায় বাঁচার আশা।

কত না অসম্ভব বিজ্ঞান করেছে সম্ভব
মানব জীবন করেছে সহজতর,
তাই, আসুন ঐকমত্যে প্রতিষ্ঠা করি
বিজ্ঞানের সঠিক ব্যবহার।

ইচ্ছে ছিল

ফাতেমা তুজ জোহরা
রোল: ৪০৩২৫, দ্বাদশ (ব্যবসায় শিক্ষা)

আমি যদি পারতাম
লাইসেন্স বাদ দিতাম।

চলত না লঞ্চ, স্টিমার
ডুবে মরত না মা, বাবা, ভাই, বোন।
যদি পারতাম ছাত্র-ছাত্রীদের,
হাতে বই খাতা, কলম পেন্সিল দিতাম তুলে।

হতো না পরিবেশ বিশৃঙ্খল
দেশের সব শিক্ষা প্রতিষ্ঠানে।

যদি পারতাম ডাক্তার হতে
বিনামূল্যে চিকিৎসা সেবা সারাদেশে
ছড়িয়ে দিতাম, মরত না
কেউ চিকিৎসার অভাবে।

প্রভু শক্তি দাও আমাকে
মৃত্যু না হওয়া পর্যন্ত।

সেবা করে যেন যেতে পারি
আমার মাতৃভূমিকে।

শেষ ইচ্ছে

আঁখি আলম
রোল: ৪০৪৩৫, দ্বাদশ (ব্যবসায় শিক্ষা)

যদি সামনে এসে বলে মরণ
শেষ ইচ্ছে আমি করব পূরণ
হয়তো খানিকক্ষণ নিটোল নিস্তব্ধতা গ্রাস করবে আমায়
তবু বলব আমি ভেসে যেতে চাই নীল নীলিমায়
উড়তে চাই আমি শঙ্খচিল হয়ে সাদা মেঘের দেশে
ক্লান্ত হয়েও অবশেষে খুশি হব রৌদ্রোজ্জ্বল অন্তরীক্ষ দেখে
দেখে সাঁঝ-বিকালের উড়ন্ত হাওয়ার শীতল পাখি
যেন নতুন রূপে শোভিত হলো এই লালচে আভাময় আঁখি
দেখতে চাই আমি মেঘমুক্ত নীল আকাশে
তারকারাজির মেলা
আবার দেখতে চাই রাতের আঁধারের আলোর ছটা
জোনাকিদের খেলা
বলতে বলতে কখন যে সময় ঘনিয়ে এলো
আত্মা আমার দেহ ত্যাগ করে চলে গেল
পেয়ে এই শেষ ইচ্ছে পূরণের তৃপ্তি
হাজার বার মরতে গিয়ে হবে না তো অসন্তোষের সৃষ্টি।

প্রকৃতি

এহসান আহমেদ দ্বীন
রোল: ৪৩২৪৫, একাদশ (ব্যবসায় শিক্ষা)

এক বিস্তৃত জলরাশি
প্রতি ফোঁটা জল
আপন বেগে চলছে
করছে টলমল।

খণ্ড খণ্ড মেঘ
চাঁদের নির্মল আলো
কেড়ে নেয় আবেগ।

এক বিস্তৃত মরুভূমি
বিন্দু বিন্দু ঘাস
প্রকৃতির সরল নির্মলতায়
বেড়ে যায় প্রশ্বাস।

সত্যি মনকাড়া সেই
শরতের বাঁশ বাগানের দেশে
সুবহান আল্লাহ বলি প্রভু
তোমারই এসব দান।

চুপিসারে ভোর তুমি

এ কে এম সামিউর রহমান
রোল: ৪৩১৮৮, একাদশ (ব্যবসায় শিক্ষা)

এখন অনেক রাত, আমি জেগে আছি
দেখছি চেয়ে পূর্ণিমার চাঁদ।

চারদিকে ছড়িয়ে ছিটিয়ে ছন্নছাড়া
ভেঙে গেছে যেন জোছনা আলোর বাঁধ।
ক্লান্ত আমি, শ্রান্ত আমি
জানালা ধরে আছি বসে
প্রহর গুণি, কবে আসবে
ভোর তুমি? আমার সহস্র প্রতীক্ষার শেষে?

অপরূপা তুমি,
শত রূপের অধিকারিনী
অবোধ এ আমি
আজো তোমার পূর্ণ পরিচয় জানতে পারিনি।

হালকা কুয়াশার অস্পষ্টতা, সুমিষ্ট ফুলের গন্ধ
পাড়াসুদ্ধ ঘুম সকলে, সব ঘরের দরজা বন্ধ
বাইরে ছোট পাখির হালকা কিচির মিচির,
কচি ঘাসের উপর এক বিন্দু শিশির
সকলই তোমার রূপের অংশ।

তোমার অপেক্ষায়
এই রাতও করি আমি উপভোগ
দখিনা বাতাস, ছলছল চোখ
বিরক্ত বারবার নেই কোনোলোক।

ভোর
তোমার কাছে আমার শুধু এ আশা
চুপিসারে এসো তুমি
ঘুচিয়ে আমার পৃথিবীর সকল
দুঃখ কষ্ট হতাশা।

বন্ধু গেল যুদ্ধে

রাইয়ান ইবনে আজাদ
রোল: ৪৩০০০, একাদশ (ব্যবসায় শিক্ষা)

বন্ধু তুমি যুদ্ধে গেলে
করতে স্বাধীন দেশ,
জয় হলো সোনার বাংলার
যুদ্ধ হলো শেষ।

বন্ধু তুমি যুদ্ধে গেলে
ফিরবে নাকি আর,
মাতো তোমার অপেক্ষায়
দেখবে তোমায় একটিবার।

বন্ধু তুমি যুদ্ধে গেলে
সাহস নিয়ে বুকে,
তোমার মতোই লাখো শহীদ
উঠল সেদিন জেগে।

বন্ধু তুমি যুদ্ধে গেলে
হারালে সে প্রাণ,
তোমাদেরই রক্তে করলে
সোনার বাংলা দান।

স্মৃতিতে ক্লাসরুম

অর্ণব বিশ্বাস
রোল: ৫১৪, মার্কেটিং (মাস্টার্স)

পারছি না আর হারিয়ে যেতে তাদের মাঝে,
সেই পুরনো আড্ডার ভাঁজে।
আড্ডা হতো ক্লাস রুমে,
ক্লাস শেষে চায়ের দোকানে।

আচ্ছা এখনকি কেউ যাস সেখানে?
সময় কোথায়
ব্যস্ত যে সব আপন কাজে।

চোখে ঘুম আর বিরক্তি নিয়ে,
যেতাম ক্লাসে প্যাড়ার ভয়ে।
পালিয়ে গেছে সে সকল ভয়,
শুধু মাঝে মাঝে অনুভব করি সময়টা যেন
বিষাদময়।

তবে এটা-ই তো হওয়ার,
সময়-তো শুধু হারিয়েই যাওয়ার।

ক্লাসরুমগুলো ঠিক একই আছে যেমনটা ছিল আগে,
আজও ফিরে তাকালে সে দিকে শুধু পুরনো স্মৃতিগুলো মনে জাগে।

আপন ভুবন

আঃ গফফার
নিরাপত্তা প্রহরী

ঘরটা যেন পরিপাটি
মাটির পাতায় ঘেরা,
সবাই মালিক এই প্রাসাদের
জন্মগত যারা।

সেখানে সবাই যে যার মতো
নাই কেউ আপনজন,
নিজের কাজেই সাজানো হবে
আপন সে ভুবন।

ঘরটি যেন শুধুই আঁধার
নাইতো আলোবাতি,
নাই বিছানা নাই মশারি
থাকবে না কেউ সাথী।
ঘরের কোণে আপন মনে
থাকতে হবে বসে,
আসবে না কেউ নিতে আমায়
একটু ভালোবেসে।

অনন্তকাল দেবো পাড়ি
ঘরের দুয়ার ধরে,
আপন যারা কাঁদবে না আর
আমায় মনে করে।

সে ঘর থেকেও মুক্তি পাবো
জগত সময় শেষে,
আমার মালিক ডাকবে যেদিন
শেষ বিচারের দেশে।

জ্বলে ওঠা প্রাণ

ঢাকা নিমতলী ঘটনা অবলম্বনে

মোঃ ফাহাদ অরনাব
রোল: ৪১৫৪৪, দ্বাদশ (ব্যবসায় শিক্ষা)

চুপচাপ চারদিকে, রাত বাজে নয়টা
হঠাৎ জেগে ওঠে হৃদয়ের ভয়টা
অকারল কিছুক্ষণ হৃদয়ে ধুপধাপ
না জানি কী ঘটে গেছে অশুভ খারাপ
পড়ি বই নেই মন
বন্ধুর বাসাতে
কী জানি রয়েছি আমি কিসের আশাতে
ক্ষণপর বেজে ওঠে মোবাইল ফোনটা
মা'র ফোন, শুনি আমি বোনেরই কান্নাটা
কি হলো? কী কারণ? মা আমায় বলছেন
বাসার চারপাশ নাকি আগুনে জ্বলছে
বলে মা কোথায় তুই
ফিরে আয় আমাদের বাঁচা
হৃদয়ে লাগল অমার শিকরের খোঁচা
বলি আমি, মা তুমি ছাদে উঠে যাও
আচঁলের নিচে বোনটিকে নিয়ে নাও
বাবাকে বলো আমি এখনি আসছি
আগুনটা নেভাতে, দমকল ডাকছি।

বের হই তখনি বাসা নিমতলি যেতে
অনেকটা সময় গেল রিকশা পেতে
পথে মাঝে প্যাঁচ জ্যাম সময় যে নষ্ট
বুকে মোর বেড়ে যায় অজানা কষ্ট
যখন আমি পৌছালাম
চোখ খুলে দেখলাম
চারদিকে জনতা, দমকল বাহিনী
এত ভীড়
কীভাবে যে খুঁজে পাব নিজের বাসাখানি।

কাছে গিয়ে খুঁজে পাই
এতলোক চারিপাশে দেখি নাতো মাকে
নেই বোন, পেলামনা বাবাকে।

আশে পাশে চেয়ে দেখি
কত শত লাশ পড়ে আছে
কী জানি কী কারণে সেগুলো ডাকছে কাছে
কাছে গিয়ে লাশগুলো দেখলাম তাই
বীভৎস যে কত তার বর্ণনা নাই।

আছে শুয়ে প্রাণহীন পরিচিত কতজন
কে জানত দেখতে হবে একথাও ভাবিনি
বোনটি আমার, আমায় ছেড়ে চলে যাবে চিন্তাও করিনি
নিমেষেই আমার বুক দুঃখে ফেটে গেল
বিধাতা আমার সাথে কেন এমন করল।

চারদিকে হাহাকার, আওয়াজ কান্নার
কে বোঝে কষ্টটা আমার একার।
এ বয়সে এত দুঃখ সইব কীভাবে?
একা একা কারো বিনা রইব কি ভাবে?
বাবা মাকে হারালাম
হলাম এতিম, আমি
ছোট বোন ছাড়া কাকে ভালবাসব আমি?
অতীতের কত স্মৃতি চোখে ভেসে উঠে
নেই আমার কেউ আর
এ কথা মনে হলে গায়ের রক্ত ফোটে।

হে খোদা, আমায় এ কেমন শাস্তি দিলে
দেওয়া সব সুখগুলো
এভাবে ছিনিয়ে নিলে!
উঠিয়ে নেওয়া হলে
আমায় নিতে
মা-বাবা বোনকে আমার থাকতে দিতে।

কত লোকের সমাগম কবরখানায়
নিজের কাঁধে বাবা মার লাশ আনলাম হায়
বুক আমার ফেঁটে যায় বোন আমার কাঁধে
দুষ্টামি করে নয় ওপারে গিয়ে
এ যেন বোনের প্রতি আমার শেষখানি আদর
তিন দেহতে প্রাণ নেই ধবল চাদর।

ছেলের কাঁধে পিতা যায় কবরের মাঝে
কত বড় বোঝা হয় কে বোঝে সহজে
মা বোন হারিয়ে গেলে
নিজে বেঁচে থাকতে
কে আছে?

স্বপ্নের প্রজাপতিগুলো

মোঃ মুজাহিদুর রহমান ফাইন
রোল : ৭৪০, একাদশ (বিজ্ঞান)

গেছে হারিয়ে স্বপ্নের প্রজাপতিগুলো আকাশে
আছি কি আমি শূন্যের মাঝে?
পাবো না কি আমি খুঁজে ঠাঁই?
যাচ্ছি অজানা আশ্রয়ের খোঁজে তাই
নেই ছন্দ, ঘটছে পতন তার সবখানে
আছে হৃদয়, তবু নেই তার সুন্দর মন।
যাচ্ছে শূন্যে মিলিয়ে সব কোনো অজানা টানে।

পৃথিবীতে নেই কিছুই আর,
শুধু আছে শূন্যতা-
আর কি আসবে না স্বপ্নের প্রজাপতিরা ফিরে
হারিয়ে গেছে সব অসংখ্য মানুষের ভীড়ে
যাচ্ছে স্মৃতিগুলো সব হাওয়ায় মিশে
থাকছে না কিছুই আর যা ধরে থাকব আকড়ে
নেই এখানে জীবন, চঞ্চলতা যাচ্ছে ফুরিয়ে.....

কী জানি নাম না জানা অচেনা কিসে?
করছি অপেক্ষা তাদের ফিরে আসবার জন্যে
আসবে আবার হয়তো ফিরে আমার সামনে
যাচ্ছি এখানো আমি আশায় ভেসে
কল্পনার এই সরল অবাস্তবে
চায় না কেন ফিরে তাকাতে সেই
চলে যাওয়া প্রজাপতিগুলো?

দাদু

রাকিব হাসান
রোল: ৪৩৩৮০, একাদশ (ব্যবসায় শিক্ষা)

আমি যখন ছোট ছিলাম কী করতাম জানো?
দাদুর পিঠে চড়ে বলতাম, হাতি আমায় টানো।

দাদু ছিলেন ভীষণ মোটা দেখতে হাতির মতো
বলতেন আমায়, এই মিস্টার, পয়সা আছে কত?

হাতি আমি খৈল ভুষি আর কলাগাছ খাই,
হাতির পিঠে উঠতে হলে পাঁচশ টাকা চাই।

বাংলার প্রকৃতি

আফরিনা আক্তার লিজা
রোল: ৭০২, ইংরেজি (২য় বর্ষ)

হয়তো কুয়াশায় ঢাকা সূর্য আমি
অথবা সাদা পায়রা,
কিংবা দু-ফোঁটা জলে ভেজা নিতান্ত হেয় ঘাস ফুল
অথবা ধূসর মাঠ-প্রান্তর
হয়তো আমি পাতা ঝরা গাছ।

কিংবা মাঘের সন্ন্যাসী রুক্ষতার রূপ
যেখানে পায়ের পরশ বুলায় লালরঙা হলুদ পরী।

আমি ঝরে পরা প্রতিটি বৃষ্টির ফোঁটা
আমি প্রাণরূপী করুণ সৌন্দর্য
কেবলই শুভ্রতার আড়ালে ঘেরা নীল।

আমি দামি গোলাপ নই, পথ পাশে ফোটা কাশফুল
যে পথে হাত ধরে হেঁটে যাও তুমি বাবার কিংবা প্রিয়ার
আমি সে পথ।

হয়তো আমি কারো মুখে নবান্নের হাসি
আমি ভালোবাসি, ভালোবাসি তোমাদের ভালোবাসতে
আমি তোমার আর তোমাদের
চিরচেনা বাংলার প্রকৃতি।

গল্প

জীবন জীবনের জন্য

লরেন্স এলিয়ট
অনুবাদঃ মো. মঈনউদ্দিন আহমদ
সহযোগী অধ্যাপক, ইংরেজি বিভাগ

১৯৮৮। মার্চের এক শনিবার। ক্যালিফোর্নিয়ার সান গ্যাব্রিয়েল উপত্যকায় মেরি ও অ্যাবে আয়ালার আনন্দঘন দোতলা বাড়িটি হাসি আনন্দ গানে ভরে ওঠে। তাদের একমাত্র মেয়ে অ্যানিসার ১৬তম জন্মদিন আজ। অতিথিদের ভিড় কমে এলে পরিবারটি ঘনিষ্ঠজনদের নিয়ে বাগানে বেরিয়ে আসে। বাগানে তখন বসন্তের রঙিন হাওয়া।

অ্যানিসা। হাসিখুশী এক মেয়ে। গায়ের রঙ গোলাপী। আর চুলগুলো বাদামী। এক মুহূর্তে সে দুষ্টুমীভরা এক টিন এজ বালিকা। পরমুহূর্তে পাহাড়সম উপহারগুলোর সামনে সে শিশুর সরলতায় বিস্ময়াভিভূত। ওয়ালনাট হাইস্কুলে শিক্ষার্থীদের কাছে সে সেরা সুন্দরী। সবচাইতে জনপ্রিয়। পড়াশুনায় মাঝারী হলেও শীর্ণদেহ আর ক্ষিপ্র গতির কারণে সে স্কুলে মেয়েদের ফুটবল দলের এক গুরুত্বপূর্ণ সদস্য। স্কুল থেকে ফেরার পর আর ছুটির দিনগুলোতেও সে যতক্ষণ বাসায় থাকে ফোনটা তার খোঁজে ক্রমাগত বাজতে থাকে।

পরিবারের একমাত্র মেয়ে অ্যানিসা। বাবা-মা তাকে ছেড়ে একদণ্ড দূরে থাকে না। অ্যাবে ও মেরি দুজনই মেক্সিকান বংশোদ্ভূত। কঠোর পরিশ্রমে তারা দারিদ্রসীমার ওপরে উঠে আসে। মেরি আঠারো বছর হেয়ারড্রেসারের কাজ করে। আর অ্যাবে ভিয়েতনাম যুদ্ধ থেকে ফিরে ট্রাকের যন্ত্রপাতি মেরামতের এক কারখানা দাঁড় করায়। মেরি এসে সেখানে বুককিপারের কাজ নেয়। একটু গুছিয়ে নিয়ে তারা ওয়ালনাটে শহরতলীর বর্তমান বাড়িটিতে এসে ওঠে। তারা উভয়েই ধার্মিক। স্রষ্টাকে স্মরণ করে। নিয়মিত। তাদের পরিবারটিকে সুখের সাগরে ভাসিয়ে দেওয়ার জন্য। আর এই সুখের মূলে আছে তাদের দুই সন্তান: অ্যানিসা আর তার সতেরো বছরের ভাই অ্যারন।

জন্মদিনের শুভক্ষণটিতে সারা ক্যালিফোর্নিয়ায় অ্যানিসার চাইতে সুখি বোধকরি আর কেউ ছিল না। তবে উৎসবের নাচে, গানে আর দুষ্টুমিতেও সে মাসখানেক ধরে তার শরীরে বাসা বাঁধা রহস্যজনক ব্যথাটি সামান্যই ভুলে থাকতে পারে। অনেক কষ্টে বিষয়টি সবার কাছ থেকে গোপন রাখে সে।

ব্যথার শুরু কোমড়ের উপর লালচে একটি দাগ থেকে। ফুটবল খেলতে গিয়ে একদিন দুপায়ে আরো কিছু দাগ নজরে আসে তার। একবার ভাবে মাকে জানায়। কিন্তু ফল হবে সোজা ডাক্তারের কাছে যাওয়া, পরীক্ষা নিরীক্ষা করা আর খেলা বন্ধ রাখা। সে কিছুই জানায় না।

কিন্তু কিছু লক্ষণ সে চাইলেও লুকাতে পারে না। স্কুলের মাঠে একদিন অ্যাবে মেয়েকে লক্ষ করে বল ছাড়া লক্ষ্যহীন ছোটাছুটি করতে। ফেরার পথে সে মেয়েকে জিজ্ঞেস করে, 'তুমি ঠিক আছো?'

'হ্যাঁ, কেন?' অ্যানিসা অন্য দিকে মুখ ফেরায়। সে খুব ক্লান্ত। নিশ্বাস বন্ধ হবার উপক্রম। তার মনে হচ্ছিল পা দুটোকে সে পাথরের মতো টেনে চলেছে। দ্বিতীয় ঘণ্টায় মনে হচ্ছিল সে বেহুঁশ হয়ে যাবে। কোচ তাকে মাঠের বাইরে তুলে নেবেন, এই ভয়ে সাধ্যের বাইরে সে ছোটাছুটি করতে থাকে। যখনই মনে হয় কেউ তাকে লক্ষ করছে না তখনই সে একটু থেমে হাঁটাহাটি করে।

ব্যথাটি চলতেই থাকে। একদিন রাতে ব্যথার যন্ত্রণায় ঘুম ভেঙে যায় তার। কেউ বুঝি ছুরি দিয়ে খোঁচাচ্ছে তাকে। শুরু হয় রাতের পর রাত বিছানায় বসে পেটের ভেতর বালিশ চেপে ঠোঁট কামড়ে কান্না চেপে রাখা। তবু সে কাউকে কিছুই জানায় না।

জন্মদিনের এক সপ্তাহ পর ইস্টার সানডেতে গির্জা থেকে ফিরে ডিনারে বসে সবাই। টেবিল ভর্তি অ্যানিসার প্রিয়সব মেক্সিকান খাবারে। দুএক লোকমা মুখে পুরেই অলক্ষ্যে সে খাবারগুলো প্লেটের কিনারায় ঠেলে দিতে শুরু করে। মা ঠিকই লক্ষ করে, 'তুমিতো কিছুই ধরছ না। তোমার কি ভাল লাগছে না?'

'আমি ঠিক আছি,' বলে অ্যানিসা। অনেক কষ্টে আরো কিছু খাবার মুখে তোলে।

কিন্তু ডিনারের পর রান্না ঘরে মেরি ঠিকই মেয়েকে চেপে ধরে। এমনিতে দুজনে বেশ মিল। একটু খাটো হলেও মায়ের চাইতে বোন বললেই বেশি মানায়। সম্পর্কও বেশ কাছাকাছি। অ্যানিসা প্রায়ই বলে মা-ই হচ্ছে তার সবচেয়ে কাছের বন্ধু। মেরি বলে, 'ঠিক করে বলো তোমার সমস্যা কোথায়। তোমার কি জ্বর?' মেয়ের কপালে চুমু খেতে গিয়ে চমকে ওঠে সে, 'সত্যিই তোমার গায়ে জ্বর।'

মায়ের উদ্বিগ্ন চোখের সামনে অ্যানিসা আর নিজেকে লুকোতে পারে না, 'মা, আমার কিছু একটা হয়েছে। সারাক্ষণ ক্লান্ত লাগে। আর এ পাশে পেটে ভয়ানক ব্যাথা। এই দেখ...।' সে স্কার্ট তুলে দুপায়ের দাগগুলো মাকে দেখায়।

'ও মাই গড! এগুলো কী?' মেরি দীর্ঘশ্বাস ফেলে। পরক্ষণেই

মেয়েকে ভয় না পাইয়ে দিতে কণ্ঠ স্বাভাবিক রেখে বলে, 'ঠিক আছে। কাল স্কুল ছুটির পর আমরা ড. গুটিরেজের কাছে যাব। দেখি, কী করা যায়।'

মেরি ভাবে অ্যাবেকে জানানো ঠিক হবে কি না। তবু সে জানায়। দুজন দুজনকে আশ্বস্ত করার চেষ্টা করে। সে রাতে মেরি দুশ্চিন্তায় ঠিক ঘুমোতে পারে না। অতীতের কোনো এক কষ্টের কথা ভেবে নতুন করে সে দুশ্চিন্তাগ্রস্ত হয়ে পড়ে।

অ্যানিসা তখন সবে বার। স্কোলিওসিসে তার মেরুদণ্ড বাঁকা হয়ে যায়। মেরি প্রথমে খেয়াল করে না। হঠাৎ একদিন দেখে তার একটি কাঁধ অন্যটির চাইতে উঁচু।

ডাক্তার বলেন, এত দেরী হয়ে গেছে যে, থেরাপি দিয়ে কাজ হবে না। বড়সড় অপারেশন লাগবে।

এটি ছিল মেরির জীবনের কঠিনতম দিন। সে ডাক্তারকে বলে, 'আমি কেমন মা? বাচ্চার অসুখ ধরতে পারি না!'

ডাক্তার বলেন, 'এটি অস্বাভাবিক কিছু নয়। স্কোলিওসিস এমন একটি রোগ যা ধীরে ধীরে বাড়ে। অবস্থা খারাপ হবার আগে কেউ টের পায় না। অ্যানিসার ক্ষেত্রেও তা-ই ঘটেছে।'

কিন্তু মেরি নিজের অবহেলায় নিজেই ছিন্নভিন্ন হতে থাকে। সে ভাবতেই পারেনি ডাক্তাররা তার মেয়ের পিঠ চিড়ে একটি ধাতব খণ্ড তার মেরুদন্ডে লাগিয়ে দিবেন। ক্যালিফোর্নিয়ার সর্বত্র সে হন্যে হয়ে খোঁজে এর চেয়ে কম কষ্টের কোনো সমাধান আছে কি না। সবার এক কথা– সার্জারি করতে হবে। নইলে আচমকা সারা জীবনের জন্য সে পঙ্গু হয়ে যাবে।

অ্যানিসা কোনো অনুযোগ ছাড়াই সব মেনে নেয়: ভয়ঙ্কর সব কাটাকুটি, দীর্ঘ সময় ধরে অন্যের শরীর থেকে রক্ত নেওয়া আর বছরেরও বেশি সময় ধরে পুনর্বাসন প্রক্রিয়া। সেপ্টেম্বর নাগাদ সে যখন স্কুলের রুটিন ও খেলাধুলায় অভ্যস্ত হতে শুরু করে, স্রষ্টাকে কতভাবে যে ধন্যবাদ জানায় মেরি।

আর এখন মেয়ের শরীরে এই দাগগুলো দেখে তার মাথায় আসে চার বছর আগে তার শরীরে যত রক্ত দিতে হয় তার কথা। কারো রক্ত কি এইচআইভি আক্রান্ত ছিল যা অ্যানিসার শরীরে প্রবেশ করেছে?

ডা. ফ্রান্সিস গুটিরেজ আয়ালাদের পারিবারিক ডাক্তার। তাঁর হাতেই বাচ্চা দুটির জন্ম। ছোটবেলা থেকেই তিনি তাদের অসুখবিসুখ দেখে আসছেন। চার বছর আগে অ্যানিসার সর্বশেষ বিপদে তিনিই সাহায্য করেন। তিনি অ্যানিসার শরীরের দাগ, আর সব লক্ষণ ও ক্লান্তির কথা শুনে কিছু একটা সন্দেহ করলেও আরো কিছু পরীক্ষার কথা বলেন।

ভিতরে ভিতরে ডাক্তার নিজেও ভয় পেয়ে যান। আয়ালারা শান্ত নিরিবিলি ভদ্র মানুষ। তার পছন্দের মানুষ। যখন তিনি বুঝতে পারেন অ্যানিসার সামনে কী ভয়াবহ দিনগুলো অপেক্ষা করছে, তিনি সৃষ্টিকর্তার ওপর রীতিমত অসন্তুষ্ট হন। আবার ভাবেন এর পেছনে নিশ্চয়ই অন্য কোনো উদ্দেশ্য আছে তাঁর।

অ্যানিসা কোনোরূপ দুশ্চিন্তা ছাড়াই ডাক্তারের চেম্বার ছেড়ে যায়। তারুণ্যের সাথে যে অবিনাশী বোধ কাজ করে অ্যানিসার মধ্যে তার পুরোটাই ছিল। তার বিশ্বাস ছিল, ডা. গুটিরেজ তাকে ঠিকই ভাল করে তুলবেন। বাড়ি ফেরার পথে সে মাকে তাকে শপিং মলের সামনে নামিয়ে দিতে বলে। বন্ধুদের নিয়ে জন্মদিনের গিফট সার্টিফিকেটগুলোর একটি সুরাহা করতে হবে তাকে।

চেম্বারে ডা. গুটিরেজ যখন অ্যানিসাকে নিয়ে ব্যস্ত, মেরি তাকে ভালই লক্ষ করে। বুঝতে পারে অ্যানিসার সাংঘাতিক কিছু একটা হয়েছে। বাড়ি ফেরার ঘন্টাখানেকের মধ্যে সত্যিই ডা. গুটিরেজের ফোন। মেরিকে তার চেম্বারে যেতে বলেন।

'কিন্তু অ্যানিসাতো এখন বাড়ি নেই,' মেরির কণ্ঠস্বর ক্ষীণ হয়ে আসে।

'অ্যানিসাকে নয়। আমি তোমাকে আর অ্যাবেকে চাই। এক্ষুনি। একসাথে।'

এ যেন আতঙ্কের সাথে লড়াই করে বেঁচে থাকা। মেরি অ্যাবেকে তার ফ্যাক্টরিতে ফোন করে জানায়, ডা. গুটিরেজ সত্বর দুজনকে দেখা করতে বলেছেন। অ্যাবে জিজ্ঞেস করে, কেন। মেরি বলে, সে কিছুই জানে না। তবে অ্যানিসার খারাপ কিছু হবে।

অ্যাবে ঘটনার আকস্মিকতায় হতভম্ব হয়ে পড়ে। তাকে উঠিয়ে নিতে মেরির অপেক্ষায় নিজ অফিস কক্ষে সে পায়চারী করতে থাকে। তার মাথায় একটাই প্রশ্ন– সে কি মারা যেতে বসেছে?

এতটা বিপর্যস্ত অ্যাবে অনেকদিন হয়নি। এটা অনেকটা ভিয়েতনাম যুদ্ধে তার আহত হবার সময়টার মতো যখন তার স্কোয়াডের কেউ একজন ফাঁদে পাতা এক বোমা মাড়িয়ে দেয়। সে তৎক্ষণাৎ স্রষ্টার সাহায্য কামনা করতে শুরু করে। এবারো সে যখন গভীর প্রার্থনায় মগ্ন বাইরে মেরির গাড়ির শব্দ শোনা যায়।

মেরির ধারণা অ্যাবে প্রয়োজনের চাইতেও বেশি সাবধানী। হতে পারে। যখন সে ব্যবসাটি শুরু করে মর্টগেজের পেমেন্ট সাতমাসের মধ্যে চলে না আসা পর্যন্ত তারা একটি টাকাও বাজে খরচ করেনি। বাচ্চাদের ক্ষেত্রেও তা-ই ঘটে। তারা অল্প বয়সে বিয়ে করে। কিন্তু পাঁচটি বছর তারা অপেক্ষা করে। দরিদ্র হওয়া কী জিনিস অ্যাবে তা ভালো করে জানে। সে চেয়েছে বাচ্চাদের জীবনটা তাদের চাইতে ভালো কাটুক। সুন্দর কাটুক। এক সময় তারা তাদের জীবনের চাইতেও মূল্যবান হয়ে ওঠে।

ডা. গুটিরেজের চেম্বারে ঢুকেই অ্যাবে লক্ষ করে তাঁর চোখে জল। তিনি তাদের জিজ্ঞেস করেন নরমাল হোয়াইট ব্লাড সেল কাউন্ট বলতে কী বুঝায়, তারা তা বোঝে কি না। তারা 'না' বলে। তিনি বলেন প্রতি কিউবিক মিলিমিটারে সংখ্যাটি হবে ৫০০০ থেকে ১০০০০। আর অ্যানিসার ক্ষেত্রে এটি দাঁড়িয়েছে ৩২৮০০০-এ।

আর এ কারণেই তার স্প্লিন এত ফোলা আর বাঁ পাশটায় এত ব্যথা।

কিন্তু এটি এইডস নয়। অ্যানিসা লুকেমিয়া বা ব্লাড ক্যান্সারে আক্রান্ত।

এক মুহূর্তের জন্য অ্যাবে আশার আলো দেখতে পায়– এটি এইডস নয়। কিন্তু মেরির দিকে তাকিয়ে যখন সে দেখে সে ভেঙে পড়েছে তখনই তার মনে হয় 'লুকেমিয়া'। এ রোগেতো হামেশাই বাচ্চারা মারা যাচ্ছে আজকাল।

অ্যানিসা যখন ঘরে ফেরে মেরি তার অপেক্ষায় থাকে। এদিনও অ্যানিসা ঝড়ের বেগে ঘরে প্রবেশ করে। উত্তেজনায় সে টগবগ করছিল। মাকে বলে, 'আমি যা এনেছি, মা, তুমি চিন্তাও করতে পারবে না।' বসার ঘরে মেরি যেখানে কাপড় ভাঁজ করছিল অ্যানিসা তার পাশে হাতের পার্সেল আর ব্যাগগুলো রেখে গোলাপী স্কার্টের একটি মোড়ক ছিঁড়তে ছিঁড়তে বলে, 'আমি কাল এটা পড়ে স্কুলে যাব, মা।'

তখনই সে খেয়াল করে তার মা, যে সবসময় তার নতুন যে কোনো কিছুতে আনন্দে ভেসে যেতো, তার চোখ এড়িয়ে যাবার চেষ্টা করছে। সে মাকে বলে, 'কী হয়েছে, মা?'

'তোমাকে আর কাল থেকে স্কুলে যেতে হবে না। ডা. গুটিরেজের ওখানে তোমার কিছু পরীক্ষা নিরীক্ষা আছে। কটা দিন ওখানেই থাকতে হবে তোমাকে।'

'কেন? কী পরীক্ষা? আমার কী হয়েছে?'

মেরি কোনোরকমে মাথা ঝাঁকায়। সে গলার স্বর স্বাভাবিক রাখতে পারে না। বলে, 'আমি ঠিক জানি না। মনে হয় দুশ্চিন্তার কিছু নেই।'

পার্সেল আর ব্যাগগুলো যেখানে ছিল সেখানেই পড়ে থাকে। অ্যানিসা তার নিজের ঘরে চলে যায়। সে জানে, তার মা মোটেও নির্বোধ নয়। নিশ্চয়ই কঠিন কিছু হয়েছে তার।

ইতোমধ্যে তার ভাই অ্যারন ঘরে ফেরে। ভিতরটি খুবই কোমল তার। একনজর দেখেই সে বুঝে নেয় মায়ের মনটি পাথরচাপা পড়ে আছে। সে বিপদ টের পায়। মাকে জিজ্ঞেস করে জানতে পারে তার বোন খুব অসুস্থ। সে লুকেমিয়ায় আক্রান্ত। তাকে বেশ কদিন হাসপাতালে থাকতে হবে। ডাক্তাররা পরীক্ষা নিরীক্ষা করে দেখবেন রোগটি কোন পর্যায়ে আছে বা এরই মধ্যে তাদের সব আশা শেষ হয়ে গেছে কি না।

পরদিন সকালে লস এঞ্জেলেস শিশু হাসপাতালে যাবার পথে সদা হাসিখুশি মেরি তার স্বামীর পাশে বসে থাকে। কোনো কথা বলে না। চুপচাপ। অ্যানিসা ততক্ষণে বুঝে গেছে সবাই মিলে তাকে যা বলছে তার চাইতে তারা বেশী জানে। যদি খারাপ কিছু না-ই হবে তবে বাবা কেন কাজ থেকে ছুটি নেবে? কেন সে রিয়ার ভিউতে বারবার তার দিকে তাকাবে? অ্যানিসা আবার ভাবে- 'যদি তারা আমাকে নিয়ে কোনো কথা বলতে না চায়, ঠিক আছে, আমিও কথাটা তুলে তাদের বিরক্ত করতে চাই না।'

হাসপাতালে আগে থেকেই সব ঠিক করা ছিল। অ্যানিসা বিছানায় আশ্রয় নেওয়ামাত্র একজন নার্স তার হাত থেকে রক্ত নিতে আসে। তারপর হাজির হয় একজন ডাক্তার। তারা পাশে রাখা একটি পুতুলের মাধ্যমে তাকে দেখায় কীভাবে তারা তার হিপে অ্যানেসথেসিয়া প্রয়োগ করে একটি সুচ ঢুকিয়ে তার শরীর থেকে ফ্লুয়িড বের করে নিবে। এ সবই করা হবে তার বোন-ম্যারো পরীক্ষা করার জন্য।

কাজ শেষে অ্যানিসা টের পায় তার কেবিনের বাইরে ডাক্তারদের বেশ আনাগোনা। বাবা-মাকে দেখে সে চোখ তোলে। তার আশা, কেউ হয়ত তাকে কিছু একটা বলবে। কেউ কিছুই বলে না। যখন সে মাকে জিজ্ঞেস করে ডাক্তাররা কী বলছেন মেরি জানায়, তারা টেস্টের ফলের অপেক্ষায় আছেন।

এগারোটা নাগাদ অ্যাবে ও মেরি 'ভয়ের কিছু নেই' বলে তাকে আস্বস্ত করে বাইরে চলে যায়। আসে একজন নার্স। তাকে একটি ওষুধ খেতে দেয়। অ্যানিসা জিজ্ঞেস করে, কীসের ওষুধ। নার্স তাকে জানায়, তার ওপর কেমোথেরাপির একটি কোর্স শুরু হতে যাচ্ছে। অ্যানিসার সামনে তখন দাদীর মুখখানা ভেসে ওঠে। তার সব চুল পড়ে গিয়েছিল যখন তাকে কেমোথেরাপি দেয়া হয়। শেষ পর্যন্ত তার দাদী ক্যান্সারে মারা যান।

অ্যানিসা ওষুধটি নার্সের হাতে ফেরত দিয়ে বলে, 'আমি এ ওষুধ খাব না।'

কথা শুনে নার্সের চোখ কপালে উঠে যায়।

'যতক্ষণ না কেউ একজন এসে আমাকে বলছে আমার সত্যি কী হয়েছে ততক্ষণ আমি কিছু খাবো না। আর তোমাদেরও আমাকে নিয়ে কিছু করতে দেব না।'

কিছুক্ষণ পর একজন তরুণ ডাক্তার এসে অ্যানিসার সাথে এমনভাবে কথা বলতে শুরু করেন যেন সে পাঁচ বছরের ছোট্ট এক বাচ্চা। তিনি বলেন, 'সমস্যা কী তোমার, অ্যানিসা?'

অ্যানিসা শান্তস্বরে ডাক্তারকে বলে সে কোনো বাচ্চা নয়। তাকে জানতে হবে আসলে তার কী হয়েছে। সে বলে, 'সারাদিন ডাক্তাররা আমার বাবা-মার সাথে কথা বলছেন। কিন্তু এখন পর্যন্ত কেউ আমাকে কিছু-ই বলছেন না।'

ডাক্তার অ্যানিসার বিছানার একপ্রান্তে জ্বলা টেবিল ল্যাম্পটির পাশে এসে বসেন। বলেন, 'সতি কথাটি হলো, তোমার মধ্যে যেটা আছে আমরা সেটাকে বলি সিএমএল। ক্রনিক মাইএলোজেনাস লুকেমিয়া। এটা এক ধরনের এডাল্ট ব্লাড ক্যান্সার।'

অ্যানিসা বড় নিঃসঙ্গ বোধ করে– যাই হোক, আমি ডাক্তারকে জিজ্ঞেস করেছি এবং তিনি তার জবাব দিয়েছেন।

পরদিন সকালে অ্যানিসা ঘুম থেকে উঠে লড়ে যাবার প্রত্যয় নিয়ে।

ভাবে নিজের অসুস্থতার দায়িত্ব তার নিজেকেই নিতে হবে। মেরি যখন বিকেলে হাসপাতালে আসে সে বলে, 'তোমার আর বাবার আর ডাক্তারদের মধ্যে আমি আর কোনো গোপন আলোচনা দেখতে চাই না। সবকিছুর মধ্যে আমাকে থাকতে হবে। ঠিক আছে? যদি আমাকে মরতেও হয়, আমি জানতে চাই কেন মরতে হবে। কান্না থামাও, মা! আর যদি আমাকে বাঁচতে হয়, আমাকে জানতে হবে আমাকে ঠিক কী করতে হবে।'

হৃদয় মন বিপর্যস্ত মেরি মাথা নেরে সায় দেয় শুধু।

আর এভাবেই সবকিছুর শুরু। সেদিন থেকে শুরু, আর পরবর্তীতে যা হয়েছে, অ্যানিসা মনোযোগ দিয়ে শোনে, প্রশ্ন করে। ভাবে মেডিকেলের বইগুলোতে লুকেমিয়া সম্পর্কে এ পর্যন্ত সে কী কী পড়েছে।

এভাবে শুরুতেই সে জেনে নেয়, তার বোন-ম্যারোর কোনো এক স্থানে কোনো একটি হোয়াইট সেলের মধ্যে জেনেটিক পরিবর্তনের পরিণতি কী হতে পারে। অজানা কোনো কারণে সেই বিরূপ সেলটি কীভাবে নিজের সংখ্যা ক্রমাগত বৃদ্ধি করতে থাকে। এভাবে লুকেমিয়ার কোষগুলো শরীরের সুস্থ কোষ আর রক্ত উৎপাদনকারী অঙ্গগুলোকে আক্রমন করে শরীরে রক্তশূন্যতার সৃষ্টি করে, রোগের সংক্রমণ ঘটায় আর অভ্যন্তরীণ ক্ষতের সৃষ্টি করে। চিকিৎসার মাধ্যমে এর কিছুটা উপশম হলেও যে কোনো সময় রোগীর পূর্বাবস্থায় ফিরে যাওয়া বা সাক্ষাৎ মৃত্যুই হতে পারে লুকেমিয়ার সম্ভাব্য পরিণতি।

অ্যানিসার লুকেমিয়া অনেকটাই পুরনো। যার অর্থ একে অ্যান্টি-ক্যান্সার ড্রাগস প্রয়োগে সারিয়ে তুলতে হবে। ভাগ্য ভালো হলে তার ব্লাড কাউন্ট বাড়বে। ব্যথা আর দাগগুলোও সেরে যাবে। এভাবে লক্ষণমুক্ত অবস্থায় পাঁচ বছর পর্যন্ত সে টিকে থাকতে পারে।

এটি একটি আশাবাদমাত্র। ক্ষতিকর সেলগুলোর মোকাবেলা আসলেই কঠিন। এর মধ্যে কিছু আবার চিকিৎসা দেওয়ার পরও ইমিউন বা অপ্রতিরোধ্য থেকে যায়। ক্রমাগত নিজেদের সংখ্যা বৃদ্ধি করতে থাকে। ওষুধে আর কাজ হয় না। সত্যি বলতে কী, অ্যানিসা যেন ভিতরে একটি টাইম বম্ব বয়ে নিয়ে বেড়াচ্ছে। চিকিৎসা দেওয়া হোক আর না হোক, বিপর্যয় অবশ্যম্ভাবী।

এ অবস্থায় চিকিৎসার বাইরে একটিমাত্র সুযোগ অবশিষ্ট আছে অ্যানিসার। আর তা হচ্ছে তার আক্রান্ত বোন-ম্যারোকে একজন উপযুক্ত ডোনারের বোন-ম্যারো দ্বারা প্রতিস্থাপণ করা। পাশাপাশি রেডিয়েশন ও কেমোথেরাপির সমন্বয়ে লুকেমিয়ার সেলগুলোকে সমূলে বিনাশ করা। এ কাজের সময় অ্যানিসার রোগ প্রতিরোধ ক্ষমতা অন্তত পনেরো দিনের জন্য শূন্যের কোঠায় নেমে যাবে। অর্থাৎ এ সময়টি সে জীবন মৃত্যুর সন্ধিক্ষণে দোল খেতে থাকবে। কিন্তু তার শরীর যদি ডোনারের বোন-ম্যারোকে দুরে ঠেলে না দেয় বা এরই মধ্যে সে নতুন কোনে রোগে আক্রান্ত না হয় তাহলে নতুন সেলগুলো ক্রমাগত নিজেদের সংখ্যা বৃদ্ধি করতে থাকবে। ফলে অ্যানিসার সেরে ওঠার সম্ভাবনা দেখা দিবে।

অ্যানিসার লুকেমিয়া ঠিক কতটা ভয়াবহ সেটা অনুধাবন না করা পর্যন্ত মেরি ও অ্যাবে বিশ্বাস করতে চায়নি সে মারা যাবে। ডাক্তাররা যখন তাদের বোন-ম্যারো ট্রান্সপ্ল্যান্টের কথা বলেন তারা দুর থেকে হলেও কিছুটা আশার আলো দেখতে পায়। যখন তারা বলেন যে, আপন ভাই-বোনই হতে পারে এক্ষেত্রে সবচেয়ে ভালো ডোনার এবং অ্যানিসার জন্য অ্যারনই হতে পারে সবচেয়ে উপযুক্ত ডোনার, তারা খুশিতে আনন্দে যেন আকাশে উঠে যায়। মনে হয় তাদের জীবনটা আবার আগের মতো সুখে আনন্দে ভেসে যাবে।

কিন্তু যখন জানা যায় অ্যারনের সাথে অ্যানিসার সেল মিলছে না অ্যানিসার দ্রুত আরোগ্য লাভে তাদের স্বপ্ন ভেঙে চুরমার হয়ে যায়। নিজেদের ও নিকটাত্মীয় অন্যান্যদেরও টিস্যু-টাইপিং টেস্ট করা হয়। সব ফল শূন্য।

মেরি ও অ্যাবে হাসপাতালের লোকজনদের জিজ্ঞেস করতে থাকে, 'আমাদের বাচ্চা মারা যাচ্ছে। আমরা এখন কী করব?' তখন কেউ একজন তাদের ক্যালিফোর্নিয়ার কোভিনায় অবস্থিত 'লাইফ-সেভার্স ফাউন্ডেশন'-টির কথা জানায়। ওয়ালনাটে তাদের বাসা থেকে কয়েক মাইল দূরে মাত্র।

পশ্চিম আমেরিকায় শুরুর দিকে যে বোন-ম্যারো সংগ্রহ কেন্দ্রগুলো গড়ে উঠে, 'লাইফ-সেভার্স' সেগুলোর অন্যতম। লুকেমিয়ায় আক্রান্ত রোগীদের টিস্যু ম্যাচিং ডোনার খুঁজে পেতে ১৯৮৮ সালে এই সংস্থাটি গড়ে ওঠে যে বছর অ্যানিসারও লুকেমিয়া ধরা পড়ে। টিসু-টাইপিং ব্যয়বহুল এক টেস্ট। সংস্থাটি এই টেস্টের খরচ নির্বাহের জন্য স্পনসর জোগাড়ে কাজ করে যাচ্ছে যাতে সম্ভাব্য ডোনারদের একটি জাতীয় নিবন্ধনের আওতায় আনা যায়।

যে কোনো রুগীর জন্যই একজন উপযুক্ত ম্যাচ খুঁজে পাওয়ার আশা একেবারেই কম। তারপরও 'লাইফ-সেভার্স' বা এ ধরনের অন্যান্য সংস্থা ধীরে ধীরে সবরকম প্রতিকুলতা কাটিয়ে উঠতে শুরু করছে। এমনি এক সময়, আটাশির নভেম্বরের কোনো একদিন, মেরি এসে হাজির হয় 'লাইফ-সেভার্স'-এর ডিরেক্টর অব অপারেশনস টমি ব্রাউনের সামনে। মেরি কাঁপা কাঁপা স্বরে তাঁকে তার পুরো কাহিনী শোনায়। বলে, 'আমরা এখন কী করব?'

তাদের এই প্রথম সাক্ষাতের কথা টমি ব্রাউন কখনোই ভুলবেন না। তিনি যেন তার ডেস্কের ওপাশে ভেঙে পড়া বিধ্বস্ত এক মহিলাকে দেখছিলেন। আর তাঁর মনে হচ্ছিল, এই মহিলা কিছুতেই এই কষ্ট সামলে উঠতে পারবে না।

টমি তাঁর পেশাদার ভঙ্গীতে তাকে জানান, সমগ্র ইউএস ন্যাশনাল রেজিস্ট্রিতে নিবন্ধিত ডোনারদের মধ্য থেকে অ্যানিসার জন্য একজন উপযুক্ত ম্যাচিং খুঁজে পাওয়ার সম্ভাবনা প্রতি বিশ হাজারে

একজন মাত্র। আর এখন পর্যন্ত মাত্র সতের হাজার লোকের নাম নিবন্ধিত হয়েছে।
মেরি ক্ষীণ কণ্ঠে বলে, 'এটা কি মোটেও সম্ভব না?'
টমি বলেন, গাণিতিক হিসাবে অসম্ভব শোনালেও এটি সম্ভব হতে পারে। এক্ষেত্রে মেরি যা করতে পারে তা হলো প্রতিনিয়ত অসংখ্য লোকজনকে ম্যাচিং-এর জন্য টেস্টে উৎসাহিত করা।
মেরি এক অদ্ভূত দৃষ্টিতে টমির দিকে তাকিয়ে বলে, 'আমি? কীভাবে?'
তখন টমি তাকে বলেন, 'লোকজনের সাথে ফোনে কথা বল। পোস্টার টাঙাও। মিটিংয়ের আয়োজন কর। তুমি আর তোমার পরিবারের সদস্যরা রোটারি ক্লাব, লায়নস ক্লাব, চেম্বার অব কমার্সে গিয়ে তোমাদের কথা বল। তোমরা যত বেশি ম্যারো-ডোনার সংগ্রহ করবে, তোমাদের মেয়ের বেঁচে থাকার সম্ভাবনাও তত বাড়বে। আর, হ্যাঁ টাকাটাও তোমাদেরই জোগাড় করতে হবে। টিস্যু-টাইপিং টেস্ট। সত্যিই ব্যয়বহুল।'
একথা শুনে মেরি আবার তার চেয়ারে সেটে যায়। তাদের পরিবারের কেউ কখনো লোকজনের সামনে দাঁড়িয়ে কথা বলেনি। তারা কী করে লোকের কাছে টাকার জন্য হাত পাতবে? এতটা নিঃস্ব তারা কখনোই ছিলো না।
টমি আস্তে আস্তে আরো খোলাসা করেন। বলেন, টাকাটা কম নয়। প্রত্যেক টিসু-টাইপিং টেস্টের খরচ ৭৫ ডলার করে। আর অ্যানিসার জন্য সম্ভাবনাময় একজন ম্যাচ খুঁজে পেতে আয়ালা পরিবারকে হাজার হাজার লোককে পরীক্ষা করাতে হবে। এর জন্য সরকারের কোনো তহবিল নেই। যা করতে হবে নিজেদেরই করতে হবে।
টমি আরো বলেন তারা যে চেষ্টাটুকু করবে তা শুধু অ্যানিসার একার জন্য নয়। বরং প্রতিটি ডোনার নিবন্ধিত হওয়ার সাথে সাথে তা প্রতি বছর লুকেমিয়ায় আক্রান্ত ১৬০০০ শিশু ও বয়স্কদের জন্য ম্যাচিং খুঁজে পেতে সাহায্য করবে। আসলে লুকেমিয়ায় আক্রান্ত রোগীর পরিবারের সদস্যরাই হলো এই ডোনার সংগ্রহ কর্মসূচির সর্বোত্তম সেলসমেন।
এরপরই টমি তার সবচেয়ে তীক্ষ্ণ তীরটি ছোঁড়েন, ''মেরি, যে সেলগুলো তোমার মেয়েকে তিলে তিলে শেষ করে দিচ্ছে তুমি তাদের সাথে না-ও পারতে পার। কিন্তু তুমি দুঃখ কষ্ট হতাশাকে কাজে লাগাতে পার। তুমি দ্বারে দ্বারে গিয়ে মানুষকে বোঝাতে পার। বলতে পার 'আমি তোমাদের সাহায্য চাই! অন্যরা তোমাদের সাহায্য চায়!' তারপর অ্যানিসা যদি মারাও যায় তুমি এই বলে নিজেকে সান্ত্বনা দিতে পারবে যে, তাকে বাঁচাতে তুমি তোমার সাধ্যের সবটুকু করেছ। আর তুমি যা করবে তাতে হয়ত আরো অনেক লোকের জীবন বেঁচে যাবে।''
তারপরই সেই বিস্ময়কর ঘটনাটি ঘটে যায়। কান্নারত বিধ্বস্ত মহিলাটি চেয়ার ছেড়ে উঠে দাঁড়িয়ে টমিকে বলে, 'আমাকে ঠিক কী করতে হবে, খুলে বলুন। আমি সেটা করতে চাই।'
আর এখান থেকেই শুরু আয়ালা পরিবারের মহাকাব্য– সেই অচেনা লোকটিকে খুঁজে বের করা যে অ্যানিসার জীবন বাঁচাতে পারে।
মানুষের ইমিউন সিস্টেমের নিয়ামকই হলো বোন-ম্যারো। এর অগণিত হাজার হাজার সেলের পারস্পরিক প্রভাব ঠিক করে দেয় একজন মানুষ কখন সুস্থ হবে বা আরোগ্যলাভ করবে। সেহেতু ম্যাচটি হতে হবে হার্ট, লিভার বা লাংস ট্রান্সপ্লান্টের চাইতে আরো কাছের।
মিনিয়াপোলিসে স্থাপিত নিবন্ধন কেন্দ্রটিতে অ্যানিসার জন্য উপযুক্ত কোনো ম্যাচ খুঁজে পাওয়া যায়নি। ফলে আয়ালা পরিবার খুব ধৈর্যের সাথে তাদের কার্যক্রম এগিয়ে নিতে থাকে। নয় দিনের পরীক্ষা নিরীক্ষার পর অ্যানিসাকে তার বাড়িতে পাঠিয়ে দেওয়া হয়। তবে প্রাপ্তবয়স্কদের বোন-ম্যারো ট্রান্সপ্লান্টেশনের জন্য বিশেষায়িত কোনো ক্যান্সার হাসপাতালে তার থেরাপি চালিয়ে যেতে হবে। বাড়ি থেকে দশ মাইলের মধ্যে এ ধরনের একটি হাসপাতাল তারা খুঁজেও পায়। নাম 'সিটি অফ হোপ'।
সান গ্যাব্রিয়েল পর্বতমালা এলাকায় প্রথম সফল বোন-ম্যারো ট্রান্সপ্লান্টের দুবছর পেরিয়েছে মাত্র। ততদিনে সমগ্র আমেরিকায় মুষ্টিমেয় যে কটি হাসপাতাল ক্যান্সারের শেষ চিকিৎসাস্থল হিসেবে নাম করেছে 'সিটি অফ হোপ' সেগুলোর অন্যতম। বসন্তের এক সকালে পুরোটা পথ পাড়ি দিয়ে অ্যানিসা যখন হাসপাতালে পৌঁছে তার কাছে এটিকে ইউনিভার্সিটির ক্যাম্পাস ভিন্ন অন্য কিছু মনে হয়নি। সারি সারি পাম গাছ আর পরিচ্ছন্ন করে ছাঁটা ফুল বাগানের বন তাকে আচ্ছন্ন করে ফেলে।
'সিটি অফ হোপ'-এর পেড্রিয়াটিক অনকোলোজিস্ট অ্যানিসার লুকেমিয়ার উচ্চমাত্রাকে প্রতিহত করতে কেমোথেরাপি বন্ধ করে তার উপর প্রতিদিন একটি করে ইন্টারফেরন প্রয়োগ করতে থাকেন। এটি তার জ্বরজ্বর ভাব ও ব্যথার উপশম ঘটায়। ওষুধটির আরো একটি কাজ হোয়াইট ও রেড ব্লাডসেলের মধ্যে সামঞ্জস্য বিধান করা। ফলে অ্যানিসার শরীরের অন্যান্য লক্ষণও দুর হয়ে যায়।
লুকেমিয়ার বিরুদ্ধে অ্যানিসার এ লড়াই তাদের সমগ্র পরিবারের লড়াইয়ে রূপ নেয়। এমন কোনো রাত নেই যখন পরিবারের কেউ না কেউ, এমনকি লাজুক অ্যারন, কখনোবা চারজনই, ঘরের বাইরে, নয় কোনো সেবা সংস্থার মিটিং-এ বা স্কুলের র‍্যালিতে অ্যানিসার জীবনের কালো মেঘের কথা বর্ণনা না করে, যে মেঘ প্রতিনিয়ত আরো ঘন হয়ে আসছে।
'লাইফ-সেভার্স'-এর সহায়তায় প্রতিদিনই তারা কোথাও না কোথাও বেড়িয়ে পরে ডোনার খুঁজে বের করার হৃদয় বিদারক

অবিশ্বাস্য অসাধারণ সব কাহিনী নিয়ে। তারা নিকটস্থ রক্ত সংগ্রহ কেন্দ্রগুলোর ঠিকানা লোকজনের হাতে দিয়ে এই বলে তাদের আশ্বস্ত করতে থাকে যে, প্রাথমিক পরীক্ষায় কয়েক ফোঁটা রক্ত দেওয়া ছাড়া আর কোনো কাজ নেই। ততদিনে অ্যানিসা অসাধারণ এক বক্তায় পরিণত হয়েছে। শুধু নিজের জন্য নয়। একটি ভাল কাজের জন্যেও। সে মানুষকে মন্ত্রমুগ্ধের মতো বলতে থাকে, 'আমি সত্যিই মারা যাচ্ছি। তোমাদের পক্ষে যদি সম্ভব হয় কেউ কি আমাকে বাঁচাবে?' অথবা 'আজকের এই সমাবেশে এই শ্রোতাদের মধ্যে এই মুহূর্তে কেউ একজন আছে যে একটি জীবন বাঁচাতে পারে? হতে পারে তা আমারই জীবন। অথবা অন্য কারো।'

পুরো সময়টা জুড়ে টমি অ্যানিসাকে লক্ষ করতে থাকেন– সে তার এই ভয়াবহ রোগের ভার বইবার শক্তি রাখে কি না। বাবা-মার আদুরে, মিল করে জামা আর কানের দুল পড়া, হাল ফ্যাশনের এই মেয়ে রীতিমত অবাক করে দেয় তাকে। যেখানে একজন শক্ত-সমর্থ মানুষও এই রোগে পর্যুদস্ত হয়ে পড়ে সেখানে এই মেয়ে মোটেও ভেঙে পড়েনি। সাহসের সাথে সে লড়াই করে যেতে থাকে। লড়াইটা তার পরিবারও করে যায়। যখন আয়ালারা এই কাহিনী নিয়ে বিভিন্ন কমিউনিটিতে যায়, লোকজন সত্যিই টিস্যু টাইপিং-এ আগ্রহী হয়ে উঠে। প্রথমে একজন দুজন করে। তারপর ডজন ডজন করে। আরো পরে শয়ে শয়ে। হাজারে হাজারে।

আয়ালাদের কাছে তখন সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ টেলিফোন কলের অপেক্ষা করা এবং কলগুলো রিসিভ করা। এছাড়া দূরদূরান্তে যাওয়া এবং সভা সমাবেশ ও র‍্যালির আয়োজন করা। অ্যাবে আগে থেকেই 'লায়নস্ ক্লাব' ও 'একস লজ'-এর সদস্য ছিল। আর মেরি ছিল 'ওয়ালনাট জুনিয়র উইমিনস ক্লাব'-এর সদস্য। তারা জায়গায় জায়গায় লিফলেট বিতরণ করে সমাবেশের আয়োজন করে আর সেখানে কথা বলার জন্য আয়ালাদের দাওয়াত করতে শুরু করে। ধীরে ধীরে তারা এ কাজে দক্ষ হয়ে উঠে আর ম্যারো-ডোনার সংশ্লিষ্ট পরিসংখ্যান ও সংজ্ঞা এমনভাবে পাল্টে দিতে শুরু করে যে, লোকজনের পক্ষে তাদের চিকিৎসা শাস্ত্র ছাড়া অন্য পেশার লোক ভাবা কঠিন হয়ে পড়ে। পত্রিকা ও টিভি চ্যানেলগুলো তাদের নিয়ে রিপোর্ট প্রচার করতে শুরু করে। স্কুলের বাচ্চারাও বাড়ি বাড়ি গিয়ে দরজায় কড়া নাড়তে থাকে। পর পর তিন শনিবারে তারা ১৫০০ মানুষের টিস্যু-টাইপিং টেস্ট করায় এবং এ কাজে ৪০০০০ ডলারেরও বেশি তহবিল জোগাড় করে।

অ্যাবে হয়ে দাঁড়ায় দক্ষ পরিকল্পনাকারী। মেরি সবচেয়ে পরিশ্রমী। আর অ্যানিসা ভালো বক্তা। অ্যারনের কাজ শুধু তাদের সাথে লেগে থাকা। লোকের সামনে কথা বলাটা তার হয়ে ওঠে না। কিন্তু যখনই সে কিছু বলে সে শুধু বলে, 'আমার জানা মতে আমার বোন হচ্ছে পৃথিবীর সবচেয়ে সাহসী মানুষদের একজন। তার অবশ্যই বেঁচে থাকা প্রয়োজন।'

ম্যারো-ডোনার সংগ্রহ এমন এক কাজ যার সাথে মানুষের আদৌ কোনো পরিচয় ছিল না। অ্যানিসার প্রয়োজনের সময়টিই হয়ে দাঁড়ায় এ কাজের জন্য সবচেয়ে উপযুক্ত সময়। ফলে মাত্র ২০ মাস সময়ের মধ্যে আয়ালা ও অন্যান্য ভুক্তভোগী পরিবারসমূহ নিজেদের প্রয়োজনে মানুষজনের আগ্রহ জন্মাতে রীতিমতো জেগে উঠে। অতি অল্পদিনে সম্ভাবনাময় ডোনারের সংখ্যা ১৭০০০ থেকে ১৫৭০৭৯-এ উন্নীত হয় (পরবর্তী দশ বছরে তা বেড়ে দাঁড়ায় ত্রিশ লক্ষে)। আর বোন-ম্যারো ট্রান্সপ্ল্যান্টের সংখ্যা বছরে হাতে গোনা দুচারটি থেকে বেড়ে দাঁড়ায় ৫৩৩-এ।

কিন্তু অ্যানিসা তাদের মধ্যে ছিল না।

সপ্তাহ মাস দ্রুত গড়াতে থাকে। ততদিনে একজন ডোনারের আশায় ব্রিটেন ও কানাডায় অ্যানিসার নাম নিবন্ধন করা হয়। কিন্তু যে ফোনটির জন্য পরিবারটি দিবারাত্রি প্রার্থনা করতে থাকে সেটি আর আসে না।

অ্যানিসার কথায় ও আচরণে যতই আশার বাণী থাকুক না কেন প্রায় রাতেই কোনো না কোনো দুঃস্বপ্ন দেখে মধ্যরাতে সে কম্বল নিয়ে বাবা-মার ঘরে ছুটে যায়।

অবশেষে বছর দেড়েকের দুঃসাধ্য অনুসন্ধানের পর সেই কাঙ্খিত ফোনটি আসে। অ্যানিসার জন্য একজন ডোনার বা ম্যাচ খুঁজে পাওয়া যায়। সব রকম তথ্য প্রাপ্তি নিশ্চিত হলেই কেবল তাদের মধ্যে যোগাযোগ হতে পারে জানানো হয়।

আয়ালা পরিবারে আনন্দের সীমা থাকে না। কিন্তু বেশ কিছুদিন পার হওয়ার পরও যখন নতুন কোনো খবর আসে না দুশ্চিন্তা তাদের পুনরায় গ্রাস করতে শুরু করে। কেউ একজন টমি ব্রাউনকে জানায়– সত্যিই একজন ডোনার পাওয়া যায়। কিন্তু শেষ মুহূর্তে সে পিছু হটে যোগাযোগ বন্ধ করে দেয়।

ঘটনার আকস্মিকতায় মেরি, অ্যাবে আর অ্যারন হতভম্ব হয়ে পড়ে। অ্যানিসা নিজেও অস্বাভাবিকরকম শান্ত হয়ে যায়। সে ভাবতে থাকে এটি নিশ্চয়ই সৃষ্টিকর্তারই কোনো পরিকল্পনার অংশ। নিশ্চয়ই তিনি সবকিছু এভাবে শেষ হয়ে যেতে দিবেন না।

অ্যানিসার বাবা-মাও অন্তরের গভীরে এমনটাই বোধ করতে থাকে। কিন্তু তারা দীর্ঘ অসাধারণ ও অবিশ্বাস্য এক গন্তব্যের প্রথম ধাপ পেরিয়েছে মাত্র, যার ফল কী হতে পারে এ সম্পর্কে তাদের কারোরই কোনো স্পষ্ট ধারণা ছিল না।

ডা. গুটিরেজের বোন ববি রজার আয়ালাদের সেইসব বন্ধুদের একজন যারা তাদের এই সুদীর্ঘ ও সংকীর্ণ পথে অনবরত সাহায্য করে যেতে থাকেন। যন্ত্রনাও ভোগ করেন। তাদের মতো তিনিও চলে যাওয়া দিনগুলি এক এক করে গুণছিলেন। তিনি জানতেন যে, একজন বোন-ম্যারো ডোনার পাওয়ার সম্ভাবনা যেমন বিদ্যমান প্রতিকুলতাও তার সাথে কম নয়। এতদিনে অ্যানিসার শরীরের হোয়াইট সেলগুলো সংখ্যায় বেড়ে নিশ্চয় খুনির ভূমিকায় অবতীর্ণ

হয়েছে। বছরের শেষ নাগাদ ববি মেরিকে জিজ্ঞেস করেন, সে এখন ঠিক কী করতে যাচ্ছে। মেরি তাকে সামনের দিনগুলোর সভা ও র‍্যালির একটি তালিকা দেয়।

ববি বাধা দিয়ে বলেন, 'তোমার সময় খুব দ্রুত ফুরিয়ে আসছে, মেরি।'

'এছাড়া আমি আর কী করতে পারি?'

'তুমি আরেকটা বাচ্চা নিতে পার।'

মেরি রীতিমত একটি ধাক্কা খেয়ে পিছিয়ে যায়। সে এও নিশ্চিত হতে পারে না, ববি নিজেই তার কথায় বিশ্বাস করেন কিনা। 'আমাকে একটু স্থির হতে দাও,' মেরি তাকে বলে। 'আমার বয়স এখন ৪১। আর আমার স্বামীরও ভ্যাসেকটমি করা আছে। তুমি কি আমাকে অলৌকিক কিছুতে বিশ্বাস করতে বলছ?'

ববি তার কথা ফিরিয়ে নেবার মানুষ নন। তিনি বলেন, 'ভ্যাসেকটমি রিভার্স করা যায়। ছোটোখাটো অপারেশন মাত্র। চলো, আমরা সাহসের সাথে সমস্যাটি মোকাবেলা করি। তোমার সামনে আর কোনো রাস্তা খোলা নেই, মেরি।'

মেরি ববিকে বলে এতে কাজ হবে না। এ এক অসম্ভব কল্পনা। কিন্তু যতক্ষণ সে ববির সামনে বসে যুক্তি দেখাতে থাকে ততক্ষণে পরামর্শটি তার মনে গেঁথে যায়। সত্যি বলতে কি, মেরি নিজেই সব সময় আরেকটি সন্তান চেয়েছে। কিন্তু বরাবরই অ্যাবের ধারণা– সবদিক থেকে পূর্ণ তাদের পরিবারটি।

বাসায় ফিরে মেরি অ্যাবেকে সব খুলে বলে। সে বলে, 'তুমি কি পাগল হয়েছ? আমার অর্ধেকেরও বেশি বন্ধুবান্ধব এরই মধ্যে দাদা-নানা হয়ে গেছে।'

মেরি বিষয়টি তাই ভুলে যেতে চেষ্টা করে। কিন্তু ববির কথাটি তার কানে বাজতেই থাকে 'তোমার সামনে আর কোনো রাস্তা খোলা নেই।' মেরির তখন টমির কথা মনে পড়ে যায়– মনের মধ্যে সে যেন এতটুকু সান্ত্বনা খুঁজে পায় যে, মেয়েকে বাঁচাবার জন্য সে তার সাধ্যের সবটুকু করেছে। সে নতুন করে এই শান্তিটুকু খুঁজে পেতে চেষ্টা করে। যাই ঘটুক কপালে তাকে জানতে হবে অ্যানিসাকে বাঁচাবার জন্য তাদের ক্ষমতায় কুলায় এমন সবকিছুই তারা করেছে।

তারপরও প্রশ্ন থেকে যায় যা তার ভিতরটি ছিঁড়ে ফেলতে থাকে। এতদিনে সে ভালই জেনেছে বোন-ম্যারো ট্রান্সপ্লান্ট বলতে ঠিক কী বুঝায়? ডাক্তারদের সে অ্যানিসার কোমরে সেই মোটামোটা সুঁচগুলো ঢুকোতে দেখেছে। তারা কি একটি ছোট্ট শিশুর উপর এই ভয়ঙ্কর প্রক্রিয়াটি চাপিয়ে দিবে? এছাড়া আরেকটি বাচ্চা নেওয়ার ক্ষেত্রে অ্যাবের আপত্তির বাইরেই বা সে যাবে কী করে?

মেরি একজন পাদ্রীর সাথে দেখা করে বলে, 'সৃষ্টিকর্তা আমার কাছে ঠিক কী চান সে ব্যাপারে আমি কীভাবে নিশ্চিত হবো?'

পাদ্রী তাকে বলেন, তার মনের মধ্যেই তাকে এর উত্তর খুঁজতে হবে। এর মাধ্যমেই সৃষ্টিকর্তা তাকে জানিয়ে দিবেন। কিন্তু গভীর রাত পর্যন্ত মেরি উত্তরটি পাবার জন্য যখন তার অন্তরে হাতড়ে বেড়াতে থাকে সে দুটো কণ্ঠের আওয়াজ শুনতে পায়। একটি বলছে, 'হ্যাঁ, তুমি তাই করো।' আর অন্যটি বলছে, 'না, এটা ঠিক হবে না।'

মেরি ও অ্যাবে বিষয়টি নিয়ে ভাবতে থাকে। অনবরত। অ্যাবের মনে-ই হয় না এতে কাজ হবে। এছাড়া আরেকটি মিথ্যা আশার পরিণাম অ্যানিসার জীবনে কী বিপর্যয় ডেকে আনতে পারে, সে তা ভাবতেও চায় না। মেরির ভাবনাটিও এমন। অনেকটাই। কিন্তু সামনের কোন পথটিইবা মসৃণ তাদের জন্য?

মেরি একজন ডাক্তারের সাথে কথা বলে। তিনি মেরিকে এই বলে আশ্বস্ত করেন যে, একটি শিশুর ক্ষেত্রে বোন-ম্যারো ট্রান্সপ্ল্যান্টের পর কোমরের চারপাশে ঘণ্টাখানেক সামান্য জ্বালাপোড়া ছাড়া আর কোনো ঝুঁকি নেই। সপ্তাহখানেকের মধ্যে হাড়ের মজ্জা তৈরি হয়ে আগের অবস্থায় ফিরে আসে। অ্যাবেকে মেরি যখন বিষয়টি জানায়, সে কোনো কথা বলে না। কিছুক্ষণ পরই তার চোখদুটো ঝাপসা হয়ে আসে। মেরি জিজ্ঞেস করে, 'কী হলো?'

অ্যাবে বলে, 'যদি সত্যিই সে ..... যদি সত্যিই আমরা তাকে হারিয়ে ফেলি ঘরে আরেকটা বাচ্চা আমাদের এই কষ্ট ভুলে যেতে সাহায্য করবে।'

তারা কতক্ষণ নিজেদের আঁকড়ে ধরে থাকে। কথা বলে। সৃষ্টিকর্তার কাছে প্রার্থনা করে। কিন্তু তখনো আতঙ্ক আর সন্দেহ তাদের গ্রাস করতে থাকে। তারা একদিন ভাবে 'হ্যাঁ'। একদিন 'না'।

সাফল্যের সম্ভাবনাগুলো ঘেঁটে তারা বুঝতে পারে কতটা প্রতিকুলতার মধ্যে তারা বসবাস করছে। প্রথমত, ভ্যাসেকটমি রিভার্সের পর একজন পুরুষের সন্তান উৎপাদন ক্ষমতা পঞ্চাশ ভাগের বেশি থাকে না। দ্বিতীয়ত, মেরি নিজে এমন এক বয়সে পৌঁছে গেছে, যখন মহিলাদের গর্ভধারণ ক্ষমতা দ্রুত হ্রাস পায়। এরপরও যদি সব ঠিক থাকে আর একটি নতুন শিশু ভূমিষ্ঠ হয় সেক্ষেত্রে ভাই-বোনের সাথে তার টিসু-টাইপ মিলে যাবার সম্ভাবনা মাত্র পঁচিশ ভাগ। সবশেষে, চল্লিশ ভাগ রোগীই নিকটাত্মীয় থেকে বোন-ম্যারো ট্রান্সপ্লান্টের মাত্র দুই বছরের মধ্যে মৃত্যুবরণ করে থাকে। ওই সপ্তাহের শেষ নাগাদ একদিন শেষরাতে মেরির ঘুম ভেঙে যায়। বুক ধড়ফড় করে ওঠে। ঝাঁকুনি দিয়ে সে অ্যাবেকে জাগায়। এক নিঃশ্বাসে জানায় সে কী স্বপ্ন দেখেছে– কেউ তাকে বলছে সে যেন সামনের দিকে তাকায়। আরেকটি বাচ্চা নেয়। সবকিছু ঠিক হয়ে যাবে। মেরি অ্যাবেকে বুঝায়, 'স্রষ্টা আমাদের কাছে কী চান, আমার মনে হয় আমি তা জেনে গেছি।'

অ্যাবে বলে, 'শোনো, আমি চাই তুমি ডা. গুটিরেজের কাছে যাও। আজই। নিশ্চিত হও যে, তোমার গর্ভধারণ ক্ষমতা শেষ হয়ে যায়নি।' তারপর সে একটি দীর্ঘশ্বাস ফেলে বলে, 'তার কাছে

জানতে চাও একজন পুরুষকে, যার ভ্যাসেকটমি করা আছে, যদি সিদ্ধান্ত পরিবর্তন করতে হয়, ঠিক কী করতে হবে?'

ঘটনাপ্রবাহ এ পর্যায়ে নতুন মোড় নেয়। অসীম প্রতিকুলতার মুখে এ যেন এক দুঃসাহসী ঝুঁকি নেওয়া। মেরি ও অ্যাবে একবার যখন সিদ্ধান্ত নিয়েই ফেলে, তারা একে অবশ্যম্ভাবী মনে করতে থাকে। তারা ভাবে– পৃথিবীতে এমন কোনো বাবা-মা আছে যারা নিজের সন্তানের মৃত্যুর মুখে দাঁড়িয়ে এ ধরণের সিদ্ধান্ত নিবে না?

সেদিনই মেরি ড. গুটিরেজের চেম্বারে হাজির হয়ে বলে, 'আমাকে কি খুবই দিশেহারা মনে হচ্ছে? আমার কি খুব বয়স হয়ে গেছে?'

ডাক্তার বলেন, 'আমি তোমাকে পরীক্ষা করে দেখছি। কিন্তু অভিজ্ঞতা থেকে মনে হয় না তোমার বয়স হয়ে গেছে।'

মেরি প্রাথমিক একটি সাড়া পেয়ে যায়।

তবে এ ধরণের কাজে পথটি আসলেই অমসৃণ। ভ্যাসেকটমি রিভার্সের পরেও অ্যাবের স্পার্ম কাউন্ট পাওয়া যায় রক্তস্বল্প অবস্থায়। ইউরোলোজিস্ট জানায় খুব বেশি আশাবাদী হওয়া ঠিক হবে না।

১৯৮৯ সালের মার্চের কথা। আরো চার মাস চলে যায়। ডাক্তারদের হতাশা বাড়িয়ে দেওয়ার মতোও কিছু ঘটে না। অবশেষে জুলাই নাগাদ পরীক্ষা করে যা জানা যায়, তাতে আয়ালাদের আশা তুঙ্গে ওঠে। মেরি সন্তানসম্ভবা!

'আমি উল্লসিত হয়ে উঠি,' মেরি বলে। 'আমার মনে হয় না কেউ আমাদের অনুভূতিগুলোকে আলাদা করতে পারবে– পরিবারে একটি নতুন শিশুর আগমন আর অ্যানিসার বেঁচে থাকার নতুন সম্ভাবনা তৈরি হওয়া। আমরা নিজেদের এর চাইতেও বেশি ভাগ্যবান মনে করতে থাকি। আমাদের সমস্যা সমাধানে সৃষ্টিকর্তার সরাসরি হস্তক্ষেপ অনুভব করতে থাকি।'

কিন্তু প্রতিদিনকার দুশ্চিন্তা এই অনুভূতিগুলোকে ছাপিয়ে যেতে থাকে। বাচ্চাটির জন্মলাভ করা এবং বোন-ম্যারো ট্রান্সপ্লান্টের জন্য পর্যাপ্ত বড় হওয়া পর্যন্ত অ্যানিসা কি টিকে থাকবে? তারচেয়ে বড় কথা বাচ্চাটির বোন-ম্যারোর সাথে অ্যানিসার টিসু-টাইপ মিলবে কি না। প্রশ্নগুলোর উত্তর আগে থেকে জানবার উপায় নেই। সেজন্য পরিবারটি ডোনার সংগ্রহ ও সাধারণ জনগণের টিসু-টাইপিং টেস্ট ও নিবন্ধনের কাজ অব্যাহত রাখে।

নভেম্বর, ১৯৮৯। মেরির গর্ভাবস্থার চার মাস। ডাক্তার তাকে অ্যামিনিউসেন্টেসিস পরীক্ষাটি করে নেবার পরামর্শ দেন। পয়ত্রিশোর্ধ গর্ভবতী মহিলাদের এটি নিয়মিত করা হয়। বংশগত কোনো অস্বাভাবিকতা আছে কি না তা যাচাই করাই এর আসল উদ্দেশ্য। এর ফলে শিশুটি ছেলে না মেয়ে তাও জানা যাবে।

মেরি আপত্তি জানায়। সে এবং অ্যাবে আগেই ঠিক করে নেয় যে, বাচ্চাটি যত সমস্যা নিয়েই জন্মাক না কেন এটি তাদের হবে এবং তারা একে ভালোবাসবে।

'এছাড়া,' মেরি বলে, 'আমি সত্যিই অ্যানিসার সাথে তার ম্যাচ হবে কি না অথবা শিশুটি ছেলে হবে না মেয়ে হবে তা জানতে চাইনি। আমি চাইনি নতুন কোনো দুশ্চিন্তা এসে আমাদের সুখগুলো নষ্ট করে দিক। আমি শুধু গর্ভাবস্থার উৎসবমুখর সময়টুকু স্বাভাবিকভাবে পার করতে চাইছিলাম।'

কিন্তু যখন তাদের জানানো হয় যে, অনেক বড় সমস্যাও গর্ভাবস্থায় কাটিয়ে ওঠা সম্ভব, তারা পরীক্ষায় রাজী হয়। পরীক্ষার দিনক্ষণ ঠিক হবার আগেই আরো একটি সুসংবাদ আসে– 'সিটি অফ হোপ'-এর একজন ডাক্তার নতুন এক প্রক্রিয়ার কথা জানান। তিনি বলেন আমবিলিক্যল-কর্ড ব্লাড স্টেম-সেলে পূর্ণ থাকে যা থেকে রক্ত কণিকা তৈরি হয়। জন্মের সময় এটি ফ্রোজেন বা সুপ্তাবস্থায় থাকে। ফলে এটিকে সহজেই লুকেমিয়া রোগীর বোন-ম্যারোতে ট্রান্সপ্লান্ট করা যায়। তবে সবার আগে জেনে নিতে হবে শিশুটির এ্যান্টিজেন অ্যানিসার সাথে ম্যাচ করে কিনা।

চার সপ্তাহ পেরিয়ে যায় তারা কোনো খবর পায় না। হঠাৎ হাসপাতাল থেকে তাদের জানানো হয়– বাচ্চাটি হবে মেয়ে এবং সে খুবই সুস্থ সবল হয়ে বেড়ে উঠছে। মেরি আনন্দের সাথে ফিসফিস করে ডাক্তারকে ধন্যবাদ জানায়। অ্যাবে, অ্যারন, অ্যানিসা সবাই তখন রান্নাঘরে। সবাই তার দিকে চেয়ে থাকে। গলার স্বর থেকে বুঝে নেয় মেরি কী নিয়ে কথা বলছে। মেরি তাদের খবরটি দেয় এবং মুহূর্তেরও কম সময়ে সবাই চীৎকার করে কেঁদে উঠে। সবশেষে মেরি ডাক্তারকে জিজ্ঞেস করে, অ্যান্টিজেন ম্যাচ নিয়ে কোনো খবর আছে কিনা?

ডাক্তার জানায়, এখনো তার সময় হয়নি।

এখন সর্বশেষ এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রশ্নটির উত্তর যখন আসন্ন অপেক্ষার দিনগুলোকে তাদের অনন্তকালের মতোই দীর্ঘ মনে হতে থাকে। ক্রিসমাস আসে। চলেও যায়। ১৯৯০ আসে। জানুয়ারিও শেষ হয়ে যায়। নতুন কোনো খবর আসে না।

আয়ালা পরিবার ম্যারো-ডোনার খুঁজে পেতে বিভিন্ন নাগরিক সমাবেশ আয়োজনে নিজেদের ব্যস্ত রাখে। কিন্তু নতুন কোনো সংবাদের অপেক্ষাতেই ছিল তারা। নিজেদের কথাবার্তায় একমাত্র বিষয় ছিল শিশুটির জন্য একটি নাম ঠিক করা। এবং দ্রুতই তারা একটি নাম পেয়ে যায়– মেরিসা ইভ। অ্যানিসা ও মেরির নাম একত্র করে এবং প্রাণদায়িনী প্রথম ইভ-এর আশীর্বাদ কামনা করে এই নাম রাখা। এরপর থেকে 'শিশু' বা 'বাচ্চা' এই শব্দগুলো বাদ দিয়ে তারা শুধু 'মেরিসা' নামটি ব্যবহার করতে থাকে।

ফেব্রুয়ারির ১৬ তারিখ শুক্রবার মেরি অ্যাবের কারখানার উপরের ছোট অফিস রুমটিতে বসে পে-রোল তৈরি করছে। হঠাৎই ডাক্তারের ফোন। সে হাসতে হাসতে বলে, 'মেরি, আমরা ম্যাচ খুঁজে পেয়েছি!'

'কী?'

'অ্যানিসার সাথে মেরিসার টিস্যু টাইপ মিলে গেছে!'
প্রবল উত্তেজনায় মেরি কথাই বলতে পারছিল না। ইন্টারকমে চীৎকার করে বলতে থাকে, 'অ্যাবে! অ্যাবে!'
অ্যাবে দৌঁড়ে সিড়ি বেয়ে উপরে উঠে আসে। বিস্ফারিত চোখে বলে, 'কী? কী হয়েছে?'
আর মেরি আনন্দে উড়ে গিয়ে তার দুহাতের মাঝে ঝাঁপিয়ে পড়ে। অনেকদিন ধরে অ্যানিসা তার প্রিয় স্কুলের আনন্দ থেকে বঞ্চিত। মেরিসার সাথে তার টিসু-টাইপ মিলে যাবার খবরটি তাকে নতুন করে শক্তি যোগায়।
ডাক্তাররা বলে মেরিসার বেড়ে ওঠার কাজটি যদি আর দশটি স্বাভাবিক বাচ্চার মতো হয় তবে জন্মের ছয় মাসের মধ্যে ম্যারো ট্রান্সপ্লান্টের কাজটি শেষ করা যাবে।
তবে সামনের দিনগুলোতে আয়ালা পরিবারের ঝামেলারও কমতি ছিল না। স্থানীয় একজন রিপোর্টার যখন জানতে চায় নতুন কোনো খবর আছে কি না, অ্যানিসা জানায় তার মা সন্তানসম্ভবা এবং তারা আশা করছে বাচ্চাটির সাথে তার টিসু টাইপ মিলে যাবে। এভাবে পরিবারের কেউই খবরটিকে আর গোপনীয় মনে করেনি।
পরদিন সান গ্যাব্রিয়েল 'ট্রিবিউন' পত্রিকা প্রথম পাতায় খবরটি বড় অক্ষরে ছাপে। 'লস এ্যাঞ্জেলেস টাইমস' খবরটি লুফে নেয়। তারা নৈতিকতার প্রশ্ন তুলে বলে, 'এটি একটি ব্যতিক্রমী ঘটনা যেখানে শিশুটির জন্মই হচ্ছে পরিবারের একজন সদস্যের বোন-ম্যারো ডোনার হিসেবে সহায়তার উদ্দেশে। এসব ক্ষেত্রে বড়রা তবু নিজেদের মতামত দিতে পারে। ছোটদের সেখানে কিছুই করার থাকে না।'
ঘটনাপ্রবাহ এভাবে নতুন মোড় নেওয়ায় আয়ালা পরিবার একেবারে ভেঙে পড়ে। তারা ভেবে পায় না একান্ত পারিবারিক একটি বিষয় কী করে জনগণের বিষয় হতে পারে। তারা এই ভেবে আতঙ্কিত হয়ে পড়ে যে, তাদের অনেক কষ্টের ও গভীরভাবে অনুভূত একটি সিদ্ধান্তের কারণে এখন থেকে তাদের লোকজনের নজরদারীতে থাকতে হবে। লোকচক্ষুর আড়াল এক সময় সকল বিতর্কের অবসান ঘটাবে এই আশায় তারা গণমাধ্যমে কোনোরূপ সাক্ষাৎকার দেওয়া বা যোগাযোগ করা বন্ধ করে দেয়।
কিন্তু বিতর্ক বন্ধ হয় না। কষ্টদায়ক, কঠিন সব মন্তব্য করা থেকে কেউ পিছু হটতে রাজী নয়। অনেকেই নৈতিকতার জ্ঞান দিতে শুরু করে। বিষয়টিকে গণমাধ্যমে নিয়ে এসে তারা এই বলে আয়ালাদের নিন্দা করতে থাকে যে, অ্যানেসথেটিক প্রয়োগে একটি বাচ্চার শরীর থেকে মজ্জা বের করে আনা আর তার অঙ্গহানী করা একই কথা। এ ধরনের সাঁড়াশি আক্রমণে দীর্ঘদিনের মানসিক যন্ত্রণাক্লিষ্ট মেরির নির্জনে চোখের জল ফেলা ছাড়া কিছুই করার থাকে না। ঘরের এক কোণে বন্দি হয়ে সে নিজের সাথে লড়াই করতে থাকে আর সৃষ্টিকর্তার কাছে এর শেষ দেখতে বেঁচে থাকার শক্তিটুকুর জন্য প্রার্থনা করতে থাকে।
একদিন অ্যাবে বলে যেভাবে তাদের নিয়ে বিতর্ক তৈরি হচ্ছে তা অবশ্যই সম্ভাবনাময় ম্যারো-ডোনার খুঁজে পেতে জাতীয় উদ্যোগ আর প্রচেষ্টাকেও ক্ষতিগ্রস্থ করবে। সে বলে, 'নিজেদের কথাগুলোও আমাদের অবশ্যই বলতে হবে।'
ফলে অল্পদিনেই আয়ালাদের নিয়ে টেলিভিশন ও পত্রপত্রিকায় বড় বড় প্রতিবেদন প্রচার হতে থাকে। 'টাইমস' ম্যাগাজিন তাদের নিয়ে একটি কাভার স্টোরি ছাপে। সেখানে তারা বোন-ম্যারো ট্রান্সপ্ল্যান্ট সম্পর্কে সাধারণ একটি ভুল সংশোধনের চেষ্টা করে বলে– এ ধরনের কাজে আসলেই শরীরের বিশেষ কোনো অঙ্গ জড়িত নয়।
চিকিৎসাশাস্ত্র নীতি বিশেষজ্ঞরাও তাদের পক্ষে অবস্থান নেন। ইউনিভার্সিটি অব পেনসিলভানিয়ার হেলথ্ ডিরেক্টর আর্থার ক্যাপলান যুক্তি দেখান, 'মানুষ অনেক সময় কোনো কারণ ছাড়াই সন্তান নেয়। আবার কারণগুলোর মধ্যে আছে পিতৃত্ব বা মাতৃত্ব উপভোগ করা, অতীতের মতো করে নিজের উত্তরাধিকার রেখে যাওয়া, সংসারে আয় বৃদ্ধির জন্য পরিবারে মানুষ যোগ করা, ইত্যাদি। আর আয়ালা পরিবারে এই নতুন শিশুর জন্মলাভ হচ্ছে সব কারণের সেরা কারণ- মানবতার কল্যাণ।
এর সাথে যোগ করে ইউনিভার্সিটি অব উইসকন্সিন স্কুল অব মেডিসিনের পেডিয়াট্রিশিয়ান ও এথিসিসিস্ট ডা. নরমান বলেন, 'আজ পর্যন্ত যত ভালো কারণে মানুষ সন্তান নিয়েছে, তন্মধ্যে এটিই সেরা কারণ– জীবন বাঁচানো।'
'লস এঞ্জেলেস টাইমস'-এ এক দম্পতি লিখে, 'মাত্র ষোল বছর বয়সে লুকেমিয়ায় মৃত্যুবরণকারী পুত্রের ভূক্তভোগী বাবা-মা হিসেবে আমরা বরং আয়ালা পরিবারের নেওয়া সিদ্ধান্তে গর্ববোধ করি। ছাব্বিশ বছর আগে এই বিকল্প সামনে থাকলে আমরাও আমাদের সন্তানটিকে বাঁচাতে পারতাম। আমরা বুঝি না আয়ালা পরিবারে এই অলৌকিক শিশুর আগমনে কী করে এত বিতর্কের অবকাশ থাকে।'
মেরিসার ভুমিষ্ঠ হবার দিন নির্ধারিত হয় এপিলের ১৫ তারিখ। তার দুসপ্তাহ আগে কোনো এক মঙ্গলবার মেরি আর অ্যাবে বার্থ প্রিপারেশন ক্লাসে যোগ দেওয়ার প্রস্তুতি নিতে থাকে। হঠাৎ করে তার পানি ভেঙে যায়। তারা কিছুটা আতঙ্কিত হয়ে পড়ে। তাদের বিশেষ নির্দেশ দেওয়া হয়– মেরিকে ডেলিভারি কক্ষে নেওয়ামাত্র তারা যেন অবস্টেট্রিশিয়ানের পাশাপাশি দ্রুত 'সিটি অব হোপ'-এর সবাইকে খবর দেয়। তারা এসে মেরিসার আমবিলিক্ল কর্ড ব্লাড সংগ্রহ করে নিবে। কিন্তু কেউই আসলে এপ্রিলের তিন তারিখের জন্য প্রস্তুত ছিল না।
সিট্রাস ভ্যালি মেডিক্যাল সেন্টারের 'কুইন অব দ্য ভ্যালি' ক্যাম্পাসের অবস্টেট্রিশিয়ান জানান, মেরি এখনই ডেলিভারির

জন্য প্রস্তুত নয়। তাই বলে তারা তাকে বাড়িতে পাঠিয়ে ইনফেকশনের ঝুঁকি নিতে রাজি নন। ততক্ষণে 'সিটি অব হোপ'-এর লোকজন চলে আসে। সম্মিলিত আলোচনায় মেরিকে সিজার করার সিদ্ধান্ত নেওয়া হয়। যখন হুইল চেয়ারে ঠেলে তাকে ডেলিভারি কক্ষে নিয়ে যাওয়া হয় অ্যাবে মেরির হাত ধরে পাশাপাশি এগিয়ে চলে।

অ্যাবে নিজেও নিশ্চিত ছিল না, এই মানসিক চাপ সে সামলাতে পারবে কি না। কিন্তু এটি জানত যে, তাকে সারাক্ষণ মেরির পাশেই থাকতে হবে। দুজনের খাতিরেই। তারা তার উপর একটি সবুজ গাউন ও একটি মাস্ক চাপিয়ে দেয়। আর সে সতর্ক থাকে যেন তাকে দিয়ে তাদের কাজের কোনো বিঘ্ন না ঘটে। মোটামুটি একটি ভিড় জমে যায় সেখানে। অবস্‌টেট্রিশিয়ান, পেডিয়াট্রিশিয়ান, দুজন অবস্‌টেট্রিক্‌ল নার্স আর মেরিসার আমবিলিক্‌ল-কর্ড-ব্লাড সংগ্রহ ও সংরক্ষণের জন্য ডাক্তার ও নার্সরা।

খুব বেশি সময় তারা নেন না। মেরিকে সাধারণ একটি অ্যানেসথেসিয়া দেওয়া হয়। সেজন্য পরিবারের মধ্যে অ্যাবেই প্রথম মেরিসাকে দেখতে পায়। নার্সরা তাকে পরিষ্কার করে তার ওজন মাপে। তারপর তাকে দেখায়। ১৮ ইঞ্চি লম্বা। ৬ পাউন্ড ৪ আউন্সের ফুটফুটে এক শিশু। চুল আর চোখ গাঢ় বাদামী। জ্ঞান ফিরলে মেরি তাকে কোলে তুলে দেয়। একত্রে উভয়ে স্রষ্টার কাছে কৃতজ্ঞতা প্রকাশ করে।

আয়ালা পরিবারের জন্য মেরিসা সীমাহীন আনন্দ বয়ে আনে। সবাই যেন বেঁচে থাকার নতুন আশায় নতুন উচ্ছ্বাসে আন্দোলিত হতে থাকে। হাসপাতাল থেকে মেরিসার ঘরে আসার কয়েকদিনের মধ্যে তাদের কল্পনা করাও কঠিন ছিল গত কটি মাস তারা কতটা পরিশ্রান্ত ও দুর্বিষহ জীবন কাটিয়েছে। কেউ না কেউ সারাক্ষণ তাকে কোলে নিয়ে আদর করত। চুমু খেত। অথবা সে যখন ঘুমিয়ে থাকত কোনো না কোনো ছুতোয় তার ঘরে ঢুকে স্থির দৃষ্টিতে তার দিকে চেয়ে থাকত।

অ্যানিসাকে দেখে মনে হত সদ্যজাত শিশুটি বোধ করি এরই মধ্যে তার রোগ উপশমের দায়িত্ব কাঁধে তুলে নিয়েছে। ডোনার খুঁজতে সময় দিতে সে খুব একটা স্কুলে যেত না। পড়াশুনাটা ঘরে বসেই করতে হতো তাকে। মাঝে মধ্যে আতঙ্ক তাকে পেয়ে বসত না এমন নয়। সেই অস্থির সময়গুলোতে সে মেরিসার শয্যাপাশে বসে পড়াশুনায় মন দিত। অথবা শুধু ঘুমন্ত শিশুটির দিকে চেয়ে থাকত। দেহ মনে আশ্চর্য এক প্রশান্তি অনুভব করত সে।

এরই মধ্যে অ্যানিসার লুকেমিয়া ধরা পড়ার দুবছর পার হয়েছে। সে জানত, তার সময় ফুরিয়ে আসছে। প্রতিটি নতুন দিনে তার শরীরের হোয়াইট ব্লাডসেলগুলো ক্রমাগত শক্তি সঞ্চয় করে চলেছে। সে প্রায়ই ভাবত, পরিবারে তার শূন্যস্থান পূরণে ফুটফুটে এই শিশুর আগমনই স্রষ্টার পরিকল্পনার শেষ কি না।

মেরিসা এমনিতে পরিপূর্ণ নিখুঁত হাস্যোজ্জ্বল এক শিশু। অবিকল মায়ের মতো। অনেকটা। ডাক্তাররাও চাইতেন তার শারীরিক বৃদ্ধিটা যেন স্বাভাবিকের চাইতে একটু তাড়াতাড়ি হয় যাতে তারা ম্যারো ট্রান্সপ্লান্টের কাজটি দ্রুত শেষ করতে পারেন। ততদিন পর্যন্ত অ্যানিসার অপেক্ষা ভিন্ন কিছু করার নেই।

জীবনের সীমাহীন এই ক্রান্তিলগ্নে পরিবারের অকুণ্ঠ সমর্থন ছাড়াও নিয়তি তার জন্য আরো দুটো উপহার নিয়ে আসে। একটি তার অফুরন্ত প্রাণশক্তি আর অন্যটি এমন একজন সঙ্গী খুঁজে পাওয়া যে তার কষ্টগুলো ভাগ করে নিতে পারে।

অগাস্টের তাপমাত্রা অস্বাভাবিকরকম বেড়ে যাওয়ায় একদিন মেরি আর অ্যাবে তাদের বন্ধু গ্রেন্ডা ও তার স্বামী ফার্নান্ডো এসপিনোজার বাড়িতে এক সাঁতার উৎসবে যোগ দিতে তৈরি হতে থাকে। তারা অ্যানিসাকে তাদের সঙ্গে যেতে বলে। সে যাবে না বলে জানায়। কিন্তু কিছুক্ষণ পরেই চিৎকার করে বলে, 'ওয়েট এ মিনিট! আই'ভ চেঞ্জড মাই ডিসিশন!'

এ ছিল আকস্মিক এক সিদ্ধান্ত। অনেকটাই আবেগতাড়িত। কিন্তু এ ছিল এমন এক সিদ্ধান্ত যা তার সামনে নতুন এক পথ খুলে দেয়। চলার মতো এক সঙ্গী সে খুঁজে পায় যার সাথে সব কথা বলা যায়: জীবন সঙ্কটের এমন কিছু যা বাবা-মাকে সে বলতে চায় না। সঙ্গীর নাম ব্রায়ান এসপিনোজা।

উভয়ের বাবা-মা বহুদিনের ঘনিষ্ট বন্ধু। কিন্তু অ্যানিসা ও ব্রায়ান পূর্বে কখনো একে অপরকে দেখেনি। ব্রায়ান বছর পাঁচেক হলো ওয়ালনাট হাই স্কুল থেকে গ্র্যাজুয়েশন শেষ করেছে। এখন সামনাসামনি পরিচয়ে উভয়ে একে অন্যের প্রতি তাৎক্ষণিক সাড়া অনুভব করে। ব্রায়ান তখন বার্বিকিউ তৈরি করছিল। দুচার কথা পরেই অ্যানিসা তার সাহায্যে লেগে যায়। আরো জেনে যায় ব্রায়ান সবে মাত্র তার নতুন কোম্পানি দাঁড় করিয়েছে। অফিস আদালতে নিরাপত্তাকর্মী সরবরাহ করে সে। এছাড়া খুব রসিক সে। তার চেয়ে বড় কথা ব্রায়ান অ্যানিসার অসুখ ও তার পরবর্তী কার্যক্রমের কথা শুনে মোটেও ভয় পায়নি।

ছেলেদের অনেকেই এমন ভাব করত যেন অ্যানিসার কিছুই হয়নি। অথবা এখনই কিছু একটি হয়ে যাবে তার। ব্রায়ান ছিল এর সম্পূর্ণ বিপরীত। সে সারাক্ষণ অ্যানিসাকে হাসাতে চাইত। আর ফাঁকে তার বর্তমান দুরবস্থায় দুশ্চিন্তাগ্রস্থ হয়ে কিছুটা দায়িত্বও কাঁধে তুলে নিতে চাইত।

ব্রায়ানের ভাষ্যমতে দেখা হওয়ার অনেক আগে থেকে সে অ্যানিসা সম্পর্কে ভালই খোঁজ রাখত। তাদের বাসার লোকজন প্রায়ই তার কথা বলত। আর তার মনে হতো অ্যানিসাকে সে ভাল করেই চেনে। ব্রায়ান যেদিন তাকে দেখে, তার মনে হয় সৃষ্টিকর্তাই তাদের মিল ঠিক করে রেখেছেন।

সেদিনকার সে উৎসবের হৈ-হল্লায় ব্রায়ানের বাবা আচমকা

অ্যানিসাকে তার বেড়ানোর পোশাক পড়া অবস্থাতেই পানিতে ঠেলে দেয়। ব্রায়ান ঝাঁপিয়ে পড়ে তাকে পানি থেকে তুলে এনে একটি সোয়েট-সুট পড়তে দেয়। বাড়ি ফেরার আগে পুনঃসাক্ষাতের দিনক্ষণ ঠিক না হলেও অ্যানিসা ব্রায়ানের সুটটি পরিস্কার ও ইস্ত্রি করে তাকে এটি ফেরৎ দেওয়ার আয়োজনের কথা ভাবতে থাকে। তার আগেই ব্রায়ানের ফোন, 'হাই! ধারণা কর কেন ফোন করেছি।' পরক্ষণেই বলে, তার কাছে একটি ভাল মুভি আছে। নাম 'ড্রাইভিং মিস ডেইজি'। সে আগ্রহী কি না।

অ্যানিসা এক কথায় রাজী।

সেদিন বিকেলেই ব্রায়ান মুভিটি নিয়ে অ্যানিসাদের বাড়ি এসে হাজির। দুজনে একত্রে পিৎজা খেতে বেরিয়েও যায়। যতক্ষণে তারা ঘরে ফেরে উভয়েই জেনে যায় ভবিষ্যতে তাদের জীবনে যা-ই ঘটুক দুজনে তা ভাগ করে নেবে।

এই ঘটনার ছমাস পরই ১৯৯১-এর ১৪ই ফেব্রুয়ারি, 'ভ্যালেন্টাইন্স ডে'-তে তাদের বাগদান হয়ে যায়।

অ্যানিসার জীবনের এই নাটকীয় মোড় এবং ব্রায়ানের অকুণ্ঠ সমর্থন লোকজনের আলোচনার বিষয় হয়ে দাঁড়ায়। মে মাসের ৪ তারিখ লুকেমিয়া থেকে অ্যানিসার আরোগ্য লাভের প্রচেষ্টার সমাপ্তি ঘটে। মেরিসার বয়স এখন ১৪ মাস। ওজন ১৬ পাউন্ড। এখনই সে বহু আকাঙ্ক্ষিত বোন-ম্যারো ট্রান্সপ্লান্টের জন্য তৈরি। বেশ কিছু পরীক্ষার জন্য অ্যানিসাকে হাসপাতালে ভর্তি করা হয়।

খবরটি যখন ছড়িয়ে পড়ে ডিশ ভর্তি টিভি চ্যানেলের গাড়িগুলো আর পত্রিকার সাংবাদিকরা হাসপাতালের চারপাশে অবস্থান নেয়। হাসপাতাল কর্তৃপক্ষ একটি সংক্ষিপ্ত বিবৃতি প্রদান করলেও অ্যানিসার পরিবার নিরব থাকাই শ্রেয় মনে করে।

অ্যানিসার দরজার সামনে ২৪ ঘণ্টা নিরাপত্তা প্রহরার ব্যবস্থা করা হয়। সপ্তাহখানেকের মধ্যে তাকে চার ঘণ্টার হাই ডোজ কেমোথেরাপি ছাড়াও ১১ দফা রেডিয়েশন থেরাপির প্রথমটি নিতে হয়। উদ্দেশ্য তার ক্যান্সার আক্রান্ত বোন-ম্যারোগুলোকে একেবারে নিশ্চিহ্ন করা। এতে তার ব্লাড কাউন্ট দ্রুত নেমে যায় এবং সে খুব দুর্বল হয়ে পড়ে। তার বমিভাব বৃদ্ধি পায়। চুলগুলো পড়ে যায়। আর অল্পতেই সে ঠাণ্ডায় আক্রান্ত হয়ে পড়ে। মুখের ভেতর ঘা হওয়ার কারণে রক্তনালীর মাধ্যমে তাকে খাবার দেওয়া হয়।

কেমোথেরাপি প্রয়োগে তার ইমিউন সিস্টেম বা রোগপ্রতিরোধ ক্ষমতা অকার্যকর হয়ে পড়ে। এ অবস্থায় যে কোনো সময় যে কোনো রোগে সে আক্রান্ত হতে পারে। তাকে দীর্ঘদিন লোকচক্ষুর আড়ালে এমন এক কক্ষে রাখা হয় যেখানে বাতাসও ফিল্টার করে ঢোকানো হয়। নিকটাত্মীয় ও ঘনিষ্ঠজনরা গোসল সেরে সার্জিকেল গাউন আর মাস্ক পড়েই কেবল সেখানে ঢুকতে পারে।

মেরি বলে, 'এটা ছিল খুবই হৃদয়বিদারক। এক সপ্তাহ আগেও সে ছিল হাসিখুশি, প্রাণবন্ত, স্বাস্থ্যোজ্জ্বল এক মেয়ে। আর আমাদের এক সিদ্ধান্তের কারণে আজ সে মৃত্যুর মুখে দাঁড়িয়ে।' মাথায় তার সারাক্ষণ ভাবনা– আমরা ঠিক করছি ত? আর যে কটা দিন হাতে ছিল ওইটুকু সময় তাকে শান্তিতে থাকতে দেওয়াই ঠিক হত কি না? টেলিভিশন ও পত্রপত্রিকায় নিয়মিত কাভারেজ ছাড়াও নতুন উপদ্রব দেখা দেয় যখন অজস্র চিঠিপত্র আসতে শুরু করে যার প্রধান লক্ষ্য ঘৃণা ছড়িয়ে দেওয়া। মেরি ও অ্যাবে এই ভেবে আতঙ্কিত হয়ে পড়ে যে, মেরিসা যে এই বয়সে নিজস্ব কোনো মতামত দেয়ার ক্ষমতা রাখে না, এবিষয়ে সমালোচকরা মেরিসার বোন-ম্যারো শেয়ারের উপর আপত্তি এনে আদালতের মাধ্যমে ইনজাংশন জারি করতে পারে।

চূড়ান্ত সময়ে এসে এই হুমকি তাদের জন্য সহ্য করা কঠিন হয়ে পড়ে। তারা অ্যানিসাকে নিরবে লক্ষ করতে থাকে। সে এখন জীবন মৃত্যুর সন্ধিক্ষণে দাঁড়িয়ে। আর কিছু মানুষ সত্যিই তাকে ওপারে ঠেলে দিতে চাইছে।

ঘটনা কোনদিকে মোড় নিতে পারে সে সম্পর্কে নিশ্চিত না হয়ে পুরো শেষ সপ্তাহটা তারা একবারের জন্যও মেরিসাকে ঘরের বাইরে বের করেনি। জুনের ৪ তারিখ ভোরে অন্ধকার থাকতেই তারা তাকে নিয়ে পেছনের ছোট একটি দরজা দিয়ে 'সিটি অব হোপ'-এ প্রবেশ করে। অ্যানিসা তখন আরেকটি ভবনে অনকোলজি বিভাগে ভর্তি। এই দূরত্ব মেরি ও অ্যাবেকে পীড়া দিলেও অ্যানিসা যে জানে তাকে ঠিক কী করতে হবে এবং তারা যে তার আশেপাশেই আছে, এতেই তাদের স্বস্তি।

সকাল ৮টা নাগাদ ডাক্তাররা সাধারণ অ্যানেসথেসিয়া প্রয়োগে মেরিসাকে ঘুম পাড়িয়ে দেয়। তারপর তারা বিশাল লম্বা আর মোটা মোটা সুইগুলো তার উভয় হিপে প্রবেশ করাতে থাকে। মেরি ও অ্যাবেকে এই বলে আশ্বস্ত করা হয় যে, ম্যারো ট্রান্সপ্ল্যান্টের ইতিহাসে আজ পর্যন্ত কোনো ডোনারের শরীরে ক্ষতিকর কোনো প্রভাব পড়েনি। কিন্তু পুরো ব্যাপারটি শেষ না হওয়া পর্যন্ত তাদের দম প্রায় বন্ধ হয়ে আসছিল। ত্রিশ মিনিটের মধ্যেই সব শেষ হয়ে যায়। মেরিসার আমবিলিক্‌ল-কর্ড থেকে পূর্বেই সংগৃহীত ব্লাডসেল সহযোগে তার হিপ থেকে নেয়া ম্যারো অনকোলোজি বিভাগে নিয়ে যাওয়া হয়। মেরি ও অ্যাবে সেখানে ছুটে যেতে চায়। কিন্তু মেরিসার ঘুম ভেঙ্গে স্বাভাবিক অবস্থায় ফিরে না আসা পর্যন্ত তারা তাকে ছেড়ে যায় কী করে?

বেলা ১০টা নাগাদ সেই বাদামী চোখগুলো আচমকা খুলে যায় এবং সোজা তাদের দিকে চেয়ে থাকে। প্রতিদিন সকালের মতোই মেরিসা বাবা-মাকে দেখে হেসে ঝাঁপিয়ে কোলে উঠতে চায়। আদর করে তাকে নিবৃত্ত করা হয়। দুপুর নাগাদ সে হাসপাতালের করিডোরে রীতিমত ছোটাছুটি শুরু করে। সাংবাদিকদের কাছে ব্রায়ানের মা এবং তার গাড়িটি অপরিচিত ছিল বলে সে সবার মধ্য দিয়ে মেরিসাকে আস্তে করে বাসায় নিয়ে যায়।

অ্যারন আর ব্রায়ান ঘণ্টার পর ঘণ্টা অ্যানিসার কক্ষের বাইরে অবস্থান করতে থাকে। এক পর্যায়ে নার্স এসে যখন বড় কাচের জানালার পর্দাটি সরিয়ে দেয় তারা দেখতে পায়, অ্যানিসা হাসিমুখে তাদের দিকেই তাকিয়ে আছে। তাদের হাতে লাল বড় বড় বেলুনে লেখা 'শুভ জন্মদিন'। এটি অ্যানিসার আসল জন্মদিন নয়। কিন্তু সে জানত এর অর্থ কী। এটি তার নতুন জীবনের শুরু।

যখন বোন-ম্যারো এসে পৌঁছায় এটিকে অ্যানিসার বুকে একটি ছিদ্র করে ক্যাথেটারের মাধ্যমে তার শরীরে ঢোকানো হয়। গাঢ় লাল জীবনদায়ী ম্যারো তার রক্তপ্রবাহে প্রবেশ করে। সেখান থেকে ব্লাডসেলগুলো তার হাড়ের গর্তে গিয়ে প্রবেশ করতে শুরু করে।

কিন্তু তাকে দেখে মনে-ই হচ্ছিল না সে বেঁচে আছে। সামান্য এক ফোঁটা বাতাসও যেন তাকে উড়িয়ে নিয়ে যেতে পারে।

হাসপাতালের লোকজনকেও মানসিকভাবে চাঙ্গা দেখাচ্ছিল। তারা জানত, তাদের কাজ শেষ এবং অ্যানিসা বেঁচে আছে। কিন্তু যতই দিন গড়ায় তার মধ্যে জেগে ওঠার কোনো লক্ষণই দেখা যাচ্ছিল না। কেউই বলতে পারছিল না তার শরীরে ট্রান্সপ্লান্টের কোনো প্রভাব পড়েছে কি না। তারা তাদের দুশ্চিন্তাটুকু লুকিয়ে উপরে স্বাভাবিক থাকার চেষ্টা করছিল।

তারা জানতো যে, সমস্যা ঠিকই হতে পারে। ইনফেকশন আর ট্রান্সপ্লান্ট সম্পর্কিত নিউমোনিয়া ত ছিলই। অনেক সময় শরীর বাইরের টিসু গ্রহণ করতে চায় না। আবার কখনো কখনো নতুন টিসু থেকেও রোগীর উপর অ্যান্টি-ব্লাড রিয়েকশন তৈরি হতে পারে। আর এটাই বোন-ম্যারো ট্রান্সপ্ল্যান্ট ব্যর্থ হবার প্রধান কারণ।

অস্থিরতার পুরো সময় জুড়ে অ্যানিসাকে উজ্জীবিত রাখতে ব্রায়ান সাধ্যমতো চেষ্টা করে যায়। সে খুব ভোরে চলে আসত এবং যতক্ষণ না তারা তাকে ঠেলে সরিয়ে দিত সে অপেক্ষা করত। সেটা অনেক সময় মধ্যরাত পর্যন্ত গড়াত। নিরাপত্তার কাজটি অনেকটা সে নিজের হাতে তুলে নেয়। সে জানত ঠাণ্ডা লেগেছে এমন কারো অ্যানিসার ঘরে প্রবেশ করা মানে তার সাক্ষাৎ মৃত্যু। সেজন্য প্রত্যেক দর্শনার্থীকে সে একাধিকবার পরীক্ষা করত। নার্সরা তার নাম দেয় 'ডা. ব্রায়ান'।

অ্যানিসাকে হাসানোর কাজটিও সে একাই করত। সাদা রংয়ের একটি স্পোর্টস-ক্যাপ এনে অ্যানিসার মাথায় পড়িয়ে সে বলে, অ্যানিসা হলো তার দেখা সবচেয়ে সুন্দর ছেলে। অ্যানিসার সেল কাউন্ট যখন বাড়তে থাকে তখন সে তাকে উৎসাহ দেয়। আবার যখন তা পড়তে শুরু করে তখনও সে তাকে এই বলে সান্ত্বনা দেয় যে, 'তোমার চিকিৎসা শুরুর সময়ের তুলনায় এটি বেশিই আছে।'

মেরি আর অ্যাবেও উপরে উপরে হাসিখুশি থাকার চেষ্টা করে। কিন্তু তারা জানত কীভাবে মেরিসার দেওয়া সামান্য কিছু সেল থেকে তাদের মেয়েকে সম্পূর্ণ নতুন একটি ইমিউন সিস্টেম দাঁড় করাতে হবে। প্রক্রিয়াটি সহজে বোঝাও যায় না। শেষ পর্যন্ত তার হোয়াইট সেল কাউন্ট উঠে দাঁড়ায় ১০০তে।

এই কাউন্ট যখন হাজারে উঠবে সেটিই হবে মেরিসা থেকে অ্যানিসার সেল-গ্রাফটিং-এর প্রথম চিহ্ন। আর তখনই তাকে আইসোলেশন ওয়ার্ড থেকে বের করে আনা হবে। সেজন্য অ্যাবে একটি ক্যালেন্ডারে প্রতিদিনকার কাউন্ট রেকর্ড করতে থাকে: ২০০, ৩০০, ১০০০, ৮০০, ...। এভাবে প্রতিদিনই তা কমবেশি ওঠানামা করতে থাকে।

মেরিসাকে কখনোই অ্যানিসার কক্ষে ঢুকতে দেয়া হয় না। কিন্তু মেরি আর অ্যাবে তাকে তার জানালার বাইরে ছোট জাপানি ফুল বাগানটায় নিয়ে আসে। অ্যানিসা জানালায় দাঁড়িয়ে তার ছোটাছুটি দেখে। এটি তাকে অন্যরকম একটি শক্তি যোগায়। সে তার মাকে বলে, 'ওর বেড়ে ওঠা দেখার জন্য আমাকে জানালার সামনে দাঁড়াতেই হবে।'

শেষ পর্যন্ত ট্রান্সপ্লান্টের তিন সপ্তাহ পর অ্যানিসার হোয়াইট সেল কাউন্ট বেড়ে ১০০০-এর বেশি দাঁড়ায়। এক পর্যায়ে তা উঠতেই থাকে। তখনো সে বেশ দুর্বল এবং মাঝে মাঝেই দিন বেশ খারাপ যাচ্ছিল। কিন্তু শীঘ্রই তার শরীরের রং ফিরে আসে। সে স্বাভাবিক খাবার খেতে শুরু করে। আর এভাবেই সে তার প্রথম পরীক্ষায় উৎরে যায়। ফলে মাঝে মাঝে তাকে তার কক্ষ থেকে বের হওয়ার অনুমতি দেওয়া হয়।

সপ্তাহখানেক পর জুলাইয়ের ৫ তারিখে ডাক্তাররা এই বলে সংবাদপত্রে একটি বিবৃতি পাঠান যে, অ্যানিসাকে হাসপাতাল থেকে ছেড়ে দেওয়া হয়েছে। সে খুব ভালোভাবে সেরে উঠেছে। কিন্তু যে কোনো সময় যে কোনো রোগের সংক্রমণ, মেরিসার সেলগুলোকে প্রত্যাখান বা লুকেমিয়ার পুনরাবির্ভাব আগামী দিনগুলোতে তার জন্য হুমকি হয়ে দেখা দিতে পারে।

সেদিনই অ্যানিসা বাড়ি ফিরে আসে। পরিবারের সদস্যবৃন্দ, আত্মীয়স্বজন, বন্ধুবান্ধব তাকে এক নজর দেখার জন্য ব্যানার টাঙিয়ে বেলুন হাতে অপেক্ষা করতে থাকে। তারা চিৎকার করে তাকে অভ্যর্থনা জানায়। লাল ক্যাপটির নিচে অ্যানিসা তার চোখের জল মোছে। সে শক্ত করে মেরিসা আর অ্যারনকে জড়িয়ে ধরে রাখে আর সবার উদ্দেশে হাত নাড়ায়।

মেরি তার ঘরটিকে সাধ্যমত জীবানুমুক্ত রাখার চেষ্টা করে। সারাক্ষণই সে মেঝে ও জানালাগুলো ঘষেমেজে তকতকে করে রাখে। আর ঘরের বাইরে হাতে লেখা একটি সাইনবোর্ড টাঙিয়ে দেয়- 'জীবাণু, তুমি বাইরে থাকো!'

যে কটি সপ্তাহ অ্যানিসা সেখানে ছিল মেরিসা ছিল তার নিত্য সঙ্গী। সে বকবক করে ঘরময় ছুটে বেড়াত থাকে আর অ্যানিসার নতুন গজানো চুলগুলোকে আঁচড়ে বা এলোমেলো করে দিত। এভাবে কোনোরকম জটিলতা ছাড়াই অ্যানিসা একশো দিনের মাইলফলক

পেরিয়ে যায়। তারপরেই যে হাসি, আনন্দ, সুখগুলো থেকে এতদিন সে বঞ্চিত ছিল সেগুলো সে ফিরে পেতে শুরু করে– যেমন মাস্ক ছাড়াই ঘরের বাইরে যাওয়া, এতদিনকার নিষিদ্ধ খাবারগুলো পুনরায় খেতে শুরু করা ইত্যাদি। সবচেয়ে বড় কথা পরিবারটি আগের মত স্বাভাবিক জীবনে ফিরে আসে। অ্যানিসা যতই আগের মতো সুস্থ সবল হয়ে উঠতে থাকে তার ও তার মায়ের একমাত্র কাজ হয়ে দাঁড়ায় তার বিয়ের পরিকল্পনা ও আয়োজন করা।

ম্যারো ট্রান্সপ্ল্যান্টের ঠিক এক বছর একদিন পর জুনের ৫ তারিখে ঘটা করে অ্যানিসা ও ব্রায়ানের বিয়ে অনুষ্ঠিত হয়। দিনটি ছিল ক্যালিফোর্নিয়ার অন্যতম আনন্দোজ্জ্বল এক বিকেল। সূর্যাস্তের দীর্ঘ সময় পেরিয়ে একটি দুটি করে আকাশের তারাগুলো জ্বলতে শুরু করে। আমন্ত্রিত অতিথিবৃন্দের মধ্যে ছিলো ডাক্তার, নার্স, ম্যারো-ডোনার সংগ্রাহক, অথবা তার জন্য শুধুই প্রার্থনা করেছে এমন ছোট-বড় লোকজন যারা প্রত্যেকে কোনো না কোনোভাবে অ্যানিসার আরোগ্যলাভে ভূমিকা রাখে। অ্যানিসার বিস্ময়কর নতুন জীবনলাভ উদ্‌যাপন করতে সবাই এসে হাজির হয় সেখানে। বাবার হাত ধরে নববধুর সাজে অ্যানিসা গির্জার আইল থেকে নেমে আসে। তাদের সামনে ছোট্ট একটি কুশনে অ্যানিসার বিয়ের আংটি নিয়ে আগে আগে হেঁটে চলে দুই বছরের ছোট্ট, প্রানবন্ত, হাস্যোজ্জ্বল, ফুঁটফুঁটে মেরিসা।

মেরি তার দুই মেয়ের দিকে তাকিয়ে নিরবে স্রষ্টার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে– তার অসাধারণ দুটো মেয়ে অসম্ভবকে সম্ভব করে বিস্ময়কর এক ঘটনার জন্ম দিয়েছে বলে।

ট্রেন টু সামহ্যোয়ার

ইভ বান্টিং

অনুবাদ: আব্দুল্লাহ আল মাহমুদ তালহা
রোল: ৫৪৮, ইংরেজি (সম্মান), ৪র্থ বর্ষ

আঠারো শ পঞ্চাশের দশকের মাঝামাঝি সময় থেকে শুরু করে উনিশ শ বিশের শেষ পর্যন্ত প্রায় গৃহহীন শিশুদের নিউইয়র্ক থেকে ট্রেনে চড়িয়ে পাঠানো হয় পশ্চিমের ছোট ছোট শহরে এবং বিভিন্ন খামারে। চিলড্রেনস এইড সোসাইটির চার্লস লোরিং ব্রেস কিছু সহানুভূতিশীল পরিবারের কাছে এসব শিশুদের দত্তক দিতে চেয়েছিলেন। কিছু শিশু ভালো পরিবার পেয়েছিল, কিছু শিশু পায়নি। কারও শুধু দুর্ভাগ্যের ধরণ পরিবর্তিত হয়েছিল। তবে কেউ কেউ নিরাপত্তা পেয়েছিল। এমনকি ভালোবাসাও পেয়েছিল কেউ।

এই গল্পটি চৌদ্দজন এতিম শিশুর, যারা সুন্দর ভবিষ্যতের স্বপ্নে পাড়ি জমাচ্ছি পশ্চিমে। এতিমদের যে ট্রেন, সেটি বাস্তব। কিন্তু গল্পে ব্যবহৃত বিভিন্ন স্থানের নামগুলো কাল্পনিক। ‘সামহ্যোয়ার’ নামের শহরটির অবস্থান লেখকের কল্পনার রাজ্যে।

‘এটাই আমাদের ট্রেন, মারিয়ান,’ মিস র‍্যানডলফ বললেন। নোরা আমার হাত আঁকড়ে ধরল।।

একজন কন্ডাক্টর প্লাটফর্ম ধরে এগিয়ে এল। ‘এরা কি এতিম বাচ্চারা, ম্যাম?’ সে জানতে চাইল।

‘চৌদ্দজন’। মিস র‍্যানডলফ সংক্ষেপে জানালেন।

‘আমরা আপনাদের জন্য একটি বিশেষ বগির ব্যবস্থা করেছি ট্রেনের পেছনে’ কন্ডাক্টর জানাল।

সে পথ দেখিয়ে নিয়ে চলল। বড় ছেলেরা বড় বড় বাক্সগুলো তুলে নিয়ে তাকে অনুসরণ করল। আমরা ছোট ব্যাগগুলো নিয়ে তাদের পেছনে রইলাম। মিস র‍্যানডলফ নিলেন তাঁর ইমার্জেন্সি ব্যাগ। গত এক সপ্তাহ ধরে তিনি বিভিন্ন ধরনের ওষুধপত্র দিয়ে এই ব্যাগ ভরেছেন। যদিও সেইন্ট ক্রিস্টোফার এতিমখানার কোনো শিশু রোগক্রান্ত নয়। তবু অন্যান্য শিশুদের বিভিন্ন ছোঁয়াচে রোগের আশঙ্কায় তিনি এসব ওষুধপত্র সঙ্গে নিয়েছেন।

‘বেড়াতে যাচ্ছো বুঝি’? কন্ডাক্টর নোরাকে জিজ্ঞেস করল। ‘বাহ তোমাকে তো চমৎকার লাগছে’!

‘ধন্যবাদ!’ নোরা বেশ ভদ্রভাবে বলল। তার বয়স মাত্র পাঁচ বছর, কিন্তু এ বয়সেই সে যথেষ্ট ভদ্রতা জানে। কারণ সেইন্ট ক্রিস্টোফার এতিমখানায় সবার আগে আমাদের সদাচরণ শেখানো হয়।

‘যদিও গত বছরের তুলনায় এ বছর অনেক কম শিশু যাচ্ছে, ‘কন্ডাক্টর যোগ করল, ‘আঠারো শ সাতাত্তর সাল ছিল এতিম শিশুদের জন্য সোনালী সময়’।

আমরা ট্রেনে চড়লাম।

ট্রেনের সিটগুলো শক্ত। আমি নোরাকে জানালার পাশে বসতে দিলাম। জানালার ময়লা কাচে আমাদের প্রতিবিম্ব দেখা যাচ্ছে। নোরা তার চকচকে বোতামের নীল কোটটি পরেছে। স্কার্ফের নিচ দিয়ে উঁকি দিচ্ছে কাঁধছোঁয়া উজ্জ্বল কালো চুল। প্রতিবিম্বে আমার নিজের লম্বাটে শুকনো মুখ দেখতে পাচ্ছি। আমি দেখতে সুন্দর নই। আমি জানি, সবার আগে যাদের দত্তক নেওয়া হবে, নোরা তাদের অন্যতম।

‘মারিয়ান?’ নোরা আমার হাত ধরে ফিসফিসিয়ে বলল, ‘ওরা কি আমাদের বোন বলে বিশ্বাস করবে? আমাদের চেহারায় তো কোনো মিল নেই। ওরা আমাদের আলাদা নিলে আমি মেনে নিতে পারব না। আমরা বরং যাবোই না যদি ওরা....’

‘শশশ’ আমি নোরাকে থামিয়ে দিলাম।

কিন্তু মিস র‍্যানডলফ শুনে ফেলেছেন। 'কী বললে তুমি?' তিনি একটু রেগে গেলেন। 'নিজেদের বোন দাবি করলে কোনো লাভ হবে না।' কণ্ঠস্বর কোমল হয়ে এল তাঁর, 'শোনো মেয়েরা, অধিকাংশ মানুষই শুধু একজন করে শিশু নিতে চাইবে। সুতরাং নিজেদের সুযোগ নিজেরা নষ্ট করো না।'

ঠিক আছে। নিজেকে সংযত করে পকেটে হাত দিয়ে পকেটে রাখা পালকটির কোমলতা অনুভব করলাম। মা সেখানে থাকবে। মা নিশ্চয়ই আমাকে নিয়ে যাবে।

শহরের মাঝ দিয়ে মসৃণ গতিতে ছুটে চলছে ট্রেন। পেছনে চলে যাচ্ছে দোকানপাট, ছোটছোট বাড়ি, উঠোনে দড়িতে শুকোতে দেওয়া কাপড়। কিছুদূর যাওয়ার পর শুরু হলো আপেল বাগান। দুপাশে সারি সারি গাছে আপেল ঝুলছে। আমি জানতাম আপেল এভাবেই জন্মায়। কিন্তু এর আগে কখনো দেখিনি।

মিস র‍্যানডলফ আমাকে আর জিন নামের একজন বড় মেয়েকে একটি কম্বল উঁচু করে ঝুলিয়ে ধরে ছেলেদের থেকে আড়াল তৈরি করতে বললেন। তারপর একটা বাক্স খুলে আমাদের পুরোনো কাপড়গুলো বের করে কাপড় বদলে নিতে বললেন।

'আমি চাই না প্রথম স্টেশনেই তোমাদের উশকোখুশকো লাগুক।' মিস র‍্যানডলফ বললেন।

সবাই কাপড় বদলে নেওয়ার পর তিনি আমার আর জিনের জন্য কম্বল উঁচু করে ধরলেন। আমরা আমাদের কাপড় বদলে নতুন কাপড় গুলো ভাঁজ করে যত্ন করে ব্যাগে রেখে দিলাম। কিছুক্ষণ পর মিস র‍্যানডলফ সাথে করে আনা পাউরুটি আর মাংসের পুর বের করে দিলেন। আমরা স্যানুউইচ তৈরি করে বোতল থেকে দুধ ঢেলে নিয়ে ডিনার করে নিলাম। আঁধার ঘনিয়ে এলে আমরা একজন আরেকজনের উপর ঢলে পড়ে ঘুমিয়ে পড়লাম।

ট্রেন সারারাত চলতে লাগল-

ঝিকঝিক ঝিকঝিক ঝিকঝিক

আমি আসছি মা, অপেক্ষা করো ঠিক।

শিকাগোতে আমরা ট্রেন বদল করে অন্য ট্রেনে চড়লাম। আবার ছুটে চলা শুরু হলো।

নিউইয়র্ক ছেড়ে আসার পর একদিন-একরাত পেরিয়ে গেছে। এখন জানালার বাইরে দিগন্ত বিস্তৃত ঘাসে ঢাকা উপত্যকা দেখা যায়।

'দ্য গ্রেট প্লেইনস,' মিস র‍্যানডলফ আমাদের বললেন। তারপর তাঁর মানচিত্রে দেখিয়েও দিলেন। মিস র‍্যানডলফ আগেও বিভিন্ন সময়ে অন্যান্য এতিমদের নিয়ে এই পথ ধরে এসেছিলেন। তিনি আমাদের পুরনো কাপড় বদলে নতুন কাপড় পরে নিতে বললেন।

সামান্য সময় পরেই ঘোষণা শুনতে পেলাম, 'পোটারভিল, ইলিনয়!' এটা আমাদের প্রথম গন্তব্য। আমাদের সর্বশেষ গন্তব্য হচ্ছে আইওয়া অঙ্গরাজ্যের সামহোয়্যার শহর।

ছোট প্লাটফরমে অনেক মানুষ অপেক্ষায় আছে।

'খাইছে আমরে!' জাকারি কামিংস এত মানুষ দেখে শ্বাস চাপল। সে নিউইয়র্কে এসেছিল তার বাবার সাথে, ইংল্যান্ডের লিভারপুল থেকে। তারপর তার বাবা তাকে ফেলে চলে যায়। জাকারির কথা বলার নিজস্ব ঢং আছে। বেশ মজাদার।

মিস র‍্যানডলফের পরপর সে ট্রেন থেকে নামল সবার আগে।

প্লাটফর্মে একজন ভদ্রলোক স্ট্যান্ডের উপর বাক্সের মতো বসানো একটি ক্যামেরা নিয়ে দাঁড়িয়ে আছেন। তাঁর পেছনে ঘোড়া আর গাড়ির ভিড়। একটি কুকুর চেঁচাচ্ছে। আমি পরিষ্কার দেখতে পাচ্ছিলাম, মা সেখানে নেই। মা হয়তো আরও পশ্চিমে কোথাও আছেন, হয়তো এখান থেকে অনেক দূরে।

একজন লোক আমাদের সার বেঁধে সিটি হলে নিয়ে গেলেন। সবাই পেছন পেছন এলো। পুরো প্রক্রিয়াটা প্যারেডের মতো দেখাচ্ছিল।

'হাসো, যেনো তোমাদের সাবলীল দেখায়, ' মিস র‍্যানডলফ ফিসফিসিয়ে বললেন।

আমরা মঞ্চের উপর বসলাম। শহরের লোকেরা আমাদের দেখতে লাগল। তারা কোটের ওপর দিয়েই ছেলেদের পেশির পরিমাপ আন্দাজ করছে। চারপাশ থেকে বিভিন্ন ধরণের মন্তব্য শোনা যাচ্ছে, যেমন- 'এটা বেশ ভালো,' 'এই ছেলেটা চাষাবাদের সময় সাহায্য করতে পারবে,' ইত্যাদি।

একজন জাকারিসহ আরও দুটো বড় ছেলেকে নিয়ে গেল।

'ভালো থেকো, বন্ধুরা,' যেতে যেতে বলে গেল সে।

মেভিস পারকিন্সকে পছন্দ করল একজন হাড্ডিসার মহিলা। মেভিস লম্বা এবং স্বাস্থ্যবতী। গোলগাল চেহারা। সবচেয়ে সুন্দর টোলের অধিকারিনী সে।

'ডরোথি!' মহিলাটি আরেকজন হাড্ডিসার মহিলাকে হেঁকে বলল, 'এই যে এটাকে দেখো, সে আমাকে ঘরের কাজে সাহায্য করতে পারবে। তুমি তোমার জন্যও এমন একজনকে নিয়ে নাও।

'মেভিস খুব লক্ষ্মী মেয়ে,' চুক্তিপত্রে সই করতে করতে মিস র‍্যানডলফ বললেন। 'তার সাথে ভালো আচরণ করবেন।' তিনি ঠোঁট চেপে নিজেকে নিয়ন্ত্রণ করার চেষ্টা করছেন। 'আমাদের একজন প্রতিনিধি নিয়মিত দেখতে আসবে বাচ্চারা ভালো আছে কিনা।'

'তার মানে আপনি ভাবছেন আমি ওর সাথে দূর্ব্যবহার করব? এটাইতো আপনি বলতে চাইছেন, তাই না?' মহিলা কড়া দৃষ্টিতে মিস র‍্যানডলফের দিকে তাকাল। 'আপনি কি চান আমি ওকে

ফেরত দিয়ে দেই?'

মিস র‍্যানডলফ কিছু বললেন না। তিনি চুক্তিপত্র মহিলার হাতে দিয়ে দিলেন। মহিলা মেভিসকে নিয়ে চলে গেল।

একজন ভদ্রলোক এবং একজন ভদ্রমহিলা আমাদের সামনে এসে দাঁড়ালেন।

আমার হাঁটুতে কাঁপন শুরু হলো।

ভদ্রমহিলার পরনে পশমের লম্বা নরম কোট। ভদ্রলোকের হাতে সোনার হাতলওয়ালা ছড়ি।

'হার্বাট!' দেখো দেখো! বাচ্চাটা কী সুন্দর!' ভদ্রমহিলা নোরার দিকে চেয়ে হাসলেন। 'আমরা ওকে নিয়ে যাই, হারবার্ট? ঠিক আছে?'

'ও আমার বোন,' নোরা আমার হাত ধরে ফিসফিস করে বলল।'আমাকে নিলে ওকেও নেবেন, প্লিজ, প্লিজ!' তার কণ্ঠে অনুনয় ঝরে পড়ল।

'ওহ, তাই!' ভদ্র মহিলা দ্বিধান্বিত দৃষ্টিতে মিস র‍্যানডলফের দিকে তাকালেন। ' তাহলে তো আমরা নিতে পারব না। আমরা শুধু একটা বাচ্চা মেয়ে নিতে চাচ্ছিলাম।'

'অবশ্যই! ওরা বোন নয়, বন্ধু।' মিস র‍্যানডলফ তাড়াতাড়ি বললেন। 'উঠে দাঁড়াও, নোরা। মারিয়ান, তুমি ওকে সাহায্য করো।'

আমি নোরার হাত থেকে আমার হাত ছাড়িয়ে নিলাম।

ভদ্রমহিলা ঝুঁকে নোরাকে বললেন, 'জানো তোমার জন্য গাড়িতে কী অপেক্ষা করছে? একটা কুকুর ছানা, শুধু তোমার জন্য!'

'আমি কুকুর ছানা চাই না! আমি মারিয়ানকে চাই,' নোরা কাঁদতে লাগল।

মিস র‍্যানডলফ এবং ওই দম্পতি চুক্তিপত্রে স্বাক্ষর করে নোরাকে নিয়ে চলে গেলেন।

নোরা কাঁদতে কাঁদতে বারবার পিছু ফিরে তাকাচ্ছিল।

আমিও ফোঁপাতে শুরু করলাম।

কিন্তু আমাকে যে নেয়নি তা একদিক দিয়ে বেশ ভালোই হয়েছে। আমাকে আমার মায়ের জন্য অপেক্ষা করতে হবে, মা বলেছিলেন আমাকে নিতে আসবেন। যেদিন মা আমাকে রেখে যান, সেদিন তিনি সেইন্ট ক্রিস্টোফারের সিঁড়িতে আমার সামনে হাঁটু গেঁড়ে বসেছিলেন। তখন তিনি গেরিসনস মুরগির খামারে কাজ করতেন, তার চুলে একটি সাদা মুরগির পালক আটকে ছিল।

আমি সেটি তুলে নিয়ে আমার গালে স্পর্শ করেছিলাম।

'আমি পশ্চিমে যাচ্ছি, ভালো কোনো ব্যবস্থা করব,' মা বললেন,'তারপর তোমাকে নিতে আসব।'

'কবে মা? কবে?' আমার গাল বেয়ে গড়িয়ে পড়া কান্নার সাথে পালকটা এঁটে রইল।

'ক্রিসমাসের আগেই আসবো,' সে বলল।

তারপর অসংখ্য ক্রিসমাস কেটে গেছে।

এখন আমিও পশ্চিমে যাচ্ছি।

আমরা নয়জন ট্রেনে ফিরে এলাম। মিস র‍্যানডলফ নতুন পোষাকগুলো বদলাতে নিষেধ করলেন। কারণ খুব শীঘ্রই আমাদের আবার নামতে হবে।

কিলবার্নে আমরা হেঁটে একটা হার্ডওয়ারের দোকনে গিয়ে সারিবদ্ধভাবে দাঁড়ালাম।

'আমার মনে হয় পোর্টারভিলে সবাই বড় বড় ছেলেদের বেছে নিয়ে গেছে,' একজন লোক বলল, 'তবু দেখি...'

ঈডি হাটজ, যার বয়স মাত্র সাত, তাকে একজন নিয়ে গেল। একটা ছেলে আছে যে নিজের হাতের উপর দাঁড়াতে পারে এবং মানুষের কানের ভেতর থেকে বোতাম বের করে আনার খেলা দেখাতে পারে। সে উপস্থিত মানুষদেরকে খেলা দেখিয়ে বিনোদিত করল। তাকেও নিয়ে গেল একজন।

ট্রেনের জ্বালানী কাঠ এবং পানি সংগ্রহ করার পর আমরা যারা বাকি ছিলাম তারা ট্রেনে চড়ে বসলাম।

মিস র‍্যানডলফ চোখের পানি মুছলেন। 'যে কোনো কিছুই নিউইয়র্কের রাস্তায় থাকার চেয়ে উত্তম,' তিনি বললেন।'তোমাদের অনেকেই ভালো থাকবে।'

'আমরা রাস্তায় ছিলাম না,' সুসান আয়ারস বলল। সুসানের বয়স নোরার মতোই, মাত্র পাঁচ বছর, কিন্তু সে দেখতে অতো ভালো নয় এবং কিছুটা নির্লজ্জ। সে ও সেইন্ট ক্রিস্টোফারেই থাকত।

'আমরা তোমাদের সবাইকে সারা জীবনের জন্য রেখে দিতে পারি না,' মিস র‍্যানডলফ তাঁর সাদা রুমালে নাক ঝেড়ে বললেন। 'আমাদের অন্যান্য অসহায় এতিমদের জন্য জায়গা খালি করতে হবে।'

সুসান মুখ বাঁকাল।

পরের স্টেশনের নাম গ্লোভার। এখানে অপেক্ষামান মানুষের ভিড় কম। আমার মা এখানেও নেই। কোথায় মা? তার তো জানার কথা আমি যে এই ট্রেনে আসছি। মিস র‍্যানডলফ বলেছিলেন প্রত্যেক সংবাদে পরে আমাদের আসার খবর ছাপানো হয়েছে। 'সেইন্ট ক্রিস্টোফার থেকে এতিমরা আসছে।' 'গৃহের খোঁজে আসছে এতিম

শিশুরা।' পত্রিকাগুলো প্রত্যেক স্টেশনের নাম লিখে দিয়েছিল। আমি ভেবেছিলাম মা যে কোনো এক স্টেশনে থাকবেন।

অপেক্ষা করো মা, অপেক্ষা করো! সেইন্ট ক্রিস্টোফারে রাতের পর রাত আমার ভাবনাগুলো মায়ের কাছে পাঠিয়ে দিতাম আঁধারে। আমাকে নিতে তোমার আর কষ্ট করে আসতে হবেনা মা। আমিই তোমার কাছে আসছি। কিন্তু কোথায় মা?

গ্লোভারে রেল রাস্তার পাশেই আমাদের সার বেঁধে দাঁড় করানো হলো।

সুসান ঠোঁট ফুলিয়ে ঘ্যানঘ্যান করছে। সে বলছে, তার নতুন জুতো মাপ মতো হয়নি, তাই সে ব্যথা পাচ্ছে।

একজন ভদ্রলোক এবং একজন ভদ্রমহিলা ভিড়ের সামনে দাঁড়িয়ে আছেন।

সুসান ঘ্যানঘ্যান বন্ধ করে হেসে হাত বাড়িয়ে দিল।

'মা! বাবা!' সে ডাকল।

ভদ্রমহিলা নিজের বুক খামচে ধরলেন।'জেমস বাচ্চাটা আমাদের ডাকছে।'

ভদ্রলোক সুসানকে কোলে তুলে নিলেন।'আমরা ওকে নিবো,' তিনি বললেন।

'আমি কি একটা কুকুর ছানা পেতে পারি?' সুসান জিজ্ঞেস করল।

ভদ্রলোক হাসলেন, 'আমি বাজি ধরে বলতে পারি, তুমি পাবে।'

একটা ছেলে আছে যার চশমা ফিতে দিয়ে বাঁধা, তাকেসহ আরও দুজনকে একজন নিয়ে গেল।

'নেওয়ার মতো ভালো একটাও বাকি নেই,' এক মহিলা রাগত স্বরে বললেন। 'আগামী বছর পোটারভিল পর্যন্ত যেতে হবে।'

আমার ভেতরটা তীব্র যন্ত্রণায় ভরে গেল। আমার মা আমাকে চাননি। এখন দেখছি কেউই আমাকে চায় না। এর মানে এই নয় যে, আমি চাচ্ছি কেউ আমাকে নিয়ে যাক, কারণ মা পরের স্টেশনেও থাকতে পারেন। কিন্তু যদি তিনি না থাকেন?

মিস র‍্যানডলফের সাথে আমরা তিনজন মাত্র ট্রেনে ফিরলাম। তিনি আমাদের গ্লোভার থেকে কিনে আনা বিস্কুট এবং দুধ খেতে দিলেন। দুধ অতিরিক্ত মিষ্টি।

'বাচ্চারা, আমরা এমন বিষণ্নভাবে বসে থাকতে পারি না,' তিনি বললেন।'চলো গান গাই।' তিনি গান ধরলেন, 'যিশু আমাকে ভালোবাসেন, ' কিন্তু কেউ অংশগ্রহণ করল না। তিনি একাই তিন অন্তরা পর্যন্ত গাইলেন।

আমরা এখন নোরার থেকে অনেক দূরে চলে এসেছি। আমি ভাবছি তার কুকুর ছানাটির কোনো নাম আছে কি? আমাকে যদি কেউ নেয়, তাঁকে অনুরোধ করব আমাকে নোরার কাছে বেড়াতে নিয়ে যাওয়ার জন্য। বলব, নোরা আমার বোনের মতো।

'মেমোরিয়াল,' কন্ডাক্টর ডেকে বলল। স্টেশনে মাত্র চারজন মানুষ দাঁড়িয়ে আছে। এদের মধ্যে কেউ আমার মা নয়। আমি অ্যামি এবং ডরোথি নামের দুটো মেয়ের সাথে হোঁচট খেয়ে নেমে এলাম। আমরা চোরা দৃষ্টিতে একে অন্যকে দেখে নিলাম। আমরা ভাবছিলাম আমাদের মধ্যে কে দেখতে সবচেয়ে ভালো। ওরাও তেমন সুন্দর নয়। আমার গলায় এখনো দুধের বিরক্তিকর মিষ্টি স্বাদ লেগে আছে, ফলে আমি অসুস্থ বোধ করছি।

এক দম্পতি অ্যামি এবং ডরোথি দুজনকেই নিয়ে নিল। 'একটির দামে দুটি,' লোকটি রসিকতা করল, যদিও এখানে মূল্যের কোনো প্রশ্নই নেই।

'মারিয়ান শিশুদের দেখাশোনা করতে পারে,' মিস র‍্যানডলফ অন্য দম্পতিকে বললেন। তাঁর কণ্ঠ ভিক্ষার মতো শোনালো। তাঁর হাতে সর্বশেষ চুক্তিপত্র, আমার চুক্তিপত্র।

'আমার স্ত্রী আমাদের ছোট বাচ্চার দেখাশোনা করেন।' লোকটি রুক্ষ মেজাজে বলল।

'আমরা শুধু দেখতে এসেছিলাম,' মহিলাটি বলল।'কিন্তু...' সে ব্যাগ থেকে একটি আপেল বের করে আমাকে দিল। 'এটা নাও।'

'ধন্যবাদ।' আমি আপেলের উপর মাথা ঝুঁকিয়ে রাখলাম। আমার কান্নায় আপেল ঝাপসা দেখাচ্ছিল।

ট্রেনের বাঁশি বেজে উঠল।

মিস র‍্যানডলফ এবং আমি আবার ট্রেনে চড়লাম। আর একটি মাত্র স্টেশন বাকি আছে। আমি জানি। মাত্র একটি।

মিস র‍্যানডলফ বললেন আমার আপেলটি খাওয়া উচিত। তিনি বললেন তাঁর কাছে রুমাল রয়েছে, আমার হাত ময়লা হয়ে গেলে তিনি মুছে দিবেন। আমি জানালাম আমার এখন কিছুই খেতে ইচ্ছে করছে না।

আমরা জানালা দিয়ে বাইরে তাকিয়ে রইলাম। কেউ কোনো কথা বলছিলাম না, কোনো গান গাইছিলাম না। মিস র‍্যানডলফ আমার হ্যাট খুলে নিয়ে আমার চুল আচঁড়ে দিলেন। 'এই রাস্তার শেষে সুন্দর একটা হোটেল আছে,' তিনি বললেন। 'যদি শেষ স্টেশনে কেউ না থাকে তাহলে আমরা এগিয়ে যাব। একজন সঙ্গী পেলে আমার ভালোই লাগবে। ফিরে যেতেও মন্দ লাগবে না।

'সামহ্যোয়ার,' কন্ডাক্টর ঘোষণা করল। নামটাই কেমন বিচিত্র! যেনো নামটা ভাবে সে খুব গুরুত্বপূর্ণ। যেনো আশেপাশে আর কোন জায়গাই নেই।

আমি আবার হ্যাট মাথায় দিলাম। আমার হাত কাঁপতে লাগল।

ট্রেনের বাইরে একটি গাড়ির সামনে এক দম্পতি দাঁড়িয়ে আছে। ভদ্রমহিলা খাটো এবং অত্যন্ত মোটা। তাঁর পরনে ভারী কালো পোষাক, মাথায় পুরুষদের হ্যাট। তিনি আমার মা নন।

'তুমি প্রস্তুত, মারিয়ান? মিস র‌্যানডলফ কোমল স্বরে জিজ্ঞেস করলেন।

আমি সিটের শেষ প্রান্তে লুকিয়ে পড়তে চাইলাম। 'না।' আমি ফিসফিস করে বললাম 'না!।'

মিস র‌্যানডলফ আমার হাত ধরলেন। আমরা ট্রেন থেকে নেমে এলাম।

ভদ্রলোক দীর্ঘদেহী কিন্তু ন্যুব্জ।তিনি হ্যাট খুলে সম্ভাষণ জানালেন।

ভদ্রমহিলা তেমনিই দাঁড়িয়ে রইলেন।

আমার মনে হচ্ছে তাঁরা দুজনেই অত্যন্ত বৃদ্ধ। ভদ্রমহিলার হাতে একটি কাঠের তৈরি খেলনা রেল ইঞ্জিন।

'আপনি কি....? ভদ্রলোক মিস র‌্যানডলকে জিজ্ঞেস করলেন।

'জ্বী,' মিস র‌্যানডলফ আমাকে সামনে ঠেলে দিলেন। 'এই হচ্ছে মারিয়ানা।'

'সে-ই কি...? ভদ্রমহিলা থেমে গেলেন। আমি জানি তিনি জিজ্ঞেস করতে চাইছিলেন 'সে ই কি শুধু বাকি?' কিন্তু তিনি কিছু জিজ্ঞেস করলেন না। তিনি গভীরভাবে আমার দিকে তাকালেন। আমি তাঁর চেহারায় পরিবর্তন দেখতে পেলাম। তাঁর দৃষ্টি কোমল হয়ে এলো। আমার মাও হয়তো আমার দিকে এভাবেই তাকাতেন।

এই ভদ্রমহিলা কোনোভাবে বুঝতে পারলেন সবকিছু, কেউ না পছন্দ করলে কেমন লাগে, যদিও আমি আমার মায়ের জন্য অপেক্ষা করছিলাম। কোনোভাবে তিনি আমার ব্যথা বুঝতে পারলেন।

'আমার নাম টিলি বুক,' তিনি মিস র‌্যানডলফকে বললেন।'ইনি আমার স্বামী, রস্কো।' তিনি খেলনা রেল ইঞ্জিনটি আমার দিকে বাড়িয়ে ধরলেন। 'আমরা তোমার জন্য এটা এনেছি।'

'আপনারা আমাকে আশা করেননি, তাই না?' আমি জিজ্ঞেস করলাম। 'আপনারা একটি ছেলে আশা করেছিলেন।' খেলনাটির চাকা লাল এবং চিমনি নীল রঙের।

'মিথ্যা বলব না, আমরা একটি ছেলেই চেয়েছিলাম,' সিসেস বুক বললেন।

'কিন্তু আমরা মেয়ে বাচ্চাও পছন্দ করি,' মিস্টার বুক যোগ করলেন।

মিসেস বুক আমার দিকে তাকালেন। 'আমার মনে হয় তুমিও আমাদের আশা করোনি। রস্কো এবং আমি, আমরা জীবনের শেষ প্রান্তে এসে পরস্পরকে খুঁজে পেয়েছি। আমি সব সময় ভাবতাম আমি ওর চেয়ে সুদর্শন কাউকে খুঁজে বের করব।' তিনি মিস্টার বুকের বাহুতে আলতো করে চাপড় দিলেন। তাঁরা পরস্পরের দিকে চেয়ে হাসলেন। আমি দিব্যি করে বলতে পারি, তাঁরা একে অন্যকে অসম্ভব ভালোবাসেন। 'কখনো কখনো তুমি যা চেয়েছিলে, তার চেয়ে যা পাও তাই উত্তম হয়,' মিসেস বুক বললেন।

'ঠিক।' আমার ভেতরটা যেন ভেঙে গেল। আমার মা সামহ্যোয়ারে নেই। কোথাওই নেই। 'আমি...' আমি পকেটে হাত দিয়ে পালকটি বের করে আনলাম। যখন আমি মায়ের চুল থেকে এটা তুলে নিয়েছিলাম তখন এর রং সাদা ছিল। এখন এটা হলদে হয়ে গিয়েছে। আমি হাত দিয়ে ডলে পালকটি সমান করলাম।'আমি আপনাদের জন্য এটা এনেছি।'

'কেন? ধন্যবাদ!' মিসেস বুক পালকটি তাঁর হ্যাটের ব্যান্ডের সাথে আটকে নিলেন। পালকটি তাঁর হ্যাটের সাথে হাস্যকর দেখাচ্ছিল, যদিও মনে হচ্ছিল, এটা তার যোগ্য স্থান খুঁজে পেয়েছে।

মিসেস বুক চুক্তিপত্রটি হাতে নিয়ে একবার দেখলেন, তারপর আমার দিকে তাকালেন। 'তুমি কি আমাদের সাথে যাবে?'
'যাব,' আমি ফিসফিস করে বললাম।
মিস র‌্যানডলফ এগিয়ে এসে আমার গালে চুমু খেলেন।
'তুমি কি এখন প্রস্তুত মারিয়ান?'
'আমি প্রস্তুত।'

তিন বন্ধুর নির্মম জীবন

কাশফিয়া মাসুদ
রোল: ৪০৩০৮, দ্বাদশ (ব্যবসায় শিক্ষা)

মানুষের জীবন বড়ই দুর্বিসহ। কার জীবনে কখন কী ঘটে যায় কেউ তা বলতে পারে না। আমাদের জীবনে এমন অনেক ঘটনাই ঘটে যা আমরা কখনো আশা করি না, যা কল্পনার বাইরে তা-ই ঘটে। হৈহুল্লোড় করা মানুষটাও এক সময় নিশ্চুপ হয়ে যায়। জীবনের অনেক ঘটনাই মানা খুব কঠিন। কিন্তু আমরা মানতে বাধ্য হই। একটি ঘটনা অনেক সময় সারা জীবনের কান্না হয়ে দাঁড়ায়। এমনি ঘটনা ঘটেছে মারিয়া, নাজিয়া ও নাহারের জীবনে।

আপনারা ভাবছেন তো এরা কারা। এরা তিন বান্ধবী। যারা দুঃখে কষ্টে একে অপরের পাশে থাকে। একজন আরেকজনকে ছাড়া কিছুই বোঝে না। এদের একজন ব্যথা পেলে আরেকজন কষ্ট পেত। তিনজনই এবার উচ্চ মাধ্যমিক পরীক্ষা দিয়েছে। ১৪

বছরের বন্ধুত্ব। খুবই মজবুত এদের সর্ম্পক। হয়তো তাদের একজনের প্রতি আরেকজনের ভালোবাসা প্রকৃতির পছন্দ হয়নি। তাই তাদের এই দুর্দশা। এক সময় তারা খেলত, গাইত, ঘুরে বেড়াত। প্রতিদিন তাদের রেস্টুরেন্টে যাওয়া আসা ছিল। ভালোবাসায় পরিপূর্ণ ছিল এই তিনটি ফুল। নাজিয়া খুবই ভালো ছাত্রী ছিল। তাই তার নাম দেওয়া হয়েছিল ব্রিটি, আর মারিয়ার মুটি, নাহারের কুটি। তারা খুব মজা করত। মারিয়া খুবই মেধাবী ছিল কিন্তু তার রেজাল্ট ভালো আসত না। কোনো বোর্ড পরীক্ষাতেই সে GPA-5 পায়নি। তাই তার মনে অনেক কষ্ট ছিল। যাই হোক একদিন বিকালে ওরা প্রতিদিনের মতো ঘুরতে বের হয়। ওরা তিনজনই খুব মজা করছিল। ওরা রাস্তার এপারে ছিল। মারিয়া দেখল, রাস্তায় ওপারে ওর এক বান্ধবী। তাই মারিয়া রাস্তার ওপারে যাওয়ার জন্য রাস্তা পার হচ্ছিল। একটি ট্রাক এসে মারিয়াকে পিষে দিয়ে চলে গেল। চোখের সামনে বন্ধুর এই অবস্থা দেখে নাজিয়া অচেতন হয়ে পড়ল। আর নাহার মাটিতে বসে পড়ল। ওর মৃত্যুতে কারো কিছু হয়নি। কিন্তু নষ্ট হয়ে গেল এ দুই বান্ধবীর জীবন। মারিয়ার এমন অকাল মৃত্যু তারা কেউই মেনে নিতে পারেনি। তারা বেঁচে ছিল ঠিকই কিন্তু জীবন্ত লাশের মতো। মারিয়ার মৃত্যুতে নাজিয়া মানসিকভাবে অসুস্থ হয়ে পড়ল। সারাদিন পাগলের মতো 'মারিয়া মারিয়া' করতে লাগল। অবশেষে তাকে পাবনা মানসিক হাসপাতালে ভর্তি করা হলো। এদিকে নাহার কারো সাথেই কথা বলত না। চুপচাপ দরজা বন্ধ করে ঘরে বসে থাকত আর মৃত্যুর প্রহর গুণত। তাদের এই অবস্থার কিছুদিন পরই বোর্ড ফাইনাল পরীক্ষার ফলাফল দিল। মারিয়া এবার বোর্ডে প্রথম স্থান অধিকার করল। হায়রে! মারিয়ার এত স্বপ্ন ছিল এই রেজাল্ট নিয়ে! সে তার এত ভালো রেজাল্ট দেখে যেতে পারল না।

সে

তাসনিম ফারজানা আন্নি
রোল: ১২৬, একাদশ (বিজ্ঞান)

আমি শুনেছি সেদিন তুমি সাগরের ঢেউয়ে চেপে
নীল জল দিগন্ত ছুঁয়ে এসেছো।

ইসস..... কী সুন্দর গলা তোমার। হঠাৎ কারো গলার আওয়াজে চমকে উঠল নীলাশা। এত গভীর রাতে এই নির্জন সমুদ্রপাড়ে তো কারো আসার কথা না। চোখের সামনে শুধু সুবিস্তৃত নীল জলরাশি আর মাথার উপরে দিগন্তছোঁয়া আকাশ। চোখ মেলে তাকালে মনটা যেন আরো বেশি খারাপ হয়ে যায়। বুকের ভিতরটাতে কেমন যেন একটা গভীর শূন্যতা এসে ভর করে।

থেমে গেলে কেন? সামনে দাঁড়ানো অদ্ভুতদর্শন লোকটি বলল। মেজাজটা খারাপ হয়ে গেলো নীলাশার। শেষ মুহূর্তে এ কোন ঝামেলা এসে জুটল।

এত জলদি পৃথিবী ছেড়ে চলে যেতে চাও? একটু যেন বিদ্রুপের সুরেই বলল লোকটি।

আমি আত্মাহুতি দিতে যাচ্ছি এ কথা আপনাকে কে বলল?

বলছি, আগে বল এমন কী কারণে তুমি এমন সাহস দেখাতে যাচ্ছিলে?

আমার জীবনটা অর্থহীন হয়ে গিয়েছে, ঝাঁঝালো কণ্ঠে বলল নীলাশা। আমার বেঁচে থাকার আর কোনো ইচ্ছেই নেই। আমার জীবনটা আনন্দহীন হয়ে পড়েছে। আমার আর কিছুই ভালো লাগে না।

অর্থহীন? জীবন কী কখনো আদৌ অর্থহীন হতে পারে? শুধু আমাদের অর্থটা খুঁজে নিতে হয়। একবার শুধু চোখ মেলে দেখো, কী অপূর্ব সুন্দর আমাদের পৃথিবী। এত সৌন্দর্য উপভোগ না করেই চলে যেতে চাও? আকাশের চাঁদের দিকে তাকাও, কী পরম মমতায় স্নিগ্ধ আলো দিয়ে সবকিছু জড়িয়ে রেখেছে। যদি আরো একবার সুযোগ পেতাম, তাহলে আমি শুধু আকাশের দিকে তাকিয়েই জীবনটা পার করে দিতে পারতাম। যদি তুমি চাও, তবে সবচেয়ে কুৎসিত জিনিসের ভিতরেও দেখবে, কী অসাধারণ সৌন্দর্য লুকিয়ে আছে। শুধু যদি একবার বেঁচে থাকার আনন্দ খুঁজে নিতে পারো তবে দেখবে চারদিকে কতো খুশি ছড়িয়ে আছে।

সত্যিই তো, চাঁদটাকে এখন আর নিঃসঙ্গ মনে হচ্ছে না। হাজার তারা মিলে যেন তাকে আগলে রেখেছে। এই বিশাল নীল জলরাশি আর চাঁদ যেন একে অপরের সাথে মিশে ভালোবাসা জানান দিচ্ছে। কত বড় ভুল করতে যাচ্ছিলাম আমি।

লোকটির দিকে তাকিয়ে বলল নীলাশা, আমিও এই একই ভুল করেছিলাম। কিন্তু আমাকে কেউ শুধরে দেয়নি।

তার মানে ...তার মানে , আপনি আর বেঁচে নেই? বলে লোকটির দিকে তাকাল নীলাশা। কিন্তু কই? সেখানে তো আর কেউ নেই। নিজের কথাই তার কাছে প্রতিধ্বনি হয়ে ফিরে এল। হয়তো সে চলে গেছে। কিন্তু খুঁজে দিয়ে গিয়েছে বেঁচে থাকার অর্থ।

কাঠপুতুল

রুপাশা খান তন্দ্রা
রোল: ১৪৬, একাদশ (বিজ্ঞান)

